No. XI.

Under the Patronage of the Government of Bengal, and dedicated, by permission, to the Governor General of India.

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengali,

COMPILED FROM VARIOUS SOURCES,

ON HISTORY, SCIENCE, AND LITERATURE,

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

" ψυχης ιατρειον"

Diod. Sic. I. E.

Improvement of the Mind.

VOL. I.

CALCUTTA

R. C. LEPAGE AND CO. AND P. S. D'ROZARIO AND CO.

1849.

Hari Har Sandel. Encyclopædia Press.

THE

IMPROVEMENT

OF THE

MIND,

CONTAINING

REMARKS AND RULES.

FOR THE

Attainment and Communication of useful Knowledge.

BY ISAAC WATTS, D. D.

VOL. I.

ADAPTED FOR THE USE OF YOUNG READERS IN BENGAL.

CALCUTTA:

R. C. LEPAGE AND CO. AND P. S. D'ROZARIO AND CO


1849.

বিদ্যাকল্পদ্রুম।

অর্থাৎ বিবিধ বিদ্যা বিষয়ক রচনা

শ্রীকৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা

সংগৃহীত।



একাদশ কাণ্ড।

চিত্তোৎকর্ষ বিধান।

প্রথম খণ্ড

কলিকাতা বিদ্যাকল্পদ্রুম যন্ত্রে শ্রীযুত হরিহর সান্যাল কর্ত্তৃক

মুদ্রিত হইল।

ইং ১৮৪৯। শক ১৭৭১।

CONTENTS.

সূচীপত্র।

পৃষ্ঠ।

THE

IMPROVEMENT OF THE MIND.


THE
IMPROVEMENT OF THE MIND.

DIRECTIONS FOR THE ATTAINMENT OF USEFUL KNOWLEDGE.

INTRODUCTION.

No man is obliged to learn and know every thing; this can neither be sought nor required, for it is utterly impossible: yet all persons are under some obligation to improve their own understanding; otherwise it will be a barren desert, or a forest overgrown with weeds and brambles. Universal ignorance or infinite errors will overspread the mind which is utterly neglected, and lies without any cultivation.

Skill in the sciences is indeed the business and profession but of a small part of mankind; but there are many others placed in such an exalted rank in the world, as allows them much leisure and large opportunities to cultivate their reason, and to beautify and enrich their minds with various knowledge. Even the lower orders of men have particular callings in life, wherein they



চিত্তোৎকর্ষ বিধান।

প্রয়োজনীয় বিদ্যা লাভের নিয়ম।

ভূমিকা।

মানব জাতির মধ্যে কোন ব্যক্তিই সমগ্র বিষয়ের শিক্ষা ও জ্ঞান লাভ করিতে বাধ্য নহেন। নিতান্ত সাধ্যাতীত প্রযুক্ত সর্ব্ব বিদ্যার অন্বেষণ অথবা প্রয়োজন কাহার পক্ষে সম্ভাবিত হয় না, তথাপি মনুষ্য মাত্রের কর্ত্তব্য যে বুদ্ধির চালনা করেন যেহেতু তাহা না করিলে চিত্তরূপ ক্ষেত্র নিষ্ফল উষর ভূমি অথবা নিরর্থক তৃণময় এবং কণ্টকাকীর্ণ বনের তুল্য হয়, অপর চিত্তক্ষেত্র কর্ষণে সম্পূর্ণ ক্রটি করিলে অবিদ্যা এবং প্রমাদের পরিসীমা থাকে না।

মনুষ্য জাতির মধ্যে অত্যল্প লোক শাস্ত্র ব্যবসায় দ্বারা পদার্থ বিদ্যায় নিপুণ হইতে পারে বটে কিন্তু এই সংসারের মধ্যে এবম্বিধ অনেক ব্যক্তি আছেন যাঁহারা নিশ্চিন্ত হইয়া অনায়াসে বিবেক শক্তির অনুশীলন করত বিবিধ বিদ্যোপার্জ্জন দ্বারা মনের ভাব শোধন পূর্ব্বক তদুজ্জ্বলতার বৃদ্ধি করিতে সক্ষম। ইতর লোকেরদিগকে লোকযাত্রা নির্ব্বাহার্থ বিশেষ ২ ব্যবসায়ে ব্যাপৃত হইতে হয় তাহাতে তাহারদেরও কর্ত্তব্য যে স্ব ২ ব্যবসায়ে প্রকৃত রূপে নৈপুণ্য উপার্জ্জন

ought to acquire a just degree of skill; and this is not to be done well without thinking and reasoning about them.

The common duties and benefits of society, which belong to every man living, as we are social creatures, and even our native and necessary relations to a family, a neighbourhood, or government, oblige all persons whatsoever to use their reasoning powers upon a thousand occasions; every hour of life calls for some regular exercise of our judgment, as to time and things, persons and actions; without a prudent and discreet determination in matters before us, we shall be plunged into perpetual errors in our conduct. Now that, which should always be practised, must at some time be learned.

Thus it appears to be the necessary duty, and the interest of every person living, to improve his understanding, to inform his judgment, to treasure up useful knowledge and to acquire the skill of good reasoning, as far as his station, capacity, and circumstances furnish him with proper means for it. Our mistakes in judgment may plunge us into much folly and guilt in practice. By acting without thought or reason, we dishonour the God that made us reasonable creatures, we often become injurious to our neighdours, kindred, or friends, and we bring sin and misery upon ourselves; for we are accountable to God, our judge, for every part of our irregular and mistaken conduct, where he has given us sufficient advantages to guard against those mistakes.

করে কিন্তু তদ্বিষয়ে যদি মনোভিনিবেশ পূর্ব্বক বিবেচনা না করে তবে তাহাও অত্যন্ত অসাধ্য হয়।

লোক মাত্রই মনুষ্য সমাজের অঙ্গ এ প্রযুক্ত সকলকেই সামাজিক ক্রিয়া কলাপ নিষ্পন্ন করিতে হয় এবং সকলেই সামাজিক নানা উপকারও প্রাপ্ত হইতে পারে, অধিকন্তু সকলেরই আত্ম পরিজন কিম্বা প্রতিবাসি অথবা রাজার সহিত কোন একটা বিশেষ সম্বন্ধ আছে অতএব সমুদয় লোককেই সহস্র২ ব্যাপারে বিবেক শক্তি অবলম্বন করিয়া কাল দ্রব্য লোক ক্রিয়ার গুণাগুণ ইত্যাদি দণ্ডে২ বিবেচনা করিতে হয়, ফলতঃ সমুদয় বিষয়েতেই বুদ্ধি প্রবেশ পূর্ব্বক বিচার করিয়া মীমাংসা না করিলে অনুক্ষণ প্রমাদ জন্মিবার সম্ভাবনা আছে অতএব সর্ব্বদা যে২ বিষয়ের চর্চ্চা করিতে হইবে তাহা যত্ন পূর্ব্বক উপলব্ধি গোচর করা কর্ত্তব্য।

এই রূপে নিশ্চয় অনুমান হইতেছে যে যাবদীয় মনুষ্যের সর্ব্বতোভাবে কর্ত্তব্য এবং স্ব২ মঙ্গলার্থ নিতান্ত আবশ্যক যে যৎপরোনাস্তি সাধ্যানুসারে বুদ্ধির চালনা এবং জ্ঞানোপার্জ্জন দ্বারা বিবেচনা শক্তি শোধন ও প্রয়োজনীয় বিদ্যা সংগ্রহ করিতে এবং যথার্থ রূপে বিচার করণার্থে নিপুণ হইতে যত্ন করে। ফলে বিবেচনার ত্রুটি হইলেই নানা প্রকার মূঢ়তা এবং দোষ জন্মে, অপর অবিবেচনা পূর্ব্বক কার্য্য করিলে বিচার শক্তি দাতা পরমেশ্বরের প্রতি অশ্রদ্ধা প্রকাশ হয় এবং আত্মীয় বন্ধু প্রতিবাসি জনগণের অনিষ্ট ও আপনারদের পাপ ও দুঃখের আমূল হয়, বিশেষতঃ ভ্রমজাল হইতে উত্তীর্ণ হইবার উপায় সত্ত্বে অবিহিতাচরণ ও অনবধানতা প্রকাশ করিলে বিচার কর্ত্তা পরমেশ্বরের সমক্ষে দোষ ভাগী হইতে হয়।

It is the design of Logic to give this improvement to the mind, and to teach us the right use of reason in the acquirement and communication of all useful knowledge: though the greatest part of writers on that subject have turned it into a composition of hard words, trifles, and subtilties for the mere use of the schools, and that only to amuse the minds and the ears of men with empty sounds, which flatter their vanity, and puff up their pride with a pompous and glittering shew of false learning; and thus they have perverted the great and valuable design of that science.

A few modern writers have endeavoured to recover the honour of Logic, since that excellent author of the Art of Thinking led the way; among the rest I have presumed to make an attempt of the same kind, in a treatise published several years ago, wherein it was my constant aim to assist the reasoning powers of every rank and order of men, as well as to keep an eye to the best interest of the schools and the candidates of true learning. There I have endeavoured to show the mistakes we are exposed to in our conception, judgment, and reasoning, and pointed to the various springs of them. I have also laid down many general and particular rules how to escape error, and attain truth in matters of civil and religious life, as well as in the sciences.

But there are several other observations very pertinent to this purpose, which have not fallen so directly

ন্যায় দর্শনের তাৎপর্য্য এই যে মানবগণ পূর্ব্বোক্ত প্রকারে চিত্তোৎকর্ষ করিয়া প্রয়োজনীয় বিদ্যার উপার্জ্জনে এবং প্রচারণে বিচার শক্তির যথার্থ চালনার ধারা প্রতিপন্ন করে। কিন্তু ন্যায় বিষয়ক গ্রন্থকারেরদের মধ্যে অধিকাংশ ব্যক্তি জ্ঞানাভিমান পূরক শুষ্ক বাগাড়ম্বর এবং অহঙ্কার পোষক ভাক্ত পাণ্ডিত্য প্রকাশের বৃথা গৌরব বিস্তার করিয়া কেবল তার্কিক জনগণের মনস্তুষ্টি এবং কর্ণ সুখের নিমিত্ত নানাবিধ কঠিন শব্দ ও অনর্থক বিতণ্ডা করেন সুতরাং তাঁহারদের রচনায় ন্যায় দর্শনের ঐ অনির্ব্বচনীয় তাৎপর্য্য বিকৃতি প্রাপ্ত হইয়াছে।

পরন্তু "চিন্তা করিবার বিদ্যা" নামে প্রসিদ্ধ গ্রন্থ রচকের ধারা দেখিয়া কতিপয় নব্য লেখক ন্যায় দর্শনের যথার্থ মহিমা বিস্তার করিতে যত্ন করিলে কিয়ৎ বর্ষ হইল তাঁহারদের ন্যায় আমার ও ঐ বিষয়ে এক গ্রন্থ প্রকাশ করণের মানস হয়। সেই গ্রন্থের সর্ব্বাংশের তাৎপর্য্য এই যে কি ইতর কি প্রধান সকল প্রকার লোক তাহা পাঠ করিয়া স্ব২ বিচার শক্তি শোধন করে এবং যথার্থ বিদ্যার্থিগণেরও উপকার হয়। অতএব আমি ঐ গ্রন্থে বিবেচনা, বিচার, চিন্তন প্রভৃতি অন্তরিন্দ্রিয়ের ব্যাপারে যে২ প্রমাদ জন্মিবার সম্ভাবনা তাহার বর্ণনা করিয়া তৎকারণের প্রসঙ্গ করিয়াছি এবং বিদ্যানুশীলনে ও ধর্ম্ম সংক্রান্ত এবং সাংসারিক ব্যবসায়ে কি রূপে ভ্রান্তি পরিহার করিয়া সত্য জ্ঞান লাভ করিতে হয় তদ্বিষয়েও ভূরি২ সামান্য ও বিশেষ সূত্র নিবদ্ধ করিয়াছি।

ঐ বিষয়ে আমার আরও যৎকিঞ্চিৎ বক্তব্য আছে কিন্তু তাহা আপাততঃ উক্ত গ্রন্থের কোন পরিচ্ছেদ সংযুক্ত করিতে পারি নাই কেননা তৎসংযোগে গ্রন্থ বাহুল্য

under any of those heads of discourse, or at least they would have swelled that treatise to an improper size; and therfore I have made a distinct collection of them here out of various authors, as well as from my own observation, and set them down under the following heads.

The learned world, which has done so much unmerited honour to that logical treatise, as to receive it into our two flourishing universities, may possibly admit this as a second part or supplement to that treatise. And I may venture to persuade myself, that if the common and the busy ranks of mankind, as well as the scholar and the gentleman, would but transcribe such rules into their understanding, and practise them upon all occasions, there would be much more truth and knowledge found among men; and it is reasonable to hope, that justice, virtue, and goodness, would attend as the happy consequents.


CHAPTER I.

GENERAL RULES FOR THE IMPROVEMENT OF KNOWLEDGE.

Rule I.—Deeply possess your mind with the vast importance of a good judgment, and the rich and ines-

হইবার সম্ভাবনা, অতএব সেই সকল কথা স্বীয় বুদ্ধিক্রমে রচনা করিয়া অথবা নানা গ্রন্থ হইতে সংগ্রহ করিয়া পশ্চাল্লিখিত পরিচ্ছেদে লিপি বদ্ধ করিলাম।

বিদ্বজ্জনেরা ন্যায় দর্শন সম্বলিত ঐ গ্রন্থ আমারদের দুই প্রধান বিশ্ব বিদ্যালয়ে পাঠ্য পুস্তক মধ্যে গণ্য করিয়া অতিশয় সমাদর প্রকাশ করিয়াছেন তাহাতে বোধ হয় এই গ্রন্থও তাহার পরিশেষ অথবা দ্বিতীয়াংশ বলিয়া তাঁহারদের গ্রাহ্য হইতে পারিবেক। আমার নিজ চিত্তে এমত বিশ্বাস জন্মিতেছে যে পণ্ডিত এবং ভদ্র জনগণ ও ব্যবসায়ী এবং সামান্য লোকেরা যদি ঐ সকল নিয়ম হৃদয়ঙ্গম করিয়া সকল ব্যাপারে তদনুযায়ি আচরণ করেন তবে মনুষ্য সমাজে জ্ঞান ও সত্যের অধিক প্রচার হইবে সুতরাং এমত সম্ভাব্য বটে যে তদ্দারা ন্যায়, ধর্ম্ম, ও সুশীলতারও বৃদ্ধি হইবেক।



১ পরিচ্ছেদ।

বিদ্যা বৃদ্ধির সাধারণ নিয়ম।

১ নিয়ম। সুবিবেচনা অতি মহৎ গুণ এবং যথার্থ বিচার শক্তি অমূল্য ধন, এই জ্ঞানকে অন্তঃকরণের মধ্যে প্রগাঢ়

timable advantage of right reasoning. Review the instances of your own misconduct in life; think seriously with yourselves how many follies and sorrows you had escaped, and how much guilt and misery you had prevented, if from your early years you had but taken due pains to judge aright concerning persons, times, and things. This will awaken you with lively vigour to address yourselves to the work of improving your reasoning powers, and seizing every opportunity and advantage for that end.

II. Consider the weaknesses, frailties, and mistakes of human nature in general, which arise from the very constitution of a soul united to an animal body, and subjected to many inconveniences thereby. Consider the many additional weaknesses, mistakes, and frailties, which are derived from our original apostacy and fall from a state of innocence; how much our powers of understanding are yet more darkened, enfeebled, and imposed upon by our senses, our fancies, and our unruly passions, &c. Consider the depth and difficulty of many truths, and the flattering appearances of falsehood, whence arises an infinite variety of dangers, to which we are exposed in our judgment of things. Read with greediness those authors that treat of the doctrine of prejudices, prepossessions, and springs of error, on purpose to make your soul watchful on all sides, that it suffer itself, as far as possible, to be imposed upon by none of them.

রূপে সংস্কার বদ্ধ কর। আপনার চরিত্রের দোষ পরীক্ষা করিয়া দেখ। অপর বাল্য কালাবধি দ্রব্য কাল পাত্র প্রভৃতিসকল পদার্থের বিষয়ে যথার্থ অনুভব লাভার্থ যত্ন করিলে কত২ তাপ ও অবিদ্যা এবং দুঃখ ও অপরাধের খণ্ডন হইত স্থিরচিত্ত হইয়া ইহা বিবেচনা কর। তাহাতে বিচার শক্তির উন্নতি করণার্থ যত্নশালি হইতে এবং সুযোগ ক্রমে তৎসাধনার্থ সকল উপায় অবলম্বন করিতে চেতনা ও প্রবোধ পাইবা।

২ নিয়ম। রক্ত মাংস বিশিষ্ট দেহের মধ্যে আত্মার সংযোগ বশতঃ মানব জাতির যে২ প্রকার দুর্ব্বলতা ক্ষীণতা এবং প্রমাদ জন্মিয়া থাকে এবং তাহাতে যে ২ বিশৃঙ্খলতা হয় তাহা বিবেচনা কর। আমারদের আদিম নির্দ্দোষাবস্থা বিনষ্ট হওয়াতে যে অতিরিক্ত দুর্ব্বলতা প্রমাদ এবং ক্ষীণতা হইয়াছে তাহাও বিবেচনা করিয়া দেখ। আমাদের বুদ্ধি বল কত অংশে মসৃণ এবং খর্ব্বতাপন্ন হইয়াছে এবং ইন্দ্রিয় গণ আর কাম ক্রোধাদি দুর্দ্দান্ত রিপুবর্গের দ্বারা আত্মবিড়ম্বনার কেমন সম্ভাবনা হইয়াছে তাহাও মনোমধ্যে অনুধাবন কর। অপর বহুবিধ তত্ত্বের প্রগাঢ়তা এবং দুরূহতা ও মিথ্যা মায়ার বিষয়ও বিবেচনা কর, ঐ মায়া প্রযুক্তই বস্তু বিচারে নানা প্রকার ব্যাঘাত হয়। অধিকন্তু যে ২ গ্রন্থকার পক্ষপাত ও অমূলক জ্ঞান প্রভৃতি ভ্রান্তির মূল নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিয়াছেন তাঁহারদের উক্তি যত্ন পূর্ব্বক অধ্যয়ন কর, যেন তোমার মন সর্ব্ব বিষয়ে জাগরূক থাকে এবং ভ্রান্তিকর কোন দ্রব্যে বিড়ম্বিত না হয়।

III. A slight view of things so momentous is not sufficient. You should therefore contrive and practise some proper methods to acquaint yourself with your own ignorance, and to impress your mind with a deep and painful sense of the low and imperfect degrees of your present knowledge, that you may be incited with labour and activity to pursue after greater measures. Among others you may find some such methods as these successful.

1. Take a wide survey now and then of the vast and unlimited regions of learning. Let your meditations run over the names of all the sciences, with their numerous branches, and innumerable particular themes of knowledge; and then reflect how few of them you are acquainted with in any tolerable degree. The most learned of mortals will never find occasion to act over again what is fabled of Alexander the Great, that when he had conquered what was called the Eastern world, he wept for want of more worlds to conquer. The worlds of science are immense and endless

2. Think what a numberless variety of questions and difficulties there are belonging even to that particular science, in which you have made the greatest progress, and how few of them there are in which you have arrived at a final and undoubted certainty; excepting only those questions in the pure and simple mathematics, whose theorems are demonstrable, and leave scarcely any doubt; and yet, even in the pursuit of some few of these, mankind have been strangely bewildered.

৩ নিয়ম। উপরি উল্লেখিত গুরুতর ব্যাপারে যৎসামান্য মনোযোগ করিলে অভীষ্ট সিদ্ধি হয় না অতএব কর্ত্তব্য যে কোন উৎকৃষ্ট উপায় স্থির করিয়া তদবলম্বনে আপনার অনভিজ্ঞতা অবগত হইতে যত্ন কর এবং আপনার সঞ্চিত বিদ্যা অব্যাপক ও অত্যল্প ইহা বিলক্ষণ রূপে হৃদয়ঙ্গম করিয়া যৎকিঞ্চিৎ বিষণ্ণচিত্ত হও ইহাতে ক্রমে মহৎ ২ উপায় স্থির করণার্থ পরিশ্রম ও যত্ন করিতে প্রবৃত্তি হইবে এবং তখন বুঝিবা যে পশ্চাল্লিখিত উপায়ে কৃতকার্য্য হইবার সম্ভাবনা আছে। যথা

১ বিদ্যার বিষয় কেমন ব্যাপক এবং অসীম তাহাতে দূর দৃষ্টি কর। নানা প্রকার বিদ্যার যে ভিন্ন ২ উপাধি এবং অসংখ্য শাখা প্রশাখা আছে তাহা মনে ২ ধ্যান করিয়া বিবেচনা কর যে তাহার কত অল্প অংশে তোমার সামান্য ব্যুৎপত্তি জন্মিয়াছে। মহা আলেগজন্দরের উপাখ্যানে লিখিত আছে যে তিনি পূর্ব্ব খণ্ড নামে প্রসিদ্ধ দেশ সকল জয় করণানন্তর এই বলিয়া রোদন করিয়াছিলেন যে জয় করিবার আর ভূমি রহিল না কিন্তু বিদ্যার বিষয়ে অতি বিজ্ঞ পুরুষকেও কখন তাদৃশ বিলাপ করিতে হয় না কেননা বিদ্যার প্রদেশ অসীম এবং অপার।

২ তুমি যে ২ বিশেষ বিদ্যাতে অতিশয় ব্যুৎপন্ন হইয়াছ তদ্বিষয়েও কত অসংখ্য জিজ্ঞাস্য এবং বিবাদ আছে। তুমি তাহার মধ্যে কত অল্পাংশের সমন্বয় করিয়া নিশ্চয় জ্ঞান প্রাপ্ত হইয়াছ। বোধ হয় কেবল গণিত শাস্ত্রের প্রতিজ্ঞা সাক্ষাৎ উপপাদ্য হওয়াতে আশঙ্কার সম্ভাবনা বিরহে তুমি তাহাতে নিঃসংশয় হইয়া থাকিবা কিন্তু গণিত শাস্ত্রেরও কোন ২ প্রতিজ্ঞাতে মানবগণ মহাগোল চক্রে পতিত হইয়াছেন।

3. Spend a few thoughts sometimes on the puzzling inquiries concerning vacuums and atoms, the doctrine of infinites, indivisibles, and incommensurables in geometry, wherein there appear some insolvable difficulties; do this on purpose to give you a more sensible impression of the poverty of your understanding, and the imperfection of your knowledge. This will teach you what a vain thing it is to fancy that you know all things, and will instruct you to think modestly of your present attainments, when every dust of the earth, and every inch of empty space, surmounts your understanding, and triumphs over your presumption

4. Read the accounts of those vast treasures of knowledge which some of the dead have possessed, and some of the living do possess. Read and be astonished at the almost incredible advances which have been made in science. Acquaint yourself with some persons of great learning, that, by converse among them, and comparing yourself with them, you may acquire a mean opinion of your own attainments, and may thereby be animated with new zeal to equal them as far as possible, or to exceed; thus let your diligence be quickened by a generous and laudable emulation.

Remember this, that if, upon some few superficial acquirements, you value, exalt, and swell yourself, as though you were a man of learning already, you are thereby building a most impassable barrier against all improvement; you will lie down and indulge idleness,

৩ শূন্য, পরমাণু, এবং ক্ষেত্র তত্ত্ব সম্বন্ধীয় অনন্ত অবিভাজ্য এবং অপবর্ত্তন বিহীন পদার্থ বিষয়ক দুরূহ বিচারে মনোভিনিবেশ করিও, তন্মধ্যে এমত ২ কঠিন প্রশ্ন আছে যে তাহার মীমাংসা হওয়া অসম্ভব, তুমি তদ্বিষয়ে দৃষ্টি করিলে স্বীয় বুদ্ধি ও বিদ্যার স্বল্পতা স্পষ্টরূপে বুঝিবা সুতরাং সকল বিষয়ে আপনাকে পারদর্শী অনুমান করা কেমন বৃথা অভিমান তাহাও জানিতে পারিয়া আপনার গুণের অধিক শ্লাঘা করিবা না বরং তৎকালে পৃথিবীর সূক্ষ্ম ধূলা এবং একাঙ্গুলী পরিমিত শূন্য স্থানও তোমার বুদ্ধির অগম্য বোধ হওয়াতে দর্প চূর্ণ হইবে।

৪ পুরাতন লোকেরা যে বহুবিধ বিদ্যা রত্ন সংগ্রহ করিয়াছেন এবং কোন ২ পুরুষ অদ্যাপি যাহা প্রকাশ করিতেছেন তাহার বিবরণ পাঠ কর। অপর পদার্থ বিদ্যা দ্বারা প্রকটিত আশ্চর্য্য বিষয় সকল পাঠ করিয়া বিস্ময়াপন্ন হও। মহা মহোপাধ্যায় পণ্ডিত গণের মধ্যে কাহার ২ সহিত পরিচয় কর, তাঁহারদের সহিত আলাপ করিয়া তুলনা করিলে স্বীয় গুণের ক্ষুদ্রতা জানিতে পারিবা, এবং তখন তাঁহারদের যথা সাধ্য তুল্য হইবার নিমিত্ত অথবা তাঁহারদিগকে অতিক্রম করণার্থ প্রবৃত্ত হইতে উৎসুক হইবা। মহৎ হইবার প্রশংসনীয় বাসনায় এই রূপেই যত্নবৃদ্ধি সম্ভাব্য।

যদি কোন২ সামান্য গুণে ভূষিত হইয়া পণ্ডিতাভিমান পুরঃসর আত্মশ্লাঘা করত মনে ২ প্রফুল্ল ও মত্ত হও তবে জ্ঞান বৃদ্ধিতে অখণ্ডনীয় বাধা হইবে, এবং তোমার প্রগাঢ়

and rest yourself contented in the midst of deep and shameful ignorance. "*Multi ad scientiam pervenissent, si se illuc pervenisse non putassent.*" *

IV. Presume not too much upon a bright genius, a ready wit, and good parts; for this, without labour and study, will never make a man of knowledge and wisdom. This has been an unhappy temptation, to persons of a vigorous and gay fancy, to despise learning and study. They have been acknowledged to shine in an assembly, and sparkle in a discourse on common topics, and thence they took it into their heads to abandon reading and labour, and grow old in ignorance; but, when they had lost their vivacity of animal nature and youth, they became stupid and sottish, even to contempt and ridicule. Young men of this stamp shine in conversation; they spread their native riches before the ignorant; they pride themselves in their own lively images of fancy, and imagine themselves wise and learned; but they had best avoid the presence of the skilful, and the test of reasoning; and I would advise them once a day to think forward a little, what a contemptible figure they will make in age.

The witty men sometimes have sense enough to know their own foible; and therefore they craftily shun the attacks of argument, or boldly pretend to despise and renounce them, because they are conscious of their own

* Many would have gained knowledge, but for thinking they had got it.

ও গর্হিত অবিদ্যা সত্ত্বে ও তুমি নিরুদ্যম ও অলস হইয়া নিশ্চিন্ত থাকিবা। "জ্ঞান লাভ করিয়াছি এই অভিমান না করিলে ভূরি ২ লোক বস্তুতঃ জ্ঞান প্রাপ্ত হইত"।

চতুর্থ নিয়ম। দৈব বুদ্ধি, ভাব শক্তি, স্বাভাবিক গুণ, এই সকলের নিমিত্ত অধিক স্পর্দ্ধা করিও না কেননা পরিশ্রম ও অধ্যয়ন না করিলে ঐ সমস্ত গুণে জ্ঞান ও বিদ্যা লাভ হয় না। প্রখর বুদ্ধি এবং সুন্দর ভাব শক্তি বিশিষ্ট পুরুষেরাও দুরদৃষ্ট বশতঃ বিদ্যা সাধন ও অধ্যয়নে হেয় জ্ঞান করিতে প্রবৃত্ত হয়। তাহারা সভা মধ্যে সামান্য বিষয়ে বক্তৃতা করিয়া শোভিত ও যশস্বী হয় তন্নিমিত্ত পরিশ্রম ও অধ্যয়নে পরাঙ্মুখ হইয়া বার্দ্ধক্য পর্য্যন্ত অনভিজ্ঞ থাকে কিন্তু যৌবন কালীন লাবণ্য এবং তেজঃ বিনষ্ট হইলে অবশেষে মূঢ়তা প্রযুক্ত সাধারণের হেয় এবং হাস্যাস্পদ হয়। এবম্ভূত যে যুবক বৃন্দ মূর্খ সমাজে আপনারদের স্বাভাবিক গুণ বিস্তার করিয়া যশঃ প্রাপ্ত হয় তাহারা স্ব ২ কল্পনাশক্তির শ্লাঘা করিয়া জ্ঞান করে যে বিদ্বান ও পণ্ডিত হইয়াছি কিন্তু তাহারা পণ্ডিত সমাজ হইতে দূরে থাকুক এবং বিচার করণে ক্ষান্ত হউক অধিকন্তু বৃদ্ধাবস্থায় কেমন হেয় হইবে তাহাও প্রতিদিন এক ২ বার বিবেচনা করুক। ভাবুক লোকেরা কখন ২ স্বীয় দোষ বুঝিতে পারেন তন্নিমিত্ত তাঁহারা চতুরতা পূর্ব্বক তর্ক যুদ্ধ হইতে নিবৃত্ত হন অথবা আপনারা অনভিজ্ঞ তৎপ্রযুক্ত সাহস পূর্ব্বক প্রকাশ্য রূপে তর্ক শক্তির অনাদর করেন কিন্তু

ignorance, and inwardly confess their want of acquaintance with the skill of reasoning.

V. As you are not to fancy yourself a learned man, because you are blessed with a ready wit; so neither must you imagine that a large and laborious reading, and a strong memory, can denominate you truly wise.

It is meditation and studious thought, it is the exercise of your own reason and judgment upon all you read, that gives good sense even to the best genius, and affords your understanding the truest improvement. A boy of a strong memory may repeat a whole book of Euclid, yet be no geometrician; for he may not be able perhaps to demonstrate one single theorem.

A well-furnished library and a capacious memory are indeed of singular use towards the improvement of the mind; but, if all your learning be nothing else but a mere amassment of what others have written, without a due penetration into their meaning, and without a judicious choice and determination of your own sentiments, I do not see what title your head has to true learning above your shelves. Though you have read philosophy and theology, morals and metaphysics in abundance, and every other art and science, yet, if your memory is the only faculty employed, with the neglect of your reasoning powers, you can justly claim

তাঁহারা মনে ২ স্বীকার করেন যে আমরা বিচার শক্তিতে সম্পূর্ণ বঞ্চিত।

পঞ্চম নিয়ম। ভাব শক্তি সত্ত্বে যদ্রূপ পণ্ডিতাভিমান অনুচিত, তদ্রূপ বহু পরিশ্রম পূর্ব্বক গ্রন্থ অধ্যয়ন ও উত্তম স্মরণ শক্তি এতদ্দয়ও যথার্থ বিজ্ঞতার কারণ নহে।

চিন্তন মনন আর অধীত বিষয়ে স্বীয় বুদ্ধি ও বিবেচনার চালনা এই সকল উপায়ের দ্বারা দৈব বুদ্ধি বিশিষ্ট জনগণের সুধীত জন্মে এবং বিবেক শক্তির বৃদ্ধি হয়। মেধাবী বালক ইউক্লিডের কোন একঅধ্যায় অবিকল কণ্ঠস্থ করিলেও ক্ষেত্র তত্ত্বে সম্পূর্ণ অনভিজ্ঞ থাকিতে পারে কেননা গ্রন্থ কণ্ঠস্থ করিয়াও কোন প্রতিজ্ঞা উপপন্ন করণে অক্ষম হওয়া ছাত্রের পক্ষে অসম্ভব নহে।

ভূরি ২ গ্রন্থালোচনা এবং মেধাবিতা দ্বারা চিত্তোৎ-কর্ষ বিষয়ে অপূর্ব্ব উপকার হয় বটে কিন্তু তাৎপর্য্য গ্রহ এবং বিবেচনা পূর্ব্বক নিশ্চয় রূপে সীয় মত স্থাপন না করিয়া কেবল পরের রচনা সঙ্কলন করিলেই যদি পাণ্ডিত্য হয় তবে পুস্তকাধার অপেক্ষা আপনার অধিক বিদ্যাভিমান করা উচিত হয় না। যদিও দর্শন শাস্ত্র ধর্ম্মশাস্ত্র অধ্যাত্ম শাস্ত্র প্রভৃতি সমুদয় শাস্ত্র ও শিল্প সম্বন্ধীয় রাশি ২ গ্রন্থ

no higher character than that of a good historian of the sciences.

Here note, many of the foregoing advices are more peculiarly proper for those who are conceited of their abilities, and are ready to entertain a high opinion of themselves. But a modest, humble youth, of a good genius, should not suffer himself to be discouraged by any of these considerations. They are designed only as a spur to diligence, and a guard against vanity and pride.

VI. Be not so weak as to imagine that a life of learning is a life of laziness and ease; dare not give up yourself to any of the learned professions, unless you are resolved to labour hard at study, and can make it your delight, and the joy of your life.

VII. Let the hope of new discoveries, as well as the satisfaction and pleasure of known truths, animate your daily industry. Do not think learning in general is arrived at its perfection, or that the knowledge of any particular subject in any science cannot be improved, merely because it has lain five hundred or a thousand years without improvement. The present age, by the blessing of God on the ingenuity and diligence of men, has brought to light such truths in natural philosophy, and such discoveries in the heavens and the earth, as seemed to be beyond the reach of man. But may there not be Sir Isaac Newtons in every science? You should never despair, therefore, of finding out that which has never yet been found, unless you see something in the

পাঠ করিয়া থাক তথাপি যুক্তির চালনা ত্যাগ করিয়া কেবল মেধাবিত্ব প্রকাশ করিলে পদার্থ বিদ্যার ইতিহাস বেত্তা ব্যতীত গুরুতর পদ পাইতে প্রার্থনা করিতে পার না।

এ স্থলে অবধান করা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত সূত্রের অধিকাংশ কেবল স্বাভাবিক শক্ত্যভিমানি আত্মশ্লাঘি পুরুষদিগের নিমিত্ত বিশেষরূপে লিখিত হইল অতএব বিনয়ান্বিত নম্রাত্মা অথচ দৈব বুদ্ধি বিশিষ্ট কোন যুবক ইহাতে নিরুৎসাহ হইবেন না। উক্ত নিয়ম রচনার তাৎপর্য্য এই যে পাঠক বর্গ দর্প ও অভিমান বিসর্জ্জন করত বিশেষালোচনাতে সযত্ন হয়েন।

ষষ্ঠ নিয়ম। তুমি অল্প বুদ্ধি হইয়া এমত ভাবিও না যে বিদ্যাজীবি লোকেরা অলস ও নিষ্কর্ম্মা। যদি অধ্যয়ন বিষয়ে পরিশ্রম করিতে কাতর হও অথবা যদি বিদ্যার চর্চ্চায় আমোদ ও অনুরাগ না কর তবে বিদ্যা জীবির ব্যবসায়ে হস্তক্ষেপ করিও না।

৭। নূতন ২ পদার্থ প্রকাশ করিবার প্রত্যাশায় এবং প্রকাশিত বিষয়ের তত্ত্বান্বেষণে আমোদ করত নিত্য পরিশ্রম করিতে সত্বর হও। এমত মনে করিও না যে সামান্যতঃ বিদ্যার সম্পূর্ণতা হইয়াছে অথবা কোন ২ বিদ্যার বিষয় পাঁচ শত কিম্বা সহস্র বর্ষ পর্য্যন্ত সমভাবে থাকাতে তাহার আর বৃদ্ধি হইতে পারিবেক না। পণ্ডিত বৃন্দের যত্ন ও বুদ্ধি কৌশলে পদার্থ তত্ত্ব এবং ভূগোল খগোল সম্বন্ধীয় অনেক ২ নূতন বিষয় অধুনা ঈশ্বর প্রসাদাৎ প্রকাশিত হইয়াছে যাহা পূর্ব্ব কালে মানব বুদ্ধির অগম্য বলিয়া গণিত ছিল। অতএব অন্যান্য বিদ্যাতে ও কি স্যার আইজেক নিউটনের ন্যায় পারদর্শি পণ্ডিত উপস্থিত হইতে পারেন না? সুতরাং মানব

nature of it which renders it unsearchable, and above the reach of our faculties.

VIII. Do not hover always on the surface of things, nor take up suddenly with mere appearances; but penetrate into the depth of matters, as far as your time and circumstances allow, especially in those things which relate to your own profession. Do not indulge yourselves to judge of things by the first glimpse, or a short and superficial view of them; for this will fill the mind with errors and prejudices, and give it a wrong turn and ill habit of thinking, and make much work for retraction.

As for those sciences, or parts of knowledge, which either your profession, your leisure, your inclination, or your incapacity, forbid you to pursue with much application, or to search far into them, you must be contented with an historical and superficial knowledge of them, and not pretend to form any judgements of your own on those subjects which you understand very imperfectly.

IX. Once a day, especially in the early years of life and study, call yourselves to an account, what new ideas, what new proposition or truth you have gained, what further confirmation of known truths, and what advances you have made in any part of knowledge; and let no day, if possible, pass away without some intellectual gain. Such a course, well pursued, must certainly advance us in useful knowledge. It is a wise

দিগের স্বভাবতঃ ইন্দ্রিয়াতীত এবং নিতান্ত অপ্রাপ্য জ্ঞান করিবার যথার্থ কারণ না থাকিলে কোন অপ্রকাশিত বিষয়কে বুদ্ধির অগম্য বলিয়া তাহাতে নিরুদ্যম হইও না।

৮ কোন পদার্থের কেবল বাহ্য ভাগেই সর্ব্বদা দৃষ্টি করিও না, অথবা বস্তুর ভাণ মাত্রে মুগ্ধ হইও না, অবকাশ এবং সুযোগ থাকিলে সকল বিষয়ের বিশেষতঃ আপন ব্যবসায় সম্বন্ধীয় পদার্থের সূক্ষ্মানুসন্ধানে যত্ন করিও। একবার মাত্র কটাক্ষ করিয়া কিম্বা বাহ্যাংশের কিঞ্চিৎ মাত্র দেখিয়া কোন বিষয়ের মীমাংসা করিও না তাহা করিলে অন্তঃকরণ ভ্রম এবং অমূলক ভাবে পূর্ণ হইবে তাহাতে দুর্বুদ্ধি এবং কুসংস্কার জন্মিবার সম্ভাবনা যে সংস্কার ত্যাগ করিতে বহুতর কষ্ট হইবে।

যে ২ বিদ্যা অথবা বিদ্যার শাখা কর্ম্মান্তর কিম্বা অনবকাশ কিম্বা অনিচ্ছা অথবা অক্ষমতা প্রযুক্ত অধিক যত্ন পূর্ব্বক প্রগাঢ় রূপে মনোভিনিবেশ করিয়া অনুশীলন করিতে না পার তদ্বিষয়ের যৎকিঞ্চিৎ বিবরণ মাত্র জানিয়া তৃপ্ত হও। অপর যে২ বিষয় সম্পূর্ণ রূপে হৃদয়ঙ্গম করিতে সমর্থ নহ তাহার বিচার নিষ্পত্তি করিতে অভিমান করিও না।

৯ শৈশব কালে অর্থাৎ বিদ্যার্থি হইবার আদ্যাবস্থায় প্রত্যহ এক ২ বার গণনা করিও যে দিবাভাগে কি ২ নূতন ভাব অথবা পদার্থ কিম্বা তত্ত্ব উপলব্ধি করিলা এবং পূর্ব্বে জ্ঞাত কোন্ ২ তত্ত্বের দৃঢ়তর জ্ঞান প্রাপ্ত হইলা আর বিদ্যার কোন্ ২ শাখায় কি প্রকার অধিক ব্যুৎপন্ন হইলা। কোন প্রকার জ্ঞান লাভ না করিয়া কোন দিবসকে অবসন্ন হইতে দিও না। এই নিয়ম উত্তম রূপে পালন করিলে প্রয়োজনীয়

proverb among the learned, borrowed from the lips and practice of a celebrated painter, *Nulla dies sine lineâ*, 'Let no day pass without one line at least;' and it was a sacred rule among the Pythagoreans that they should every evening thrice run over the actions and affairs of the day, and examine what their conduct had been, what they had done, or what they had neglected; and they assured their pupils that, by this method, they would make a noble progress in the path of virtue.

X. Maintain a constant watch at all times against a dogmatical spirit; fix not your assent to any proposition in a firm and unalterable manner, till you have some firm and unalterable ground for it, and till you have arrived at some clear and sure evidence, till you have turned the proposition on all sides, and searched the matter through and through, so that you cannot be mistaken. And, even where you may think you have full grounds of assurance, be not too early, nor too frequent, in expressing this assurance in too peremptory and positive a manner; remembering that human nature is always liable to mistake in this corrupt and feeble state. A dogmatical spirit has many inconveniences attending it; as,

1. It stops the ear against all further reasoning upon that subject, and shuts up the mind from all further improvements of knowledge. If you have resolutely fixed your opinion, though it be upon too slight and

বিদ্যোপার্জ্জন অবশ্য বৃদ্ধি শীল হইবে। পণ্ডিতেরা এক জন চিত্রকরের বচন ও ব্যবহারানুসারে এক প্রসিদ্ধ কথার প্রয়োগ করিয়া থাকেন যথা “অন্ন্যূন এক রেখা ব্যতীত যেন কোন দিন ক্ষয় না হয়”। পাইথাগোরাসের অনুচরগণের নিত্য এই নিয়ম ছিল যে তাহারা প্রতি দিন সায়ংকালে তিনবার দৈনিক কার্য্য ও ব্যাপার স্মরণ করিয়া কি ২ বিষয়ে কর্ম্ম সামাধা করিয়াছে আর কি ২ বিষয়েইবা ক্রটি হইয়াছে তাহার পরীক্ষা করিত। তাহারা স্ব ২ শিষ্যগণকেও নিঃসন্দেহ ভাবে কহিত যে ঐ নিয়ম পালন করিলে সুকৃত সাধনের প্রকৃত বৃদ্ধি হয়।

১০ সর্ব্বদা সাবধান হইও, কোন মত স্থাপন করিয়া তাহাতেই মত্ত হইও না, যদবধি কোন বিষয়ের দৃঢ়তর মূল দেখিয়া অসংশয়তা স্পষ্ট রূপে সপ্রমাণ না কর এবং যদবধি তাহার সর্ব্বাংশে দৃষ্টি করিয়া পুনঃ২ অনুসন্ধান দ্বারা ভ্রমের সম্ভাবনা বিরহ বোধ না হয় তদবধি তাহা অখণ্ডনীয় ও নিতান্ত সত্য বলিয়া সীকার করিও না। অপিচ নিশ্চয়াত্মক জ্ঞানের যথার্থ হেতু জানিতে পাইলেও তাহা প্রচার করিতে অতিশয় সত্বর হইও না কিম্বা দম্ভ করিয়া বারম্বার তাহার আড়ম্বর করিও না, বরং মনে করিও যে ইহকালের বিকৃত ও দুর্ব্বল অবস্থায় যাবদীয় লোকের ভ্রম সম্ভাবনা আছে। কোন বিশেষ মত রক্ষার্থ মত্ত হইলে অনেক অনুপকার হয়। যথা

১ তদ্বিষয়ের হেতুবাদ করণে ও শ্রবণে প্রবৃত্তি হয় না সুতরাং জ্ঞানের বৃদ্ধিতে ব্যাঘাত জন্মে। যদি দৃঢ় প্রতিজ্ঞ

insufficient grounds, yet you will stand determined to renounce the strongest reason brought for the contrary opinion, and grow obstinate against the force of the clearest argument.

2. A dogmatical spirit naturally leads us to arrogance of mind, and gives a man some airs in conversation which are too haughty and assuming.

A dogmatical spirit inclines a man to be censorious of his neighbours. Every one of his own opinions appears to be written as it were with sunbeams, and he grows angry that his neighbour does not see it in the same light. He is tempted to disdain his correspondents, as men of a low and dark understanding, because they will not believe what he does.

These are the men that, when they deal in controversy, delight in reproaches. They abound in tossing about absurdity and stupidity among their brethren; they cast the imputation of heresy and nonsense plentifully on their antagonists; they denounce damnation upon their neighbours without either justice or mercy; and when they pronounce sentences of divine wrath against supposed heretics, they add their own human fire and indignation. A dogmatist in religion is not a great way off from a bigot, and is in high danger of growing up to be a bloody persecutor.

হইয়া কোন বিষয়ে মত স্থির কর তবে সে মত অমূলক হইলেও তদ্বিরুদ্ধ পক্ষের অখণ্ডনীয় তর্কে হেয় বুদ্ধি করত তদ্বিষয়ের স্পষ্ট প্রমাণ অগ্রাহ্য করিবা।

২ কোন বিশেষ মত রক্ষা করণ বিষয়ে মত্ত হইলে মনে অহঙ্কার জন্মে এবং কথোপকথন কালে দর্প ও স্পর্দ্ধার লক্ষণ প্রকাশ পায়।

৩ ঐ প্রকার মত্ততাতে পরনিন্দার সম্ভাবনা কেননা তাদৃশ স্বমত পরায়ণ লোক মনে করে যে আপনার সকল মত দিবাকরের তেজের ন্যায় দেদীপ্যমান সুতরাং অন্য কেহ তাহা স্বীকার না করিলে কুপিত হয়। সে অনুমান করে যে তাহার পরিচিত সমুদয় লোকই জড় এবং অল্পবুদ্ধি কারণ তাহারদের মত তাহার সদৃশ নহে।

উক্ত প্রকার লোক তর্ক করিবার সময় বিবাদিকে র্ভৎসনা করিতে ভাল বাসে, এবং বারম্বার সুহৃদ্বর্গকেও বিবেকহীন মূর্খ বলিয়া থাকে, আর বিপক্ষ পক্ষকে অনবরতই পাষণ্ড ও নির্ব্বোধ কহে। অপিচ তাহারা অন্যকে অন্যায় এবং নির্দ্দয় রূপে অভিশাপ দেয় এবং নিজ কল্পিত পাষণ্ডগণের প্রতি পরমেশ্বরের কোপ প্রচার করিবার সময় আত্ম ক্রোধাগ্নি বিস্তারেও ক্ষান্ত হয় না। ফলতঃ যে ব্যক্তি ধর্ম্ম বিষয়ে নিজ মতের অতিশয় আড়ম্বর করে সে জন ধর্ম্ম মত্ত পুরুষ হইতে অধিক ভিন্ন নহে এবং অক্লেশে নিষ্ঠুর নিষ্পীড়কও হইতে পারে।

১১ সাবধান পূর্ব্বক বিবেচনা করিয়া মত স্থির করিলে

XI. Though caution and slow assent will guard you against frequent mistakes and retractions, yet you should get humility and courage enough to retract any mistake, and confess an error; frequent changes are tokens of levity in our first determinations; yet you should never be too proud to change your opinion, nor frighted at the name of a changeling. Learn to scorn those vulgar bugbears which confirm foolish man in his own mistakes, for fear of being charged with inconstancy. I confess it is better not to judge than judge falsely; it is wiser to withold our assent till we see complete evidence; but, if we have too suddenly given up our assent, as the wisest man does sometimes, if we have professed what we find afterwards to be false, we should never be ashamed nor afraid to renounce a mistake.

XII. He that would raise his judgment above the vulgar rank of mankind, and learn to pass a just sentence on persons and things, must take heed of a fancifnl temper of mind, and a humorous conduct in his affairs. Fancy and humour, early and constantly indulged, may expect an old age overrun with follies.

The notion of a humorist is one that is greatly pleased, or greatly displeased, with little things; who sets his heart much upon matters of very small importance; who has his will determined every day by trifles, his actions seldom directed by the reason and nature of things, and his passions frequently raised by

বারম্বার ভ্রম হইবার অথবা ভ্রম স্বীকার করিবার আশঙ্কা থাকে না যদি দৈবাৎ ভ্রম হয় তবে সাহস পূর্ব্বক বিনয় বচনে তাহা স্বীকার করিয়া আপনার অবিদ্যা অঙ্গীকার করা কর্ত্তব্য। এক বার মত স্থির করিয়া পুনঃ২ তাহার পরিবর্ত্তন করিলে চঞ্চল চিত্ততা প্রকাশ হয় বটে কিন্তু অভিমান প্রযুক্ত অথবা চঞ্চল চিত্ততা অপবাদের ভয়ে মত পরিবর্ত্তনে বিরত হইও না। নির্ব্বোধ লোকেরা যে নীচাত্ম মায়া প্রযুক্ত অস্থিরতা অপবাদের ভয়ে অবিদ্যা কুহকে বদ্ধ হয় সে মায়া পরিহার করিতে যত্ন কর। অবিচার করণাপেক্ষা বিচার না করা শ্রেয়, বটে এবং ব্যাপক প্রমাণের অভাবে কোন মত গ্রাহ্য করা বিবেচনা সিদ্ধ হয় না ইহাও সত্য বটে কিন্তু অতি বিজ্ঞ লোকেরও কখন ২ প্রমাদ সম্ভাবনা আছে অতএব আমরা যদি হঠাৎ কোন বিষয় স্বীকার করিয়া পরে তাহার অলীকতা বুঝিতে পারি তবে লজ্জা অথবা ভয় প্রযুক্ত আপনারদের ভ্রম অস্বীকার করা কর্ত্তব্য নহে।

১২ যে ব্যক্তি ইতর লোকের ব্যবহার দর্শনে মুগ্ধ না হইয়া বরং অচেতন সচেতন সকল পদার্থের বিষয়ে যথার্থ বিচার করিতে চাহে তাহার সাবধান হওয়া উচিত, তিনি যেন আপনি মনের মধ্যে অলীক কল্পনা ও বিষয় কর্ম্মে অভিমান প্রকাশ না করেন। যৌবনকালাবধি পুনঃ২ অলীক কল্পনায় ও অভিমানে মত্ত হইলে বার্দ্ধক্যে মূর্খতার শেষ থাকিবে না।

অভিমানি ব্যক্তির লক্ষণ এই যে সে ক্ষুদ্র বিষয়ে অতিশয় তুষ্ট অথবা রুষ্ট হয় এবং তুচ্ছ বস্তুতে নিতান্ত একাগ্র হইয়া

things of little moment. Where this practice is allowed, it will insensibly warp the judgment to pronounce little things great, and tempt you to lay a great weight upon them. In short, this temper will incline you to pass an unjust value on almost every thing that occurs; and every step you take in this path is just so far out of the way to wisdom.

XIII. For the same reason, have a care of trifling with things important and momentous, or of sporting with things awful and sacred; do not indulge a spirit of ridicule, as some witty men do on all occasions and subjects. This will as unhappily bias the judgment on the other side, and incline you to pass a low esteem on the most valuable objects. Whatsoever evil habit we indulge in practice, it will insensibly obtain a power over our understanding, and betray us into many errors.

XIV. Ever maintain a virtuous and pious frame of spirit; for an indulgence of vicious inclinations debases the understanding, and perverts the judgment. Whoredom, and wine, and new wine, take away the heart, and soul, and reason of man. Sensuality ruins the better faculties of the mind; an indulgence to appetite and passion enfeebles the powers of reason; it makes the judgment weak and susceptive of every falsehood, and especially of such mistakes as have a tendency towards the gratification of the animal; and it warps the soul aside strangely from that steadfast

প্রত্যহ সামান্য ব্যাপারকে ইষ্ট সাধন জ্ঞান করে আর বাহ্যেন্দ্রিয়ের ব্যাপারে যুক্তির অনুসন্ধান না করিয়া বারম্বার ক্ষুদ্র বিষয়ে ক্রোধাদিতে পরিপূর্ণ হয় কিন্তু এই প্রকার ব্যবহার অভ্যস্ত হইলে বিবেক শক্তির বিকৃতি এবং ক্ষুদ্র বস্তুতে মহত্ত্ব অথবা গুরুত্ব ভাণ হয়। ফলতঃ ঐ রূপ বুদ্ধি জন্মিলে যাবদীয় ব্যাপারে অলীক জ্ঞান হয় সুতরাং ঐ পথে যত দূর পর্য্যন্ত অগ্রসর হওয়া যায় তত দূর জ্ঞানের পথ পরিহার হয়।

১৩ অপিচ সাবধান হও, মহৎ এবং গুরুতর বিষয়ে তাচ্ছল্য করিও না এবং পরম পবিত্র পদার্থেও বিদ্রূপ করিও না। অপর কোন ২ রসিক লোক যেমন সকল বিষয়েতেই পরিহাস করিয়া থাকে তাহারদেরও রীত্যনুযায়ি আচরণ করিও না। তদ্রূপ আচরণ করিলে অসৌভাগ্য ক্রমে অন্য প্রকার বুদ্ধি ভ্রম হইবে এবং পরম পদার্থে ইতর জ্ঞান জন্মিবে। চরিত্রেতে কোন কুসংস্কার জন্মিলে ক্রমশঃ বুদ্ধির বিকৃতি এবং তদ্দ্বারা অবিদ্যা জালে পতিত হইবে।

১৪ সর্ব্বদা সুকৃত ও ভক্ত ভাবে থাকিতে যত্ন কর, কেননা দুষ্ট অভিলাষ পূর্ণ করিলে বুদ্ধির হ্রাস ও বিবেক শক্তির বিকৃতি হইবেক। বেশ্যাগমন মদ্যপান এবং নূতন ২ মদিরোপযোগে লোকের বুদ্ধি চিত্ত ও বিবেক বিনষ্ট হয় অপর ইন্দ্রিয় সুখাসক্তিতে অন্তরিন্দ্রিয়ের সংস্কারকে অধম করে। দুষ্ট ইচ্ছা এবং কাম ক্রোধাদি মনোবিকারে মত্ত হইলে যুক্তির বল খর্ব্ব এবং বুদ্ধি হ্রস্ব হইয়া নানা প্রকার মিথ্যা ভাণের সৃষ্টি করে বিশেষতঃ এমত ২ প্রমাদ জন্মায় যে ইন্দ্রিয় সন্তোষেই প্রবৃত্তি হয় সুতরাং সত্য জিজ্ঞাসা সূচক সরলতা ও যথার্থ

honesty and integrity that necessarily belong to the pursuit of truth. It is the virtuous man who is in a fair way to wisdom. "God gives to those that are good in his sight, wisdom, and knowledge, and joy,"

XV. Watch against the pride of your own reason, and a vain conceit of your own intellectual powers, with the neglect of divine aid and blessing. Presume not upon great attainments in knowledge by your own self-sufficiency; those who trust to their own understandings entirely, are pronounced fools in the word of God; and it is the wisest of men that gives them this character, "He that trusteth in his own heart is a fool," Prov. xxviii. 26.

CHAPTER II.

OBSERVATION, READING, INSTRUCTION BY LECTURES, CONVERSATION, AND STUDY COMPARED.

THERE are five eminent means, or methods, whereby the mind is improved in the knowledge of things, and

সাধুতাতে অন্তঃকরণের বিরাগ হইবার সম্ভব হয়। সুকৃতাচারি পুরুষই জ্ঞানের যথার্থ সাধনে থাকেন। "যাহারা পরমেশ্বরের সমক্ষে সদাচরণ করে ঈশ্বর তাহারদিগকে জ্ঞান বিদ্যা এবং আমোদ প্রদান করেন।

১৫ নিজ বিবেকের গর্ব্ব অথবা পরমেশ্বরের আনুকূল্য ও সাহায্য ব্যতিরেকে আপনার বুদ্ধি বলের অভিমান করিও না। অপর আত্মশ্লাঘা পূর্ব্বক নিজ শক্তিতে বিদ্যার পারদর্শন করিতে সাহস করিও না। যাহারা আপনারদের বুদ্ধির উপর সম্পূর্ণ রূপে নির্ভর রাখে ধর্ম্মশাস্ত্রে তাহারদিগকে মূর্খ বলিয়া বর্ণনা করিয়াছেন, অপিচ তাহারদের বিষয়ে বিজ্ঞতম পুরুষ এই উক্তি করিয়াছেন যথা "যে ব্যক্তি নিজ অন্তঃকরণে বিশ্বাস করে সে মূর্খ"। হিতোপদেশ ২৮। ২৬

---

২ পরিচ্ছেদ।

দর্শন, অধ্যয়ন, উপদেশ গ্রহণ, আলাপ, অভ্যাস প্রভৃতির পরস্পর তুলনা।

বস্তু জ্ঞান সহকারে চিত্তোৎকর্ষ করিবার পাঁচ প্রধান উপায় আছে যথা দর্শন, অধ্যয়ন, উপদেশ গ্রহণ, আলাপ,

these are observation, reading, instruction by lectures, conversation, and meditation; which last, in a most peculiar manner, is called study.

Let us survey the general definitions or descriptions of them all.

I. Observation is the notice that we take of all occurrences in human life, whether they are sensible or intellectual—whether relating to persons or things, to ourselves or others. It is this that furnishes us, even from our infancy, with a rich variety of ideas and propositions, words and phrases; it is by this we know that fire will burn, that the sun gives light, that a horse eats grass, that an acorn produces an oak, that man is a being capable of reasoning and discourse, that our judgment is weak, that our mistakes are many, that our sorrows are great, that our bodies die and are carried to the grave, and that one generation succeeds another. All those things which we see, which we hear or feel, which we perceive by sense or consciousness, or which we know in a direct manner, with scarce any exercise of our reflecting faculties or our reasoning powers, may be included under the general name of observation.

When this observation relates to any thing that immediately concerns ourselves, and of which we are conscious, it may be called experience. So I am said to know or experience that I have in myself a power of thinking, fearing, loving, &c.; that I have appetites

এবং চিন্তন। শেষোক্ত উপায়কে প্রকৃষ্ট রূপে অভ্যাসও কহা যায়। সম্প্রতি এই সকল উপায়ের সামান্য লক্ষণ এবং বিবরণ বিবেচনা করা যাইতেছে।

১ বাহ্যেন্দ্রিয় অথবা অন্তরিন্দ্রিয়ের গ্রাহ্য যে২ ঘটনা চৈতন্য বিশিষ্ট প্রাণির অথবা অচেতন জড় বস্তুর সম্বন্ধে কিম্বা স্বকীয় বা পরকীয় সম্বন্ধে সংসারের মধ্যে হইয়া থাকে তদ্বিষয় অবগত হওয়াকে দর্শন কহা যায়। এই প্রকার দর্শনে শৈশবাবস্থাতেও নানাবিধ ভাব এবং কথা, পদ, শব্দ, প্রভৃতির জ্ঞান জন্মে, তাহাতেই আমরা জানি যে অগ্নির দাহিকা শক্তি এবং সূর্য্যের তেজঃ আছে, ও অশ্বেরা তৃণ ভক্ষণ করে, এবং ক্ষুদ্র বীজেতে বৃহৎ বৃক্ষ জন্মে, মনুষ্য বিবেকী এবং কথন শক্তি বিশিষ্ট আত্মা, আমারদের বুদ্ধি দুর্ব্বল, প্রমাদ বহু সংখ্যক, শোক দুঃখ গুরুতর, শরীর অনিত্য, মরণান্তে সমাধি হয় এবং পুরুষানুক্রমে প্রজার বৃদ্ধি হয় যে সকল বস্তুতে চাক্ষুষ শ্রাবণ অথবা ত্বাচ প্রত্যক্ষ সম্ভাব্য, আর যাহা বাহ্যেন্দ্রিয় অথবা অন্তরিন্দ্রিয়ের গ্রাহ্য অর্থাৎ যদ্বিষয়ে বিবেচনা ও যুক্তিবাদ না করিলেও জ্ঞান জন্মিতে পারে সেই সকল বস্তুকে দর্শনের বিষয় নামে ব্যক্ত করা যায়।

আমারদের আত্ম সংক্রান্ত বিষয়ে অথবা যদ্বিষয় আমারদের অন্তরিন্দ্রিয়ের গ্রাহ্য তৎসম্বন্ধে দর্শন হইলে তাহাকে উপলব্ধি কহে, যথা আমি জানি অর্থাৎ আমার উপলব্ধি হইতেছে যে আমার অন্তরে চিন্তা ভয় প্রেম প্রভৃতি মানসিক ব্যাপারের শক্তি আছে, আমাতে ইচ্ছা এবং রাগ আছে

and passions working in me, and many personal occurrences have attended me in this life.

Observation, therefore, includes all that Mr. Locke means by sensation and reflection.

When we are searching out the nature or properties of any being by various methods of trial, or when we apply some active powers, or set some causes at work, to observe what effects they would produce, this sort of observation is called experiment. So, when I throw a bullet into water, I find it sinks; and, when I throw the same bullet into quicksilver, I see it swims; but, if I beat out this bullet into a thin hollow shape, like a dish, then it will swim in the water too. So, when I strike two flints together, I find they produce fire; when I throw a seed into the earth, it grows up into a plant.

All these belong to the first method of knowledge, which I call observation.

II. Reading is that means or method of knowledge, whereby we acquaint ourselves with what other men have written or published to the world in their writings. These arts of reading and writing are of infinite advantage; for, by them we are made partakers of the sentiments, observations, reasonings, and improvements, of all the learned world, in the most remote nations and in former ages, almost from the beginning of mankind.

III. Public or private lectures are such verbal in-

এবং সংসারের মধ্যে আমার শরীর সম্বন্ধে নানা প্রকার ঘটনা হইয়াছে।

অতএব লক সাহেবের মতে যে ২ বস্তুতে ইন্দ্রিয়ের এবং চিন্তনের ব্যাপার হইতে পারে সে সকলই দর্শনের বিষয়।

নানা প্রকার চেষ্টায় কোন জীবের স্বভাব অথবা গুণের অন্বেষণ করিলে অথবা কোন্ কারণে কি কার্য্য উৎপন্ন হয় তাহা দেখিবার নিমিত্ত কোন শক্তি প্রয়োগ করিলে সে ব্যাপারকে পরীক্ষা কহা যায়, যথা জলেতে গুলি নিক্ষেপ করিলে আমরা দেখিতে পাই তাহা ডুবিয়া যায়, সেই গুলি পারাতে ফেলিলে ভাসিয়া উঠে, এবং তাহা পিটিয়া পাত্রের সদৃশাকার করিলে জলেতেও ভাসে। তথা দুই চক্মকির প্রস্তর পরস্পরের উপর আঘাত করিলে অগ্নি নির্গত হয় এবং মৃত্তিকাতে বীজ বপন করিলে প্ররোহ হয়।

এই সকল ব্যাপার জ্ঞানের প্রথম সাধন সংক্রান্ত, যাহার নাম দর্শন।

২ অন্যান্য লোকে যাহা রচনা করিয়াছে অথবা রচনা দ্বারা সাধারণের বিজ্ঞাপনার্থ প্রকাশ করিয়াছে তাহা অবগত হইবার ধারাকে জ্ঞানের উপায়ান্তর কহা যায়, তাহারই নাম অধ্যয়ন। এই রূপ অধ্যয়ন ও রচনা কৌশলে নানাবিধ উপকার জন্মে কেননা তদ্দ্বারা আমরা অতি দূরদেশীয় এবং মনুষ্য সমাজের আদ্যকালাবধি পূর্ব্বতন পণ্ডিতগণের দর্শন সিদ্ধ পদার্থ ও মত, বিচার, মীমাংসা এবং ব্যুৎপত্তি সকলই অবগত হইতে পারি।

structions as are given by a teacher, while the learners attend in silence. This is the way of learning religion from the pulpit, or philosophy or theology from the professor's chair, or mathematics, by a teacher showing us various theorems or problems—i. e. speculations or practices, by demonstration and operation, with all the instruments of art necessary to those operations.

IV. Conversation is another method of improving our minds, wherein, by mutual discourse and inquiry, we learn the sentiments of others, as well as communicate our sentiments to others in the same manner. Sometimes, indeed, though both parties speak by turns, yet the advantage is only on one side; as when a teacher and a learner meet and discourse together; but frequently the profit is mutual. Under this head of conversation we may also rank disputes of various kinds.

V. Meditation or study includes all those exercises of the mind, whereby we render all the former methods useful, for our increase in true knowledge and wisdom. It is by meditation we come to confirm our memory of things that pass through our thoughts, in the occurrences of life, in our own experiences, and in the observations we make. It is by meditation that we draw various inferences, and establish in our minds general principles of knowledge. It is by meditation that we compare the various ideas which we derive from

৩ শিষ্যগণ মৌনাবলম্বন পূর্ব্বক শ্রোতা হইয়া গুরু প্রমুখাৎ যে২ শিক্ষা প্রাপ্ত হয় তাহাকে প্রকাশ্য অথবা অপ্রকাশ্য উপদেশগ্রহণ কহে। এই রূপেই মঞ্চস্থ উপদেশক হইতে ধর্ম্ম শিক্ষা প্রাপ্তি হয়, এবং অধ্যাপকের বক্তৃতাতে দর্শন কিম্বা ধর্ম্ম শাস্ত্রের উপদেশ বিস্তারিত হয়। তথা শিক্ষক উপপাদ্য কিম্বা সম্পাদ্য প্রতিজ্ঞা ব্যক্ত করিলে ক্ষেত্রতত্ত্বের জ্ঞান লাভ হয়, অর্থাৎ আচার্য্য কৃত্রিম যন্ত্র সহকারে শাস্ত্রীয় বিষয় উপপন্ন ও সম্পন্ন করাতে ক্ষেত্র বিদ্যা সংক্রান্ত মত ও ব্যাপার প্রসিদ্ধ হয়।

৪ আলাপ দ্বারাতেও অন্তরিন্দ্রিয়ের প্রখরতা জন্মে অর্থাৎ পরস্পর কথোপকথন ও জিজ্ঞাসাবাদ করিলে আমরা পরের অভিপ্রায় অবগত হইতে পারি, এবং আপনারদেরও অভিপ্রায় ব্যক্ত হয়। কখন ২ দুই জন ক্রমশঃ বক্তা হইলেও তন্মধ্যে কেবল এক জনই জ্ঞান লাভ করে, যথা গুরু শিষ্যের পরস্পর আলাপ কালে শিষ্যের জ্ঞান লাভ হয়; কিন্তু ঐ বিষয়ে প্রায় সর্ব্বদা উভয় পক্ষেরই উপকার হইয়া থাকে। নানা প্রকার বিবাদ বিতণ্ডাকেও আলাপের অন্তর্গত কহা যায়।

৫ চিন্তন অর্থাৎ অভ্যাস শব্দে অন্তরিন্দ্রিয়ের ঐ সকল ব্যাপারকে বুঝায় যদ্দারা যথার্থ জ্ঞান ও বিজ্ঞতা বৃদ্ধির নিমিত্ত পূর্ব্বোক্ত সাধনকে সফল করা যায়। সংসারের মধ্যে ঘটনা ক্রমে আত্ম বোধ ও দর্শন যোগে যে সকল বস্তুর মানস প্রত্যক্ষ হয় চিন্তন দ্বারা সে সকল বস্তুর জ্ঞানে দৃঢ়তর সংস্কার জন্মে। অপর চিন্তন দ্বারা অনুমানের ব্যাপার সিদ্ধ এবং জ্ঞানের সাধারণ নিয়ম হৃদয়ঙ্গম করা যায়। অপিচ তদ্দ্বারা প্রত্যক্ষ অথবা মানসিক ব্যাপার সিদ্ধ নানা বস্তুর

our senses, or from the operations of our souls, and join them in propositions. It is by meditation that we fix in our memory whatsoever we learn, and form our own judgment of the truth or falsehood, the strength or weakness, of what others speak or write. It is meditation or study, that draws out long chains of argument, and searches and finds deep and difficult truths, which before lay concealed in darkness.

It would be a needless thing to prove that our own solitary meditations, together with the few observations that the most part of mankind are capable of making, are not sufficient of themselves to lead us into the attainment of any considerable proportion of knowledge, at least in an age so much improved as ours is, without the assistance of conversation and reading, and other proper instructions that are to be attained in our days. Yet, each of these five methods has its peculiar advantages, whereby they assist each other; and its peculiar defects, which have need to be supplied by the other's assistance. Let us trace over some of the particular advantages of each.

I. One method of improving the mind is observation, and the advantages of it are these:—

1. It is owing to observation that our mind is furnished with the first, simple, and complex ideas. It is this lays the ground-work and foundation of all knowledge, and makes us capable of using any of the other methods for improving the mind: for, if we did not attain

উপমা করিয়া ব্যাপক প্রতিজ্ঞার নিরূপণ করা যায়। অপর তাহাতে শিক্ষিত পদার্থ স্মরণ করিয়া অন্যের রচনা কিম্বা কথার তথ্যাতথ্য এবং দার্ঢ্যাদার্ঢ্য মীমাংসা করা যায়। চিন্তন দ্বারা আনুপূর্ব্বিক তর্কের শৃঙ্খলা বন্ধন এবং দুরূহ গূঢ় তত্ত্বের অনুসন্ধান ও অস্পষ্টতা মোচনও হইয়া থাকে।

অস্মদাদির সময়ে বিদ্যার প্রাচুর্য্য হইয়াছে অতএব আমারদের প্রাপ্তব্য সমস্ত উপদেশ তথা আলাপ ও অধ্যয়ন উপেক্ষা করিয়া অধিকাংশ লোক যত দূর পর্য্যন্ত দর্শন করিতে পায় কেবল তাহারি চিন্তন করিলে অধিক বিদ্যা লাভ হয় না, এ কথা সপ্রমাণ করণ নিষ্প্রয়োজন। উক্ত পঞ্চ উপায়ের মধ্যে প্রত্যেকের বিশেষ২ গুণ আছে তাহাতে তাহাদের পরস্পরের ব্যাপারে উপকার হয়, এবং প্রত্যেকের বিশেষ ২ দোষও আছে কিন্তু উপায়ান্তরের গুণে তাহার শোধন হইতে পারে। অতএব সম্প্রতি প্রত্যেকের বিশেষ ২ গুণ বর্ণনা করা যাইতেছে।

প্রথমতঃ, চিত্তোৎকর্ষ করণের এক উপায় দর্শন, তাহার এই ২ গুণ, যথা।

১ দর্শন দ্বারা আদৌ মনের মধ্যে স্থূল সূক্ষ্ম ভাব উৎপন্ন হয়, তাহাই সকল বিদ্যার মূল, তাহাতে আমরা অন্তরিন্দ্রিয় শুদ্ধির অন্যান্য উপায় অবলম্বনে সমর্থ হই কেননা যদি আমরা বাহ্য পদার্থের সন্নিকর্ষ এবং অন্তরস্থ রাগ দ্বেষ ও সুখ দুঃখানুভব তথা আত্ম ব্যাপারের উপলব্ধি দ্বারা নানাবিধ বাহ্যেন্দ্রিয় ও অন্তরিন্দ্রিয় সংক্রান্ত ভাব প্রাপ্ত না হইতাম তবে গ্রন্থাধ্যয়নে কিম্বা গুরূপদেশে আমারদের কোন বিষয়ে বোধ

a variety of sensible and intellectual ideas by the sensation of outward objects, by the consciousness of our own appetites and passions, pleasures and pains, and by inward experience of the actings of our own spirits, it would be impossible either for men or books to teach us any thing. It is observation that must give us our first ideas of things, as it includes in it sense and consciousness.

2. All our knowledge derived from observation, whether it be of single ideas, or of propositions, is knowledge got at first hand. Hereby we see and know things as they are, or as they appear to us; we take the impressions of them on our minds from the original objects themselves, which give a clearer and stronger conception of things; these ideas are more lively, and the propositions (at least in many cases) are much more evident. Whereas, what knowledge we derive from Lectures, Reading, and Conversation, is but the copy of other men's ideas, that is, the picture of a picture, and it is one remove further from the original.

3. Another advantage of observation is, that we may gain knowledge all the day long, and every moment of our lives; and, every moment of our existence, we may be adding something to our intellectual treasures thereby, except only while we are asleep; and even then the remembrance of our dreaming will teach us some truths, and lay a foundation for a better acquain-

জন্মিত না। আমরা ইন্দ্রিয় এবং মনের সন্নিকর্ষ সংশ্লিষ্ট দর্শন দ্বারা প্রথমতঃ বস্তু জ্ঞান প্রাপ্ত হইয়া থাকি।

২ দর্শন যোগে সমষ্টি অথবা ব্যষ্টি ভাবে যে জ্ঞান উৎপন্ন হয় তাহা অন্য কোন উপায়াধীন নহে, স্বতন্ত্র রূপেই জন্মে। এই উপায়ে পদার্থের ভাব ও রূপ প্রত্যক্ষ অবগত হওয়া যায়। মূল পদার্থ হইতেই তাহারদের ভাব অন্তঃকরণে উপলব্ধ হয় সুতরাং তদ্বিষয়ক অনুভবও অতি স্পষ্ট হয়। এই প্রকার ভাবে মনের ঔৎসুক্য জন্মে এবং তৎসংক্রান্ত পদার্থ জ্ঞানে সামান্যতঃ কোন সংশয়ও থাকে না। কিন্তু উপদেশ অধ্যয়ন ও আলাপে যে জ্ঞান প্রাপ্তি হয় তাহা পরের মানসিক ভাবের প্রতিরূপ, অর্থাৎ তাহা প্রতিমার প্রতিমা মাত্র, সুতরাং অব্যবহিত মূল পদার্থ হইতে তাহার উদ্ভব হয় না।

৩ দর্শনের আর এক গুণ এই যে তদ্দারা সমস্ত দিন এবং জীবনের প্রতি মুহূর্ত্তে আমরা অবিশ্রান্ত জ্ঞান লাভ করিতে পারি, আর কেবল সুষুপ্তি অবস্থা ব্যতিরিক্ত সর্ব্বকালে অন্তরিন্দ্রিয় সঞ্চিত জ্ঞান রত্নের বৃদ্ধি করিতে পারি। অপর তাহাতে সুষুপ্তি কালেও বুদ্ধির উন্নতি সম্ভাব্য কেননা স্বপ্নভাগের স্মরণ দ্বারা কোন২ বিষয়ের জ্ঞান জন্মে এবং মানব স্বভাবের কি২ শক্তি ও কি২ দুর্ব্বলতা আছে তাহাও উত্তম রূপে হৃদয়ঙ্গম করা যায়।

tance with human nature, both in the powers and in the frailties of it.

II. The next way of improving the mind is by reading, and the advantages of it are such as these:—

1. By reading we acquaint ourselves, in a very extensive manner, with the affairs, actions, and thoughts of the living and the dead in the most remote nations, and in most distant ages, and that with as much ease as though they lived in our own age and nation. By reading of books we may learn something from all parts of mankind; whereas, by observation, we learn all from ourselves, and only what comes within our own direct cognizance; by conversation we can only enjoy the assistance of a very few persons, viz. those who are near us, and live at the same time when we do—that is, our neighbours and contemporaries; but our knowledge is much more narrowed still, if we confine ourselves merely to our own solitary reasonings, without much observation or reading; for then all our improvement must arise only from our own inward powers and meditations.

2. By reading we learn not only the actions and the sentiments of different nations and ages, but we transfer to ourselves the knowledge and improvements of the most learned men, the wisest and the best of mankind, when or wheresoever they lived; for, though many books have been written by weak and injudicious persons, yet the most of those books which have ob-

দ্বিতীয়তঃ চিত্তোৎকর্ষ করিবার দ্বিতীয় ধারা অধ্যয়ন, তাহারও এই ২ গুণ, যথা।

১ অধ্যয়ন দ্বারা অতি দূর দেশের এবং অতীত কালে আবির্ভূত ও লোকান্তরস্থ লোকদিগের চরিত্র ব্যাপার এবং মনের ভাব বাহুল্য রূপে জানা যায় আর তাহারদের পরিচয় অস্মদীয় দেশে ও কালে বর্ত্তমান লোকেরদের ন্যায় সহজে পাওয়া যায়। গ্রন্থাধ্যয়ন দ্বারা আমরা সর্ব্ব জাতীয় লোকের শিক্ষা প্রাপ্ত হই, কিন্তু দর্শন দ্বারা কেবল স্বকীয় ইন্দ্রিয় সন্নিকৃষ্ট বিষয় জানিতে পারি। আলাপ দ্বারা আমরা অত্যল্প লোকের সাহায্য প্রাপ্ত হই, অর্থাৎ যাহারা প্রতিবাসী কিম্বা বয়স্য প্রযুক্ত উপস্থিত কালে আমাদের নিকট বাস করে কেবল তাহারদেরই সাহায্য লাভ করিতে পারি। কিন্তু বহু দর্শন ও অধ্যয়ন না করিয়া কেবল স্বীয় যুক্তিকে আশ্রয় করিলে আমারদের জ্ঞান আরও সংকীর্ণ হইয়া যায় কেননা তাহাতে আপনারদের চিন্তন ও অন্তরিন্দ্রিয়ের বল ব্যতীত বুদ্ধির উন্নতির উপায়ান্তর থাকে না।

২ অধ্যয়ন দ্বারা আমরা কেবল ভিন্ন২ দেশ কালের লোকদিগের চরিত্র ও মত জানিতে পারি এমত নহে কিন্তু সর্ব্ব দেশের এবং সর্ব্ব কালের বিদ্যাবিশারদ সুপণ্ডিত উত্তম ২ জনগণের বিদ্যা ও মহত্ত্বও প্রাপ্ত হইতে পারি। যদিও অনেকানেক গ্রন্থ ক্ষীণবুদ্ধি এবং অবিবেচক লোক দ্বারা রচিত হইয়াছে বটে তথাপি সংসারের মধ্যে যে২ গ্রন্থ অতিশয় প্রসিদ্ধ তাহার অধিকাংশ তত্তৎ দেশ কাল সম্বন্ধীয় বিজ্ঞ এবং মহৎ লোকের রচনা। আলাপ এবং

tained great reputation in the world are the products of great and wise men in their several ages and nations; whereas we can obtain the conversation and instruction of those only who are within the reach of our dwelling, or our acquaintance, whether they are wise or unwise; and sometimes that narrow sphere scarcely affords any person of great eminence in wisdom or learning, unless our instructor happened to have this character. And as for our own study and meditation, even when we arrive at some good degrees of learning, our advantage for further improvement in knowledge by them is still far more contracted than what we may derive from reading.

3. When we read good authors, we learn the best, the most laboured, and most refined sentiments, even of those wise and learned men; for, they have studied hard, and have committed to writing their maturest thoughts, and the result of their long study and experience; whereas, by conversation, and in some lectures, we obtain many times only the present thoughts of our tutors or friends, which (though they may be right and useful) yet, at first perhaps, may be sudden and indigested, and are mere hints which have risen to no maturity.

4. It is another advantage of reading, that we may review what we have read; we may consult the page again and again, and meditate on it at successive seasons, in our more serene and retired hours, having

গুরূপদেশ দ্বারা কেবল ঐ সকল লোকের শিক্ষা প্রাপ্ত হওয়া যায় যাহারা আমারদের পরিচিত এবং নিকটস্থ, কিন্তু তাহারা স্বয়ং অনভিজ্ঞ হইলে আমরা কিছু করিতে পারি না, কেননা কখন ২ এমত সংকীর্ণ সমাজ মধ্যে অতি বিজ্ঞ এবং সুপণ্ডিত লোকের উদ্দেশ পাওয়া দুষ্কর, তবে দৈবাৎ গুরু বিজ্ঞ হইলে যেমন হউক। আর চিন্তনের উপর যদি নির্ভর রাখা যায় তবে আমারদের সমীচীনা ব্যুৎপত্তি জন্মিলেও তদ্দ্বারা জ্ঞান বৃদ্ধি করিবার উপায় অধ্যয়ন অপেক্ষাও সংকীর্ণ হয়।

৩ উত্তম ২ গ্রন্থকারদিগের রচনা পাঠ করিলে আমরা সুপণ্ডিত বিজ্ঞ লোকদিগের বহু পরিশ্রম সাধ্য এবং সংশোধিত উত্তম ভাব প্রাপ্ত হই কেননা তাঁহারা বহু পরিশ্রম ও বিবেচনানন্তর অনেক দিবসের দৃষ্ট ও চিন্তিত অভিপ্রায় রচনা করিয়া থাকেন কিন্তু আলাপে এবং কোন ২ গুরুর উপদেশে আমরা বারম্বার কেবল আমারদের সঙ্গি অথবা শিক্ষকগণের উপস্থিত মতই অবগত হই, তাহাতে উত্তম ভাব এবং উপকার সম্ভাবনা থাকিলেও আপাততঃ আকস্মিক ও বিবেচনা রহিত বোধ হইতে পারে। অপিচ সে সকল মতে বাক্যের পরিপক্বতা না থাকিয়া কেবল কএক সঙ্কেত মাত্র থাকিতে পারে।

৪ অধ্যয়নের আর এক উপকার এই, আমরা অধীত বিষয় দ্বিতীয়বার পাঠ করিয়া গ্রন্থ হস্তে ধারণ পূর্ব্বক কোন নির্দ্দিষ্ট পৃষ্ঠ পুনঃ ২ বিবেচনা করত অবকাশ ক্রমে নির্জ্জনে এবং একাগ্রচিত্তে চিন্তা করিতে পারি। কিন্তু আলাপ এবং গুরূপদেশে যাহা প্রাপ্ত হওয়া যায় তাহা বারম্বার সভা ভঙ্গ

the book always at hand; but, what we obtain by conversation and in lectures is often-times lost again, as soon as the company breaks up, or at least when the day vanishes, unless we happen to have the talent of a good memory, or quickly retire and note down what remarkables we have found in those discourses. For the same reason, and for the want of retiring and writing, many a learned man has lost several useful meditations of his own, and could never recal them.

III. The advantages of verbal instruction by public or private lectures are these:

1. There is something more sprightly, more delightful and entertaining, in the living discourse of a wise, learned, and well-qualified teacher, than there is in the silent and sedentary practice of reading. The very turn of voice, the good pronunciation, and the polite and alluring manner which some teachers have attained, will engage the attention, keep the soul fixed, and convey and insinuate into the mind the ideas of things, in a more lively and forcible way than the mere reading of books in the silence and retirement of the closet.

2. A tutor or instructor, when he paraphrases and explains other authors, can mark out the precise point of difficulty or controversy, and unfold it. He can show you which paragraphs are of greatest importance, and which are of less moment. He can teach his hearers what authors, or what parts of an author, are

অথবা দিবাবসান হইবামাত্র মন হইতে দূর হয়। উত্তম মেধা না থাকিলে অথবা শ্রবণানন্তর বিচিত্র বচন সমূহ শীঘ্র না লিখিলে ঐ রূপ হয়। অনেকানেক পণ্ডিত স্ব ২ মনের চিন্তা লিপি বদ্ধ করণে ত্রুটি করাতে ভূরি ২ উত্তম ভাব বিস্মরণ করিয়া তাহা আর হৃদয়ঙ্গম করিতে পারেন নাই।

তৃতীয়তঃ গুরু প্রমুখাৎ প্রকাশ্য অথবা অপ্রকাশ্য ভাবে উপদেশ গ্রহণের এই ২ গুণ, যথা

১ বিজ্ঞ অথচ সদ্গুণান্বিত সুপণ্ডিত শিক্ষকের প্রত্যক্ষ উপদেশে অধিক ঔৎসুক্য হর্ষ ও আমোদ জন্মে, নিভৃত স্থানে মৌনাবলম্বন পূর্ব্বক অধ্যয়ন করিলে তাদৃশ হয় না। কোন২ শিক্ষকের কথার ভঙ্গি ও মিষ্ট ভাষা এবং মনোহর অঙ্গ চালনে চিত্ত আকৃষ্ট ও মনঃ স্থির হওয়াতে ক্রমশঃ অন্তঃকরণে বস্তু তত্ত্ব বিষয়ক ভাব স্পষ্ট ও প্রগাঢ় রূপে রোপিত হয়, নির্জ্জন গৃহে একাকী গ্রন্থাধ্যয়ন করিলে তাদৃশ হয় না।

২ কোন শিক্ষক কিম্বা উপদেশক অন্যান্য গ্রন্থকারের বচন ব্যাখ্যা কালে কঠিন অথবা বিবাদ সংশ্লিষ্ট বিষয় সূক্ষ্ম রূপে লক্ষ্য করিয়া তাহার মীমাংসা করিতে পারেন এবং গ্রন্থকারের বিবিধ উক্তির মধ্যে যে ক্ষুদ্র মহৎ তাৎপর্য্য থাকে উপদেশক তাহাও প্রচার করিতে পারেন। তিনি শ্রোতৃবর্গের অবগতির নিমিত্ত প্রকাশ করিতে পারেন যে কোন্ বিশেষ প্রকরণে কোন্ ২ গ্রন্থকারের কোন্ ২ উক্তি সর্ব্বাপেক্ষা অধিক মনোযোগার্হ, তাহাতে ছাত্র বর্গের গৃহে বসিয়া সতন্ত্ররূপে অধ্যয়নে বৃথা পরিশ্রম নিবারিত হয় সুতরাং তাহারদিগকে অনর্থক কালব্যয় ও ক্লেশ সীকারও করিতে

best worth reading on any particular subject, and thus save his disciples much time and pains, by shortening the labours of their closet and private studies. He can show you what were the doctrines of the ancients in a compendium, which perhaps would cost much labour, and the perusal of many books, to attain. He can inform you what new doctrines and sentiments are arising in the world, before they come to be public; as well as acquaint you with his own private thoughts, and his own experiments and observations, which never were, and perhaps never will be published to the world, and yet may be very valuable and useful.

3. A living instructor can convey to our senses those notions with which he would furnish our mind, when he teaches us natural philosophy, or most parts of mathematical learning. He can make the experiments before our eyes. He can describe figures and diagrams, point to the lines and angles, and make out the demonstration in a more intelligible manner by sensible means, which cannot so well be done by mere reading, even though we should have the same figure lying in a book before our eyes. A living teacher, therefore, is a most necessary help in these studies.

I might add also that, even where the subject of discourse is moral, logical, or rhetorical, &c., and which does not directly come under the notice of our senses, a tutor may explain his ideas by such familiar exam-

হয় না। অপর উপদেশক প্রাচীন পণ্ডিতগণের মত সংক্ষেপে বর্ণনা করিতে পারেন বিদ্যার্থিবর্গকে অধ্যয়ন দ্বারা সেই সকল মত স্বতন্ত্র রূপে সংগ্রহ করিতে হইলে তাহাদের বহু পরিশ্রম হয় এবং ভূরি২ পুস্তক পাঠের অপেক্ষা থাকে। লোক সমাজে কি২ নূতন মত স্থাপন হইতেছে সর্ব্ব সাধারণ জন গণ সমীপে প্রকাশ হইবার পূর্ব্বে উপদেশক তাহাও প্রচার করিতে পারেন এবং তাঁহার স্বকীয় মনের ভাব এবং পরীক্ষা ও দর্শন যাহা অত্যন্ত উপকারক ও জ্ঞান দায়ক কিন্তু অগ্রে কখন প্রকাশিত হয় নাই এবং পরে ও প্রকাশিত হইবার সম্ভাবনা নাই তাহাতেও তিনি স্বয়ং শিক্ষা দিতে পারেন।

৩ গুরু প্রমুখাৎ উপদেশ গ্রহণ করিলে তিনি পদার্থ তত্ত্ব অথবা গণিত শাস্ত্রের কোন২ শাখা সম্বন্ধীয় যে উপদেশ অন্তরিন্দ্রিয়ের গোচর করাইতে ইচ্ছা করেন তাহা বহিরিন্দ্রি-য়েরও গোচর করাইতে পারেন কেননা আমারদের সম্মুখেই তৎসংক্রান্ত বস্তু পরীক্ষা সম্ভাব্য। গুরু বহিরিন্দ্রিয় গ্রাহ্য উপায় দ্বারা ক্ষেত্র ও অঙ্ক লিখিয়া রেখা কোণ প্রভৃতিতে অঙ্গুলী নির্দ্দেশ করত প্রতিজ্ঞার উপপত্তি স্পষ্ট করিতে পারেন কিন্তু গ্রন্থের মধ্যে ক্ষেত্র অঙ্কিত থাকিলেও কেবল অধ্যয়ন দ্বারা তাহার তাৎপর্য্যগ্রহ তাদৃশ সহজ হয় না সুতরাং ঐ সকল বিষয় শিক্ষার নিমিত্ত গুরুর সাক্ষাৎ উপস্থিত হওনের প্রয়োজন আছে।

অধিকন্তু নীতি, ন্যায়, অলঙ্কার, প্রভৃতি শাস্ত্রের বিষয়ে উপদেশ করিলে যদিও তাহা নিতান্ত বহিরিন্দ্রিয়ের গ্রাহ হয় না তথাপি উপদেশক দৃষ্টান্ত ও স্পষ্ট উপমা দ্বারা ব্যাখ্যা করিয়া তাহা যাদৃশ সহজ করিতে পারেন কেবল গ্রন্থাদির রচনাতে তাদৃশ সহজ হইতে পারে না।

ples, and plain or simple similitudes, as seldom find place in books and writings.

4. When an instructor in his lectures delivers any matter of difficulty, or expresses himself in such a manner as seems obscure, so that you do not take up his ideas clearly or fully, you have opportunity, at least, when the lecture is finished, or at other proper seasons, to inquire how such a sentence should be understood, or how such a difficulty may be explained and removed.

If there be permission given to free converse with the tutor, either in the midst of the lecture, or rather at the end of it, concerning any doubts or difficulties that occur to the hearer, this brings it very near to conversation or discourse.

IV. Conversation is the next method of improvement, and it is attended with the following advantages:

1. When we converse familiarly with a learned friend, we have his own help at hand to explain to us every word and sentiment that seems obscure in his discourse, and to inform us of his whole meaning; so that we are in much less danger of mistaking his sense; whereas in books, whatsoever is really obscure may also abide always obscure, without remedy, since the author is not at hand, that we may inquire his sense.

If we mistake the meaning of our friend in conver-

৪ উপদেশ করণ কালে শিক্ষক কঠিন কিম্বা গূঢ় কথ প্রয়োগ করিলে যদিও স্পষ্ট কিম্বা সম্পূর্ণ রূপে তাঁহার তাৎপর্য্য গ্রহ করা না যায় তথাপি উপদেশ সমাপ্ত হইলে অবকাশ মতে তাঁহাকে জিজ্ঞাসা করা যাইতে পারে যে অমুক বচনের তাৎপর্য্য কি, অথবা অমুক কঠিন ভাবের কি মীমাংসা হইতে পারে।

গুরুর উপদেশ কালে অথবা উপদেশ সমাপ্ত হইলে যদি সংশয়চ্ছেদ কিম্বা কঠিন শব্দের তাৎপর্য্য গ্রহের নিমিত্ত শ্রোতারা কথোপকথন করিবার অনুমতি প্রাপ্ত হয় তবে সেই কথোপকথন আলাপ প্রকরণের সদৃশ হইয়া উঠে।

চতুর্থতঃ, আলাপ বুদ্ধি বৃদ্ধির আর এক উপায়, তাহাতে এই ২ উপকার দর্শে, যথা।

১ বিজ্ঞ বন্ধুর সহিত মিত্র ভাবে আলাপ করিবার কালে তাঁহার উক্তিতে কঠিন শব্দ থাকিলে আমরা তৎক্ষণাৎ তাঁহার সাহায্যে তদর্থ গ্রহণ করিতে পারি সুতরাং তাঁহার আপনার মুখে তাঁহার সমুদয় তাৎপর্য্য শুনিলে তদ্বিষয়ে অধিক ভ্রম সম্ভাবনা থাকে না কিন্তু গ্রন্থ অধ্যয়ন কালে গ্রন্থকার উপস্থিত না থাকাতে তাঁহাকে কোন বিষয় জিজ্ঞাসা করা যায় না সুতরাং তন্মধ্যে যে ২ বচন যথার্থ কঠিন অথবা অস্পষ্ট হয় তাহা সিদ্ধান্ত করিবার উপায় বিরহে কখন স্পষ্ট হয় না।

আলাপ কালে যদি সঙ্গি জনের তাৎপর্য্য গ্রহে ভ্রম হয় তবে তৎক্ষণাৎ তাহার শোধন হইতে পারে কিন্তু গ্রন্থাধ্যয়ন কালে আমারদের ভ্রম উপস্থিত হইলে তাহা বহুকাল ব্যাপি

sation, we are quickly set right again; but, in reading, we many times go on in the same mistake, and are not capable of recovering ourselves from it.

2. When we are discoursing upon any theme with a friend, we may propose our doubts and objections against his sentiments, and have them solved and answered at once. The difficulties that arise in our minds may be removed by one enlightened word of our correspondent; whereas, in reading, if a difficulty or question arise in our thoughts, which the author has not happened to mention, we must be content without a present answer or solution of it. Books cannot speak.

3. Not only the doubts which arise in the mind upon any subject of discourse are easily proposed and solved in conversation, but the very difficulties we meet with in books, and in our private studies, may find a relief by friendly conference. We may pore upon a knotty point, in solitary meditation, many months without a solution; because, perhaps, we have got into a wrong tract of thought; and our labour (while we are pursuing a false scent) is not only useless and unsuccessful, but it leads us perhaps into a long train of error, for want of being corrected in the first step. But, if we note down this difficulty when we read it, we may propose it to an ingenious correspondent when we see him; we may be relieved in a moment, and find the difficulty vanish; he beholds

হইতে পারে এবং তাহা হইতে মুক্ত হইবার সম্ভাবনাও থাকে না।

২ কোন বন্ধুর সহিত কোন বিষয়ে কথোপকথন কালে তাঁহার মতের প্রসঙ্গে কোন সন্দেহ কিম্বা আপত্তি থাকিলে তাঁহার সমক্ষেই তাহা ব্যক্ত করিয়া তাঁহার উত্তর শুনিয়া একেবারে সিদ্ধান্ত করা যাইতে পারে, আর তৎকালে আমারদের মনে যে সংশয় উৎপন্ন হয় তাহা সঙ্গি জনের এক কথায় মীমাংসা হইতে পারে। কিন্তু গ্রন্থ অধ্যয়ন কালে মনের মধ্যে কোন প্রশ্ন কিম্বা আপত্তি উপস্থিত হইলে গ্রন্থকার যদি তাহা আপনি উল্লেখ করত উত্তর না করিয়া থাকেন তবে আমরা আপাততঃ তাহার উত্তর অথবা মীমাংসা প্রাপ্ত হইতে পারি না কেননা গ্রন্থের কথন শক্তি নাই।

৩ কথোপকথন কালে প্রশ্নোত্তর দ্বারা কেবল কথিত কোন ২ বিষয়ে মনের সন্দেহচ্ছেদ হইতে পারে এমত নহে কিন্তু একাকী গ্রন্থাধ্যয়ন কালে যে সংশয় উপস্থিত হয় তাহাও মিত্রের সহিত আলাপে দূরীভূত, হইতে পারে একাকী চিন্তা করিলে মনোমধ্যে যদি বিপরীত ভাবের উদয় হয় তবে অনেক দিবসাবধি চিন্তা করিলেও কঠিন বিষয়ের মীমাংসা অসম্ভব হয় আর অবিদ্যার ধারানুসারে চিন্তা করিলে তাহাতে কেবল নিষ্ফল পরিশ্রম হয় এমত নহে কিন্তু প্রথম পদে ভ্রান্তি শোধন না হওয়াতে পদে ২ ভ্রম বৃদ্ধিও হয়। গ্রন্থাধ্যয়ন কালে কোন কঠিন শব্দ দেখিলে যদি তৎক্ষণাৎ তাহা লিপি বদ্ধ করা যায় তবে কোন বুদ্ধি কুশল বন্ধুর সহিত সাক্ষাৎ কালে তাহার প্রসঙ্গ করিলে মুহূর্ত্তের মধ্যে সংশয়চ্ছেদ হইতে পারে তিনি সংশয়ের বিষয় প্রকারান্তরে হৃদয়ঙ্গম করিয়া

the object perhaps in a different view, sets it before us in quite another light, leads us at once into evidence and truth, and that with a delightful surprise.

4. Conversation calls out into light what has been lodged in all the recesses and secret chambers of the soul; by occasional hints and incidents, it brings old useful notions into remembrance; it unfolds and displays the hidden treasures of knowledge, with which reading, observation, and study, had before furnished the mind. By mutual discourse, the soul is awakened and allured to bring forth its hoards of knowledge, and it learns how to render them most useful to mankind. A man of vast reading, without conversation, is like a miser, who lives only to himself.

5. In free and friendly conversation, our intellectual powers are more animated, and our spirits act with a superior vigour in the quest and pursuit of unknown truths. There is a sharpness and sagacity of thought that attends conversation, beyond what we find whilst we are shut up reading and musing in our retirements. Our souls may be serene in solitude, but not sparkling; though perhaps we are employed in reading the works of the brightest writers. Often has it happened in free discourse, that new thoughts are strangely struck out, and the seeds of truth sparkle and blaze through the company, which, in calm and silent reading, would never have been excited, By conversation, you will both give and receive this benefit; as flints,

অন্য প্রকারে তত্তাৎপর্য্য প্রচার করিতে পারেন তাহাতে তদ্বিষয়ের প্রমাণ ও তথ্য বুঝিয়া আমারদের মনে হর্ষ ও বিস্ময় জন্মিবার সম্ভাবনা হয়।

৪ হৃদয়ের মধ্যে যে২ ভাব গুপ্ত থাকে আলাপ দ্বারা তাহারও প্রকাশ পাইতে পারে। কথোপকথন কালে প্রসঙ্গতঃ নানা প্রকার সঙ্কেত ও ঘটনার উল্লেখ হওয়াতে অনেকানেক পূর্ব্বতন হিতকারক ভাবের স্মরণ হয় এবং অধ্যয়ন দর্শন ও চিন্তন সহকারে পূর্ব্বে যে নিগূঢ় বিদ্যা রত্ন লাভ হইয়াছিল আলাপ দ্বারা তাহাও প্রকাশিত ও বিস্তারিত হয়। পরস্পর কথোপকথনে অন্তঃকরণস্থ পূর্ব্ব সঞ্চিত জ্ঞানের উল্লেখ করিতে প্রবোধ ও প্রবৃত্তি হয় সুতরাং কি২ উপায়ে সেই জ্ঞান দ্বারা পরোপকার সাধন হইতে পারে তদ্বিষয়ও উপলব্ধ হয়। অধিকন্তু কোন লোক যদি ভূরি২ গ্রন্থাধ্যয়ন করিয়াও কাহার সহিত আলাপ না করেন তবে তিনি আত্মম্ভরি কৃপণ লোকের তুল্য।

৫ মিত্রতা ভাবে আলাপ করিলে অন্তরিন্দ্রিয়ের প্রখরতা এবং উৎসাহ বর্দ্ধিত হয় সুতরাং অবিদিত তত্ত্বানুসন্ধানে আত্মারও অধিক যত্ন সম্ভাব্য। নির্জ্জন স্থানে একাকী অধ্যয়ন অথবা চিন্তা করণাপেক্ষা আলাপ দ্বারা বুদ্ধির অধিক তীক্ষ্ণতা ও দূরদর্শিতা হয়। মহা মহোপাধ্যায় নিপুণ পণ্ডিত গণের রচনা পাঠ করিলে চিত্তের স্থৈর্য্য বৃদ্ধি সম্ভাব্য বটে কিন্তু নিপুণতার বৃদ্ধি হয় না পরন্তু কথোপকথনে বারম্বার আশ্চর্য্য রূপে নূতন২ ভাবের উদয় এবং সভাস্থ সকলের মনে সত্যের বীজ দেদীপ্যমান হয়, মনঃস্থির করত কেবল অধ্যয়ন করিলে তাদৃশ হয় না। অপিচ কথোপকথন দ্বারা উক্ত ফলের পরস্পর দানাদান হইতে পারে, চকমকি শিলা পরস্পর বেগে আহত হইলে উভয় পক্ষে

when put into motion and striking against each other, produce living fire on both sides, which would never have arisen from the same hard materials in a state of rest.

6. In general conversation, amongst ingenious and learned men, we have a great advantage of proposing our private opinions, and of bringing our own sentiments to the test, and learning, in a more compendious and safer way, what the world will judge of them, how mankind will receive them, what objections may be raised against them, what defects there are in our scheme, and how to correct our own mistakes; which advantages are not so easy to be obtained by our own private meditations; for the pleasure we take in our own notions, and the passion of self-love, as well as the narrowness of our views, tempt us to pass too favourable an opinion on our own schemes; whereas the variety of genius in our several associates will give happy notices how our opinions will stand in the view of mankind.

7. It is also another considerable advantage of conversation, that it furnishes the student with the knowledge of men and the affairs of life, as reading furnishes him with book-learning. A man, who dwells all his days among books, may have amassed together a vast heap of notions; but he may be a mere scholar, which is a contemptible sort of character in the world. A hermit, who has been shut up in his cell in a col-

প্রদীপ্ত অগ্নি নির্গত হয় কিন্তু ঐ শিলা স্বতন্ত্র ২ করিয়া রাখিলে তাহা হইতে কখনও অগ্নি নির্গত হইতে পারে না, মনুষ্যের বুদ্ধিও সামান্যত তাদৃশ বুঝিবা।

৬ সুবুদ্ধি এবং বিদ্বান জন গণের সহিত সদ্ভাবে আলাপ করিলে আমরা স্বকীয় মত প্রস্তাব করিবার সুযোগ পাইয়া মনের ভাব পরীক্ষা করিতে পারি সুতরাং সংসারস্থ লোকেরা আমারদের মতের বিষয়ে কি বিবেচনা করেন ও তদ্বিষয়ে সাধারণ লোকের অভিমত কি, আর আমারদের কল্পনার বিরুদ্ধে কি ২ আপত্তি সম্ভাব্য ও তাহাতে কি ২ দোষ আছে এবং সে দোষই বা কি প্রকারে শুদ্ধ হইতে পারে এ সকল বিষয় সংক্ষেপে এবং সহজে জানা যায়। কিন্তু কেবল আপনার চিন্তাতে তাহা জানা যায় না কেননা স্বকীয় মতে আপনারদের অনুরাগ থাকাতে আত্মশ্লাঘা ও ক্ষুদ্র বুদ্ধি প্রযুক্ত আমরা স্বীয় কল্পনাকে উত্তম বোধ করিয়া থাকি, পরন্তু সঙ্গি জন গণের বিচিত্র ভাব প্রযুক্ত কথোপকথন দ্বারা সৌভাগ্য ক্রমে অবগত হইতে পারা যায় যে সাধারণ লোকের বিবেচনায় আমারদের মত কি রূপ বোধ হইবে।

৭ কথোপকথনের আর এক মহৎ গুণ এই যে গ্রন্থাধ্যয়নে যেমন পুস্তকগত বিদ্যা লাভ হয় কথোপকথনে তদ্রূপ লৌকিক জ্ঞান এবং সংসারিক বিষয়ে বোধ জন্মে। যে ব্যক্তি অবিরত কেবল গ্রন্থই অধ্যয়ন করে সে নানা প্রকার ভাব সংগ্রহ করিতে পারে না, কেবল বিদ্যার্থি নামধেয় হয়, সংসারে ঐ প্রকার নামধেয় লোক অতিশয় মান্য নহে। কোন প্রব্রজ্যাশ্রমী লোক নিরন্তর নিভৃত স্থানে থাকিলে তাহার চিত্তে এক প্রকার মালিন্য ও কলঙ্ক জন্মে এবং তাহার আচার ব্যবহারেও ভদ্রতা থাকে না কিন্তু লোকালয়ে

lege, has contracted a sort of mould and rust upon his soul, and all his airs of behaviour have a certain awkwardness in them; but these awkward airs are worn away by degrees in company; the rust and the mould are filed and brushed off by polite conversation. The scholar now becomes a citizen or a gentleman, a neighbour and a friend; he learns how to dress his sentiments in the fairest colours, as well as to set them in the strongest light. Thus he brings out his notions with honour; he makes some use of them in the world, and improves the theory by the practice.

But, before we proceed too far in finishing a bright character by conversation, we should consider that something else is necessary, besides an acquaintance with men and books; and therefore I add,

V. Mere lectures, reading, and conversation, without thinking, are not sufficient to make a man of knowledge and wisdom. It is our own thought and reflection, study and meditation, must attend all the other methods of improvement, and perfect them. It carries these advantages with it:

1. Though observation and instruction, reading and conversation, may furnish us with many ideas of men and things, yet it is our own meditation, and the labour of our own thoughts, that must form our judgment of things. Our own thoughts should join or disjoin these ideas in a proposition for ourselves; it is our own mind that must judge for ourselves con-

উপস্থিত হইলে সে অশিষ্টতা দূর হয় এবং সদালাপে মনের মালিন্য ও কলঙ্ক মোচন হয় আর তদ্দ্বারা বিদ্যার্থি জনের সভ্য ভব্যতা জন্মে এবং তিনি অন্যান্য লোকের প্রতি-বাসী ও মিত্র হয়েন সুতরাং মনের ভাব সুললিত বাক্যে অতি স্পষ্ট রূপে প্রকাশ করিতে শিক্ষা করেন। এই রূপে তিনি সমাদর ভাজন হইয়া মনের ভাব ব্যক্ত করিতে সমর্থ হয়েন এবং সংসারের মধ্যে আপনার কল্পনা সার্থক করিয়া ব্যবহার দ্বারা শাস্ত্রসিদ্ধান্তের ফল প্রচার করিতে পারেন।

কিন্তু উক্ত প্রকারে আলাপ দ্বারা যে চরিত্র শোধন হয় তাহার অধিক বর্ণনা করিবার পূর্ব্বে আমারদের বিবেচনা কর্ত্তব্য যে লৌকিক জ্ঞান এবং গ্রন্থার্থাবধারণ ব্যতীত আর এক উপায়ের প্রয়োজন আছে অতএব এ স্থলে অতিরিক্ত বক্তব্য এই যথা।

পঞ্চমতঃ মনেতে চিন্তা না করিলে কেবল উপদেশ শ্রবণ অধ্যয়ন এবং আলাপে বিদ্যা ও বুদ্ধির উন্নতি হয় না। চিত্তো-ৎকর্ষ করণের অন্যান্য উপায় থাকিলেও তাহার সুসিদ্ধত নিমিত্ত মনের ভাবনা বিবেচনা চিন্তা ও ধ্যানের প্রয়োজন আছে। ঐ রূপ বিবেচনাতে এই ২ ফল সম্ভাব্য।

১ দর্শন উপদেশ শ্রবণ অধ্যয়ন কথোপকথন প্রভৃতি উপায় দ্বারা লৌকিক জ্ঞান ও বিষয় বুদ্ধি ঘটিত অনেক ভাব জন্মে কিন্তু চিন্তা এবং মানসিক উদ্যমেতেই বস্তু বিচার হইয়া থাকে। দর্শনাদি উপায়োৎপন্ন ভাবের সংযোগ বিযোগ দ্বারা প্রতিজ্ঞা নিরূপণ নিজ চিন্তাতেই হইতে পারে। কোন ভাবের সঙ্গতি বা অসঙ্গতির বিবেচনা এবং কোন বিষয়ের তত্ত্ব নিরূপণ আপনারদের মানসিক ব্যাপার তন্ত্র হইয়া থাকে।

cerning the agreement or disagreement of ideas, and form propositions of truth out of them. Reading and conversation may acquaint us with many truths, and with many arguments to support them; but, it is our own study and reasoning that must determine, whether these propositions are true, and whether these arguments are just and solid.

It is confessed, there are a thousand things which our eyes have not seen, and which would never come within the reach of our personal and immediate knowledge and observation, because of the distance of times and places; these must be known by consulting other persons; and that is done, either in their writings, or in their discourses. But, after all, let this be a fixed point with us, that it is our own reflection and judgment must determine, how far we should receive that which books or men inform us of, and how far they are worthy of our assent and credit.

2. It is meditation and study that transfers and conveys the notions and sentiments of others to ourselves, so as to make them properly our own. It is our own judgment upon them, as well as our memory of them, that makes them become our own property. It does, as it were, conduct our intellectual food, and turns it into a part of ourselves; just as a man may call his limbs and his flesh his own, whether he borrowed the materials from the ox, or the sheep, from the lark, or the lobster; whether he derived it from

অধ্যয়ন এবং কথোপকথনে নানা প্রকার বিষয়ের যথার্থ বোধ এবং তৎপোষক হেতুবাদ উপলব্ধ হইতে পারে কিন্তু কোন পদার্থ নির্ণয় সত্য কি না এবং তৎপোষক তর্ক যথার্থ ও সমূলক কি না তাহার মীমাংসা কেবল আপনারদের চিন্তা ও যুক্তিতে করা যায়।

সকলেই স্বীকার করেন যে আমারদের অদৃশ্য সহস্র ২ পদার্থ আছে এবং তাহা কখনও আমারদের স্বকীয় ইন্দ্রিয় গ্রাহ্য অথবা প্রত্যক্ষ সিদ্ধ হইতে পারে না, সে সকল বিষয়ের জ্ঞান অন্যের শব্দাধীন জন্মিবার সম্ভব যাহা পরের রচনা অথবা বক্তৃতার উপর নির্ভর রাখে, কিন্তু তাহাতেও ইহা নিশ্চয় বটে যে আপনারদের বিবেচনা ও মনন দ্বারা নির্ণয় করিতে হইবে গ্রন্থাধীন অথবা বর্ত্তমান লোকদিগের বাক্যাধীন বিষয় কত দূর পর্য্যন্ত স্বীকার করা যায় এবং তাহাতে কত দূর পর্য্যন্ত বিশ্বাস করা অথবা সম্মতি দেওয়া যাইতে পারে।

২ চিন্তন এবং অভ্যাস দ্বারা অন্যের মানসিক ভাব আমারদের হৃদয়ঙ্গম হইতে পারে। আমরা আপনারদের বিবেচনা এবং স্মৃতি শক্তি দ্বারা তদ্বিষয়ে অধিকারী হই। ফলে ধ্যান এবং চিন্তন দ্বারা মানসিক জ্ঞানের পরিপাক হওয়াতে আমারদের আত্মা স্বয়ং বিজ্ঞানময় হয়েন। ইহার উদারণ, শরীর যেমন গো মেষ পক্ষি মীন প্রভৃতির মাংস অথবা দুগ্ধ কিম্বা শস্য ফল মূল শাক ইত্যাদি ভোজনের দ্বারা পুষ্ট হইলে জীব ঐ সকল পদার্থময় মাংস ও অঙ্গকে নিজ দেহ কহিতে পারে মনোগত জ্ঞানও তদ্রূপ হয়। আহারীয় পদার্থ পরিপাক দ্বারা জীর্ণ হইয়া জীব রূপতা প্রাপ্ত হয় সুতরাং পশু পক্ষি ফল মূলাদি করণক পরিপুষ্ট দেহ দেহির ইচ্ছাধীন

corn or milk, the fruits of the trees, or the herbs and roots of the earth; it is all now become one substance with himself; and he wields and manages those muscles and limbs for his own proper purposes, which once were the substance of other animals or vegetables; that very substance, which last week was grazing in the field or swimming in the sea, waving in the milk-pail or growing in the garden, is now become part of the man.

3. By study and meditation we improve the hints that we have acquired by observation, conversation, and reading: we take more time in thinking; and, by the labour of the mind, we penetrate deeper into themes of knowledge, and carry our thoughts sometimes much further on many subjects, than we ever met with, either in the books of the dead, or discourses of the living. It is our own reasoning that draws out one truth from another, and forms a whole scheme of science, from a few hints which we borrowed elsewhere.

By a survey of these things we may justly conclude, that he that spends all his time in hearing lectures, or poring upon books, without observation, meditation, or converse, will have but a mere historical knowledge of learning, and be able only to tell what others have known or said on the subject. He that lets all his time flow away in conversation, without due observation, reading, or study, will gain but a slight and

শাসনে থাকে। যে পশ্বাদি গত সপ্তাহে ক্ষেত্রে বিহার করিয়াছে অথবা যে মীনাদি সমুদ্রে সন্তরণ করিয়াছে কিম্বা যে দুগ্ধ পাত্রের মধ্যে তরল অথবা যে শাকাদি বনে বদ্ধমূল হইতে ছিল তাহা পরিভুক্ত হওয়াতে এক্ষণে মনুষ্য দেহের এক অংশ হইয়া থাকিতে পারে।

৩ দর্শন কথোপকথন এবং অধ্যয়নে যে ২ বিষয়ের কেবল সঙ্কেত জানা যায় অভ্যাস এবং চিন্তন দ্বারা তদ্বিষয়ক জ্ঞানের বৃদ্ধি হইতে পারে কেননা ঔদ্ধত্য পরিহার পূর্ব্বক ক্রমে ২ বিবেচনা করিলে মানসিক যত্ন সহকারে আমরা বিদ্যার বিষয় প্রগাঢ় রূপে হৃদয়ঙ্গম করিয়া অতীত কালের লোকদিগের গ্রন্থ অথবা বর্ত্তমান পুরুষদিগের উপদেশ অপেক্ষা কখন ২ তাহাতে অধিক মনোভিনিবেশ করিতে পারি। অপিচ অন্যান্য উপায় দ্বারা কএক সঙ্কেত মাত্র প্রাপ্ত হইলে আমরা আপন ২ বিবেক শক্তিতে এক তত্ত্ব হইতে অন্য তত্ত্বের অনুমান করিয়া বিদ্যার শৃঙ্খলা করিতে পারি।

এই সকল বিষয় বিবেচনাতে যথার্থ রূপে অনুমান করা যাইতে পারে যে যে ব্যক্তি উপদেশ শ্রবণে অথবা দর্শন চিন্তন ও কথোপকথন পরিত্যাগ করত গ্রন্থাধ্যয়নে সমুদয় কাল হরণ করেন তিনি বিদ্যার পূর্ব্ব বৃত্তান্ত মাত্র অবগত হইয়া কেবল অন্যের উক্তি স্মরণ করিতে পারেন। আর যে ব্যক্তি উপযুক্ত রূপে দর্শন অধ্যয়ন এবং চিন্তন না করিয়া কেবল কথোপকথনে সমস্ত কাল ব্যয় করেন তিনি সামান্যতঃ যৎকিঞ্চিৎ জ্ঞান প্রাপ্ত হইতে পারেন কিন্তু তাহাও কথকের কথা সমাপ্ত হইলে বিলুপ্ত হইবার সম্ভব। অপর যে ব্যক্তি

superficial knowledge, which will be in danger of vanishing with the voice of the speaker; and he that confines himself merely to his closet, and his own narrow observation of things, and is taught only by his own solitary thoughts, without instruction by lectures, reading, or free conversation, will be in danger of a narrow spirit, a vain conceit of himself, and an unreasonable contempt of others; and, after all, he will obtain but a very limited and imperfect view and knowledge of things, and he will seldom learn how to make that knowledge useful.

These five methods of improvement should be pursued jointly, and go hand in hand, where our circumstances are so happy, as to find opportunity and convenience to enjoy them all; though I must give my opinion, that two of them, reading and meditation, should employ much more of our time than public lectures, or conversation and discourse. As for observation, we may be always acquiring knowledge that way, whether we are alone or in company.

But it will be for our further improvement, if we go over all these five methods of obtaining knowledge more distinctly, and more at large, and see what special advances in useful science we may draw from them all.

নিজ গৃহে বসিয়া নিকটস্থ অল্প দ্রব্য দর্শন করত উপদেশ শ্রবণ অধ্যয়ন এবং কথোপকথন ব্যতীত কেবল স্বীয় চিন্তার উপর নির্ভর করেন তাঁহার বুদ্ধি সঙ্কীর্ণ হইবার এবং বৃথা অভিমান ও পরের প্রতি অন্যায় উপেক্ষা জন্মিবার সম্ভাবনা আছে অধিকন্তু বস্তু তত্ত্বেও তাঁহার ক্ষুদ্র দৃষ্টি ও সঙ্কীর্ণ জ্ঞান হয়, আর তিনি সে জ্ঞানকে প্রায় কখনও সার্থক করিতে পারেন না।

অতএব পূর্ব্বোক্ত পঞ্চ উপায় একত্র প্রয়োগ করা কর্ত্তব্য এবং একে কালে সকলই অবলম্বন করিবার সুযোগ থাকিলে কোন উপায়ে উপেক্ষা করা অনুচিত কিন্তু আমার বোধে অধ্যয়ন এবং চিন্তন এই দুই উপায়ে প্রকাশ্য উপদেশ এবং কথোপকথন অপেক্ষা অধিক কাল যাপন করা পরামর্শ সিদ্ধ। অপর আমরা একাকীই থাকি অথবা লোক সমাজেই বাস করি দর্শন জনিত জ্ঞান সর্ব্বাবস্থায় লাভ করিতে পারি।

কিন্তু জ্ঞান প্রাপ্তির এই পাঁচ উপায় আরও স্পষ্ট রূপে ব্যাখ্যা করিয়া তাহাতে স্বতন্ত্ররূপে মনোযোগ করিলে এবং তদবলম্বনে হিতকারি বিদ্যায় কত ব্যুৎপত্তি জন্মে তাহা বিবেচনা করিলে অধিক বুদ্ধি বৃদ্ধির সম্ভাবনা।

CHAPTER III.

RULES RELATING TO OBSERVATION.

THOUGH observation, in the strict sense of the word, and as it is distinguished from meditation and study, is the first means of our improvement, and in its strictest sense it does not include in it any reasonings of the mind upon the things which we observe, or inferences drawn from them; yet, the motions of the mind are so exceeding swift, that it is hardly possible for a thinking man to gain experiences or observations, without making some secret and short reflections upon them; and therefore, in giving a few directions concerning this method of improvement, I shall not so narrowly confine myself to the first mere impression of objects on the mind by observation, but include also some hints which relate to the first, most easy, and obvious reflections, or reasonings, which arise from them.

1. Let the enlargement of your knowledge be one constant view and design in life; since there is no time or place, no transactions, occurrences, or engagements in life, which exclude us from this method of improv-

৬ পরিচ্ছেদ।

দর্শন বিষয়ক নিয়ম।

দর্শন শব্দের যথার্থ অর্থ বিবেচনা করিলে এবং চিন্তন ও অভ্যাস হইতে তাহার বৈলক্ষণ্য স্মরণ করিলে তাহাকেই ব্যুৎপত্তির আদ্য উপায় বলিয়া স্বীকার করিতে হয়। শব্দার্থ আলোচনা করিলে যদিও দর্শন শব্দে দৃষ্ট বস্তু বিষয়ক যুক্তি অথবা তৎসংক্রান্ত অনুমানের সংশ্রব প্রকাশ না হয় তথাপি তদ্দারা মানসিক ব্যাপার এমত তরায় সম্পন্ন হয় যে বিবেচক লোক দর্শন সময়ে অর্থাৎ ইন্দ্রিয় সন্নিকর্ষ কালে মনে২ প্রত্যক্ষ বিষয়ের চিন্তাতে নিতান্ত বিরত হইতে পারেন না অতএব আমরা বুদ্ধি বৃদ্ধির এই আদ্য উপায় সম্বন্ধে কতিপয় সূত্র রচনা করত দর্শন দ্বারা বস্তুর যে প্রতিরূপ চিত্ত-ক্ষেত্রে প্রথমতঃ অঙ্কিত হয় কেবল তাহারি বর্ণনা না করিয়া বরং দর্শন সংক্রান্ত যে২ আদ্য চিন্তা অথবা যুক্তিবাদ অনায়াসে স্পষ্ট রূপে উদিত হয় তাহারও প্রসঙ্গ করিব।

১ জ্ঞান বৃদ্ধিই সংসারের মধ্যে তোমারদের নিত্য ইষ্ট রূপে অভিপ্রেত হউক কেননা তৎপ্রযুক্ত চিত্তোৎকর্ষ সাধনে কোন দেশ কাল ক্রিয়া ঘটনা কিম্বা সাংসারিক ব্যাপার প্রতিবন্ধক হইতে পারে না। কিম্বা অন্ধকারে মৌনীভাবে

ing the mind. When we are alone, even in darkness and silence, we may converse with our own hearts, observe the working of our own spirits, and reflect upon the inward motions of our own passions in some of the latest occurrences in life; we may acquaint ourselves with the powers and properties, the tendencies and inclinations of both body and spirit, and gain a more intimate knowledge of ourselves. When we are in company, we may discover something more of human nature, of human passions and follies, and of human affairs, vices and virtues, by conversing with mankind, and observing their conduct. Nor is there any thing more valuable than the knowledge of ourselves, and the knowledge of men, except it be the knowledge of God who made us, and our relation to him as our Governor.

When we are in the house or the city, wheresoever we turn our eyes, we see the works of men; when we are abroad in the country, we behold more of the works of God. The skies and the ground above and beneath us, and the animal and vegetable world round about us, may entertain our observation with ten thousand varieties.

Endeavour, therefore, to derive some instruction or improvement of the mind from every thing which you see or hear, from every thing which occurs in human life, from every thing within you or without you.

Fetch down some knowledge from the clouds, the

একাকী থাকিলেও মনে ২ চিন্তা করিতে পারি এবং চিত্তের ব্যাপার নিরীক্ষণ করত সংসারস্থ আধুনিক ঘটনার বিষয়ে আপনারদের অন্তরীণ ভাব কীদৃশ তাহা ও বিবেচনা করিতে পারি আর নিজ দেহ এবং দেহির শক্তি গুণ প্রবৃত্তি নিবৃত্তি বুঝিয়া আত্ম পরিচয় অধিক প্রাপ্ত হইতে পারি। অপর যখন সভা মধ্যে থাকি তখন সাধারণ লোকের সহিত আলাপ ও তাহারদের ব্যবহার দর্শন করিয়া মানব মণ্ডলীর স্বভাব এবং ইন্দ্রিয়ের উদ্বেগ ও অবিদ্যা তথা মনুষ্য সম্বন্ধীয় সুকৃত দুষ্কৃত প্রভৃতি সকল বিষয় বিলক্ষণ রূপে অবগত হইতে পারি। আর সৃষ্টি কর্ত্তা পরমেশ্বরের পরিচয় এবং তাঁহার আধিপত্য সম্বন্ধীয় জ্ঞানের পর আত্ম পরিচয় এবং মনুষ্য স্বভাব বিষয়ক জ্ঞান হইতে কোন বিদ্যার মূল্য অধিক নহে।

অপর আমরা যখন গৃহের অভ্যন্তরে অথবা নগরের মধ্যে থাকি তখন যে দিকে দৃষ্টিপাত করি সর্ব্বত্র মনুষ্যের ক্রিয়া দেখিতে পাই ও যখন নগরের বাহিরে গ্রামে গমন করি তখন পরমেশ্বরের রচনা বিস্তারিত রূপে আমারদের নয়ন গোচর হয়। ঊর্দ্ধ্বস্থ আকাশ এবং নীচস্থ ভূমি ও চতুষ্পার্শ্বস্থ প্রাণি এবং শাক মূল ফল পুষ্পাদি উদ্ভিজ্জ দ্রব্য এই সকল দর্শন করিলে আমারদের মনে নানা প্রকার বিচিত্র ভাব জন্মে।

অতএব যে ২ বস্তু তোমার চক্ষু কর্ণের গোচরে আইসে ও যে ২ বিষয় সংসারের মধ্যে ঘটিয়া থাকে আর যে ২ ব্যাপার তোমার অন্তরস্থ অথবা বহিস্থ হইয়া থাকে সে সকল বিবেচনা করিয়া যৎকিঞ্চিৎ উপদেশ অথবা জ্ঞান লাভ করিতে চেষ্টা কর।

কাদম্বিনীর তথা চন্দ্র সূর্য্য নক্ষত্র এবং গ্রহ চক্রের ভ্রমণ দেখিয়া যৎকিঞ্চিৎ জ্ঞান সঞ্চয় কর। চিন্তন দ্বারা পৃথিবীর গভীর

stars, the sun, the moon, and the revolution of all the planets. Dig and draw up some valuable meditations from the depths of the earth, and search them through the vast oceans of water. Extract some intellectual improvements from the minerals, and metals; from the wonders of nature among the vegetables, the herbs, trees, and flowers. Learn some lessons from the birds, and the beasts, and the meanest insect. Read the wisdom of God, and his admirable contrivance in them all. Read his almighty power, his rich and various goodness in all the works of his hands.

From the day and the night, the hours and the flying minutes, learn a wise improvement of time, and be watchful to seize every oppportunity to increase in knowledge.

From the vicissitudes and revolutions of nations and families, and from the various occurrences of the world, learn the instability of mortal affairs, the uncertainty of life, the certainty of death. From a coffin and a funeral, learn to meditate upon your own dissolution.

From the vices and follies of others, observe what is hateful in them; consider how such a practice looks in another person, and remember that it looks as ill or worse in yourself. From the virtues of others, learn something worthy of your imitation.

From the deformity, the distress, or calamity of others, derive lessons of thankfulness to God, and hymns of grateful praise to your Creator, Governor,

স্থল এবং অপার জলধির মধ্য হইতেও উত্তম ২ ভাব সংগ্রহ কর। ধাতু প্রস্তর প্রভৃতি খনির অন্তর্গত পদার্থ এবং বৃক্ষ গুল্ম ফল পুষ্প প্রভৃতি বিচিত্র উদ্ভিজ্জ দ্রব্য হইতেও বিদ্যা রত্ন আহরণ কর। আর পশু পক্ষী কীট পতঙ্গ দেখিয়াও সদুপদেশ গ্রহণ করিতে ত্রুটি করিও না। ঐ সকল পদার্থেতে পরমেশ্বরের জ্ঞান এবং আশ্চর্য্য কৌশল বিবেচনা কর এবং তাঁহার সমুদয় রচনাতে তাঁহার অসীম শক্তি এবং মহৎ ও বিচিত্র অনুগ্রহ হৃদয়ঙ্গম কর।

দিবা রাত্রি দণ্ড পল প্রভৃতি কালচক্রের গতি দেখিয়া বিবেচক রূপে কাল ক্ষেপণ করিতে শিক্ষা কর এবং জ্ঞান বৃদ্ধি করিবার সুযোগ হইলেই তাহাতে সতর্ক হইও।

নানা জাতি এবং নানা বংশের মধ্যে যে ২ শুভাশুভ অবস্থার ঘটনা ও বিপর্য্যয় হইয়া থাকে এবং সংসারে যে ২ বিবিধ ব্যাপার হয় সে সকল নিরীক্ষণ করিয়া ঐহিক বিষয়ের অস্থায়িত্ব এবং জীবনের চপলতা ও মৃত্যুর অবশ্য ভাবিতা অবগত হও, অন্যের মৃত্যু এবং অন্ত্যেষ্টিক্রিয়া দেখিয়া আপনার প্রয়াণ কাল ধ্যান কর।

পরের দোষ এবং মূর্খতা দেখিলে তাহার মধ্যে কি ২ বিষয় ঘৃণার্হ তাহা নিরীক্ষণ কর। পরের চরিত্রে কোন কুব্যবহার হেয় বোধ হইলে মনে রাখিও যে তোমার নিজ চরিত্রে তাহা তদ্রূপ অথবা তদপেক্ষা অধিক হেয় বোধ হইবে। অধিকন্তু পরের সুকৃত দেখিয়া তদনুরূপ আচরণ করিতে শিক্ষা কর।

অপর পরকে কুৎসিতাঙ্গ অথবা দুঃখিত কিম্বা দুর্দশাগ্রস্ত দেখিলে পরমেশ্বরকে ধন্যবাদ করিতে এবং তোমার

and Benefactor, who has formed you in a better mould, and guarded you from those evils. Learn also the sacred lesson of contentment in your own estate, and compassion to your neighbour under his miseries.

From your natural powers, sensations, judgment, memory, hands, feet, &c. make this inference, that they were not given you for nothing, but for some useful employment, to the honour of your Maker, and for the good of your fellow-creatures, as well as for your own best interest and final happiness.

From the sorrows, the pains, the sicknesses, and sufferings that attend you, learn the evil of sin, and the imperfection of your present state. From your own sins and follies, learn the patience of God toward you, and the practice of humility toward God and men.

Thus, from every appearance in nature, and from every occurrence of life, you may derive natural, moral, and religious observations, to entertain your minds, as well as rules of conduct in the affairs relating to this life, and that which is to come.

II. In order to furnish the mind with a rich variety of ideas, the laudable curiosity of young people should be indulged and gratified, rather than discouraged. It is a very hopeful sign in young persons, to see them curious in observing, and inquisitive in searching into the greatest part of things that occur; nor should such an inquiring temper be frowned into silence, nor

স্রষ্টা শাস্তা ও হিত কর্ত্তার নাম সঙ্কীর্ত্তন করিতে অভ্যাস কর কেননা তিনি তোমার অঙ্গ স্বরূপ করিয়া তোমাকে ঐ অশুভ হইতে রক্ষা করিয়াছেন। আর ধর্ম্ম শাস্ত্রের বচনে প্রণিধান করিয়া আপনার অবস্থাতে সন্তুষ্ট হইতে ও প্রতিবাসির দুঃখ দেখিলে স্নেহ করিতে শিক্ষা কর।

তোমার প্রত্যক্ষ সন্নিকর্ষ ও বিবেচনা এবং স্মরণ শক্তি তথা হস্ত পাদাদি আছে ইহা জানিয়া অনুমান কর যে জ্ঞানেন্দ্রিয় অন্তরিন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয় প্রভৃতির শক্তি তোমাকে নিরর্থক দত্ত হয় নাই বরং পরমেশ্বরের মহিমা এবং স্বকীয় পরকীয় ও ঐহিক পারত্রিক মঙ্গল ও সুখ সাধনের নিমিত্ত দত্ত হইয়াছে।

খেদ দুঃখ পীড়া প্রভৃতি অশুভ বিষয়ের ভোগ কালে অধর্ম্মের অনিষ্ট ফল এবং ঐহিক অবস্থার অপকর্ষ বিবেচনা কর এবং তোমার নিজ অধর্ম্ম ও অনভিজ্ঞতা দেখিয়া বিবেচনা কর পরমেশ্বর কেমন সহিষ্ণু, অতএব তোমারও ঈশ্বর এবং মনুষ্যের নিকট নম্র হওয়া কর্ত্তব্য।

এই প্রকারে জগতীস্থ প্রত্যেক প্রত্যক্ষ পদার্থ এবং সংসারস্থ সকল ব্যাপার পর্য্যালোচনা করিলে চিত্তরঞ্জনার্থ স্বাভাবিক এবং নীতি ও ধর্ম্ম সম্বন্ধীয় জ্ঞান লাভ করিতে পারিবে এবং তাহাতে ঐহিক পারত্রিক সকল বিষয়ে উপযুক্ত আচরণ করিবার নিয়ম উপলব্ধ হইবে।

দ্বিতীয়তঃ মনের মধ্যে নানা প্রকার মহৎ ভাবের উৎপাদনার্থ যুবকগণের জ্ঞানেচ্ছা প্রশংসনীয় বোধ করত তাহাতে উপেক্ষা না করিয়া বরং তাহার আদর ও পূরণ করা কর্ত্তব্য। নব্য লোকেরা সংসারস্থ ঘটনার অধিকাংশ দর্শন

be rigorously restrained, but should rather be satisfied by proper answers given to all those queries.

For this reason also, where time and fortune allow it, young people should be led into company at proper seasons, should be carried abroad to see the fields, and the woods, and the rivers, the buildings, towns, and cities, distant from their own dwelling; they should be entertained with the sight of strange birds, beasts, fishes, insects, vegetables, and productions of both nature and art of every kind, whether they are the products of their own or foreign nations; and, in due time, where Providence gives opportunity, they may travel, under a wise inspector or tutor, to different parts of the world for the same end, that they may bring home treasures of useful knowledge.

III. Among all these observations, write down what is more remarkable and uncommon; reserve these remarks in store for proper occasions, and at proper seasons take a review of them. Such a practice will give you a habit of useful thinking; this will secure the workings of your soul from running to waste; and, by this means, even your looser moments will turn to happy account both here and hereafter.

And, whatever useful observations have been made, let them be at least some part of the subject of your conversation among your friends at next meeting.

Let the circumstances or situations of life be what or where they will, a man should never neglect this

ও অনুসন্ধান করিতে উৎসুক হইলে তাহারদের পক্ষে মঙ্গলের চিহ্ন। এমত জ্ঞানেচ্ছু জনগণকে অনাদর দ্বারা নিস্তব্ধ অথবা কঠিন শাসন দ্বারা নিবৃত্ত করা কর্ত্তব্য নহে, তাহারদের প্রশ্নের উপযুক্ত উত্তর দিয়া তাহারদের জ্ঞানেচ্ছা পূর্ণ করাই উচিত।

এই নিমিত্ত অবকাশ এবং সুযোগ ক্রমে নব্য লোক-দিগকে উপযুক্ত কালে সভা মধ্যে লইয়া যাওয়াও কর্ত্তব্য, অপর তাহারদিগকে দূরস্থিত ক্ষেত্র বন নদী জনপদ নগর ভবন দর্শন করাইলেও উপকার হয় এবং বিচিত্র পশু পক্ষী মৎস্য কীট বৃক্ষ গুল্ম তথা স্বাভাবিক অথবা কৃত্রিম স্বদেশীয় বিদেশীয় বিবিধ দ্রব্য দেখাইয়া আমোদিত করাও উচিত আর পরমেশ্বর সঙ্গতি দিলে তাহাদিগকে গুরু অথবা কোন বিজ্ঞবর অধ্যক্ষ সমভিব্যাহারে বিহিত কালে পৃথিবীর বিবিধ খণ্ড দর্শনার্থ প্রেরণ করাও কর্ত্তব্য তাহাতে তাহারা হিতকারি বিদ্যা রত্ন সঞ্চয় করিয়া গৃহে প্রত্যাবৃত্ত হইতে পারে।

তৃতীয়তঃ উক্ত প্রকারে দর্শন কালে যাহা আশ্চর্য্য এবং অপূর্ব্ব বোধ হইবে তাহা লিপিবদ্ধ করিও। অপর যাহা লিপি বদ্ধ করিবা উপযুক্ত কালে সুযোগ পাইলেই তাহার চিন্তন করিও। এই রূপ ব্যবহার করিলে সচ্চিন্তনের অভ্যাস হইবে আর তাহাতে মানসিক ব্যাপার ব্যর্থ হইবার ভয় থাকিবে না, এবং উদ্বেগের কালেও ঐহিক পারত্রিক সুখ সম্ভাবনা হইবে।

যে ২ শ্রেয়স্কর বিষয় দর্শন কর বন্ধুবর্গের সহিত সাক্ষাৎ কালে তৎসম্বন্ধে আলাপ করিতে ত্রুটি করিও না।

সংসারের মধ্যে যেখানে যে প্রকারে অবস্থান হউক দর্শন দ্বারা চিত্তোৎকর্ষ করণে বিরত হওয়া কোন মনুষ্যের কর্ত্তব্য

improvement which may be derived from observation. Let him travel into the East or West Indies, and fulfil the duties of the military or the mercantile life there; let him rove through the earth or the seas for his own humour as a traveller, or pursue his diversions in what part of the world he pleases as a gentleman; let prosperous or adverse fortune call him to the most distant parts of the globe; still let him carry on his knowledge, and the improvement of his soul, by wise observations. In due time, by this means, he may render himself some way useful to the societies of mankind.

IV. Let us keep our minds as free as possible from passions and prejudices; for, these will give a wrong turn to our observations on both persons and things. The eyes of a man in the jaundice make yellow observations on every thing; and the soul tinctured with any passion or prejudice diffuses a false colour over the real appearances of things, and disguises many of the common occurrences of life; it never beholds things in a true light, nor suffers them to appear as they are. Whensoever, therefore, you would make proper observations, let self, with all its influences, stand aside as far as possible; abstract your own interest and your own concern from them, and bid all friendships and enmities stand aloof, and keep out of the way, in the observations that you make relating to persons and things.

If this rule were well obeyed, we should be much

নহে। যদি যুদ্ধ কিম্বা বাণিজ্য করণার্থ ভারতবর্ষে অথবা আমেরিকাতে গমন করিতে হয়, কিম্বা যদি দেশ ভ্রমণ করিবার বাঞ্ছায় জল স্থলে যাত্রা করিতে হয় অথবা যদি সতন্ত্র ধনি লোকের ন্যায় কেবল আপনার আমোদার্থ পৃথিবীর কোন খণ্ডে ভ্রমণ করিতে হয় কিম্বা যদি সম্পত্তি অথবা বিপত্তি কালে ভূমণ্ডলের অতি দূর দেশে যাইতে হয় তবে ঐ সকল সময়েও বিবেচনা পূর্ব্বক বস্তু দর্শন করত বিদ্যা ও বুদ্ধি বৃদ্ধি করণে তৎপর থাকা উচিত। এই প্রকার ব্যবহার করিলে অবশ্য কাল ক্রমে মনুষ্য সমাজের কোন প্রকার হিতকারী হইতে পারা যায়।

চতুর্থতঃ চিত্তকে সর্ব্বদা রাগ দ্বেষে বিরহিত রাখা কর্ত্তব্য কেননা রাগ দ্বেষ থাকিলে পরের চরিত্র দর্শনে তথা বিষয়াবলোকনে বিকার জন্মে। যেমন কেহ পাণ্ডু রোগী হইলে সকল বস্তুতে তাহার হরিদ্রাভাণ হয় তদ্রূপ রাগ দ্বেষে চিত্ত বিকৃত হইলে সমুদয় বস্তু বিবর্ণ রূপে প্রতীয়মান হয় এবং সংসারস্থ বহু ২ সামান্য ঘটনাতেও বৈরূপ্য বোধ হয়। ঐ রূপে মনের বিকার হইলে কোন বস্তুর যথার্থ জ্ঞান প্রাপ্তি হয় না সকল বস্তুতেই বিপরীত বোধ হয় অতএব যখন যথার্থ দর্শন করিতে বাসনা কর তখন সাধ্য ক্রমে স্বার্থপরতা ও অভিমান পরিহার কর। মনুষ্য কিম্বা বস্তুর দর্শন কালে স্বকীয় ইষ্টচিন্তা দূর কর এবং মিত্রামিত্র ভাবকে মনোমধ্যে স্থান দিও না।

এই নিয়ম উত্তম রূপে পালন করিলে আমরা মানব

better guarded against those common pieces of misconduct in the observations of men, viz. the false judgments of pride and envy. How ready is envy to mingle with the notices which we take of other persons! How often is mankind prone to put an ill sense upon the actions of their neighbour, to take a survey of them in an evil position, and in an unhappy light! And, by this means, we form a worse opinion of our neighbours than they deserve; while, at the same time, pride and self-flattery tempt us to make unjust observations on ourselves in our own favour. In all the favourable judgments we pass concerning ourselves, we should allow a little abatement on this account.

V. In making your observations on persons, take care of indulging that busy curiosity which is ever inquiring into private and domestic affairs, with an endless itch of learning the secret history of families. It is but seldom that such a prying curiosity attains any valuable ends; it often begets suspicions, jealousies, and disturbances in households, and it is a frequent temptation to persons to defame their neighbours. Some persons cannot help telling what they know; a busy-body is most liable to become a tatler upon every occasion.

VI. Let your observations, even of persons and their conduct, be chiefly designed in order to lead you to a better acquaintance with things, particularly with human nature; and to inform you what to imitate, and

সভাব দর্শন কালে দোষ জন্মিবার প্রধান কারণ অর্থাৎ অহঙ্কার ও হিংসা জনিত অবিবেচনা হইতে রক্ষা পাইতে পারি।:পরের বিষয় দর্শন কালে অন্তঃকরণ কেমন শীঘ্র ঈর্ষ্যাতে পূর্ণ হয়, পরের ক্রিয়া বিবেচনা করিবার সময় মনুষ্য তদ্বিষয়ে অসৎ অভিপ্রায় আরোপ করিতে অথবা তাহা বৈরিভাবে পরীক্ষা করিতে কেমন সতর হয় সুতরাং আমরা অন্যায় করিয়া পরকে দোষি জ্ঞান করি এবং আত্মশ্লাঘা ও অহঙ্কার প্রযুক্ত স্বকীয় বিষয়ের অন্যায় প্রতিষ্ঠা করিতে প্রবৃত্ত হই অতএব যখন আপনারদের বিষয়ের সমাদর করি তখন আত্মশ্লাঘার সঞ্চার অনুভব করিয়া যৎকিঞ্চিৎ শিথিল হওয়া কর্ত্তব্য।

পঞ্চমতঃ অন্যান্য লোকের বিষয় দর্শন কালে সাবধান হওয়া কর্ত্তব্য যেন মনশ্চাঞ্চল্য প্রযুক্ত পরের গৃহ ব্যাপার অনুসন্ধান করণে মত্ত হইয়া গৃহস্থ লোকের গোপনীয় বিষয় অবগত হওনার্থ ব্যস্ততা না হয়। পরের বিষয় জানিবার নিমিত্ত এই রূপ অস্থির হইলে কোন উপকার নাই বরং তাহাতে পরস্পরের প্রতিকূলে সন্দেহ ও ঈর্ষ্যা জন্মিবার সম্ভব এবং গৃহস্থিত লোকের মধ্যে বিবাদোত্থাপন হয় আর বারম্বার পরনিন্দায় প্রবৃত্তি জন্মে। কোন গোপনীয় কথা অবগত হইলে প্রায় কেহই তাহা অপ্রকাশ রাখিতে পারে না সুতরাং পরের বিষয়ে হস্তক্ষেপকারি লোক সর্ব্বদা কর্ণে জপ হইয়া উঠে।

ষষ্ঠতঃ পরের চরিত্রের বিষয় দর্শন কালে এই মুখ্য অভিপ্রায় রাখা উচিত যেন তাহাতে বস্তু জ্ঞান বিশেষতঃ মনুষ্য স্বভাবের

what to avoid, rather than to furnish out matter for the evil passions of the mind, or the impertinences of discourse, and reproaches of the tongue.

VII. Though it may be proper sometimes to make your observations concerning persons as well as things the subject of your discourse in learned or usefnl conversation, yet what remarks you make on particular persons, especially to their disadvantage, should for the most part lie hid in your own breast, till some just and apparent occasion, some necessary call of Providence, leads you to speak to them.

If the character or conduct, which you observe, be greatly culpable, it should so much the less be published. You may treasure up such remarks of the follies, indecencies, or vices of your neighbours, as may be a constant guard against your practice of the same, without exposing the reputation of your neighbour on that account. It is a good old rule, that our conversation should rather be laid out on things than on persons; and this rule should generally be observed, unless names be concealed, wheresoever the faults or follies of mankind are our present theme.

VIII. Be not too hasty to erect general theories from a few particular observations, appearances, or experiments. This is what the logicians call a false induction. When general observations are drawn from so many particulars, as to become certain and indubitable, these are jewels of knowledge, comprehending great

পরিচয় বৃদ্ধি হয় এবং মনের দুষ্ট অভিলাষ পূরণে অথবা দুর্মুখ হইয়া পরের কুৎসা করণে মত্ততা না জন্মে বরং নিজ চরিত্র শোধনের নিমিত্ত হেয় উপাদেয় বিষয়ে জ্ঞান প্রাপ্তি হয়।

সপ্তমতঃ বস্তু অথবা ব্যক্তি সম্বন্ধীয় যে ২ বিষয় দর্শন কর যদিও কখন ২ জ্ঞান চর্চ্চা করিবার কালে কথোপকথন প্রসঙ্গে তাহার উল্লেখ করা উচিত তথাপি কোন ২ বিশেষ লোকের সম্বন্ধে মনে যে অনুভব উৎপন্ন হয় তাহাতে তাহার-দের অনিষ্ট সম্ভাবনা থাকিলে তাহা অন্তঃকরণ মধ্যে গোপন করিয়া রাখাই কর্ত্তব্য, পরে কোন সুযোগ ক্রমে তাহার প্রকাশ করা আবশ্যক হইলে তদ্বিষয়ের উল্লেখ করা উচিত।

যদি লোকের চরিত্র দর্শন কালে কোন ব্যাপার অতিশয় দুষ্য বোধ হয় তবে সেই দোষের নিমিত্তই তাহা অপ্রকাশ রাখা উচিত। পরের অবিদ্যা অভদ্রতা প্রভৃতি দোষ দেখিলে যাহাতে আপনার চরিত্রে সেই ২ দোষ স্পর্শ না হয় তাহার উপায়ার্থ সাবধান পূর্ব্বক তদ্বিষয় মনে অনুধাবন করা উচিত বটে কিন্তু এই বলিয়া অন্যের অখ্যাতির চেষ্টা করা বিহিত নহে। প্রাচীন পণ্ডিতেরা উত্তম কহিয়াছেন যথা কোন ব্যক্তির বিষয়ে কথোপকথন না করিয়া বরং বস্তুর বিষয়ে আলাপ করা কর্ত্তব্য। এই নিয়ম সামান্যতঃ পালন করা উচিত, তবে পরের নামোল্লেখ না করিয়া মনুষ্য জাতির দোষ অথবা অবিদ্যার প্রসঙ্গ করিলে কোন হানি নাই।

অষ্টমতঃ অত্যল্প বিষয়ের ব্যষ্টিভাবে দর্শন অনুভব অথবা পরীক্ষা করিয়া ত্বরায় ব্যাপ্তির প্রসঙ্গ করা উচিত নহে তাহা

treasure in a little room; but, they are therefore to be made with the greater care and caution, lest errors become large and diffusive, if we should mistake in these general notions.

A hasty determination of some universal principles, without a due survey of all the particular cases which may be included in them, is the way to lay a trap for our own understandings in their pursuit of any subject, and we shall often be taken captives into mistake and falsehood.

CHAPTER IV.

OF BOOKS AND READING.

1. THE world is full of books; but there are multitudes which are so ill written that they were never worth any man's reading; and there are thousands more which may be good in their kind, yet are worth nothing when the month, or year, or occasion is past, for which they were written. Others may be valuable in themselves for some special purpose, or in some peculiar science, but are not fit to be perused by any but those who are engaged in that paticular science or

করিলে নৈয়ায়িকেরা অযথার্থ অনুমান কহেন। ভূরি ২ বস্তু পৃথক ২ রূপে দর্শন করিয়া নিশ্চয় এবং অসংশয় ব্যাপ্তি গ্রহ করিলে সে ব্যাপ্তি জ্ঞানকে অমূল্য রত্ন কহা যাইতে পারে কেনমা তাহাতে সংক্ষেপে অনেক বিদ্যা রত্নের আহরণ হয় কিন্তু এই কারণেই অতিশয় সাবধান ও সতর্ক হওয়া উচিত যেন অব্যাপ্তিকে ব্যাপ্তি জ্ঞান করিয়া ব্যাপক অথচ ঘোরতর ভ্রান্তি কূপে পতিত না হও।

কোন সামান্য উক্তিতে যত বস্তু প্রতিপাদ্য হয় সে সকলের বিশেষ ২ গুণ সমুচিত রূপে দর্শন না করিয়া ত্বরায় ব্যাপ্তির কল্পনা করিতে প্রতিজ্ঞা করিলে বস্তুতত্ত্ব অন্বেষণ কালে কেবল আপনারদের বুদ্ধিকে ভ্রম জালে পতিত করা যায় সুতরাং আমরা স্বয়ং বারম্বার তদ্দ্বারা ভ্রান্তি এবং অবিদ্যা কুহকে বদ্ধ হই।

৪ পরিচ্ছেদ।

অধ্যয়ন এবং গ্রন্থের বিষয়।

১ সংসারের মধ্যে নানা প্রকার গ্রন্থ আছে কিন্তু তাহার অধিকাংশ এমত অধম রূপে রচিত যে তাহা কখন কাহার পক্ষে অধ্যয়নের উপযুক্ত নহে। তদ্ভিন্ন আরও সহস্র ২ নৈমিত্তিক গ্রন্থ আছে তাহা দেশ কাল বিশেষে উত্তম হইলেও যে মাস অথবা যে বর্ষে লিখিত হইয়াছিল তাহা অতীত হওয়াতে নিতান্ত নিষ্প্রয়োজন হইয়াছে। অপর অন্যান্য ভূরি ২ গ্রন্থও আছে যাহা কোন বিশেষ কারণ বশতঃ অথবা কোন নির্দ্দিষ্ট বিদ্যা কিম্বা কার্য্য নিমিত্ত প্রয়োজনীয় হইলেও ঐ বিদ্যা কিম্বা কার্য্য ব্যবসায়ি লোক ব্যতীত অন্য কাহারও অধ্যয়নের উপযুক্ত নহে। ইহার উদাহরণ,

business. To what use is it for a divine, or physician, or a tradesman, to read over the huge volumes of reports of judged cases in the law? or for a lawyer to learn Hebrew, and read the Rabbins? It is of vast advantage for improvement of knowledge, and saving time, for a young man to have the most proper books for his reading recommended by a judicious friend.

II. Books of importance of any kind, and especially complete treatises on any subject, should be first read in a more general and cursory manner, to learn a little what the treatise promises, and what you may expect from the writer's manner and skill. And for this end, I would advise always that the preface be read, and a survey taken of the table of contents, if there be one, before the first survey of the book. By this means, you will not only be better fitted to give the book the first reading, but you will be much assisted in your second perusal of it, which should be done with great attention and deliberation; and you will learn with more ease and readiness what the author pretends to teach. In your reading, mark what is new or unknown to you before, and review those chapters, pages, or paragraphs. Unless a reader has an uncommon and most retentive memory, I may venture to affirm that there is scarce any book or chapter, worth reading once, that is not worthy of a second perusal.—At least, take a careful review of all the lines or paragraphs which you marked, and make a

ধৰ্ম্মশাস্ত্র ব্যবসায়ী কিম্বা চিকিৎসক অথবা বাণিজ্যকারির পক্ষে দায়াদি ব্যবস্থা শাস্ত্র সম্বলিত বিচার বর্ণনার বৃহৎ২ গ্রন্থ পাঠ করণে উপকার কি, অপর প্রাড়্বিবেকের পক্ষে হিব্রিভাষানুশীলনে অথবা রাব্বিগণের গ্রন্থাধ্যয়নে কি প্রয়োজন, অতএব অনর্থক কালব্যয় নিবারণ পূর্ব্বক জ্ঞান বৃদ্ধির নিমিত্ত যুবক বিদ্যার্থির পক্ষে উপযুক্ত পাঠ্য গ্রন্থের বিষয়ে কোন সুবিজ্ঞ বন্ধুর পরামর্শ জিজ্ঞাসা করা শ্রেয়ঃ।

২ মহৎ তাৎপর্য্য বিশিষ্ট উত্তম ২ গ্রন্থ বিশেষতঃ কোন বিষয়ের সম্পূর্ণ প্রকাশক পুস্তক প্রথমতঃ সামান্য এবং সংক্ষেপ রূপে পাঠ করা কর্ত্তব্য কেননা তাহাতে গ্রন্থের সমুদয় অংশ আপাততঃ হৃদয়ঙ্গম হয় এবং পরে গ্রন্থকারের রচনার ধারা ও নিপুণতা প্রযুক্ত তদ্দ্বারা কি পর্য্যন্ত জ্ঞান সঞ্চয় হইতে পারে তাহাও বোধ গম্য হয়। অতএব আমার পরামর্শ এই যে যাবদীয় পাঠ্য পুস্তকের প্রথমতঃ ভূমিকা পাঠ এবং সূচী পত্র থাকিলে তাহাতে দৃষ্টি করা কর্ত্তব্য, ইহা করিলে প্রথম বার পাঠ করণ কালে অনেক সুগম হইবে এবং অধিক যত্ন ও মনোযোগ পুরঃসর দ্বিতীয় বার পাঠ করিতে উদ্যত হইলে প্রকৃত উপকার বোধ হইবে এবং পাঠকও গ্রন্থকারের প্রতিজ্ঞা সহজে হৃদয়ঙ্গম করিতে সক্ষম হইবেন। অধ্যয়ন কালে যাহা নূতন অথবা অস্পষ্টার্থ বোধ হয় তাহা চিহ্ন করিয়া সেই অধ্যায়ে কিম্বা পত্রে অথবা পরিচ্ছেদে দ্বিতীয় বার দৃষ্টিপাত করা কর্ত্তব্য। আমি নিশ্চয় কহিতে পারি যে পাঠকের অদ্ভুত মেধা শক্তি না থাকিলে যে পুস্তক কিম্বা অধ্যায় এক বার পাঠ করিবার উপযুক্ত তাহা বারদ্বয় অধ্যয়ন করা উচিত। যদি সমুদয় গ্রন্থ দ্বিতীয় বার পাঠ না কর তথাপি যে ২ পংক্তি কিম্বা পরিচ্ছেদ সন্দিগ্ধ বলিয়া চিহ্নিত

recollection of the sections which you thought truly valuable.

There is another reason also why I would choose to take a superficial and cursory survey of a book, before I sit down to read it, and dwell upon it with studious attention; and that is, there may be several difficulties in it which we cannot easily understand and conquer at the first reading, for want of a fuller comprehension of the author's whole scheme. And therefore, in such treatises, we should not stay till we master every difficulty at the first perusal: for perhaps many of these would appear to be solved, when we have proceeded further in that book, or would vanish of themselves upon a second reading.

What we cannot reach and penetrate at first may be noted down as matter of after consideration and inquiry, if the pages that follow do not happen to strike a complete light on those which went before.

III. If three or four persons agree to read the same book, and each bring his own remarks upon it, at some set hours appointed for conversation, and they communicate mutually their sentiments on the subject, and debate about it in a friendly manner, this practice will render the reading of any author more abundantly beneficial to every one of them.

IV. If several persons engaged in the same study take into their hands distinct treatises on one subject, and appoint a season of communication once a week,

করিয়া রাখিয়াছ তাহাতে পুনর্ব্বার যত্ন পূর্ব্বক দৃষ্টি কর আর যে ২ খণ্ড বাস্তবিক বহুমূল্য জ্ঞান কর তাহা পুনঃ ২ স্মরণ করিতে যত্ন কর।

অখিল গ্রন্থ পাঠ করিবার এবং উপবিষ্ট হইয়া একাগ্রচিত্তে তাহা অভ্যাস করিবার পূর্ব্বে গ্রন্থের প্রতি সামান্য রূপে দৃষ্টি করিতে পরামর্শ দেওনের আর এক কারণ এই যে গ্রন্থের মধ্যে অনেক দুরূহ ভাব থাকিতে পারে গ্রন্থকারের অখিল তাৎপর্য্য গ্রহ করিবার অগ্রে প্রথম বার অধ্যয়ন কালে তাহা সহজে সম্পূর্ণ রূপে হৃদয়ঙ্গম করা যাইতে পারে না। অতএব তাদৃশ গ্রন্থের প্রথম অধ্যয়ন কালে প্রত্যেক কঠিন বচন হৃদয়ঙ্গম করণার্থ বিলম্ব করা উচিত হয় না কেননা অধিকাংশ পাঠ করিলে অনেক কঠিন বিষয়ের মীমাংসা সম্ভাবনা আছে আর দ্বিতীয় বারের অধ্যয়ন সমাপ্ত হইলে যাবদীয় সংশয়চ্ছেদ হইতে পারে।

পুস্তকের যে ২ পত্র পরে পাঠ করা যায় তাহাতে পূর্ব্ব পঠিত সমুদয় অংশ সম্যক্ প্রকারে নিঃসন্দেহ না হইলে প্রথমতঃ যে বিষয় দুরূহ বোধ হয় ভবিষ্যৎ বিবেচনা ও অন্বেষণের নিমিত্ত তাহা চিহ্নিত করা যাইতে পারে।

৩ যদি তিন চারি জন মিলিত হইয়া কোন গ্রন্থ পাঠ করিতে উদ্যত হয় এবং কথোপকথনার্থ নিরূপিত কালে প্রত্যেকে তদ্বিষয়ে আপনার অভিমত ব্যক্ত করে আর যদি সকলেই পরস্পরের মত প্রচার করিয়া মিত্রভাবে বিচার করে তবে সকলের পক্ষে তদ্‌গ্রন্থাধ্যয়নে এই রূপ আলোচনা দ্বারা অতিশয় শ্রেয়ঃ হইবে।

৪ কতিপয় পাঠক মিলিত হইয়া এক প্রকার বিদ্যানুশীলনে নিযুক্ত হইলে যদি তাহারা পৃথক ২ করিয়া এক ২ বিষয় পাঠ করিতে উদ্যত হয় এবং সপ্তাহের মধ্যে এক ২

they may inform each other in a brief manner concerning the sense, sentiments, and method of those several authors, and thereby promote each others' improvement, either by recommending the perusal of the same book to their companions, or perhaps by satisfying their inquiries concerning it by conversation, without every one perusing it.

V. Remember that your business in reading or in conversation, especially on subjects of natural, moral, or divine science, is not merely to know the opinion of the author or speaker, for this is but the mere knowledge of history; but your chief business is to consider whether their opinions are right or not, and to improve your own solid knowledge on that subject, by meditating on the themes of their writing or discourse. Deal freely with every author you read, and yield up your assent only to evidence and just reasoning on the subject.

In the compositions of men, remember you are a man as well as they; and it is not their reason, but your own, that is given to guide you, when you arrive at years of discretion, of manly age and judgment.

VI. Let this therefore be your practice, especially after you have gone through one course of any science in your academical studies; if a writer on that subject maintains the same sentiments as you do, yet if he does not explain his ideas, or prove the positions well, mark the faults or defects, and endeavour to do it

বার নির্দ্দিষ্ট কালে একত্র হইয়া তদ্বিষয়ের আলাপ করে তবে তাহারা গ্রন্থকারের তাৎপর্য্য মত এবং রচনার ধারা পরস্পরের নিকট সংক্ষেপে বর্ণনা করিয়া সকলেই স্ব ২ বিদ্যা বৃদ্ধি করিতে পারে, এবং স্ব ২ পঠিত গ্রন্থ পাঠ করিতে বয়স্য গণকে অনুরোধ করিয়া অথবা সকলে এক পুস্তক অধ্যয়ন না করিয়া কথোপকথন দ্বারা তদ্বিষয়ে আপনারদের বুভুৎসা পূর্ণ করত কৃতবিদ্য হইতে পারে।

৫ স্মরণে রাখিও, কোন বিষয় বিশেষতঃ পদার্থ নীতি ও ধর্ম্ম শাস্ত্র অধ্যয়ন কালে অথবা তৎসম্বন্ধে আলাপ করিবার সময় তোমার কেবল এতদর্থ যত্ন কর্ত্তব্য নহে যে তুমি গ্রন্থকার কিম্বা বক্তার অভিপ্রায় অবগত হইবে কেননা তাহাতে কেবল ইতিবৃত্তের জ্ঞান হয়, কিন্তু তোমার সর্ব্বতো-ভাবে কর্ত্তব্য এই যে তাঁহারদের মতের সত্যাসত্যতা আলোচনা কর এবং তাঁহারদের রচনা অথবা বক্তৃতার বিষয় স্বয়ং ধ্যান করিয়া তৎসম্বলিত আপনার জ্ঞান বৃদ্ধি কর। যে ২ গ্রন্থ-কারের পুস্তক পাঠ কর স্বতন্ত্রতা পূর্ব্বক আত্মবুদ্ধিতে তাঁহার-দের বচনে প্রণিধান কর এবং যথার্থ হেতুবাদ ও প্রমাণ দেখিলেই তাহাতে সম্মত হও।

মনুষ্য রচিত গ্রন্থ অধ্যয়ন কালে স্মরণ করিও যে তুমিও গ্রন্থকারের ন্যায় বিবেকী লোক অতএব বয়ঃ প্রাপ্তি এবং বুদ্ধি ও বিবেচনার পারিপাট্য হইলে গ্রন্থকারের অভি-মতানুযায়ী না হইয়া বরং তোমার আপনার বিবেকের শাসনাধীন হওয়া কর্ত্তব্য।

৬ অতএব তুমি সর্ব্বদা বিশেষতঃ দর্শন শাস্ত্রের কোন শাখার অধ্যয়ন সমাপন কালে উচিত রূপ ব্যবহার করিও। কোন গ্রন্থকার তদ্বিষয়ে তোমার সহিত এক মত হইয়াও যদি উত্তম রূপে স্বীয় অভিপ্রায় ব্যক্ত কিম্বা প্রতিজ্ঞা উপপন্ন

better, either in the margin of your book, or rather in some papers of your own; or at least let it be done in your private meditations. As for instance:

Where the author is obscure, enlighten him; where he is imperfect, supply his deficiencies; where he is too brief and concise, amplify a little, and set his notions in a fairer view; where he is redundant, mark those paragraphs to be retrenched; when he trifles and grows impertiment, abandon those passages or pages; where he argues, observe whether his reasons be conclusive; if the conclusion be true, and yet the argument weak, endeavour to confirm it by better proofs; where he derives or infers any propositions darkly or doubtfully, make the justice of the inferences appear, and add further inferences or corollaries, if such occur to your mind; where you suppose he is in a mistake, propose your objections, and correct his sentiments; what he writes so well as to approve itself to your judgment as both just and useful, treasure it up in your memory; and count it a part of your intellectual gains.

Note. Many of these same directions, which I have now given, may be practised with regard to conversation as well as reading, in order to render it useful in the most extensive and lasting manner.

VII. Other things also of the like nature may be usefully practised with regard to the authors which you read; viz. If the method of a book be irregular, reduce it into form by a little analysis of your own,

না করেন তবে তাঁহার দোষ কিম্বা ত্রুটি চিহ্নিত করিয়া পুস্তকের প্রান্তভাগে কিম্বা অন্য কোন পত্রে তাহার শোধন করিতে চেষ্টা করিও কিম্বা আপনার মনোমধ্যেই তাহা করিতে যত্ন করিও। তাহার ধারা এই।

গ্রন্থকার যদি অস্পষ্ট রচনা করেন তবে তাহা স্পষ্ট করিতে চেষ্টা কর, যদি গ্রন্থকার বর্ণনায় ত্রুটি করিয়া থাকেন তবে তাহাতে যে বিষয়ের অপেক্ষা আছে তাহা পূর্ণ কর। অপর গ্রন্থকার অতি সংক্ষেপোক্তি করিলে কিঞ্চিৎ বাহুল্য করিয়া তাঁহার মত স্পষ্ট রূপে প্রকাশ কর। তিনি অত্যুক্তি করিলে যে ২ পদ অনাবশ্যক তাহা চিহ্নিত কর, আর যে স্থলে তিনি অসঙ্গত ব্যঙ্গোক্তি করেন সে স্থলের বাক্য কিম্বা পত্র সকল পরিহার কর এবং যে স্থলে তর্ক করেন সে স্থলে তাঁহার বিচার যুক্তি সিদ্ধ কি না তাহা বিবেচনা কর, যদি তাঁহার বিচারে দোষ থাকে অথচ মত যথার্থ হয় তবে উৎকৃষ্টতর প্রমাণ দ্বারা সে মত রক্ষা করিতে চেষ্টা কর, যে স্থলে তাঁহার অনুমিতি কিম্বা উপসংহার অস্পষ্ট কিম্বা সংশয়ান্বিত হয় সে স্থলে অনুমিতির যথার্থতা প্রকাশ করিয়া অন্যান্য অনুমান স্মরণ হইলে তাহা যোগ কর। যে স্থলে গ্রন্থকারের ভ্রম বোধ হয় সে স্থলে তোমার আপত্তির প্রসঙ্গ করিয়া তাঁহার ভ্রম শোধন কর। অপর তাঁহার রচনার মধ্যে যাহা তোমার বিবেচনায় যথার্থ এবং হিতকারী বোধ হয় তাহা চিত্ত ক্ষেত্রে সাবধানে সঞ্চয় করিয়া বিদ্যা রত্নের অংশ জ্ঞান কর।

টীকা। এই সকল নিয়মের অধিকাংশ কথোপকথন বিষয়েও অধ্যয়নের ন্যায় প্রয়োগ করা যায় তাহা করিলে ব্যাপক কাল পর্য্যন্ত মহা উপকার দর্শে।

৭ তুমি যে ২ পুস্তক পাঠ কর তদ্বিষয়ে উক্ত প্রকার

or by hints in the margin; if those things are heaped together which be separated, you may wisely distinguish and divide them. If several things relating to the same subject are scattered up and down separately through the treatise, you may bring them all to one view by references; or if the matter of a book be really valuable and deserving, you may throw it into a better method, reduce it to a more logical scheme, or abridge it into a lesser form; all these practices will have a tendency both to advance your skill in logic and method, to improve your judgment in general, and to give you a fuller survey of that subject in particular. When you have finished the treatise with all your observations upon it, recollect and determine what real improvements you have made by reading that author.

VIII. If a book has no index to it, or good table of contents, it is very useful to make one as you are reading it— not with that exactness, as to include the sense of every page and paragraph, which should be done if you designed to print it, but it is sufficient in your index to take notice only of those parts of the book which are new to you, or which you think well written, and well worthy of your remembrance or review.

Shall I be so free as to assure my younger friends, from my own experience, that these methods of reading will cost some pains in the first years of your study, and especially in the first authors whom you

অন্যান্য কার্য্য করিলেও উপকার হইতে পারে, যথা যদি গ্রন্থ সুধারায় রচিত না হইয়া থাকে তবে সংক্ষেপে তাহার তালিকা করিয়া অথবা পত্রের পার্শ্বে সঙ্কেতে লিখিয়া আপনি সুধারা কর। যদি স্বতন্ত্র ২ লিখিতব্য বিষয় একত্র সংযুক্ত থাকে তবে তাহা প্রভেদ করিয়া বিভাগ করা বিবেচনা সিদ্ধ। যদি এক বিষয়ের অনেক কথা পুস্তকের নানা স্থলে অযথাক্রমে থাকে তবে তাহা চিহ্নিত করিয়া একত্র সঙ্কলন কর। অথবা যদি কোন পুস্তকের বিষয় যথার্থ উত্তম এবং মনোযোগার্হ হয় তবে তাহা উৎকৃষ্টতর ধারায় রচনা করিয়া আরও ন্যায় সিদ্ধ কর অথবা শৃঙ্খলা পূর্ব্বক সংক্ষেপ কর। এই সকল কার্য্যেতে তোমার ন্যায় এবং সুধারা পূর্ব্বক রচনা করিবার শক্তি বৃদ্ধি হইবে এবং তোমার সাধারণ বিবেচনা ও পঠিত বিষয় আলোচনার সৌষ্ঠব হইবে। এই রূপ বিবেচনা পূর্ব্বক গ্রন্থাধ্যয়ন সমাপন করিলে তাহাতে কত দূর পর্য্যন্ত ব্যুৎপত্তির বৃদ্ধি হয় তাহা মনে অনুধাবন করিয়া নিশ্চয় কর।

৮ যদি কোন পুস্তকের উত্তম সূচীপত্র অথবা নির্দ্দিষ্ট বচন উদ্দেশ করিবার সঙ্কেত না থাকে তবে অধ্যয়ন কালে তাহা সংগ্রহ করিলে উপকার হইবে। সূচীপত্র মুদ্রিত করিবার মানস থাকিলে যেমত শুদ্ধ করিয়া রচনা করিতে হয় এ স্থলে তদনুরূপ প্রত্যেক পত্র কিম্বা পরিচ্ছেদের তাৎপর্য্য সূচক সঙ্কেত রচনার প্রয়োজন নাই, গ্রন্থের যে ২ অংশে তোমার পক্ষে নূতন ভাব বোধ হয় অথবা যাহা তুমি সুরচিত বোধে স্মরণীয় কিম্বা বিবেচনীয় জ্ঞান কর কেবল তাহারই সংক্ষেপ তালিকা করিবে তাহা হইলেই ইষ্ট সিদ্ধি হইতে পারিবে।

আমি স্বয়ং যে রূপ দর্শন করিয়াছি তদনুসারে এস্থলে

peruse in any science, or on any particular subject? But the profit will richly compensate the pains. And, in the following years of life, after you have read a few valuable books on any special subject in this manner, it will be very easy to read others of the same kind, because you will not usually find very much new matter in them which you have not already examined.

IX. If the writer be remarkable for any peculiar excellencies or defects in his style or manner of writing, make just observations upon this also; and, whatsoever ornaments you find there, or whatsoever blemishes occur in the language or manner of the writer, you may make just remarks upon them. And remember, that one book read over in this manner, with all this laborious meditation, will tend more to enrich your undertanding, than the skimming over the surface of twenty authors.

X. By perusing books in the manner I have described, you will make all your reading subservient not only to the enlargement of your treasures of knowledge, but also to the improvement of your reasoning powers.

There are many who read with constancy and diligence, and yet make no advances in true knowledge by it. They are delighted with the notions which they read or hear, as they would be with stories that are told, but they do not weigh them in their minds as

নব্য পাঠক গণকে সাহস পূর্ব্বক কহিতে পারি অধ্যয়নের উক্ত ধারাতে প্রথমাবস্থায় বিশেষতঃ কোন নির্দ্দিষ্ট বিষয়ের নূতন গ্রন্থ পাঠ কালে যৎকিঞ্চিৎ ক্লেশ স্বীকার করিতে হয় কিন্তু পরে সে ক্লেশে প্রচুর উপকার সম্ভাবনা আছে। অপর বয়োবৃদ্ধি হইলে কোন নির্দ্দিষ্ট বিষয়ের উত্তম গ্রন্থ এই রূপে পাঠ করিলে অন্যান্য গ্রন্থাধ্যয়ন অতি সহজ হইবে কেননা তৎকালে নিতান্ত অপরিচিত নূতন বিষয় প্রায় অন্য কোন পুস্তকে পাওয়া যাইবেক না।

৯ তোমার পঠিতব্য পুস্তক রচকের রচনার ধারায় যদি কোন বিশেষ দোষ অথবা গুণ দৃষ্ট হয় তবে তদ্বিষয় যথার্থ রূপে চিহ্নিত করিও এবং রচকের শব্দ প্রয়োগে অথবা লিখিবার ধারায় যে ২ অলঙ্কার সংক্রান্ত দোষ কিম্বা গুণ দেখিতে পাও তৎসম্বন্ধে যথার্থ মত ব্যক্ত করিও আর মনে রাখিও যে এই প্রকার পরিশ্রম ও মনোভিনিবেশ পূর্ব্বক এক পুস্তক অধ্যয়ন করিলে বুদ্ধির যদ্রূপ উন্নতি হইবে বিংশতি গ্রন্থে সামান্যতঃ দৃষ্টি করিলেও তদ্রূপ উপকারের সম্ভাবনা নাই।

১০ উক্ত ধারাতে গ্রন্থাধ্যয়ন করিলে কেবল মনের মধ্যে প্রচুর বিদ্যা রত্ন সংগ্রহ হইবে এমত নহে কিন্তু তাহাতে বিবেক শক্তিরও যথেষ্ট শোধন হইবে।

অনেক লোক অবিশ্রান্ত যত্ন পূর্ব্বক অধ্যয়ন করিয়াও তাহাতে সত্য জ্ঞান লাভ করিতে উত্তম রূপে পারগ হয় না, তাহারা পঠিত অথবা শ্রুত বিষয়ের তাৎপর্য্য গ্রহ করিয়া উপকথা শ্রবণের ন্যায় তাহাতে আমোদ করে কিন্তু তথ্যাতথ্য বিবেচনার্থ মনোমধ্যে তদ্বিষয়ের যথার্থ আলোচনা করে না এবং তদ্বিষয়ে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিতে অথবা হেতুবাদ পুরঃসর অনুমান করিতে বিরত হয়। বোধ হয়

in a just balance, in order to determine their truth or falsehood; they make no observations upon them, or inferences from them. Perhaps their eye slides over the pages, or the words slide over their ears, and vanish like a rhapsody of evening tales, or the shadows of a cloud flying over a green field on a summer's day. Or, if they review them sufficiently to fix them in their remembrance, it is merely with a design to tell the tale over again, and show what men of learning they are. Thus they dream out their days in a course of reading without real advantage. As a man may be eating all day, and, for want of digestion, is never nourished; so these endless readers may cram themselves in vain with intellectual food and without real improvement of their minds, for want of digesting it by proper reflection.

XI. Be diligent, therefore, in observing these directions. Enter into the sense and argument of the authors you read; examine all their proofs, and then judge of the truth or falsehood of their opinions; and thereby you will not only gain a rich increase of your understandings, by those truths which the author teaches, when you see them well supported, but you will acquire also by degrees a habit of judging justly, and of reasoning well, in imitation of the good writer whose works you peruse.

This is laborious indeed, and the mind is backward to undergo the fatigue of weighing every argument, and

তাহারদের চক্ষু পুস্তকের পত্রোপরি অতি ত্বরায় কেবল অক্ষর ব্যাপিয়াই পতিত হয় এবং শ্রুত শব্দ সকল কর্ণ বিবরে প্রবেশ মাত্র করিয়া সায়ংকালের আমোদার্থ উপকথার ন্যায় কিম্বা নিদাঘ কালে মাঠের উপর চলিত কাদম্বিনী ছায়ার তুল্য তৎক্ষণাৎ অন্তর্হিত হয়।

যদিও তাহারা পঠিত গ্রন্থের স্মরণার্থ যৎকিঞ্চিৎ মনোযোগ করে তথাপি তাহারদের এই মাত্র অভিপ্রেত হয় যে অধীত বচন পুনরুক্তি করিয়া পাণ্ডিত্য প্রকাশ করিবে বস্তুতঃতাহারা এই রূপে অবিশ্রান্ত পাঠ করিয়া কেবল দিন ক্ষয় করে কোন ফল লাভ করিতে পারে না, যেমন কোন লোক সমস্ত দিন ব্যাপিয়া ভোজন করিলেও যদি তাহা পরিপাক করিতে না পারে তবে তাহাতে তাহার শরীর পুষ্টি হয় না তদ্রূপ ঐ সকল অবিশ্রান্ত পাঠকগণ চিত্তকে নানা প্রকার ভাবে নিরর্থক পরিপূর্ণ করে কিন্তু বিবেচনা দ্বারা তাহা উপযুক্ত রূপে পরিপাক না করাতে তাহারদের বুদ্ধির বাস্তবিক উন্নতি হয় না।

১ অতএব এই সকল নিয়ম যত্ন পূর্ব্বক পালন কর যে গ্রন্থকারের পুস্তক পাঠ করিবে তাঁহার তাৎপর্য্য এবং যুক্তিবাদে অবধান করিও এবং তাঁহার নির্দ্দিষ্ট প্রমাণের পরীক্ষা করিয়া মতের সত্যাসত্যতার মীমাংসা করিও তাহা হইলে গ্রন্থকারোক্ত উত্তম প্রমাণ দ্বারা সত্যের জ্ঞান লাভে কেবল তোমার বুদ্ধির উন্নতি হইবে এমত নহে কিন্তু সদ্গ্রন্থ-কারের পুস্তক পাঠানন্তর তাঁহার সুরীতি দেখিয়া ক্রমশঃ তোমার যথার্থ বিচার ও উত্তম যুক্তিবাদ করণেও অভ্যাস হইবে।

উক্ত প্রকারে পাঠ করিলে পরিশ্রম হয় সুতরাং

tracing every thing to its original. It is much less labour to take all things upon trust; believing is much easier than arguing.

I confess that those, whose reading is designed only to fit them for much talk and little knowledge, may content themselves to run over their authors in such a sudden and trifling way; they may devour libraries in this manner, yet be poor reasoners at last, and have no solid wisdom or true learning. The traveller, who walks on fair and softly in a course that points right, and examines every turning before he ventures upon it, will come sooner and safer to his journey's end, than he who runs through every lane he meets, though he gallop full speed all the day. The man of much reading, and a large retentive memory, but without meditation, may become, in the sense of the world, a knowing man; and, if he converses much with the ancients, he may attain the fame of learning too; but he spends his days afar off from wisdom and true judgment, and possesses very little of the substantial riches of the mind.

XII. Never apply yourselves to read any human author, with a determination beforehand either for or against him, or with a settled resolution to believe or disbelieve, to confirm or to oppose, whatsoever he saith; but always read with a design to lay your mind open to truth, and to embrace it wheresoever you find it, as well as to reject every falsehood, though it appear

প্রত্যেক তর্কের সূক্ষ্ম বিবেচনা এবং প্রত্যেক বচনের মূল অবধারণ নিমিত্ত ক্লেশ স্বীকারে মনও বিরত হয়, কিন্তু অন্যের কথা প্রমাণ সকল বিষয় স্বীকার করিলে তাদৃক পরিশ্রম হয় না কেননা তর্ক করা অপেক্ষা বিশ্বাস করা সহজ।

যাহারা অধিক বাগাড়ম্বর অথচ অল্প জ্ঞান লাভার্থ অধ্যয়ন করে তাহারা অবিবেচনা পূর্ব্বক এই প্রকার ত্বরায় পুস্তক পাঠ করিয়া স্বীয় অভিপ্রায় সিদ্ধ করিতে পারেন বটে, কিন্তু রাশি ২ পুস্তক গ্রাস করিয়াও তর্ক শক্তির বৃদ্ধি করিতে পারেন না এবং প্রগাঢ় জ্ঞান কিম্বা যথার্থ বিদ্যাতে বঞ্চিত থাকেন। কোন পথিক মন্দ ২ গতিতে যথার্থ পথ অবলম্বন করিয়া যদি বিবেচনা পূর্ব্বক প্রত্যেক পথের মাত্রা আলোচনা করত গমন করেন তবে শীঘ্রগামী না হইয়াও অচিরে আপন গন্তব্য স্থলে নিরাপদে উপনীত হইতে পারেন কিন্তু যে ব্যক্তি বিবেচনা না করিয়া সকল পথেই ধাবমান হয় সে যদি সমস্ত দিন ব্যাপিয়া অতিশয় বেগে গমন করে তথাপি তাদৃক শীঘ্র গন্তব্য স্থল প্রাপ্ত হয় না। যে ব্যক্তি মেধাবী হইয়া অধিক পুস্তক পাঠ করে অথচ চিন্তা মাত্র করে না সে সংসারের রীত্যনুসারে বহুদর্শি নামধেয় হয় এবং প্রাচীন গ্রন্থকারদিগের রচনা অভ্যাস করাতে পণ্ডিত বলিয়াও প্রতিষ্ঠিত হয় বটে কিন্তু বহু দিন ক্ষয় করিয়াও জ্ঞান ও যথার্থ বিবেক শক্তি লাভ করিতে পারে না এবং চিত্তের প্রকৃত সম্পত্তি স্বরূপ বিদ্যার অত্যল্প অংশ প্রাপ্ত হয়।

১২ কোন মানব রচিত গ্রন্থ পাঠ করিতে সঙ্কল্প করিবার পূর্ব্বে তাহার সপক্ষ কিম্বা বিপক্ষ হইতে

under never so fair a disguise. How unhappy are those men, who seldom take an author into their hands, but they have determined, before they begin, whether they will like or dislike him! They have got some notion of his name, his character, his party, or his principles, by general conversation, or perhaps by some slight view of a few pages; and, having all their own opinions adjusted beforehand, they read all that he writes with a prepossession, either for or against him. Unhappy those, who hunt and purvey for a party, and scrape together out of every author all those things, and those only, which favour their own tenets, while they despise and neglect all the rest!

XIII. Yet take this caution. I would not be understood here, as though I persuaded a person to live without any settled principles at all, by which to judge of men, and books, and things; or that I would keep a man always doubting about his foundations. The chief things that I design in this advice are these three:

1. That after our most necessary and important principles of science, prudence and religion, are settled upon good grounds, with regard to our present conduct and our future hopes, we should read with a just freedom of thought, all those books which treat of such subjects as may admit of doubt and reasonable dispute. Nor should any of our opinions be so resolved upon, especially in younger years, as never to hear or to bear an opposition to them.

প্রতিজ্ঞা করিও না এবং গ্রন্থকারের উক্তিতে বিশ্বাস বা অবিশ্বাস ও তাহার মতের পোষকতা কিম্বা খণ্ডন করিতে প্রতিজ্ঞা করিও না কিন্তু যে স্থলে হউক সত্যের উদ্দেশ পাইলেই তাহা মনের সহিত গ্রাহ্য করিও, ও নানা অলঙ্কারে ভূষিত হইলেও মিথ্যাকে সর্ব্বত্র পরিহার করিবা এই অভি-প্রায়ে সর্ব্বদা অধ্যয়ন করিও। যাহারা কোন গ্রন্থ হস্তে করিবা মাত্র অধ্যয়ন করিবার পূর্ব্বেই তাহার আদর কিম্বা অনাদর করিতে প্রতিজ্ঞা করে তাহারদের সম্পূর্ণ দুর্ভাগ্য। তাহারা সাধারণ কথোপকথন অথবা কএক পৃষ্ঠে যৎসামান্য দৃষ্টি পুরঃসর গ্রন্থকারের নাম চরিত্র দল মত প্রভৃতির বিষয়ে মত স্থির করে এবং পূর্ব্বেই আপনারদের অভিমত নির্দ্দিষ্ট করিয়া গ্রন্থকারের সপক্ষ কিম্বা বিপক্ষ হওত অধ্যয়নের উপক্রম করে। যাহারা দলাদলিতে মত্ত হইয়া গ্রন্থ পাঠ কালে কেবল স্বীয় মত পোষক বচন সকল সঙ্কলন করত অন্য সকল কথা অগ্রাহ্য ও হেয় করে তাহারদিগকে অতি দুরদৃষ্ট কহিতে হইবে।

১৩ অপর এস্থলে আমার অতিরিক্ত বাক্য বিবেচনা কর। আমার এমত তাৎপর্য্য নহে যে কেহ সদসৎ মনুষ্য ও গ্রন্থ এবং অন্যান্য দ্রব্য বিষয়ে কোন মত স্থির না করে অথবা প্রধান ২ প্রকরণে সর্ব্বদা চিত্তের মধ্যে সংশয়কে স্থান দেয়। এই প্রকার পরামর্শ দেওনে আমার মুখ্য তাৎপর্য্য ত্রিবিধ, তাহা নীচে বর্ণনা করিতেছি।

১। বিদ্যা বিবেক এবং ধর্ম্ম প্রকরণে আমারদের লৌকিক ব্যবহার এবং পারত্রিক বিষয় সম্বন্ধে প্রয়োজনীয় প্রধান২ মত উত্তম হেতুবাদ দ্বারা স্থির হইলে যে ২ গ্রন্থে সংশয় এবং যুক্তি পুর্ব্বক বিবাদ করিবার কারণ আছে তাহা

2. When we peruse those authors who defend our own settled sentiments, we should not take all their arguings for just and solid; but we should make a wise distinction betwixt the corn and the chaff, between solid reasoning and the mere superficial colours of it; nor should we readily swallow down all their lesser opinions, because we agree with them in the greater.

3. That when we read those authors which oppose our most certain and established principles, we should be ready to receive any information from them in other points, and not abandon at once every thing they say, though we are all fixed in opposition to their main point of arguing.

XIV. What I have said hitherto, on the subject relating to books and reading, must be chiefly understood of that sort of books, and those hours of our reading and study, whereby we design to improve the intellectual powers of the mind with natural, moral, or divine knowledge. As for those treatises which are written to direct or to enforce and persuade our practice, there is one thing further necessary; and that is, that when our consciences are convinced that these rules of prudence or duty belong to us, and require our conformity to them, we should then call ourselves to account, and inquire seriously whether we have put them in practice or no; we should dwell upon the arguments, and impress the motives and me-

স্বতন্ত্রচিত্ত হইয়া পাঠ করা কর্ত্তব্য। অপর আমাদের মত কোন কালে বিশেষতঃ যৌবনাবস্থায় এমত দৃঢ় রূপে স্থির করা কর্ত্তব্য নহে যে তদ্বিরুদ্ধ কথা শ্রবণ অথবা সহিষ্ণুতা করণে বিরাগ জন্মে।

২। আমাদের স্থাপিত মত পোষক গ্রন্থ পাঠ করিবার কালে গ্রন্থকারকে সপক্ষ ভাবিয়া তাঁহার সমুদয় বিচার যথার্থ এবং অব্যভিচার জ্ঞান করা উচিত নহে কিন্তু বিবেচনা পূর্ব্বক শস্য এবং তুষের পরস্পর বৈলক্ষণ্য স্মরণ করিয়া যথার্থ হেতুবাদ এবং হেতাভাসের প্রভেদ করা উচিত, এবং মুখ্য বিষয়ে তাঁহার সহিত মতের ঐক্য হইলেও অবান্তর সকল বিষয়ে তাঁহার মত গ্রহণ করা কর্ত্তব্য নহে।

৩। যে২ গ্রন্থকার আমারদের নিশ্চিতএবং স্থিরীকৃত মতের বিরোধী, তাঁহারদের গ্রন্থ অধ্যয়ন কালে অন্য বিষয়ে কোন জ্ঞান প্রাপ্ত হইলে তাহা সীকার করা কর্ত্তব্য এবং তাঁহারা মুখ্য বিষয়ে বিপক্ষ হইলেও তাঁহারদের সমুদয় উক্তি একে কালে ত্যাগ করা বিহিত নহে।

১৪ গ্রন্থ এবং গ্রন্থাধ্যয়ন বিষয়ে এক্ষণে যে সকল উক্তি করা গেল তাহা যাবতীয় গ্রন্থে প্রয়োগ করা যায় না, যে প্রকার পুস্তক যে সময়ে অধ্যয়ন ও চিন্তা করিলে স্বাভাবিক বস্তুতত্ত্ব অথবা ধর্ম্ম ও নীতি বিষয়ে জ্ঞান প্রাপ্তি দ্বারা বুদ্ধির চর্চ্চা অভিপ্রেত হয় সেই সকল গ্রন্থের সম্বন্ধে পূর্ব্বোক্ত কথা আপাততঃ সঙ্গত। আমারদের ব্যবহার শোধন ও আচার শাসন এবং সৎপ্রবৃত্তি প্রদান যে ২ গ্রন্থের তাৎপর্য্য তদ্বিষয়ে আর এক কর্ত্তব্য কর্ম্ম এই যে সদ্বিবেচনা অথবা উচিত কার্য্যের কোন ২ নিয়ম পালনীয় রূপে প্রতীতি গোচর হইলে আমরা তাহা উত্তম রূপে পালন করিয়াছি কি না চিত্ত স্থির

thods of persuasion upon our own hearts, till we feel the force and power of them inclining us to the practice of the things which are there recommended.

If folly or vice be represented in its open colours, or its secret disguises, let us search our hearts, and review our lives, and inquire how far we are criminal; nor should we ever think we have done with the treatise, till we feel ourselves in sorrow for our past misconduct, and aspiring after a victory over those vices, or till we find a cure of those follies begun to be wrought upon our souls.

In all our studies and pursuits of knowledge, let us remember, that virtue and vice, sin and holiness, and the conformation of our hearts and lives to the duties of true religion and morality, are things of far more consequence than all the furniture of our understandings, and the richest treasures of mere speculative knowledge; and that, because they have a more immediate and effectual influence upon our eternal felicity, or eternal sorrow.

XV. There is yet another sort of books, of which it is proper I should say something, while I am treating on this subject; and these are history, poesy, travels, books of diversion or amusement; among which we may reckon also little common pamphlets, newspapers, or such like; for many of these I confess once reading may be sufficient, where there is a tolerably good memory.

করিয়া তাহার পরীক্ষা করি এবং যদবধি আমরা গ্রন্থকারের হেতুবাদের শক্তি ও মর্ম্ম হৃদয়ঙ্গম করিয়া তাঁহার অভিমত কার্য্য সাধনে প্রবৃত্ত না হই তদবধি সেই সকল হেতুবাদে মনোভিনিবেশ করিয়া সৎপ্রবৃত্তি জনক বচনে অবধান করি।

পঠিত গ্রন্থে অবিদ্যা ও দুষ্কৃতের ফল স্পষ্ট বা অস্পষ্ট যে রূপে ব্যক্ত হউক আমারদের কর্ত্তব্য এই যে আপন২ অন্তঃকরণের এবং আচারের পরীক্ষ করিয়া দেখি যে আমরা কত দূর পর্য্যন্ত দোষী হইয়াছি এবং যদবধি অতীত দুরাচারের নিমিত্ত খেদিত হইয়া আপনারদের কুরীতি দমনার্থ যত্ন না করি অথবা ঐ সকল অবিদ্যার পরাভব মনোমধ্যে বুঝিতে না পারি তদবধি গ্রন্থাধ্যয়ন সমাপ্ত হইয়াছে এমত কল্পনা যেন না করি।

বিদ্যানুশীলন এবং জ্ঞান সাধনকরিবার কালে আমারদের স্মরণ করা উচিত যে হৃদয়স্থ সকল বিদ্যা এবং নানা প্রকার যুক্তি ও তর্ক বিশিষ্ট জ্ঞান অপেক্ষা সুকৃত দুষ্কৃত পাপ পুণ্য এবং ধর্ম্ম ও নীতি বিষয়ক চিন্তা ও আচার অত্যন্ত মহৎ, কেননা ঐ সকল পদার্থ অবিলম্বে এবং কার্য্যতঃ অনন্ত সুখ দুঃখের নিয়ামক হয়।

১৪ এই সকল বিষয়ের বর্ণনা কালে আর এক প্রকার গ্রন্থের প্রসঙ্গে আমার যৎকিঞ্চিৎ বক্তব্য আছে সে গ্রন্থ এই ২, যথা ইতিহাস, কাব্য, ভ্রমণকারি গণের বৃত্তান্ত, আমোদ ও ব্যসন বিষয়ক গ্রন্থ এবং সমাচার পত্র ও সামান্য ক্ষুদ্র২ পুস্তক। যৎসামান্য মেধা থাকিলে এই সকল গ্রন্থ এক বার পাঠ করিলেই ফল দর্শে।

অনেক লোক এক সভাস্থ হইলে তন্মধ্যে এক জন যদি অন্যান্য সকলের অবগতির নিমিত্ত উক্ত প্রকার গ্রন্থ পাঠ

Or, when several persons are in company, and one reads to the rest such sort of writings, once hearing may be sufficient; provided that every one be attentive, and so free as to make their occasional remarks on such lines or sentences, such periods or paragraphs, as in their opinion deserve it. Now all those paragraphs or sentiments deserve a remark, which are new and uncommon, are noble and excellent for the matter of them, are strong and convincing for the argument contained in them, are beautiful and elegant for the language or the manner, or any way worthy of a second rehearsal; and, at the request of any of the company, let those paragraphs be read over again.

Such parts also of these writings as may happen to be remarkably stupid or silly, false or mistaken, should become subjects of an occasional criticism, made by some of the company; and this may give occasion to the repetition of them for the confirmation of the censure, for amusement or diversion.

Still let it be remembered that, where the historical narration is of considerable moment, where the poesy, oratory, &c. shine with some degrees of perfection and glory, a single reading is neither sufficient to satisfy a mind that has a true taste of this sort of writings; nor can we make the fullest and best improvement of them without proper reviews, and that in our retirement as well as in company. Who is there that has any taste for polite writings that would be sufficiently satisfied,

করে তবে এক বার তাহা শ্রবণ করিলেই যথেষ্ট উপকার হয়। যদি সকলেই উপযুক্ত মনোযোগ পূর্ব্বক শ্রবণ করিয়া স্ব২ বিবেচনানুসারে শ্রুত কথার তাবৎ অংশে আপনারদের অভিপ্রায় অবাধে ব্যক্ত করিতে পান তবে দ্বিতীয় বার শ্রবণ করিবার অপেক্ষা থাকে না। অধিকন্তু উক্ত কথার মধ্যে যে ২ অংশ নূতন এবং অপূর্ব্ব আর যাহার বিষয় উত্তম এবং তাৎপর্য্য মহৎ ও হেতুবাদ দৃঢ় এবং অকাট্য, অপিচ যাহাতে রচনার সুধারা অথবা শব্দের লালিত্য আছে কিম্বা যাহা অন্য কোন কারণ বশতঃ পুনরুক্তি করিবার উপযুক্ত তদ্বিষয়ে শ্রোতাদিগের স্ব ২ অভিপ্রায় ব্যক্ত করা বিহিত। আর সভাস্থ কাহার অভিমত হইলে ঐ রূপ বচন দ্বিতীয় বার পাঠ করাও কর্ত্তব্য।

উক্ত পুস্তক পাঠ কালে কোন বচনে যদি অত্যন্ত অনভিজ্ঞতা অথবা অবিবেচনা প্রকাশ পায় কিম্বা যদি তাহা অনৃত বা ভ্রমে পূর্ণ থাকে তবে তাহাতে সভাস্থ কোন ব্যক্তি দোষারোপ করিতে পারেন সুতরাং সে দোষ অন্যান্য সভাসদ্ গণের অবগতির নিমিত্ত অথবা তাহারদের কৌতুকার্থ তাহা দ্বিতীয় বার পাঠ করা কর্ত্তব্য।

এ স্থলে ইহাও স্মরণ করা উচিত যে পূর্ব্বোক্ত পুস্তকে অপূর্ব্ব পুরাবৃত্তের রচনা থাকিলে কিম্বা তদন্তর্গত কবিতা বক্তৃতা প্রভৃতির ভাব সুচারু রূপে দেদীপ্যমান হইলে যাহারা ঐ প্রকার ভাবে আমোদ করে তাহারদের পক্ষে ঐ সকল পুস্তক এক বার মাত্র পাঠে তৃপ্তি জন্মে না এবং সভা মধ্যে ও স্ব ২ গৃহের নিভৃত স্থানে তদ্বিষয়ের উপযুক্ত বিবেচনা

with hearing the beautiful pages of Steele or Addison, the admirable descriptions of Virgil or Milton, or some of the finest poems of Pope, Young, or Dryden, once read over to them, and then lay them by for ever?

XVI. Among these writings of the latter kind, we may justly reckon short miscellaneous essays on all manner of subjects; such as the Occasional Papers, the Tatlers, the Spectators, and some other books that have been compiled out of the weekly or daily products of the press, wherein are contained a great number of bright thoughts, ingenious remarks, and admirable observations, which have had a considerable share in furnishing the present age with knowledge and politeness.

I wish every paper among these writings could have been recommended as both innocent and useful. I wish every unseemly idea and wanton expression had been banished from amongst them, and every trifling page had been excluded from the company of the rest, when they have been bound up in volumes. But it is not to be expected, in so imperfect a state, that every page or piece of such mixed public papers should be entirely blameless and laudable. Yet, in the main, it must be confessed, there is so much virtue, prudence, ingenuity, and goodness in them, especially in eight volumes of Spectators—there is such a reverence of things sacred, there are so many valuable remarks for our conduct in life, that they are not improper to lie in par-

পূর্ব্বক চিন্তা না করিলে তাহাতে ব্যুৎপত্তি জন্মে না, ফলতঃ সাহিত্য বিদ্যানুরাগী এমত কোন্ পুরুষ আছে যে ষ্টিল কিম্বা আডিসন প্রণীত মনোহর গ্রন্থ কিম্বা বর্জিল অথবা মিল্টনের অপূর্ব্ব রচনা কিম্বা পোপ ইয়ং ড্রাইডেন রচিত সুন্দর কাব্য এক বার মাত্র শ্রবণ করিয়া যথেষ্ট তৃপ্তি বোধে চিরকালের নিমিত্ত তাহা পরিত্যাগ করে।

১৬ সাহিত্য সংক্রান্ত পুস্তক মধ্যে বিবিধ বিষয়ের অনেক ক্ষুদ্র ২ গ্রন্থ প্রবন্ধকেও যথার্থ রূপে গণনা করা যাইতে পারে যথা টাট্লর স্পেক্টেটর প্রভৃতি সাময়িক রচনা এবং গ্রন্থ, যাহা সাপ্তাহিক অথবা প্রাত্যহিক পত্র হইতে সংগৃহীত হয়, তন্মধ্যে ভূরি ২ অপূর্ব্ব ভাব এবং বিবেচ্য কথা ও প্রশংসনীয় বক্তৃতা আছে তাহাতে তাৎকালিক লোকের মধ্যে জ্ঞান এবং সভ্য ভব্যতার বৃদ্ধি হইয়াছিল।

উক্ত রচনার সমুদয়াংশ নির্দ্দোষ এবং হিতজনক হইলে উত্তম হইত আর তাহার মধ্যে যদি কোন অশুদ্ধ ভাব এবং অশ্লীল উক্তি না থাকিত বিশেষতঃ ঐ সকল রচনা সঙ্কলন করিয়া গ্রন্থ নিবন্ধ কালে যদি অনর্থক বাগাড়ম্বর মিশ্রিত পত্র সকল পরিহার করা যাইত তবে পরম মঙ্গলের বিষয় হইত। কিন্তু পূর্ব্বতন কালের দুর্গতি বিবেচনা করিলে সাধারণ সমাচার পত্রের তাবৎ অংশ যে সম্পূর্ণ নির্দ্দোষ এবং প্রশংসনীয় ইহা কোন মতে সম্ভাব্য নহে তথাচ সে সকল পত্রের অধিকাংশে বিশেষতঃ স্পেক্টেটর গ্রন্থের অষ্ট কাণ্ডে বিবেচনার এবং সদ্ভাবের বাহুল্য আছে আর ধর্ম্ম বিষয়ক ভক্তি এবং আচার সম্বন্ধে উত্তম ২ কথার এমত আধিক্য আছে যে অবকাশ এবং বিশ্রাম কালে আমোদ করণার্থ পরস্পর সাক্ষাৎ করিবার স্থলে এবং নিদাঘকালে কৌতুকা-

lours, or summer-houses, or places of usual residence, to entertain our thoughts in any moments of leisure, or vacant hours that occur. There is such a discovery of the follies, iniquities, and fashionable vices of mankind contained in them, that we may learn much of the humours and madnesses of the age, and the public world, in our own solitary retirement, without the danger of frequenting vicious company, or receiving the mortal infection.

XVII. Among other books which are proper and requisite, in order to improve our knowledge in general, or our acquaintance with any particular science, it is necessary that we should be furnished with Vocabularies and Dictionaries of several sorts, viz. of common words, idioms, and phrases, in order to explain their sense; of technical words, or the terms of art, to show their use in arts and sciences; of names of men, countries, towns, rivers, &c. which are called historical and geographical Dictionaries, &c. These are to be consulted and used upon every occasion; and never let an unknown word pass in your reading, without seeking for its sense and meaning in some of these writers.

If such books are not at hand, you must supply the want of them as well as you can, by consulting such as can inform you; and it is useful to note down the matters of doubt and inquiry in some pocket-book, and take the first opportunity to get them resolved, either by persons or books, when we meet with them.

গারে অথবা নিত্য আবাস গৃহে ঐ সকল গ্রন্থ সংগ্রহ করিয়া রাখিলে হানি মাত্র নাই। তন্মধ্যে মনুষ্য জাতির দুর্বুদ্ধিতা দোষ এবং লৌকিক কুব্যবহার স্পষ্ট রূপে বর্ণিত আছে তাহা পাঠ করিলে আমরা দুষ্ট লোকেরদের সমাজে না যাইয়াও এবং তাহাদের সংসর্গ বশতঃ তাদৃশ কুসংস্কার প্রাপ্ত হইবার ভয়ে ব্যাকুল না হইয়াও আপন ২ গৃহে বসিয়া তাৎকালিক জনগণের কুমতি এবং উন্মত্ততার পরিচয় পাইতে পারি।

১৭ সাধারণ বিদ্যা বৃদ্ধি অথবা কোন বিশেষ প্রকরণে জ্ঞান লাভ নিমিত্ত যে ২ পুস্তক পাঠ করা বিহিত ও আবশ্যক তদ্ব্যতীত নানাবিধ অভিধানও সংগ্রহ করা উচিত, তদ্‌যথা, সামান্য শব্দের এবং চলিত বক্তৃতার ও কথার তাৎপর্য্য প্রকাশক কোষ এবং বিদ্যা ও শিল্পের প্রয়োজনীয় পরিভাষা, তথা পুরাবৃত্ত এবং ভূগোল সংক্রান্ত অভিধান নামক দেশ নগর নদ নদীর প্রসিদ্ধ শব্দাবলী। প্রয়োজন হইলে এই সকলে দৃষ্টি করা কর্ত্তব্য, আর অধ্যয়ন কালে কোন অপরিচিত শব্দ প্রাপ্ত হইলে উক্ত গ্রন্থ সমূহে তাহার অর্থ এবং তাৎপর্য্য অন্বেষণ না করিয়া বিশ্রাম করা উচিত নহে।

যদি উল্লেখিত অভিধানাদি গ্রন্থ তোমার অপ্রাপ্য হয় তবে সুযোগানুসারে কোন বিজ্ঞ লোকের নিকট তদ্বিষয়ে প্রশ্ন করা কর্ত্তব্য, অথবা কোন ক্ষুদ্র পুস্তকে সংশয় এবং জিজ্ঞাসার বিষয় লিপিবদ্ধ করিয়া পরে কোন সুপণ্ডিত লোকের কিম্বা উপযুক্ত গ্রন্থের দর্শন প্রাপ্ত হইলে সর্ব্বাগ্রে সেই সকল সংশয় ও জিজ্ঞাস্য বিষয়ের মীমাংসা করা কর্ত্তব্য।

XVIII. Be not satisfied with a mere knowledge of the best authors that treat of any subject, instead of acquainting yourselves thoroughly with the subject itself. There is many a young student, that is fond of enlarging his knowledge of books, and he contents himself with the notice he has of their title-page, which is the attainment of a bookseller rather than a scholar. Such persons are under a great temptation to practise these two follies. (1.) To heap up a great number of books at greater expense than most of them can bear, and to furnish their libraries infinitely better than their understandings. And (2.) when they have got such rich treasures of knowledge upon their shelves, they imagine themselves men of learning, and take a pride in talking of names of famous authors, and the subjects of which they treat, without any real improvement of their own minds in true science or wisdom. At best their learning reaches no further than the indexes and tables of contents, while they know not how to judge or reason concerning the matters contained in those authors.

And indeed, how many volumes of learning soever a man possesses, he is still deplorably poor in his understanding, till he has made these several parts of learning his own property, by reading and reasoning, by judging for himself, and remembering what he has read.

১৮ কোন নির্দ্দিষ্ট বিষয়ের সুলেখক গণের তালিকা মাত্র জানিয়া সন্তুষ্ট হইও না, সেই বিষয়কে সম্পূর্ণ রূপে হৃদয়ঙ্গম্ কর। অনেকানেক নব্য পাঠক কেবল ভূরি২ পুস্তকের নাম সংগ্রহার্থ আমোদ করে এবং আদ্য পৃষ্ঠের পরিচয় মাত্র প্রাপ্ত হইয়া সন্তৃপ্ত হয় কিন্তু এ প্রকার জ্ঞান সাধন বিদ্যার্থির পক্ষে উপযুক্ত হয় না কেবল পুস্তক বিক্রেতার পক্ষে সঙ্গত হয়। গ্রন্থের নাম মাত্রের অন্বেষণকারি ঐ প্রকার ছাত্রেরদের পশ্চাল্লিখিত দ্বিবিধ মূঢ়তা জন্মিবার সম্ভব আছে। প্রথমতঃ তাহারা আপনারদের সঙ্গতির অতিক্রমে বহু ব্যয় পূর্ব্বক ভূরি ২ পুস্তক ক্রয় করিয়া মনের মধ্যে উত্তম ভাব সঞ্চয়াপেক্ষা পুস্তকাগারে গ্রন্থ রাশি সংগ্রহ করিতে রত হয়। দ্বিতীয়তঃ পুস্তকাগারে এই রূপ বিদ্যা রত্ন সংগ্রহ করিয়াই আপনারা পণ্ডিতাভিমানী হয় এবং যথার্থ জ্ঞান কিম্বা বিদ্যাতে যৎকিঞ্চিৎ ব্যুৎপন্ন না হইয়াও মহামহোপাধ্যায় গ্রন্থকার গণের নামোল্লেখ অথবা তাহারদের রচনার প্রসঙ্গ করিয়া গর্ব্ব করে। অতএব ঐ সকল বিদ্যার্থিদের বিদ্যা কোন ক্রমে উক্ত গ্রন্থ সকলের সূচীপত্রের অতিরিক্ত হয় না অথচ তাহারা গ্রন্থের সমুদয় অংশের বিষয়ে বাদানুবাদ করিতে অভিমান করে।

বস্তুতঃ কোন ব্যক্তি রাশীকৃত গ্রন্থের অধিকারী হইলেও যদি অধ্যয়ন ও হেতুবাদ এবং বিবেচনা ও মেধাবিতার দ্বারা তদন্তর্গত বিদ্যার অধিকারী না হয় তবে তাহাকে নিতান্ত ক্ষুদ্র বুদ্ধি কহিতে হইবে।

CHAPTER V.

JUDGMENT OF BOOKS.

I. If we would form a judgment of a book which we have not seen before, the first thing that offers is the title-page, and we may sometimes guess a little at the import and design of a book thereby; though it must be confessed, that titles are often deceitful, and promise more than the book performs. The author's name, if it be known in the world, may help us to conjecture at the performance a little more, and lead us to guess in what manner it is done. A perusal of the preface or introduction, (which I before recommended), may further assist our judgment; and, if there be an index of the contents, it will give us still some advancing light.

If we have not leisure or inclination to read over the book itself regularly, then by the titles of chapters we may be directed to peruse several particular chapters or sections, and observe whether there be any thing valuable or important in them. We shall find hereby whether the author explains his ideas clearly, whether he reasons strongly, whether he methodizes well, whether

৫ পরিচ্ছেদ।

পুস্তক বিবেচনা।

১ যে পুস্তকে পূর্ব্বে দৃষ্টি করা যায় নাই তদ্বিষয়ের বিবেচনা করিতে হইলে প্রথমতঃ আদ্য পৃষ্ঠ আলোচনা করিতে হয় তাহাতে আপাততঃ সমুদয় গ্রন্থের তাৎপর্য্য ও অর্থ অনুমান করা যায় কিন্তু কখন ২ আদ্য পৃষ্ঠের সঙ্কল্প গ্রন্থের রচনায় বস্তুতঃ সিদ্ধ হয় না সুতরাং তাহাতে দৃষ্টি করিলে ভ্রম জন্মিতে পারে। অপর গ্রন্থকারের নাম সংসারের মধ্যে প্রসিদ্ধ হইলে তাহাতে গ্রন্থের দোষাদোষ আরো অধিক অনুমান করা যাইতে পারে এবং রচনার ধারাও জানা যায়। পূর্ব্বে ভূমিকা পাঠের যে পরামর্শ দেওয়া গিয়াছে তাহাতেও গ্রন্থ রচনার বিষয় উৎকৃষ্ট রূপে বিবেচনা করা যাইতে পারে আর সূচীপত্র থাকিলে আরো অধিক জ্ঞান জন্মিবার সম্ভব।

যদি স্থির হইয়া নিয়মিত রূপে অধ্যয়ন করিবার অবকাশ কিম্বা ইচ্ছা না থাকে তবে প্রত্যেক অধ্যায়ে দৃক্‌পাত মাত্র করিয়া কোন বিশেষ অধ্যায় পাঠ করত বিবেচনা করিতে পারা যায় যে তন্মধ্যে মনোযোগার্হ উত্তম ২ বিষয় আছে কি না। আর তাহাতে গ্রন্থকার স্বীয় মনের ভাব স্পষ্ট রূপে ব্যক্ত করেন কি না এবং ন্যায় পূর্ব্বক তর্ক করেন কি না ও উত্তম ধারাতে প্রবন্ধ করেন কি না, অপর তাঁহার ভাবার্থ বিবেচক

his thoughts and sense be manly, and his manner polite; or, on the other hand, whether he be obscure, weak, trifling, and confused; or finally, whether the matter may not be solid and substantial, though the manner and style be rude and disagreeable.

II. By having run through several chapters and sections in this manner, we may generally judge whether the treatise be worth a complete perusal or not. But if, by such an occasional survey of some chapters, our expectation be utterly discouraged, we may well lay aside that book; for, there is great probability he can be but an indifferent writer on that subject, if he affords but one prize to divers blanks, and it may be some downright blots too. The piece can hardly be valuable, if, in seven or eight chapters which we peruse, there be but little truth, evidence, force of reasoning, beauty, and ingenuity of thought, &c., mingled with much error, ignorance, impertinence, dulness, mean and common thoughts, inaccuracy, sophistry, railing, &c. Life is too short, and time is too precious, to read every new book quite over, in order to find that it is not worth the reading.

III. There are some general mistakes which persons are frequently guilty of, in passing a judgment on the books which they read.

One is this; when a treatise is written but tolerably well, we are ready to pass a favourable judgment of it, and sometimes to exalt its character far beyond its

লোকের ন্যায় কি না এবং বক্তৃতাতে ভব্যতা আছে কি না অথবা তাঁহার বাক্য অস্পষ্ট ক্ষীণ অস্থির এবং গোলযোগে পূর্ণ কি না, কিম্বা রচনার ধারা অসভ্য এবং বিরস হইলেও গ্রন্থের বিষয় প্রগাঢ় এবং গুরুতর কি না এই সকল বিষয় ও অবগত হইতে পারা যায়।

২ এই রূপে কএক অধ্যায় ও পরিচ্ছেদ পাঠ করিলে আমরা আপাততঃ বিবেচনা করিতে পারিব যে সমুদয় গ্রন্থ অধ্যয়ন করা কর্ত্তব্য কি না। কোন২ অধ্যায় এই প্রকারে আলোচনা করিলে যদি আমারদের প্রত্যাশা পূর্ণ না হয় তবে সে পুস্তক ত্যাগ করণে হানি নাই কেননা যদি ভূরি২ নিরর্থক রচনার মধ্যে কেবল একটি২ কথা উত্তম হয় এবং তাহাও অনেক অধম উক্তিতে মিশ্রিত থাকে তবে সে গ্রন্থকার কোন মতে উত্তম নহেন। যদি সপ্ত কিম্বা অষ্ট অধ্যায় পঠিত হইলে অত্যল্প সত্য এবং হেতুবাদ ও তর্ক শক্তির সৌষ্ঠব আর বুদ্ধি ভাব প্রভৃতি যৎসামান্য প্রকাশ হয় এবং তাহাতেও যদি অনেক ভ্রান্তি অনভিজ্ঞতা অসঙ্গতি বুদ্ধির স্থূলতা অধম অথবা সামান্য ভাব অশুদ্ধতা বিতণ্ডা শ্লেষ প্রভৃতি দোষ মিশ্রিত থাকে তবে সে রচনা উৎকৃষ্ট হইবার সম্ভাবনা নাই। মানবজাতির জীবন অল্প কাল স্থায়ি, সুতরাং কাল ব্যয়ও বিহিত নহে একারণ অধ্যয়নের অযোগ্য এই কথার নিশ্চয় করণার্থ প্রত্যেক গ্রন্থ পাঠ করা পরামর্শ সিদ্ধ নহে।

৩ পঠিত গ্রন্থের দোষাদোষ নিরূপণ করণার্থ বারম্বার কএক সাধারণ ভ্রম হইয়া থাকে।

এক ভ্রম এই যে কোন গ্রন্থ নিতান্ত মন্দ না হইলে তাহা যদি আমারদের মতানুযায়ি হয় এবং তাহাতে যদি আমার-দের দলস্থ লোকের মতের পোষকতা থাকে তবে আমরা

merit, if it agree with our own principles, and support the opinions of our party. On the other hand, if the author be of different sentiments, and espouse contrary principles, we can find neither wit nor reason, good sense, nor good language in it. Whereas, alas! if our opinions of things were certain and infallible truth, yet a silly author may draw his pen in the defence of them, and he may attack even gross errors with feeble and ridiculous argument. Truth in this world is not always attended and supported by the wisest and safest methods; and error, though it can never be maintained by just reasoning, yet may be artfully covered and defended; an ingenious writer may put excellent colours upon his own mistakes. Books are never to be judged of merely by their subject, or the opinion they represent; but by the justness of their sentiments, the beauty of their manner, the force of their expression, or the strength of reason, and the weight of just and proper argument, which appears in them.

IV. Another mistake which some persons fall into is this: when they read a treatise on a subject with which they have but little acquaintance, they find almost every thing new and strange to them; their understandings are greatly entertained and improved by the occurrence of many things which were unknown to them before; they admire the treatise, and commend the author at once; whereas, if they had but

তাহা উত্তম বলিয়া তাহার যথার্থ গুণের অতিরিক্ত প্রশংসা করি কিন্তু গ্রন্থকর্ত্তার মত যদি আমারদের বিরুদ্ধ হয় এবং তিনি যদি আমারদের বিপক্ষবাদী হয়েন তবে আমরা তাঁহার গ্রন্থে যুক্তি কিম্বা বুদ্ধি অথবা উত্তম ভাব কিম্বা বাক্যের লালিত্য দেখিতে উন্মুখ হই না। পরন্তু আমারদের মত অসংশয় এবং অভ্রান্ত হইলেও কোন মূর্খ গ্রন্থকার তাহার পোষকতা করিতে পারে এবং ঘোরতর ভ্রান্তির প্রতিপক্ষে অসঙ্গত এবং হাস্যাস্পদ তর্ক প্রয়োগ করিতে পারে। সংসারের মধ্যে সত্যের প্রতিপাদক জনগণ সকলেই বিবেচনীয় এবং অখণ্ডনীয় কথার প্রচারক এমত নহে এবং অলীক মত স্থাপকেরা যদিও যথার্থ তর্ক করিলে আপনারদের মত রক্ষা করিতে না পারে তথাপি ধূর্ত্ততা পূর্ব্বক কথন ২ তাহার পোষকতা করিতে সক্ষম হয় কেননা চতুর গ্রন্থকার আপনার ভ্রান্তিকেও শোভিত করিতে পারে।

গ্রন্থের গুণাগুণ বিবেচনা করণের মানস থাকিলে কেবল তাহার মতে অথবা বিষয়ে দৃষ্টি করিলে সে মানস সফল হয় না কিন্তু ভাবার্থের যথার্থতা, রচনার সৌন্দর্য্য, শব্দের পারিপাট্য, যুক্তি বল এবং তর্কের সঙ্গতি ও গুরুত্ব আলোচনা করিতে হয়।

৪ এ স্থলে কোন ২ লোক আর এক ভ্রমে পতিত হয় তাহা এই, যখন তাহারা কোন বিষয়ে নিপুণ না হইয়া তদ্বিষয়ক গ্রন্থ পাঠ করে তখন তদন্তর্গত প্রায় সকল বিষয় নূতন বোধ করিয়া ও কতক গুলিন অপরিচিত ব্যাপারের পরিচয় পাইয়া আপনাদিগকে ব্যুৎপন্ন জ্ঞান করত আমোদিত হয় সুতরাং সে গ্রন্থের সাধুবাদ করিয়া একেবারে গ্রন্থকারের প্রতিষ্ঠা করে। কিন্তু পূর্ব্বে যদি ঐ সকল ব্যাপারে যৎকিঞ্চিৎ

attained a good degree of skill in that science, perhaps they would find that the author had written very poorly, that neither his sense nor his method was just and proper, and that he had nothing in him but what was very common or trivial in his discourses on that subject.

V. But there is a danger of mistake in our judgment of books on the other hand also; for, when we have made ourselves masters of any particular theme of knowledge, and surveyed it along on all sides, there is perhaps scarce any writer on that subject who much entertains and pleases us afterwards, because we find little or nothing new in him; and yet, in a true judgment, perhaps his sentiments are most proper and just, his explications clear, and his reasonings strong, and all the parts of the discourse are well connected, and set in a happy light; but we knew most of those things before, and therefore they strike us not, and we are in danger of discommending them.

Thus the learned and the unlearned have their several distinct dangers and prejudices, ready to attend them in their judgment of the writings of men. These which I have mentioned are a specimen of them, and indeed but a mere specimen; for, the prejudices that warp our judgment aside from truth are almost infinite and endless.

VI. Yet I cannot forbear to point out two or three more of these follies, that I may attempt something

ব্যুৎপত্তি থাকিত তবে তদ্বিষয়ক গ্রন্থকারের রচনাতে হেয় জ্ঞান জন্মিত কেননা তাঁহার ভাবার্থ অথবা রচনার ধারা কিছুই প্রকৃতানুযায়ি অথবা উত্তম নহে এবং রচিতপ্রস্তাবেও অপূর্ব্ব কোন উক্তি নাই এ সকল বিষয় বিবেচনা করিতে পারিত।

৫ অল্প জ্ঞান সত্ত্বে যদ্রূপ গ্রন্থের গুণাগুণ বিবেচনায় ত্রুটি হইতে পারে অধিক বিদ্যা থাকিলেও তদ্রূপ অবিবেচনার সম্ভাবনা আছে কেননা বিদ্যার কোন বিশেষ শাখায় ব্যুৎপন্ন হইয়া তাহার সমুদয় অংশে দৃষ্টি করিলে পর তদ্বিষয়ের নিবন্ধ কারক প্রায় কোন গ্রন্থকারের রচনাতে আমারদের অধিক আমোদ অথবা সন্তোষ হয় না এবং তাঁহার রচনার মধ্যবর্ত্তি কোন কথা আমারদের পক্ষে নূতন বোধ হয় না অথচ যথার্থ বিবেচনা করিলে তাঁহার ভাবার্থ প্রকৃত এবং ন্যায় সিদ্ধ হইতে পারে আর তাঁহার ব্যাখ্যাও উত্তম হইবার সম্ভব এবং তাঁহার তর্ক সবল ও রচনার অন্যান্য অংশ সঙ্গত ও সুশৃঙ্খল হইতে পারে কিন্তু আমরা তদ্বিষয়ের প্রায় সকল কথাই পূর্ব্বে জানিতাম একারণ তাহাতে আমারদের চমৎকার বোধ হয় না এবং তাহার আদরও করি না।

উক্ত প্রকারে কোন গ্রন্থকারের রচনার বিষয় বিচার কালে পণ্ডিত অপণ্ডিত উভয় বিধ লোকের পক্ষেই নানাবিধ প্রমাদ জন্মিবার সম্ভাবনা আছে, এ স্থলে কেবল উদাহরণার্থ কতিপয় প্রমাদের প্রসঙ্গ করা গেল কিন্তু সত্য হইতে পরাঙ্মুখ কারক আরও অসংখ্য প্রমাদের সম্ভাবনা আছে তৎসমুদায়ের উল্লেখ করা গেল না।

৬। পরন্তু এ স্থলে অন্য দুই তিনটী প্রমাদের প্রসঙ্গ করা আবশ্যক কেননা তাহাতে সে কএকটীর সংশোধন চেষ্টা

towards the correction of them, or at least to guard others against them.

There are some persons of a forward and lively temper, and who are fond to intermeddle with all appearances of knowledge, will give their judgment on a book as soon as the title of it is mentioned; for, they would not willingly seem ignorant of any thing that others know. And especially, if they happen to have any superior character or possessions in this world, they fancy they have a right to talk freely upon every thing that stirs or appears, though they have no other pretence to this freedom. But this is the way of the world; blind men will talk of the beauty of colours, and of the harmony or disproportion of figures in painting; the deaf will prate of discords in music; and those, who have nothing to do with religion, will arraign the best treatise on divine subjects; though they do not understand the very language of the scripture.

VII. I might here name another sort of judges, who will set themselves up to decide in favour of an author, or will pronounce him a mere blunderer, according to the company they have kept, and the judgment they have heard passed upon a book, by others of their own stamp or size, though they have no knowledge or taste of the subject themselves. These, with a fluent and

হইতে পারিবে আর তদ্দ্বারা অন্যান্য লোকের সাবধান হইবারও সম্ভাবনা।

কোন ২ লোক এমত স্পর্দ্ধান্বিত ও তেজস্বী যে তাহারা সকল বিষয়ে স্বীয় বিদ্যা প্রকাশ করিতে অগ্রসর হয় সুতরাং আপনারা অন্য লোকের বিদিত কোন বিষয়ে অনভিজ্ঞ রূপে পরিচিত না হয় এই মানসে কোন গ্রন্থের নামোল্লেখ হইলেই তদ্বিষয়ে আত্ম অভিপ্রায় ব্যক্ত করে বিশেষতঃ যদি তাহারদের ঐহিক সম্পত্তি কিম্বা প্রভাব থাকে তবে অন্য কোন গুণ না থাকিলেও তাহারা অনুমান করে সকল বিষয়েই তাহারদের অনর্গল উক্তি করিবার ক্ষমতা আছে। সংসারের মধ্যে এই প্রকার ধারা ব্যাপক রূপে চলিত কেননা দৃষ্টিহীন লোকেরাও বর্ণের শোভা এবং চিত্র পটস্থ প্রতিমার দোষাদোষ বর্ণনা করে ও বধির ব্যক্তি গানের তাল বিতালের আড়ম্বর করে এবং যাহারা ধর্ম্মের বিষয়ে কিঞ্চিৎ মাত্র অনুসন্ধান করে নাই তাহারা ধর্ম্ম পুস্তকের শব্দ বোধ অসত্ত্বেও পরমার্থ তত্ত্ব সম্বন্ধীয় উত্তম গ্রন্থে দোষারোপ করে।

৭ এ স্থলে আর এক প্রকার গ্রন্থ বিচারকের নামোল্লেখ করা যাইতে পারে। যে সকল ব্যক্তি স্বয়ং কোন পুস্তক পাঠ না করিয়া ও এবং তদ্বিষয় আলোচনার আমোদে আমোদিত না হইয়াও সঙ্গি জন গণের অভিপ্রায়ানুসারে আপনাদের সদৃশ লোকের প্রমুখাৎ যাহা শ্রবণ করিয়াছে তদনুযায়ি মত ব্যক্ত করত কোন গ্রন্থকারের দোষ গুণ বর্ণনা করে তাহারা

voluble tongue, become mere echoes of the praises or censures of other men.

VIII. There is yet another mischievous principle, which prevails among some persons in passing a judgment on the writings of others; and that is when, from the secret stimulations of vanity, pride, or envy, they despise a valuable book, and throw contempt upon it by wholesale; and, if you ask them the reason of their severe censure, they will tell you, perhaps, they have found a mistake or two in it, or there are a few sentiments or expressions not suited to their tooth and humour. It is a paltry humour that inclines a man to rail at any human performance, because it is not absolutely perfect. Envy condemns by wholesale. Envy is a cursed plant; some fibres of it are rooted almost in every man's nature, and it works in a sly and imperceptible manner, and that even in some persons who in the main are men of wisdom and piety. They know not how to bear the praises that are given to an ingenious author, especially if he be living, and of their profession; and therefore they will, if possible, find some blemish in his writings, that they may nibble and bark at it. They will endeavour to diminish the honor of the best treatise that has been written on any subject, and to render it useless by their censures, rather than suffer their envy to lie asleep, and the little mistakes of that author to pass unexposed. Perhaps they will commend the work in general with a pretend-

অতিশয় বাগাড়ম্বরকারী সুতরাং পরের প্রশংসা অথবা নিন্দাবাদের প্রতিধ্বনি স্বরূপ হয়।

৮ কোন২ লোক আরো এক দুষ্ট অভিপ্রায়ে পরের রচনার বিচার করে অর্থাৎ তাহারা অন্তরে অভিমান অহঙ্কার অথবা ঈর্ষ্যাতে পরিপূর্ণ হইয়া উৎকৃষ্ট গ্রন্থের ও উপেক্ষা করত তাহাকে সম্পূর্ণ রূপে হেয় বোধ করে অথচ কেহ ঐ প্রকার উপেক্ষার হেতু জিজ্ঞাসা করিলে উত্তর দেয় যে তদ্‌গ্রন্থে দুই একটী ভ্রম দেখিয়াছে অথবা এমত কোন শব্দ প্রয়োগ কিম্বা শব্দার্থ আছে যাহা তাহাদের স্বীয় অভিমতানুযায়ি নহে পরন্তু গ্রন্থকারের রচনা নিতান্ত অদোষ নয় বলিয়া যে ব্যক্তি নিন্দা করে সে অতি ক্ষুদ্রাত্মা।

লোকেরা ঈর্ষ্যা প্রযুক্ত অন্যের গ্রন্থের সর্ব্বাংশে দোষারোপ করে অতএব ঈর্ষ্যা এক অশুভ গুল্মের তুল্য হয়। যাবদীয় লোকের হৃদয়ে তাহার যৎকিঞ্চিৎ সঞ্চার আছে কেননা জ্ঞানি এবং ধার্ম্মিক লোকের মনও কখন২ অজ্ঞাতসারে মাৎসর্য্যে পূর্ণ হইয়া থাকে। ঈর্ষ্যান্বিত লোকেরা কোন বুদ্ধি কুশল গ্রন্থকারের প্রশংসা শ্রবণ করিলে সহ্য করিতে পারে না বিশেষতঃ সেই গ্রন্থকার বর্ত্তমান থাকিলে এবং তাহারদের নিজ ব্যবসায়ী হইলে তাহার রচনায় দোষারোপ করিবার চেষ্টায় সাধ্যমতে ক্ষান্ত হয় না এবং কোন বিষয়ে ক্রটি দেখিলে তজ্জন্য নিন্দা করণে বিরত হয় না। তাহারা কোন বিষয়ের অত্যুত্তম গ্রন্থেরও অনাদর করে এবং ঈর্ষ্যা সম্বরণ করত গ্রন্থকারের দুই এক দোষ গোপন করা দূরে থাকুক বরং নিন্দা করিয়া সেই গ্রন্থ নিষ্ফল করিতে চেষ্টা করে। কদাচিৎ সারল্য প্রকাশ করিবার ছলে সামান্য ভাবে গ্রন্থের যৎকিঞ্চিৎ প্রশংসা করিয়া থাকে বটে কিন্তু পরে

ed air of candour; but pass so many sly and invidious remarks upon it afterwards, as shall effectually destroy all their cold and formal praises.

IX. When a person feels any thing of this invidious humour working in him, he may, by the following considerations, attempt the correction of it. Let him think with himself how many are the beauties of such an author whom he censures, in comparison of his blemishes, and remember that it is a much more honourable and good natured thing to find out peculiar beauties than faults; true and undisguised candour is a much more amiable and divine talent than accusation. Let him reflect again, what an easy matter it is to find a mistake in all human authors, who are necessarily fallible and imperfect.

But where an author has many beauties consistent with virtue, piety, and truth, let not little critics exalt themselves, and shower down their ill nature upon him, without bounds or measure; but rather stretch their own powers of soul, till they write a treatise superior to that which they condemn. This is the noblest and surest manner of suppressing what they censure.

A little wit, or a little learning, with a good degree of vanity and ill nature, will teach a man to pour out whole pages of remark and reproach upon one real or fancied mistake of a great and good author; and this may be dressed up by the same talents, and made entertaining enough to the world, which loves reproach

তদ্বিষয়ে এমত শ্লেষ ও কুৎসা করে যে সেই যৎকিঞ্চিৎ প্রশংসা বাদের সম্পূর্ণ ব্যতিক্রম হইয়া যায়।

৯। কোন ব্যক্তি যখন দেখেন যে অন্তঃকরণের মধ্যে ঈর্ষ্যার সঞ্চার হইয়াছে তখন নিম্ন লিখিত বিষয় বিবেচনা করিলে তাহার দমন করিতে পারেন অর্থাৎ তিনি মনে ২ অনুধাবন করিতে পারেন যে যে গ্রন্থকারের নিন্দা করিতেছেন তাহার দোষ অপেক্ষা গুণের কেমন বাহুল্য, এবং স্মরণ করিতে পারেন যে বিশেষ ২ দোষ অন্বেষণ না করিয়া গুণানুসন্ধান করিলে অধিক মহত্ত্ব ও সদাশয়ত প্রকাশ পায়। অপর অকৃত্রিম এবং প্রকৃত সরলতা এক প্রকার দেব গুণ তাহা নিন্দাবাদ অপেক্ষা অধিক মনোনুরঞ্জক হয়। অধিকন্তু বিবেচনা করিতে পারেন যে মনুষ্য জাতির মধ্যে অভ্রান্ত ও নির্দ্দোষ পুরুষ অতি বিরল সুতরাং কোন গ্রন্থকারের রচনায় দোষোদ্ভাবন করা কঠিন নহে।

অপর কোন গ্রন্থকারের গ্রন্থে সুকৃত ধর্ম্মনিষ্ঠা এবং সত্য বিষয়ক রচনার পারিপাট্য থাকিলে ক্ষুদ্রাত্ম বিচারকেরা গর্ব্বিত হইয়া তাঁহার বিপক্ষে অপরিমিত মাৎসর্য্য প্রকাশ করণ অপেক্ষা নিন্দিত গ্রন্থ হইতে উৎকৃষ্ট কোন পুস্তক রচনা করিতে সমর্থ হওনার্থ যত্ন করিতে যেন ক্রটি না করে। এই রূপ যত্ন প্রকাশ করিলেই নিন্দিত গ্রন্থাধ্যয়ন রহিত করিবার প্রধান উপায় হইবে।

অহঙ্কারী এবং মাৎসর্য্যশালী লোকেরা যৎকিঞ্চিৎ বিদ্যা কিম্বা নৈপুণ্য থাকিলে কোন মহৎ এবং উত্তম গ্রন্থকারের একটী যথার্থ কিম্বা কল্পিত ভ্রম দেখিলেই নিন্দাবাদ লিখিয়া অনেকানেক পত্র পরিপূর্ণ করে অপর সেই নিন্দাবাদ চতুরতা পূর্ব্বক করিলে তাহা মৎসর নিন্দক লোকের পক্ষে অতিশয়

and scandal; but if the remarker would but once make this attempt, and try to outshine the author, by writing a better book on the same subject, he would soon be convinced of his own insufficiency, and perhaps might learn to judge more justly and favourably of the performances of other men. A cobbler, or a shoemaker, may find some little fault with the latchet of a shoe that an Apelles had painted, and perhaps with justice too, when the whole figure and portraiture is such as none but Apelles could paint. Every poor ow genius may cavil at what the richest and the noblest has performed; but it is a sign of envy and malice, added to the littleness and poverty of genius, when such a cavil becomes a sufficient reason to pronounce at once against a bright author, and a whole valuable treatise.

X. Another, and that a very frequent fault, in passing a judgment upon books, is this that persons spread the same praises or the same reproaches over a whole treatise, and all the chapters in it, which are due only to some of them. They judge as it were by wholesale, without making a due distinction between the several parts or sections of the performance; and this is ready to lead those, who hear them talk, into a dangerous mistake.

There are other instances of this kind, where men of good sense in the main set up for judges, but they carry too many of their passions about them, and then,

মনোরম্য হয়। কিন্তু নিন্দাবাদক যদি আপনি তদ্বিষয়ে উত্তম পুস্তক রচনা করিয়া ঐ গ্রন্থকারকে পরাস্ত করিতে এক বার চেষ্টা করে তবে স্বীয় অকর্ম্মণ্যতা বুঝিতে পারিয়া নিন্দকতা ত্যাগ করত পরের রচনার যথার্থ বিচার করিতে শিক্ষা পাইবে। এপেলেস নামক মহা চিত্রকর যে ২ প্রতিমার পাদুকা চিত্র করিয়াছেন তন্মধ্যে কোন চর্ম্মকার বহু অনুসন্ধান করিয়া ক্ষুদ্র দোষারোপ করিতে পারে কিন্তু সে প্রতিমার সমুদয় অংশ এপেলেস ব্যতীত আর কেহ চিত্র করিতে পারে না। অতএব মহামহোপাধ্যায়ের রচনাতে ক্ষুদ্র বুদ্ধি লোকেরাও যৎকিঞ্চিৎ দোষ গ্রহ করিতে পারে কিন্তু তাহারা স্বল্পদোষের ছলে মহোপযুক্ত গ্রন্থকারের উজ্জ্বল ও উৎকৃষ্ট পুস্তকের সর্ব্বাংশ নিন্দা করিলে তাহারদের ঈর্ষ্যা মাৎসর্য্য এবং অধমত্ব ও অল্প বুদ্ধি প্রকাশ পাইবে।

১০। গ্রন্থের দোষাদোষ বিবেচনা কালে আর এক বিষয়ে বারম্বার ত্রুটি হইয়া থাকে অর্থাৎ গ্রন্থের কোন অধ্যায়ে যে গুণ কিম্বা দোষ থাকে কেহ ২ তাহা সর্ব্বাংশে আরোপ করে এবং পুস্তকের ভিন্ন ২ অংশের কিম্বা পরিচ্ছেদের যথোচিত প্রভেদ না করিয়া ত্বরায় একে কালে সমুদয় অংশের বিচার করে সুতরাং তাহারদের হইতে শ্রোতৃবর্গেরও ঘোর প্রমাদ জন্মিবার সম্ভাবনা।

এই প্রকার অবিবেচনার অনেক উদাহরণ আছে। যাহারা সুবুদ্ধি, তাহারাও বিচার করিতে উদ্যত হইয়া আপনাদের রাগ দ্বেষানুসারে মীমাংসা করে পরে কোন বিষয়ে গুণ গ্রহণ করিলে এমত অনুরাগী হয় যে নায়ক নায়িকার ন্যায় তাহার উল্লেখ মাত্রে মত্ত হইয়া পড়ে আর

like lovers, they are in rapture at the name of their fair idol; they lavish out all their incense upon that shrine, and cannot bear the thought of admitting a blemish in them.

XI. When you hear any person pretending to give his judgment of a book, consider with yourself whether he be a capable judge, or whether he may not lie under some unhappy bias or prejudice, for or against it; or whether he has made a sufficient inquiry to form his justest sentiments upon it.

Though he be a man of good sense, yet he is incapable of passing a true judgment of a particular book, if he be not well acquainted with the subject of which it treats, and the manner in which it is written, be it verse or prose; or if he has not had an opportunity or leisure to look sufficiently into the writing itself.

Again, though he be never so capable of judging on all other accounts, by the knowledge of the subject, and of the book itself, yet you are to consider also, whether there be any thing in the author, in his manner, in his language, in his opinions, and his particular party, which may warp the sentiments of him that judgeth, to think well or ill of the treatise, and to pass too favourable or too severe a sentence concerning it.

If you find that he is an unfit judge, either because of his ignorance, or because of his prejudices, his judgment of that book should go for nothing.

সেই বিষয়ের সম্যক্ প্রতিষ্ঠা করত তৎসম্বন্ধীয় দোষ শ্রবণে অসহিষ্ণু হয়।

১১ যখন কোন ব্যক্তিকে কোন গ্রন্থের বিষয়ে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিতে শ্রবণ কর তখন বিবেচনা করা কর্ত্তব্য যে তিনি যথার্থ মীমাংসা করণে সক্ষম কি না, আর তাঁহার মনে তৎসম্বন্ধীয় কোন পক্ষপাত আছে কি না, এবং তিনি সূক্ষ্ম বিচার করণার্থ সম্যক্ প্রকার তত্ত্বানুসন্ধান করিয়াছেন কি না। উক্ত ব্যক্তি সুবুদ্ধি পুরুষ হইলেও যদি নির্দ্দিষ্ট গ্রন্থের বিষয় উত্তম রূপে আলোচনা করিয়া না থাকেন এবং গদ্য হউক বা পদ্য হউক গ্রন্থের রচনার ধারায় যদি পারদর্শী না হয়েন অথবা যদি অবকাশ কিম্বা সুযোগের অভাবে উচিত মতে পুস্তক পাঠ করিয়া না থাকেন তবে তিনি তদ্বিষয়ের যথার্থ মীমাংসা করিতে অক্ষম।

অপিচ যদিও বিচারক পুরুষ বিষয় জ্ঞান এবং পুস্তকালোচনা প্রভৃতি গুণের দ্বারা মীমাংসা করিতে সম্পূর্ণ রূপে সক্ষম হয়েন তথাপি ইহাও বিবেচনা কর্ত্তব্য যে গ্রন্থকারের চরিত্র কিম্বা রচনার ধারা অথবা বাক্য বিন্যাস কিম্বা মত অথবা দলের সম্বন্ধে তাঁহার মনে এমত অনুরাগ কিম্বা বিরাগ আছে কি না যে তিনি রাগ দ্বেষে মত্ত হইয়া অত্যুক্তি করত অসঙ্গত প্রশংসা কিম্বা নিন্দা করিবেন।

যদি এমত বোধ হয় যে উক্ত বিচার কর্ত্তা অনভিজ্ঞতা কিম্বা পক্ষপাত বশতঃ যথার্থ মীমাংসা করণে অক্ষম তবে উল্লেখিত গ্রন্থ বিষয়ে তাহার মত কোন প্রকারে গ্রাহ্য নহে।

CHAPTER VI.

OF LIVING INSTRUCTORS AND LECTURES: OF TEACHERS AND LEARNERS.

I. THERE are few persons of so penetrating a genius, and so just a judgment, as to be capable of learning the arts and sciences without the assistance of teachers. There is scarce any science so safely and so speedily learned, even by the noblest genius, and the best books, without a tutor. His assistance is absolutely necessary for most persons, and it is very useful for all beginners. Books are a sort of dumb teachers; they point out the way to learning; but, if we labour under any doubt or mistake, they cannot answer sudden questions, or explain present doubts and difficulties: this is properly the work of a living instructor.

II. There are very few tutors, who are sufficiently furnished with such universal learning as to sustain all the parts and provinces of instruction. The sciences are numerous, and many of them lie far wide of each other; and it is best to enjoy the instruction of two or three tutors at least, in order to run through the whole Encyclopædia, or circle of sciences, where it may be obtained; then we may expect that each will teach the few parts of learning which are committed to his

৬ পরিচ্ছেদ।

সাক্ষাৎ উপদেশকের উপদেশ এবং বক্তৃতা তথা আচার্য্য এবং বিদ্যার্থির বিষয়।

১ গুরূপদেশ বিনা বিদ্যা অথবা শিল্প শিক্ষা করিতে পারে এমত সুবুদ্ধি এবং চতুর লোক সংসারের মধ্যে অত্যল্প। কোন বিদ্যাই ঈদৃশ সহজ নহে যে অতি সূক্ষ্ম বুদ্ধি ছাত্র আচার্য্যের উপদেশ নৈরপেক্ষ্যে কেবল উত্তম২ পুস্তকালোচনা দ্বারা তদ্বিষয় হৃদয়ঙ্গম করণে পারক। অতএব অধিকাংশ লোকের পক্ষে গুরূপদেশ নিতান্ত আবশ্যক বিশেষতঃ বিদ্যারম্ভ কালে সকলেরি পক্ষে কেবল তদ্দ্বারা উপকার সম্ভাবনা। পুস্তকও এক প্রকার শিক্ষকের সদৃশ বটে কিন্তু তাহার কথন শক্তি নাই সুতরাং তাহাতে বিদ্যার পথের নির্দ্দেশ প্রাপ্ত হইলেও ভ্রম কিম্বা সংশয় উপস্থিত হইলে আপাততঃ তাহার মীমাংসা হয় না এবং কোন প্রশ্নের উত্তর পাওয়া যায় না। ফলতঃ প্রশ্নের উত্তর দেওয়া এবং সন্দেহ ভঞ্জন করা সাক্ষাৎ উপদেশকেরই কার্য্য।

২ অধিকাংশ উপদেশক বিদ্যার সর্ব্ব শাখায় প্রগাঢ় ব্যুৎপন্ন নহেন সুতরাং এক ব্যক্তি সর্ব্ব বিষয়ে এবং সর্ব্বাংশে উপদেশ করিতে সক্ষম হয়েন না। অপর বিদ্যার শাখার অন্ত নাই এবং অনেক শাখা পরস্পর বিভিন্ন, অতএব ন্যূন কল্পে দুই তিন শিক্ষকের নিকট পাঠ গ্রহণ করা উচিত তাহাতে সাধ্য মতে বিদ্যা চক্রের সমুদয় অংশ লাভ হইতে পারে। অপিচ পৃথক ২ শিক্ষকের নিকট অধ্যয়ন করিলে তাঁহারা প্রত্যেকে আপন ২ অধ্যাপনার বিষয়ে উত্তম রূপে শিক্ষা দিতে পারি-

care, in greater perfection. But, where this advantage cannot be had with convenience, one great man must supply the place of two or three common instructors.

III. It is not sufficient that instructors be competently skilled in those sciences which they profess and teach; but, they should have skill also in the art or method of teaching, and patience in the practice of it.

It is a great unhappiness indeed, when persons, by a spirit of party, or faction, or interest, or by purchase, are set up for tutors, who have neither due knowledge of science, nor skill in the way of communication. And alas! there are others who, with all their ignorance and in-sufficiency, have self-admiration and effrontery enough to set up themselves: and the poor pupils fare accordingly, and grow lean in their understandings.

And, let it be observed also, there are some very learned men who know much themselves, but have not the talent of communicating their own knowledge; or else they are lazy, and will take no pains at it. Either they have an obscure and perplexed way of talking, or they show their learning uselessly, and make a long periphrasis on every word of the book they explain, or they cannot condescend to young beginners, or they run presently into the elevated parts of the science, because it gives themselves greater pleasure, or they are soon angry and impatient, and cannot bear

বেন। কিন্তু যে স্থলে দুই তিন আচার্য্য দুষ্প্রাপ্য হয় সেখানে এক জন মহামহোপাধ্যায়কে দুই তিন সামান্য শিক্ষকের কার্য্য সমাধা করিতে হইবেক।

৩ আচার্য্যেরা স্বয়ং যে ২ বিদ্যা অধ্যাপনার ভার গ্রহণ করেন কেবল তাহাতেই তাঁহারদের ব্যুৎপত্তি এবং নৈপুণ্য থাকিলে কার্য্য সিদ্ধি হয় না কিন্তু তাহারদের অধ্যাপনার ধারা অবগত হওয়া আবশ্যক এবং অধ্যাপনার্থ উপযুক্ত রূপে ধৈর্য্যাবলম্বন অভ্যাস করাও উচিত।

কোন লোক বিদ্যায় অধিক ব্যুৎপন্ন অথবা অধ্যাপনায় উত্তম রূপ নিপুণ না হইয়াও যদি সপক্ষ লোকদিগের প্রাদুর্ভব বশতঃ অথবা দলাদলির উন্মাদে মত্ততা প্রযুক্ত কিম্বা সুহৃজ্জনের অনুরোধ অথবা অর্থ ব্যয় দ্বারা আচার্য্যের পদ প্রাপ্ত হয় তবে তাহা সৌভাগ্যের বিষয় হয় না। অপর কোন ২ লোক এমত আত্মশ্লাঘী এবং নির্লজ্জ যে স্বয়ং অনভিজ্ঞ এবং অক্ষম হইয়াও আচার্য্যাভিমানী হয়, তাহার-দের শিষ্যেরা অতি দুর্ভাগ্য, তাহারদের বুদ্ধি উন্নতি প্রাপ্ত না হইয়া ক্রমশ খর্ব্ব হয়।

এ স্থলে ইহাও বক্তব্য যে কোন ২ সুপণ্ডিত লোক প্রগাঢ় বিদ্যাবান হইয়াও স্ব২ মনোগত বিদ্যা প্রচারণে অক্ষম, অথবা দীর্ঘ সূত্রিতা প্রযুক্ত তদর্থ নিতান্ত অযত্ন। উক্ত প্রকার আচার্য্যেরা বহুলভাবে অস্পষ্ট বাক্য প্রয়োগ করিয়া মহা গোলযোগ করে কিম্বা অভিমানী হইয়া বৃথা বিদ্যা প্রকাশ করে অথবা গ্রন্থ ব্যাখ্যা কালে কোন ২ শব্দ লইয়া বৃথা বাগাড়ম্বর করে কিম্বা অহঙ্কার প্রযুক্ত নব্য ছাত্রের দিগের শিক্ষার প্রতি ভ্রূক্ষেপ না করিয়া আপনারদের মনস্তুষ্টির নিমিত্ত হঠাৎ বিদ্যার দুরূহ শাখার প্রসঙ্গ করে কিম্বা অধৈর্য্য

with a few impertinent questions of a young, inquisitive, and sprightly genius; or else they skim over a science in a very slight and superficial survey, and never lead their disciples into the depths of it.

IV. A good tutor should have characters and qualifications very different from all these. He is such an one as both can and will apply himself with diligence, and concern, and indefatigable patience, to effect what he undertakes; to teach his disciples, and see that they learn; to adapt his way and method, as near as may be, to the various dispositions, as well as to the capacities of those whom he instructs, and to inquire often into their progress and improvement.

And he should take particular care of his own temper and conduct, that there be nothing in him, or about him, which may be of ill example; nothing that may savour of a haughty temper, a mean and sordid spirit; nothing that may expose him to the aversion or to the contempt of his scholars, or create a prejudice in their minds against him and his instructions; but, if possible, he should have so much of natural candour and sweetness, mixed with all the improvements of learning, as may convey knowledge into the minds of his disciples with a sort of gentle insinuation and sovereign delight, and may tempt them into the highest improvements of their reason by a resistless and insensible force. But I shall have occasion to say more on

বশতঃ শীঘ্র কুপিত হইয়া প্রখর বুদ্ধি নব্য বিদ্যার্থির প্রশ্ন অসঙ্গত বোধ হইলে সহিষ্ণুতা করিতে পারে না অথবা ত্বরায় কোন বিদ্যার যৎসামান্য প্রসঙ্গ করিয়া ছাত্রগণকে তাহার পারদর্শনে বঞ্চিত করে।

৪ কিন্তু সদুপদেশকের লক্ষণ উপরি লিখিতের সম্পূর্ণ বিপরীত। সদুপদেশক ধৈর্য্য ও অবিশ্রান্ত যত্ন পূর্ব্বক মনো-যোগী হইয়া সঙ্কল্পিত সকল কার্য্যই সম্পন্ন করিতে পারেন এবং তদর্থ অনুরাগী হয়েন। তিনি উপদেশ দানে প্রবৃত্ত হইয়া উত্তম কৌশল প্রকাশ করেন তাহাতে তাঁহার অধ্যা-পনার ধারা এবং রীতি ছাত্রদিগের বিবিধ সভাব এবং ক্ষমতার উপযুক্ত হয়, এবং তিনি বারমার তাহারদের ব্যুৎপত্তি ও বিদ্যোপার্জ্জন পরীক্ষা করিয়া দেখেন।

অধ্যাপকের বিশেষ রূপে সাবধান হওয়া কর্ত্তব্য যেন তাঁহার মনের ভাব এবং আচার ও চরিত্রে এমত কোন চিহ্ন না থাকে যাহা দেখিলে শিষ্যেরদিগের ব্যবহারে কোন দোষ জন্মিতে পারে, আর তাঁহার অন্তঃকরণে যেন গর্ব্ব না থাকে, এবং তিনি যেন কোন মতে নীচ প্রকৃতি না হয়েন, অপর শিষ্যেরদের মনে তাঁহার প্রতি ঘৃণা বা হেয়জ্ঞান অথবা তাঁহার কিম্বা তাঁহার উপদেশের প্রতি বিরাগ জন্মিবার কোন হেতু যেন তিনি স্বয়ং প্রকাশ না করেন। কিন্তু তাঁহার বহুল বিদ্যার ন্যায় যেন স্বাভাবিক সরলতা ও মাধুর্য্য প্রকাশ পায় আর তাহাতে যেন শিষ্যেরদের মনে সহজে জ্ঞান সঞ্চয় হয় এবং বিদ্যানুশীলনে আমোদ জন্মে, অপর তদ্দারা শিষ্যের-দের যুক্তি অনুশীলনে যেন দৃঢ়তর প্রবৃত্তি হয়। বিদ্যা প্রচার-ণের ধারার প্রসঙ্গে বক্তৃতা কালে এ বিষয়ে আরো অনেক

this subject, when I come to speak more directly of the methods of the communication of knowledge.

V. The learner should attend with constancy and care on all the instructions of his tutor; and, if he happens to be at any time unavoidably hindered, he must endeavour to retrieve the loss by double industry for time to come. He should always recollect and review his lectures, read over some other author or authors upon the same subject, confer upon it with his instructor, or with his associates, and write down the clearest result of his present thoughts, reasonings, and inquiries, which he may have recourse to hereafter, either to re-examine them, and to apply them to proper use, or to improve them further to his own advantage.

VI. A student should never satisfy himself with bare attendance on the lectures of his tutor, unless he clearly takes up his sense and meaning, and understands the things which he teaches. A young disciple should behave himself so well as to gain the affection and ear of his instructor, that upon every occasion he may, with the utmost freedom, ask questions, and talk over his own sentiments, his doubts and difficulties, with him, and in a humble and modest manner desire the solution of them.

VII. Let the learner endeavour to maintain an honorable opinion of his instructor, and heedfully listen to his instructions, as one willing to be led by a

কথা বক্তব্য হইবে এ কারণ এস্থলে এতদ্বিষয়ে আর লিপি বাহুল্য করিব না।

৫ ছাত্রেরদের কর্ত্তব্য যে মনঃ স্থৈর্য্য এবং যত্ন পূর্ব্বক গুরুর সমস্ত উপদেশ অবধান করে, যদি কখন দৈবাৎ মনোযোগে ত্রুটি হয় তবে দ্বিগুণ পরিশ্রম করিয়া সে ত্রুটি মোচন করা কর্ত্তব্য, অপর গুরূপদেশ স্মরণ করিয়া মনে ২ সর্ব্বদা তদ্বিষয় অনুধাবন করা উচিত এবং ঐ প্রসঙ্গে অন্যান্য গ্রন্থকারের উক্তি পাঠ করা পরামর্শ সিদ্ধ। অপিচ শিক্ষক অথবা সঙ্গিগণের সহিত বারম্বার আন্দোলন করিয়া মনের উপস্থিত ভাব বিচার এবং অনুসন্ধানের বিষয় লিপিবদ্ধ করা কর্ত্তব্য। ছাত্রেরা ঐ রূপ লিপি বদ্ধ কথা পরে দ্বিতীয় বার পরীক্ষা করত তাহা উপযুক্ত বিষয়ে প্রয়োগ করিতে অথবা কেবল স্বকীয় ব্যুৎপত্তি বৃদ্ধির নিমিত্ত আলোচনা করিতে পারিবে।

৬ বিদ্যার্থি পুরুষের কর্ত্তব্য নহে যে গুরূপদেশ শ্রবণানন্তর স্পষ্ট রূপে তাৎপর্য্য গ্রহ এবং উপদিষ্ট বিষয় হৃদয়ঙ্গম না করিয়া কেবল আচার্য্যের বক্তৃতা কালে শ্রবণার্থ উপস্থিত হয়। ছাত্রের উচিত যে সদাচরণ ও শুশ্রূষা দ্বারা গুরুর অনুরাগ ভাজন হয় তাহাতে সর্ব্ব বিষয়ে সাহস পূর্ব্বক জিজ্ঞাস্য কথার উল্লেখ করিতে পারিবে এবং সকীয় মনের ভাব ও সংশয় প্রকাশ করিয়া সবিনয় বচনে তাহার মীমংসা প্রার্থনা করিতে সক্ষম হইবে।

৭ ছাত্রের কর্ত্তব্য যে গুরুর প্রতি শ্রদ্ধা করিতে চেষ্টা করে এবং এক পারদর্শি শিক্ষকের শাসনে চলিতে ইচ্ছুক হইয়া যত্ন পূর্ব্বক তাঁহার শিক্ষাতে অবধান করে।

more experienced guide: and, though he is not bound to fall in with every sentiment of his tutor, yet he should so far comply with him as to resolve upon a just consideration of the matter, and try and examine it thoroughly with an honest heart, before he presume to determine against him. And then it should be done with great modesty, with a humble jealousy of himself, and apparent unwillingness to differ from his tutor, if the force of argument and truth did not constrain him.

VIII. It is a frequent and growing folly in our age, that pert young disciples soon fancy themselves wiser than those who teach them; at the first view, or upon a very little thought, they can discern the insignificancy, weakness, and mistake of what their teacher asserts. The youth of our day, by an early petulancy, and pretended liberty of thinking for themselves, dare reject at once, and that with a sort of scorn, all those sentiments and doctrines which their teachers have determined, perhaps after long and repeated consideration, after years of mature study, careful observation, and much prudent experience.

IX. It is true, teachers and masters are not infallible, nor are they always in the right; and, it must be acknowledged, it is a matter of some difficulty for younger minds to maintain a just and solemn veneration for the authority and advice of their parents, and the instructions of their tutors, and yet at the same

যদিও ছাত্র গুরুর সকল মত গ্রাহ্য করিতে বাধিত নহে তথাপি তাহার কর্ত্তব্য যে গুরুর মত অগ্রাহ্য করিবার পূর্ব্বে যথোচিত সম্মান পুরঃসর তদ্বিষয়ের সূক্ষ্ম বিবেচনা করে এবং সরল চিত্তে তাহার তথ্য পরীক্ষা করে। বিবেচনানন্তর যদি গুরুর মত অগ্রাহ্য করিতে হয় তবে বিনয়ান্বিত হইয়া তাহা ত্যাগ করা উচিত অর্থাৎ সে সময়ে যেন আপনার মতি ভ্রমের আশঙ্কায় ভয় প্রকাশ হয় এবং সত্য ও যুক্তি বলে আকৃষ্ট না হইলে গুরুর বিরুদ্ধ পক্ষ হইতে ইচ্ছা ছিল না এমত ভাব প্রকাশ হয়।

৮ এ সময়ে এই এক মহৎ দোষের পুনঃ২ প্রাদুর্ভাব হইয়া থাকে নব্য শিষ্যেরা স্পর্দ্ধা করিয়া মনে ২ অভিমান করে যে আমরা গুরু অপেক্ষা অধিক জ্ঞানী হইয়াছি। তাহারা এক বার মাত্র দৃষ্টি করিয়া অথবা অত্যল্প ক্ষণ চিন্তা করিয়া গুরুর অল্প বুদ্ধি প্রমাদ এবং মতিভ্রম দেখিতে পায়। বর্ত্তমান কালের যুবক বৃন্দ অল্প বয়সে অভিমানী হইয়া এবং স্বতন্ত্র মত স্থাপনে বাধা নাই এই ভাবিয়া গুরূপদিষ্ট সমস্ত মত এবং বচন সাহস পূর্ব্বক উপেক্ষা করত অগ্রাহ্য করে কিন্তু গুরু অনেক দিবস পর্য্যন্ত বারম্বার চিন্তা করিয়া এবং বহু বৎসর পর্য্যন্ত মনোযোগ পূর্ব্বক অধ্যয়ন করিয়া তথা স্থির বুদ্ধিতে পরীক্ষা করিয়া সেই মত স্থির করিয়াছিলেন।

৯ আচার্য্য এবং গুরু অভ্রান্ত নহেন এবং তাঁহার-দের মত সর্ব্বদাই যথার্থ হয় এমত নহে, আর ইহাও সত্য বটে যে নব্য বিদ্যার্থির পক্ষে পিতৃবাক্য এবং গুরূপদেশে

time to secure to themselves a just freedom in their own thoughts. We are sometimes too ready to imbibe all their sentiments without examination, if we reverence and love them; or, on the other hand, if we take all freedom to contest their opinions, we are sometimes tempted to cast off that love and reverence to their persons which God and nature dictate. Youth is ever in danger of these two extremes.

X. But I think I may safely conclude thus: though the authority of a teacher must not absolutely determine the judgment of his pupil, yet young, raw, and inexperienced learners should pay all proper deference that can be to the instructions of their parents and teachers, short of absolute submission to their dictates. Yet still we must maintain this, that they should never receive any opinion into their assent, whether it be conformable or contrary to the tutor's mind, without sufficient evidence of it first given to their reasoning powers.

CHAPTER VII.

OF LEARNING A LANGUAGE.

The first thing required in reading an author, or in hearing lectures of a tutor, is that you well understand

যথার্থ শ্রদ্ধা করিয়া নিরপেক্ষ চিত্তে চিন্তা শক্তির অনুশীলন অতি কঠিন। গুরুর প্রতি ভক্তি ও শ্রদ্ধা থাকিলে পরীক্ষা না করিয়া তাঁহার সকল কথাই আপ্ত বলিয়া গ্রাহ্য করিতে কখন ২ দৃঢ় প্রবৃত্তি হয়, আর তাঁহার কথায় তর্ক করণে হানি নাই ইহা জ্ঞান করিলে তাঁহার প্রতি লোকতঃ ধর্ম্মতঃ যে ভক্তি ও শ্রদ্ধা করা উচিত তাহাতে বারম্বার ত্রুটি করিতে বাসনা হয়, সুতরাং নব্য লোকের আচরণে এই দুই বিরুদ্ধ দোষ জন্মিবার সম্ভাবনা আছে।

১০ আমার বোধ হয় উপরি উক্ত বিষয়ের এই রূপ সিদ্ধান্ত করিলে দোষ নাই, গুরু বাক্যে সম্পূর্ণ নির্ভর রাখিয়া বিচারের অবসান করা অকর্ত্তব্য বটে কিন্তু নব্য বিদ্যার্থিগণের বুদ্ধি পক্ক নহে এবং সকল বিষয়ে পারদর্শিতাও নাই একারণ পিতৃ ও গুরু বাক্যে যথোচিত শ্রদ্ধা করা কর্ত্তব্য কেবল তাঁহারদের অনুরোধে একেবারে যুক্তিকে ত্যাগ করিবে না। অধিকন্তু কোন কথা গুরুর অভিমত হউক বা না হউক উপযুক্ত প্রমাণ দ্বারা পরীক্ষা না করিয়া তাহা সত্য বলিয়া গ্রাহ্য করা কর্ত্তব্য নহে।

৭ পরিচ্ছেদ।

ভাষা শিক্ষার বিষয়।

গ্রন্থাধ্যয়ন করিতে অথবা গুরূপদেশ শুনিতে হইলে যে ভাষায় গ্রন্থ রচিত হইয়াছে অথবা উপদেশ প্রচার হয়

the language in which they write or speak. Living languages, or such as are the native tongue of any nation in the present age, are more easily learned and taught by a few rules, and much familiar converse, joined to the reading some proper authors. The dead languages are such as cease to be spoken in any nation; and even these are more easy to be taught, (as far as may be), in that method wherein living languages are best learned; i. e. partly by rule, and partly by rote or custom. And it may not be improper in this place to mention a very few directions for that purpose.

I. Begin with the most necessary and most general observations and rules which belong to that language, compiled in the form of a grammar; and these are but few in most languages. The regular declensions, and variation of nouns and verbs, should be early and thoroughly learned by heart, together with twenty or thirty of the plainest and most necessary rules of syntax.

But let it be observed, that in almost all languages some of the very commonest nouns and verbs have many irregularities in them; and these should be learned among the first rules and variations; because they continually occur.

But, as to other words which are less frequent, let but few of the anomalies or irregularities of the tongue be taught among the general rules to young beginners.

তাহা প্রথমতঃ উত্তম রূপে অবগত হওয়া আবশ্যক। যে ২ ভাষা মানব মণ্ডলীতে এক্ষণে চলিত অর্থাৎ যাহা কোন ২ দেশস্থ লোকের জাতীয় ভাষা তাহার কতিপয় সূত্র পাঠ করিলে কথোপকথন এবং উত্তম ২ গ্রন্থাধ্যয়ন দ্বারা সে ভাষার শিক্ষা সহজে হয়। যে ভাষা কোন জাতীয় লোকের মধ্যে চলিত নহে তাহাকে লুপ্ত ভাষা কহা যায় কিন্তু সে সকল ভাষাও চলিত ভাষা শিক্ষার রীত্যনুসারে যথাসাধ্য অবগত হওয়া যাইতে পারে অর্থাৎ সূত্র পাঠ এবং অভ্যাস কিম্বা চালনা করিলে তাহাতেও ব্যুৎপত্তি জন্মিতে পারে অতএব এ স্থলে ভাষা শিক্ষা করিবার কতিপয় নিয়ম লেখা অনুপযুক্ত নহে।

১ কোন ভাষা শিক্ষা করিতে উদ্যত হইলে প্রথমতঃ তদ্ব্যাকরণ সংক্রান্ত অতি প্রয়োজনীয় সাধারণ নিয়ম এবং সূত্র হৃদয়ঙ্গম করিতে হইবে। অধিকাংশ ভাষাতে সে প্রকার নিয়ম অনেক নহে। আদৌ শব্দ রূপ এবং ধাতু রূপ করণের রীতি ও পদ সাধনের সূত্র তথা বাক্য বিন্যাসের স্পষ্ট এবং প্রয়োজনীয় বিংশতি অথবা ত্রিংশৎ নিয়ম সম্যক্ প্রকারে কণ্ঠস্থ করা কর্ত্তব্য।

পরন্তু ইহা মনে রাখা কর্ত্তব্য যে প্রায় সকল ভাষাতে বিশেষ ২ সূত্রানুসারে কোন ২ অতি প্রসিদ্ধ শব্দ রূপ এবং ধাতু রূপ হইয়া থাকে, সেই সকল সূত্রের প্রয়োগ সর্ব্বদা দেখা যায় অতএব সর্ব্বাগ্রে তাহা অবগত হওয়া উচিত।

যে ২ শব্দ অতিশয় প্রসিদ্ধ নহে তদ্বিষয়ক কএটী বিশেষ উদাহরণ সাধারণ নিয়মের সহিত নব্য বিদ্যার্থির নিকট নির্দ্দেশ করা নিতান্ত আবশ্যক। বিশেষ ২ সূত্রের অধিকাংশ পরে টীকার ন্যায় ব্যুৎপন্ন ছাত্রের পাঠ্য হইতে

These will better come in afterwards to be learned by advanced scholars in a way of notes on the rules. Or they may be learned by examples alone, when they do occur; or by a larger and more complete system of grammar, which descends to the more particular forms of speech.

II. As the grammar by which you learn any tongue should be very short at first, so it must be written in a tongue with which you are well acquainted, and which is very familiar to you.

The tiresome and unreasonable method of learning the Latin tongue by a grammar with Latin rules would appear even to those masters who teach it so, in its proper colours of absurdity and ridicule, if those very masters would attempt to learn the Chinese or Arabic tongue, by a grammar written in the Chinese or Arabic language.

III. At the same time when you begin the rules begin also the practice. Choose such a book whose style is simple, and the subject of discourse very plain, obvious, and not hard to be understood. Many little books have been composed with this view. But let the higher poets, and orators, and historians, and other writers whose language is more laboured, and whose sense is more remote from common life, be rather kept out of sight, till there be some proficiency made in the language.

IV. Here it may be useful also to appoint the learn-

পারে অথবা কেবল প্রয়োগ ও উদাহরণ দেখিয়া সে সকল সূত্রের শিক্ষা হইতে পারে কিম্বা বিশেষ২ পদ জ্ঞাপক কোন বৃহৎ ব্যাকরণ দ্বারা তাহাতে ব্যুৎপত্তি জন্মিতে পারে।

২ কোন ভাষা শিক্ষা করণার্থ প্রথমতঃ যেমন সংক্ষিপ্ত ব্যাকরণ পাঠ করা কর্ত্তব্য তদ্রূপ পরিচিত ভাষায় রচিত ব্যাকরণ অধ্যয়ন করাও পরামর্শ সিদ্ধ।

লাটিন ভাষায় রচিত ব্যাকরণের সূত্র দ্বারা লাটিন ভাষা শিক্ষা করা অপরামর্শ এবং বহু পরিশ্রম সাধ্য। যে২ আচার্য্যেরা ঐ ধারা অবলম্বন করিয়া ছাত্রগণকে উপদেশ করেন তাঁহারা যদি আপনারা আরবি অথবা চীন ভাষায় রচিত ব্যাকরণ সহকারে আরবি কিম্বা চীন ভাষার পাঠ লইয়া দেখেন তবে উক্ত প্রথার অসঙ্গতি এবং ব্যর্থতা বুঝিতে পারিবেন।

৩ ব্যাকরণ শিক্ষা কালে সূত্রের প্রয়োগও শিখিতে যত্ন করিও। অপর সূত্রের প্রয়োগ আলোচনা করিবার নিমিত্ত এমত কোন গ্রন্থ অবলম্বন করিও যাহাতে সহজ২ শব্দ আছে এবং যাহার বিষয়ও অকঠিন প্রযুক্ত অনায়াসে বোধ গম্য হয়। এই প্রকার অনেকানেক ক্ষুদ্র গ্রন্থ রচিত আছে। ভাষায় সমীচীনা ব্যুৎপত্তি জন্মিবার পূর্ব্বে মহাকবি এবং সদ্বক্তা কিম্বা ইতিহাস রচক প্রভৃতি দুরূহ শব্দ প্রয়োগকারি এবং গূঢ় তাৎপর্য্য প্রকাশক গ্রন্থকারদের প্রণীত পুস্তকে হস্তক্ষেপ করিও না।

৪ এ স্থলে অপর বক্তব্য এই যে ছাত্রকে কোন উত্তম অভিধানে সামান্যতঃ ব্যবহার্য্য বিশেষ্য বিশেষণ সর্ব্বনাম ধাতু প্রভৃতি পদ কণ্ঠস্থ করিতে দেওয়া উচিত তাহা করিলে

er to get by heart the more common and useful words, both nouns and adjectives, pronouns and verbs, out of some well formed and judicious vocabulary. This will furnish him with names for the most familiar ideas.

V. As soon as ever the learner is capable, let the tutor converse with him in the tongue which is to be learned; thus he will acquaint himself a little with it by rote as well as by rule, and by living practice as well as by reading the writings of the dead. For, if a child of two years old by this method learns to speak his mother tongue, I am sure the same method will greatly assist and facilitate the learning of any other language to those who are older.

VI. The translations, which the learner has made, should be well corrected by the master, and then they should be translated back again, for the next day's exercise, while the author is withheld from him.

But let the foolish custom of employing every silly boy to make themes, or declamations, and verses upon moral subjects, in a strange tongue, before he understands common sense, even in his own language, be abandoned and cashiered for ever.

VII. Let this be always carefully observed, that the learners perfectly understand the sense as well as the language of all those rules, lessons, or paragraphs which they attempt to commit to memory. Let the teacher possess them of their true meaning, and then the labour will become easy and pleasant; whereas to

তিনি সামান্য চলিত শব্দের অর্থ হৃদয়ঙ্গম করিতে পারিবেন।

৫ ছাত্রের যৎকিঞ্চিৎ ব্যুৎপত্তি জন্মিলেই অধ্যাপকের কর্ত্তব্য যে তাহার সহিত শিক্ষিতব্য ভাষায় কথোপকথন করেন তাহা হইলে ছাত্র অভ্যাস সূত্রস্মরণ চালনা এবং মৃত লোকদিগের গ্রন্থাধ্যয়ন প্রভৃতি সকল উপায়েই জ্ঞান লাভ করিতে পারিবে। শিশুরা ঐ ধারায় দুই বৎসর বয়ঃক্রম কালে মাতৃভাষাতে কথোপকথন করিতে শিক্ষা করিয়া থাকে অতএব সেই ধারা অবলম্বন করিলে অধিক বয়স্ক লোকেরাও অন্যান্য ভাষানুশীলনে সাহায্য প্রাপ্ত হইবে।

৬ ছাত্র কোন বিষয়ের অনুবাদ করিলে গুরুর কর্ত্তব্য তাহা শোধন করিয়া পর দিনে তাহা পুনশ্চ মূল ভাষায় অনুবাদ করিতে আদেশ করেন এবং তৎকালে মূল গ্রন্থ ছাত্রের দৃষ্টি পথের বহির্ভূত করিয়া রাখেন।

কিন্তু মূর্খ বালককে নীতি শাস্ত্র বিষয়ে অপরিচিত ভাষায় মহা বাগাড়ম্বর পূর্ব্বক গদ্য পদ্য রচনা করিতে আদেশ করা অতি অনুচিত, অতএব স্বকীয় ভাষায় সামান্য রূপ বোধ জন্মিবার পূর্ব্বে ছাত্রকে ঐ রূপ রচনা করিতে নিযুক্ত করিবার প্রথা শীঘ্র রহিত করা কর্ত্তব্য।

৭ শিক্ষকদিগের এ বিষয়ে যত্ন পূর্ব্বক সাবধান হওয়া উচিত যেন ছাত্রেরা যে ২ সূত্র অথবা পদ কিম্বা শব্দ কণ্ঠস্থ করিতে চেষ্টা করে তাহার অর্থ এবং তাৎপর্য্য সম্পূর্ণ রূপে অবগত হয়। শিক্ষক যথার্থ অর্থের ব্যাখ্যা করিয়া দিলে ছাত্রের পক্ষে শব্দ কণ্ঠস্থ করা সহজ এবং সুখ দায়ক হইবে কিন্তু কোন বালককে অর্থ বুঝাইয়া না দিয়া অপরিচিত শব্দ

impose on a child to get by heart a long scroll of unknown phrases or words, without any ideas under them, is a piece of useless tyranny, a cruel imposition, and a practice fitter for a jackdaw, or a parrot, than for any thing that wears the shape of a man.

VIII. When a language is learned, if it be of any use at all, it is a pity it should be forgotten again. It is proper, therefore, to take all just opportunities to read something frequently in that language, when other necessary and important studies will give you leave. As in learning any tongue, dictionaries, which contain words and phrases, should be always at hand, so they should be ever kept within reach by persons who would remember a tongue which they have learned. Nor should we at any time content ourselves with a doubtful guess at the sense or meaning of any words, which occur, but consult the dictionary which may give us certain information, and thus secure us from mistake. It is mere sloth which makes us content ourselves with uncertain guesses; and indeed this is neither safe nor useful for persons who would learn any language or science, or have a desire to retain what they have acquired.

IX. When you have learned one or many languages never so perfectly, take heed of priding yourself in these acquisitions; they are but mere treasures of words, or instruments of true and solid knowledge, and whose chief design is to lead us into an acquain-

এবং পদ কণ্ঠস্থ করিতে উত্তেজনা করিলে তাহার প্রতি অনর্থক নিষ্ঠুরতা প্রকাশ হইবে এবং তাহার বৃথা ক্লেশ বৃদ্ধি হইবে। সে ক্লেশ বিবেকি মনুষ্যের পক্ষে অর্শে না বরং বিবেকহীন কাক এবং শুক ইত্যাদি পক্ষির প্রতি উপযুক্ত হয়।

৮ কোন ভাষা যদি নিতান্ত নিষ্প্রয়োজন না হয় তবে তাহা শিক্ষা করিয়া বিস্মৃত হওয়া মহা আক্ষেপের বিষয় একারণ তদভিজ্ঞ জনের কর্ত্তব্য যে আবশ্যক কর্ম্ম হইতে অবসর পাইলে সুযোগ মতে বারম্বার তাহাতে কোন গ্রন্থ অধ্যয়ন করেন। শিক্ষিতব্য ভাষা শিক্ষা করিবার সময় যেমত শব্দ ও পদ এবং তদর্থ জ্ঞানার্থ অভিধান সর্ব্বদা স্বনিকটে রাখিতে হয় শিক্ষিত ভাষা স্মরণে রাখিবার নিমিত্তও তদ্রূপ কোন এক খান কোষ অহরহ সমীপে রাখা কর্ত্তব্য। অপিচ কোন শব্দের প্রয়োগ দেখিলে তাহার অর্থ যদি নিশ্চয় রূপে উপলব্ধ না হয় তবে কেবল তাহার তাৎপর্য্য কিম্বা ভাব অনুমান করিয়া সন্তুষ্ট হওয়া উচিত হয় না, অভিধানে তদর্থ দৃষ্টি করা উচিত, তাহা করিলে নিশ্চয় জ্ঞান জন্মিবে এবং ভ্রম সম্ভাবনা থাকিবে না। শব্দের অর্থ অনুমান করিয়া সন্তুষ্ট থাকিলে কেবল দীর্ঘ সূত্রিতা প্রকাশ পায়, যাহারা ভাষা কিম্বা বিদ্যা শিক্ষা করিতে অথবা স্মরণে রাখিতে বাঞ্ছা করে তাহারদের পক্ষে তাদৃশ দীর্ঘ সূত্রিতায় মহা ব্যাঘাত করে।

৯ যদিও তুমি কোন ২ ভাষাতে অতিশয় ব্যুৎপন্ন হও তথাপি তজ্জন্য গর্ব্ব করিও না। ভাষা জানিলে কেবল শব্দ জ্ঞান হয়, তাহা যথার্থ এবং প্রগাঢ় বিদ্যার উপায় মাত্র,

tance with things, or to enable us the more easily to convey those ideas or that knowledge to others. An acquaintance with the various tongues is nothing else but a relief against the mischief which the building of Babel introduced; and, were I master of as many languages as were spoken at Babel, I should make but a poor pretence to true learning, or knowledge, if I had not clear and distinct ideas, and useful notions in my head, under the words which my tongue could pronounce. Yet so unhappy a thing is human nature, that this sort of knowledge of sounds and syllables is ready to puff up the mind with vanity, more than the most valuable and solid improvements of it. The pride of a grammarian, or a critic, generally exceeds that of a philosopher.

CHAPTER VIII.

OF INQUIRING INTO THE SENSE AND MEANING OF ANY WRITER OR SPEAKER.

It is a great unhappiness that there is such an ambiguity in words and forms of speech, that the same sentence may be drawn into different significa-

তাহার মুখ্য তাৎপর্য্য এই যে আমরা তদ্দ্বারা স্বয়ং বস্তু তত্ত্ব হৃদয়ঙ্গম করি এবং পরের প্রতি সহজে প্রচার করি। বাবেলের প্রাসাদ নির্ম্মাণ কালে মনুষ্য জাতি পরস্পরের শব্দ উপলব্ধ করণ শক্তিতে বঞ্চিত হইয়াছিল, পরে নানা প্রকার ভাষা শিক্ষা করাতে সেই অসৌভাগ্য হইতে মুক্ত হয়। যদিও বাবেল দেশে যে ২ ভাষা চলিত হইয়াছিল আমি সে সকলে ব্যুৎপন্ন হই তথাপি মনের মধ্যে স্পষ্ট অনুভব না থাকিলে এবং রসনা দ্বারা উচ্চারিত শব্দের তাৎপর্য্য গ্রহ না হইলে যথার্থ জ্ঞানী অথবা পণ্ডিত নামধেয় হইতে পারি না, কিন্তু মনুষ্য জাতির এমত অসৌভাগ্য যে লোকে কেবল বাক্য ও শব্দের আড়ম্বর করিয়া শীঘ্র অভিমানে পরিপূর্ণ হয় পরন্তু সেই বাক্য অবলম্বন করিয়া প্রগাঢ় জ্ঞান লাভ করিলে তাদৃশ আত্মশ্লাঘা জন্মে না ফলে বৈয়াকরণ এবং ভাষার দোষাদোষ বিচারক পণ্ডিত দার্শনিক পণ্ডিতাপেক্ষাও অধিক আত্মশ্লাঘী হয়।

৮ পরিচ্ছেদ।

কোন গ্রন্থকার কিম্বা লেখকের শব্দার্থ ও তাৎপর্য্য বিবেচনার বিষয়।

নানার্থ শব্দ ও পদ থাকাতে এক কথার ভিন্ন ২ অর্থ প্রতিপ্রাদ্য হয় ইহাকে মহা অসৌভাগ্যের বিষয় বলিতে হইবে কেননা এই কারণে গ্রন্থকার কিম্বা বক্তার মনোগত

tions; whereby it comes to pass, that it is difficult some. times for the reader exactly to hit upon the ideas which the writer or speaker had in his mind. Some of the best rules to direct us herein are such as these.

I. Be well acquainted with the tongue itself, or language, wherein the author's mind is expressed. Learn not only the true meaning of each word, but the sense which those words obtain, when placed in such a particular situation and order. Acquaint yourself with the peculiar power and emphasis of the several modes of speech, and the various idioms of the tongue. The secondary ideas, which custom has superadded to many words, should also be known, as well as the particular and primary meaning of them, if we would understand any writer.

II. Consider the signification of those words and phrases, more especially in the same nation, or near the same age in which that writer lived, and in what sense they are used by authors of the same nation, opinion, sect, party, &c.

III. Compare the words and phrases in one place of an author with the same or kindred words and phrases used in other places of the same author, which are generally called parallel places; and, as one expression explains anothor which is like it, so sometimes a contrary expression will explain its contrary. Remember always that a writer best interprets himself.

IV. Consider the subject of which the author is

তাৎপর্য্য শুদ্ধ রূপে গ্রহণ করা পাঠকের পক্ষে কঠিন হইয়া উঠে অতএব তাৎপর্য্য গ্রহের কতিপয় উত্তম ২ নিয়ম নীচে লেখা যাইতেছে।

১ যে ভাষাতে গ্রন্থকারের অভিপ্রায় উক্ত হইয়াছে তাহা উত্তম রূপে শিক্ষা কর, অপর প্রত্যেক শব্দের সামান্য অর্থ শিক্ষা করিয়া কোন বিশেষ প্রয়োগে তাহার কি অর্থান্তর হয় তাহাও অবগত হও, আর সমস্ত পদ এবং বিভক্তির শক্তি ও বাক্যের বিশেষ ২ ধারাও জানিতে যত্ন কর। অধিকন্তু গ্রন্থকারের তাৎপর্য্য গ্রহ করণার্থ তোমার আবশ্যক যে শব্দের মুখ্যার্থ ব্যতীত প্রয়োগ এবং ব্যবহার দ্বারা আনু-সঙ্গিক যে ২ তাৎপর্য্য নির্ণীত হইয়াছে তাহাও শিক্ষা কর।

২ গ্রন্থকার যে দেশে ও যে কালে জন্মিয়া ছিলেন তদ্দেশে ও তৎকালে তাঁহার লিখিত বচনে কি অর্থ প্রতিপন্ন হইত এবং তাঁহার স্বজাতীয় অথবা নিজ দলস্থ কিম্বা সসম্প্রদায়িক কিম্বা সদৃশ মতাবলম্বি গ্রন্থকারেরা সেই সকল বচন কি অর্থে প্রয়োগ করেন তাহাতে বিশেষ মনোযোগ কর।

৩ গ্রন্থকারের এক স্থলের বচন তৎসদৃশ অন্য স্থলে অবিকল অথবা সাদৃশ্য রূপে প্রযুক্ত হইতে দেখিলে পরস্পর তুলনা কর। এক বচনের অর্থ জানিলে যদ্রূপ তৎসদৃশ বচনের অর্থ প্রতিপন্ন হয় তদ্রূপ তদ্বিরুদ্ধ বচনেরও তাৎপর্য্য অনুমান করা যাইতে পারে। অপর স্মরণে রাখ কোন গ্রন্থকারের অর্থ তাহার নিজ বচনের দ্বারা যদ্রূপ সহজে প্রকাশ পায় প্রকারান্তরে তদ্রূপ হয় না।

৪ গ্রন্থকার যে বিষয়ে রচনা করেন তাহা বিবেচনা কর। সেই বিষয়ক রচনার অন্য স্থল বিবেচনা করিলে যে

treating; and, by comparing other places where he treats of the same subject, you may learn his sense in the place which you are reading, though some of the terms which he uses in those two places may be very different.

And, on the other hand, if the author use the same words, where the subject of which he treats is not just the same, you cannot learn the sense by comparing those two places, though the mere words may seem to agree; for some authors, when they are treating of a quite different subject, may use perhaps the same words in a very different sense.

V. Observe the scope and design of the writer; inquire into his aim and end in that book, or section, or paragraph, which will help to explain particular sentences; for we suppose a wise and judicious writer directs his expressions generally toward his designed end.

VI. When an author speaks of any subject occasionally, let his sense be explained by those places where he treats of it distinctly and professedly; where he treats of any subject in mystical or metaphorical terms, explain them by other places where he treats of the same subject in terms that are plain and literal; where he speaks in an oratorical, affecting, or persuasive way, let this be explained by other places, where he treats of the same theme in a doctrinal or instructive way; where the author speaks more strictly and

স্থলে পাঠ করিতেছে তত্রত্য বচনের তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে পারিবে তাহাতে যদিও উভয় স্থলের সকল কথা এক প্রকার না হয় তথাপি অর্থবোধে কোন প্রতিবন্ধক হইবে না।

কিন্তু গ্রন্থকার যদি দুই ভিন্ন ২ বিষয়ে এক প্রকার শব্দ প্রয়োগ করেন তবে বচন সদৃশ হইলেও দুই স্থলের তুলনা করিয়া তাৎপর্য্য গ্রহ করিতে পারিবে না। কোন ২ গ্রন্থকার ভিন্ন ২ বিষয়ের রচনাতে এক প্রকার শব্দ ভিন্ন ২ অর্থে প্রায় প্রয়োগ করিয়া থাকেন।

৫ গ্রন্থকারের অভিপ্রায় ও তাৎপর্য্য বিবেচনা কর। কোন বিশেষ গ্রন্থ কিম্বা অধ্যায় অথবা পরিচ্ছেদ নিবদ্ধ করণে গ্রন্থকারের মানস কি তদ্বিষয় অলোচনা কর, তাহা করিলে তাঁহার কোন নির্দ্দিষ্ট বচনের ভাব বুঝিতে পারিবা কেননা এমত অনুমান করা যাইতে পারে যে সুবুদ্ধি এবং বিজ্ঞ গ্রন্থ-কার আপনার তাৎপর্য্য ব্যক্ত করিবার নিমিত্ত আপনার বচন প্রয়োগ করিয়া থাকেন।

৬ যে স্থলে গ্রন্থকার প্রসঙ্গতঃ কোন বিষয়ের প্রবন্ধ রচনা করেন সে স্থলের তাৎপর্য্য তদ্বিষয়ক স্পষ্ট বর্ণনার প্রকরণ আলোচনা করিলে ব্যক্ত হইতে পারে। যে স্থলে গ্রন্থকার রূপক অথচ গূঢ়ার্থ শব্দ প্রয়োগ করিয়া কোন বিষয়ের বর্ণনা করেন অন্য স্থলে স্পষ্ট শব্দের স্বার্থে প্রয়োগ দ্বারা সেই বিষয় প্রকাশ দেখিলে সে স্থলের তাৎপর্য্য বোধ হইতে পারিবে। যদি কোন স্থলে শ্রোতৃবর্গের প্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত অলঙ্কার অথবা করুণা রস ঘটিত কোন শব্দ প্রয়োগ করেন তবে যে স্থলে তিনি স্পষ্ট উপদেশার্থ সেই বিষয়ে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন তাহা দেখিলে তাহার তাৎপর্য্য নির্ণয় করিতে পারিবে। গ্রন্থকার কোন বিষয়ে

particularly on any theme, it will explain the more loose and general expressions; where he treats more largely, it will explain the shorter hints and brief intimations; and wheresoever he writes more obscurely, search out some more perspicuous passages in the same writer, by which to determine the sense of that obscure language.

VII. Consider not only the person who is introduced speaking, but the persons to whom the speech is directed, the circumstances of time and place, the temper and spirit of the speaker, as well as the temper and spirit of the hearers.

VIII. In particular propositions, the sense of an author may be sometimes known by the inferences which he draws from them; and all those senses may be excluded which will not allow of that inference.

IX. If it be a matter of controversy, the true sense of the author is sometimes known by the objections that are brought against it.

X. In matters of dispute, take heed of warping the sense of the writer to your own opinion, by any latent prejudices of self-love and party spirit. It is this reigning principle of prejudice and party that has given such a variety of senses, both to the sacred writers and others, which would never have come into the mind of the reader, if he had not laboured under some such prepossessions.

XI. For the same reason, take heed of the preju-

যথার্থ শব্দার্থ বিবেচনা পূর্ব্বক বিশেষ ২ বচন প্রয়োগ করিলে তদ্দ্বারাই তাঁহার সামান্য শব্দের অর্থ প্রকাশ হইবে। অপর তাঁহার বিস্তারিত বর্ণনা দ্বারা সংক্ষিপ্ত সঙ্কেতোক্তির অর্থ প্রকাশ হইতে পারে। তাঁহার অস্পষ্ট বচন দেখিলে তদ্বিষয়ে স্পষ্ট শব্দের প্রয়োগ অন্বেষণ কর তাহাতে অস্পষ্ট শব্দের তাৎপর্য্য প্রকাশ পাইবে।

৭ গ্রন্থের মধ্যে যে ব্যক্তিরা বক্তা এবং শ্রোতা রূপে বর্ণিত আছে তাহারদের উভয়ের বিষয় বিবেচনা কর, আর তাহারদের দেশ কাল স্বভাব চরিত্রের প্রতি মনোযোগ কর।

৮ নির্দ্দিষ্ট প্রতিজ্ঞাতে গ্রন্থকার কি ২ অনুমান ও সিদ্ধান্ত করেন তাহা বিবেচনা করিলে কখন ২ তাঁহার শব্দার্থ প্রতিপন্ন হইতে পারে সুতরাং তৎকালে যে ২ অর্থ তাঁহার সিদ্ধান্তের বিরুদ্ধ রূপে প্রকাশ পায় তাহা অগ্রাহ্য বলিয়া গণ্য করা যাইতে পারে।

৯ গ্রন্থের মধ্যে তর্ক বিতর্ক থাকিলে তৎপ্রতিপক্ষের আপত্তি বিবেচনা করিলেও গ্রন্থকারের যথার্থ তাৎপর্য্য অবগত হওয়া যাইতে পারে।

১০ বিবাদ উপস্থিত হইলে সাবধান হইও আত্মশ্লাঘা এবং দলাদলির মদে মত্ত হইয়া আপনার মত পোষণার্থ গ্রন্থকারের অর্থ বিরূপ করিও না। লোকেরা ঐ প্রকার দলাদলিতে মত্ত হওয়াতে ধর্ম্ম শাস্ত্র এবং অন্যান্য গ্রন্থের বহুবিধ অর্থ কল্পিত হইয়াছে, পাঠক বর্গের মনে পূর্ব্বে ঐ প্রকার প্রমাদ না জন্মিলে তাদৃশ বিচিত্র অর্থ কেহই কল্পনা করিত না।

১১ অপর সাবধান হইও যেন রাগ দ্বেষ হিংসা অভিমান কিম্বা বিবাদ বশতঃ কোন গ্রন্থকারের বিপক্ষ হইও না, তাহা

dices of passion, malice, envy, pride, or opposition to an author, whereby you may be easily tempted to put a false and invidious sense upon his words. Lay aside, therefore, a carping spirit, and read even an adversary with attention and diligence, with an honest design to find out his true meaning; do not snatch at little lapses and appearances of mistake, in opposition to his declared and avowed meaning; nor impute any sense or opinion to him which he denies to be his opinion, unless it be proved by the most plain and express language.

Lastly, remember that you treat every author, writer, or speaker, just as you yourselves would be willing to be treated by others, who are searching out the meaning of what you write or speak.

CHAPTER IX.

RULES OF IMPROVEMENT BY CONVERSATION.

I. If we would improve our minds by conversation, it is a great happiness to be acquainted with persons wiser than ourselves. It is a piece of useful advice, therefore, to get the favour of their conversation frequently, as far as circumstances will allow; and, if they happen to be a little reserved, use all obliging methods

হইলে তাঁহার বাক্যার্থ বিকৃত করিয়া বিপরীত তাৎপর্য্য গ্রহণে প্রবৃত্তি জন্মিবে। অপিচ নিন্দকতা ত্যাগ করিয়া বিপক্ষের গ্রন্থও যত্ন এবং মনোযোগ পূর্ব্বক পাঠ কর এবং সরলান্তঃকরণে যথার্থ অর্থ প্রতিপন্ন করিতে চেষ্টা কর। বিপক্ষের স্বীকৃত স্পষ্ট অভিপ্রায়ের বিপরীত ক্ষুদ্র ২ দোষ কিম্বা প্রমাদ দেখিলে তদ্বিষয়ে বাগাড়ম্বর করিও না এবং তিনি স্বয়ং যে মত কিম্বা অভিপ্রায় অস্বীকার করেন তাঁহার স্পষ্ট উক্তির প্রমাণ বিরহে সে মত কিম্বা সে অভিপ্রায় তাঁহার বলিয়া কল্পনা করিও না।

অবশেষে মনে রাখিও যে অন্যে তোমার রচনার কিম্বা বাক্যের অর্থ প্রতিপন্ন করিতে উদ্যত হইলে তুমি তাহার নিকট যে রূপ ব্যবহার প্রার্থনা কর যাবদীয় গ্রন্থকার অথবা লেখক কিম্বা কথকের প্রতি তোমারও তদ্রূপ ব্যবহার করা উচিত।

৯ পরিচ্ছেদ।

আলাপ দ্বারা চিত্তোৎকর্ষ করণের নিয়ম।

১ যদি আলাপ দ্বারা আমারদের চিত্তোৎকর্ষ করিবার ইচ্ছা হয় তবে আপনারদিগের অপেক্ষা বুদ্ধিমান লোকের নিকট পরিচিত হওয়া মহা সৌভাগ্যের বিষয় স্বীকার করিতে হইবে। অতএব সাধ্য মতে তাদৃশ লোকের সহিত পুনঃ ২ আলাপ করিবার সুযোগ চেষ্টা করা পরামর্শ সিদ্ধ। যদি তাঁহারা অধিক কথা কহিতে না ভাল বাসেন তবে তাঁহারদের তুষ্টি জনক নানা প্রকার ধারা অবলম্বন করত তাঁহারদিগকে এমত ২

to draw out of them what may increase your own knowledge.

II. Whatsoever company you are in, waste not the time in trifle and impertinence. If you spend some hours amongst children, talk with them according to their capacity; mark the young buddings of infant reason; observe the different motions and distinct workings of the animal and the mind, as far as you can discern them; take notice by what degrees the little creature grows up to the use of his reasoning powers, and what early prejudices beset and endanger his understanding. By this means you will learn how to address yourself to children for their benefit, and perhaps you may derive some useful philosophical rules or theorems for your own entertainment.

III. If you happen to be in company with a merchant or a sailor, a farmer or a mechanic, a milk-maid or a spinster, lead them into a discourse of the matters of their own peculiar province or profession; for every one knows, or should know, his own business best. In this sense a common mechanic is wiser than a philosopher. By this means you may gain some improvement in knowledge from every one you meet.

IV. Confine not yourself always to one sort of company, or to persons of the same party or opinion, either in matters of learning, religion, or the civil life, lest if you should happen to be nursed up or educated in early mistake, you should be confirmed and

বাক্য প্রয়োগ করিতে প্রবৃত্ত করা কর্ত্তব্য যাহাতে তোমারদের জ্ঞান বৃদ্ধির সম্ভাবনা আছে।

২ তুমি যে প্রকার সমাজে থাক বৃথা অথবা অসঙ্গত বাক্য প্রয়োগে কাল ব্যয় করিও না। যদি কখন বালকদিগের সঙ্গে কালক্ষেপণ কর তবে তাহারদের বুদ্ধ্যনুযায়ি কথা কহিও, অপর বালকদিগের মনে কি প্রকারে বুদ্ধির সঞ্চার হয় তাহাতে অবধান করিও,তাহারদের মধ্যে বহিরিন্দ্রিয়ের অথবা অন্তরিন্দ্রিয়ের যে ভিন্ন ২ ব্যাপার এবং প্রবৃত্তি প্রকাশ পায় সাধ্য মতে অবহিত হইয়া তাহা নিরীক্ষণ করিও, আর তাহারা কি রূপে ক্রমশঃ বিবেক শক্তির প্রয়োগ করিতে অভ্যাস করে এবং কি ২ বিষয়ে তাহারদের মন প্রমাদমত্ত হয় তাহাও যত্ন পূর্ব্বক বিবেচনা করিও। এই উপায় অবলম্বন করিলে বালকদিগের হিতার্থ বাক্য প্রয়োগ করিতে শিক্ষা করিবা তাহাতে তোমার আপনারও মনুষ্য প্রকৃতি সম্বন্ধীয় জ্ঞান লাভ দ্বারা যথেষ্ট আমোদ জন্মিবার সম্ভাবনা আছে।

৩ যদি কখন বণিক কিম্বা নাবিক কিম্বা কৃষক অথবা শিল্প-করদের সমীপে কিম্বা গোদোহনে অথবা সূত্রকর্ত্তনে প্রবৃত্তা নারীরদের সন্নিধানে থাকিতে হয় তবে তাহারদিগকে আপন২ ব্যবসায় বিষয়ে কথোপকথন করিতে প্রবৃত্ত করিও কেননা সকল ব্যক্তিরই স্ব২ ব্যবসায়ে নৈপুণ্য থাকিতে পারে, আর যদি কদাচিৎ কাহার নৈপুণ্য না থাকে তথাপি তাহারদের নিপুণতা হওয়া সম্ভাব্য এই নিমিত্ত শিল্পি লোককে দার্শনিক পণ্ডিত অপেক্ষাও জ্ঞানী কহা যাইতে পারে। উক্ত প্রকার আচরণ করিলে যাহার সহিত সাক্ষাৎ হউক সকলের নিকট জ্ঞান বৃদ্ধির উপায় অবগত হইতে পারিবা।

৪ কেবল এক প্রকার লোকের সহিত অথবা বিদ্যা কিম্বা

established in the same mistake, by conversing only with persons of the same sentiments. A free and general conversation with men of very various countries, and of different parties, opinions, and practices, (so far as it may be done safely,) is of excellent use to undeceive us in many wrong judgments which we may have framed, and to lead us into juster thoughts. It is said, when the king of Siam, near China, first conversed with some European merchants, who sought the favour of trading on his coast, he inquired of them some of the common appearances of summer and winter in their country; and, when they told him of water growing so hard in their rivers, that men and horses, and laden carriages, passed over it, and that rain sometimes fell down almost as white and light as feathers, and sometimes almost as hard as stones, he would not believe a syllable they said; for, ice, snow, and hail, were names and things utterly unknown to him and to his subjects, in that hot climate; he renounced all traffic with such shameless liars, and would not suffer them to trade with his people. See here the natural effects of gross ignorance.

Conversation with foreigners on various occasions has a happy influence to enlarge our minds, and to set them free from many errors and gross prejudices we are ready to imbibe concerning them.

V. In mixed company, among acquaintances and strangers, endeavour to learn something from all. Be

ধর্ম্ম কিম্বা রাজকীয় ব্যাপার সম্বন্ধে এক মতাবলম্বি অথবা এক দলস্থ লোকের সহিত সর্ব্বদা আলাপ করিও না কেননা যদি অল্প বয়সে মিথ্যা সংস্কার জন্মিয়া থাকে তবে কেবল তদ্রূপ সংস্কারাপন্ন ভ্রান্ত পুরুষদিগের সহিত সর্ব্বদা আলাপ করিলে সে মিথ্যা সংস্কারের বৃদ্ধি ও দার্ঢ্য হইবার শঙ্কা আছে। নানা দেশীয় এবং নানা প্রকার আচারনিষ্ঠ তথা নানা মতাবলম্বি এবং নানা দলস্থ লোকের সহিত অবাধে আলাপ করিলে যদি তাহাতে নিতান্ত দোষ সম্ভাবনা না থাকে তবে মহোপকার দর্শিতে পারে কেননা তাহাতে অনেক ভ্রম নাশের এবং যথার্থ জ্ঞানোদয়ের সম্ভাবনা আছে। কথিত আছে কতিপয় ইউরোপীয় বণিক চীন রাজ্যের সন্নিহিত সায়াম দেশস্থ সমুদ্র তটে বাণিজ্য করণার্থ তত্রত্য রাজার অনুমতি প্রার্থনা করিলে রাজা তাহারদের সহিত কথোপকথন কালে প্রথমতঃ জিজ্ঞাসা করিয়াছিলেন যে ইউরোপ খণ্ডে শীতোষ্ণ ঋতুতে কি ২ বিচিত্র বিষয় দৃষ্ট হয় ইহাতে তাঁহারা উত্তর করেন তথায় নদীর জল কখন ২ এমত গাঢ় হয় যে মনুষ্য ঘোটক এবং গুরুতর ভার বিশিষ্ট শকট তাহার উপর দিয়া চলিতে পারে, এবং বৃষ্টির জল কখন ২ শ্বেত পক্ষির পত্রের ন্যায় অসিত এবং কোমল হইয়া পড়ে আর কখন ২ প্রস্তরের ন্যায় শক্ত হয়। রাজা তাহা শুনিয়া কহিয়াছিলেন যে উহারদের এক কথাতেও তাঁহার বিশ্বাস হয় না। ফলতঃ সায়ামের ন্যায় উষ্ণ দেশে রাজা প্রজা কেহই কখন হিমানী তুষার এবং শিলা বৃষ্টির নাম শুনে নাই। অতএব রাজা কহিয়াছিলেন আমি এমত নির্লজ্জ মিথ্যাবাদির সহিত কোন সম্পর্ক রাখিতে চাহি না এবং উহারদিগকে আমার প্রজার সহিত বাণিজ্য করিতেও দিব

swift to hear; but be cautious of your tongue, lest you betray your ignorance, and perhaps offend some of those who are present. The Scripture severely censures those who speak evil of the things they know not. Acquaint yourself, therefore, sometimes with persons and parties which are far distant from your common life and customs; this is a way whereby you may form a wiser opinion of men and things. "Prove all things, and hold fast that which is good," is a divine rule, and it comes from the Father of light and truth. But young persons should practise it indeed with due limitation, and under the eye of their elders.

VI. Be not frightened nor provoked at opinions different from your own. Some persons are so confident they are in the right, that they will not come within the hearing of any notions but their own; they canton out to themselves a little province in the intellectual world, where they fancy the light shines, and all the rest is darkness. They never venture into the ocean of knowledge, nor survey the riches of other minds, which are as solid and as useful, and perhaps are finer gold than what they ever possessed. Let not men imagine there is no certain truth, but in the sciences which they study, and amongst that party in which they were born and educated.

VII. Believe that it is possible to learn something from persons much below yourself. We are all short-sighted creatures; our views are also narrow and limit-

না। এ স্থলে বিবেচনা করিয়া দেখ গণ্ড মূর্খতার কেমত অশুভ ফল।

বিদেশীয় লোকের সহিত পুনঃ ২ আলাপ করিলে মনের স্ফূর্ত্তি হয় এবং তাহারদের বিষয়ে আমারদের মনে যে ভ্রম অথবা দ্বেষ জন্মিবার সম্ভাবনা আছে তাহা নষ্ট হইয়া যায়।

৫ পরিচিত এবং অপরিচিত উভয় প্রকার লোকের সহিত একত্র সাক্ষাৎ হইলে সকলের নিকট যৎকিঞ্চিৎ জ্ঞান আহরণ করিতে চেষ্টা কর। অপর অন্যের বাক্য শ্রবণ করিতে সত্বর হইও কিন্তু আপনি সাবধানে বাক্য প্রয়োগ করিও যেন স্বীয় অনভিজ্ঞতা অথবা অবিদ্যা প্রকাশ করিয়া উপস্থিত কোন লোকের বিরক্তি জন্মাইও না। যাহারা অবিদিত বিষয়ে বাক্য প্রয়োগ করে ধর্ম্ম শাস্ত্রে তাহারদিগের অতিশয় নিন্দা আছে। অতএব যে ২ লোক এবং দলের সহিত তোমার আপনার ব্যবহার ও সংশ্রব নাই কখন ২ তাহারদের পরিচয় লইবা তাহাতে ব্যক্তি এবং বস্তু সম্বন্ধে তোমার যথার্থ জ্ঞানের দৃঢ়তা হইতে পারিবে। শাস্ত্রের বিধি এই যে সকল বিষয়ের প্রমাণ অনুসন্ধান করিয়া যাহা উত্তম হয় তাহাই গ্রাহ্য কর, এ বিধি সত্য এবং জ্যোতির্ময় স্রষ্টা কর্ত্তৃক উক্ত হইয়াছে অতএব যুবক লোকদিগকেও প্রবীণ লোকদিগের অধ্যক্ষতায় পরিমিত রূপে ঐ বিধির পালন করিতে হইবেক।

৬ আপনারমতের বিরুদ্ধে কোন প্রসঙ্গ শুনিলে ভীত অথবা বিরক্ত হইও না। কোন ২ লোক আপনারদের মতই যথার্থ জানিয়া এমত নিশ্চিন্ত হয় যে বিরুদ্ধ মত শ্রবণ করিতেও চাহে না। তাহারা বুদ্ধির প্রসঙ্গে আপনারদিগের বোধগম্য বিষয়কে জ্ঞানের সীমা কল্পনা করিয়া মনে করে যে তাহাই জ্যোতির্ম্ময় তদ্ভিন্ন সমুদয় অন্ধকারময়। কিন্তু তাহারা

ed; we often see but one side of a matter, and do not extend our sight far and wide enough to reach every thing that has a connection with the thing we talk of; we see but in part, and know but in part; therefore it is no wonder we form not right conclusions, because we do not survey the whole of any subject or argument. Even the proudest admirer of his own parts might find it useful to consult with others, though of inferior capacity and penetration. We have a different prospect of the same thing, (if I may so speak), according to the different position of our understandings toward it; a weaker man may sometimes light on notions which have escaped a wiser, and of which the wiser man might make a happy use, if he would condescend to take notice of them.

VIII. It is of considerable advantage, when we are pursuing any difficult point of knowledge, to have a society of ingenious correspondents at hand, to whom we may propose it; for, every man has something of a different genius and a various turn of mind, whereby the subject proposed will be shown in all its lights, it will be represented in all its forms, and every side of it be turned to view, that a juster judgment may be formed.

IX. To make a conversation more valuable and useful, whether it be in a designed or accidental visit,

বিদ্যার সাগরে কখনও সাহস করিয়া অবগাহন করিতে পারে না এবং পরের মনে যে বিদ্যা রত্ন আছে তাহাও নিরীক্ষণ করে না অথচ সে বিদ্যারত্ন তাহারদের স্বকীয় বিদ্যার সদৃশ মহামূল্য এবং হিতকারক অথবা তদপেক্ষাও উত্তম হইবার সম্ভব। কোন লোক যেন মনে এমত না করে যে তাহারদের অধীত শাস্ত্র ব্যতীত অন্যত্র সত্যতা নাই অথবা তাহারা যে সম্প্রদায়ের মধ্যে জন্ম গ্রহণ করিয়া প্রতিপালিত হইয়াছে তদ্ভিন্ন অন্য কোন সমাজে সত্য নিরূপণ হয় নাই।

৭ আপন অপেক্ষা হীনতর লোকের নিকটেও উপদেশ পাওয়া যাইতে পারে ইহা বিশ্বাস করিও। আমরা সকলেই ক্ষুদ্র দৃষ্টি, আমারদের মনের ভাব সঙ্কীর্ণ এবং খর্ব্ব, একারণ বিষয়ের কেবল এক দিকে দৃষ্টি করিতে পাই, এবং দূরদর্শিতা বিহীন প্রযুক্ত যে বিষয়ে বাক্য প্রয়োগ করি তৎসংক্রান্ত সকল বস্তুতে দৃষ্টি করিতে পারি না, অপর আমরা কেবল এক খণ্ড দেখিতে পাই অথবা জ্ঞান গোচর করিতে পারি, অতএব আমারদের যথার্থ মীমাংসা করিতে অক্ষম হওয়া আশ্চর্য্য নহে আর আমরা কোন তর্কেরও সর্ব্বাংশে দৃষ্টি করিতে পারি না। অতিশয় আত্মশ্লাঘি এবং দর্পান্বিত পুরুষেরা যদি স্বাপেক্ষা অল্প বুদ্ধি এবং ক্ষুদ্র দৃষ্টি লোকের পরামর্শ গ্রহণ করেন তবে তাঁহারদের উপকার সম্ভাবনা আছে কেননা কোন বিষয় অবলোকন কালে তৎসম্বন্ধে মনের ভাবানুসারে তাহার রূপান্তর হয় তন্নিমিত্ত সূক্ষ্ম বুদ্ধি পুরুষের মনে যে ভাবোদয় হয় নাই ক্ষীণ বুদ্ধি জন কখন ২ তাহা অনুভব করিতে পারে ফলে সূক্ষ্ম বুদ্ধি লোক বিনয়ান্বিত হইয়া তাহাতে মনোযোগ করিলে তাঁহার মঙ্গল সম্ভব।

৮ যখন আমরা কোন দুরূহ বিদ্যার বিষয় হৃদয়ঙ্গম

among persons of the same or of different sexes, after the necessary salutations are finished, and the stream of common talk begins to hesitate, or runs flat and low, let some one person take a book which may be agreeable to the whole company, and, by common consent, let him read in it ten lines, or a paragraph or two, or a few pages, till some word or sentence gives an occasion for any of the company to offer a thought or two relating to that subject. Interruption of the reader should be no blame; for, conversation is the business, whether it be to confirm what the author says, or to improve it, to enlarge upon or to correct it, to object against it, or to ask any question that is akin to it; and let all who incline add their opinion, and promote the conversation. When the discourse sinks again, or diverts to trifles, let him that reads pursue the page, and read further paragraphs or pages, till some occasion is given by a word or sentence for a new discourse to be started, and that with the utmost ease and freedom. Such a method as this would prevent the hours of a visit from running all to waste; and, by this means, even among scholars, they will seldom find occasion for that too just and bitter reflection, "I have lost my time in the company of the learned."

By such a practice as this, young ladies may very honourably and agreeably improve their hours; while one applies herself to reading, the others employ

করিতে উদ্যত হই তখন কতিপয় বিজ্ঞ সঙ্গি জনের নিকট তাহার প্রসঙ্গ করিলে আমারদের অনেক উপকার হয় কেননা প্রত্যেক ব্যক্তির বুদ্ধি এবং মনের বৃত্তি ভিন্ন ২ হওয়াতে উল্লেখিত বিষয় সম্যক্ প্রকারে আলোচিত হইতে পারে ও তাহার বিচিত্র বর্ণ দৃষ্ট হইয়া যাবদীয় অঙ্গ প্রকাশ পায় সুতরাং যথার্থ মীমাংসা হইবার সম্ভাবনা থাকে।

৯ স্ত্রী পুরুষ অথবা কেবল পুরুষ কিম্বা কেবল স্ত্রী লোক-দিগের পূর্ব্ব সঙ্কল্পানুসারে কিম্বা অকস্মাৎ পরস্পর সাক্ষাৎ হইলে কথোপকথনের দ্বারা অধিক উপকার লাভার্থ এই প্রকার কার্য্য করা পরামর্শ সিদ্ধ, যথা, নিয়মিত অভ্যর্থনা সমাপনানন্তর সামান্য বিষয়ের কথোপকথনের অবসানে এক জন সভাস্থ লোকের মনোরঞ্জক কোন পুস্তক লইয়া সাধারণের অনুমতি ক্রমে তাহার দশ পংক্তি কিম্বা দুই এক পরিচ্ছেদ অথবা কতিপয় পৃষ্ঠ পাঠ করুন, অপর ঐ রূপে পঠ্যমান কোন শব্দ কিম্বা পদ শ্রবণ করিয়া সভাস্থ কেহ তদ্বিষয়ে নিজ অভিপ্রায় ব্যক্ত করিলে পাঠক বিশ্রাম করুন, পাঠকের অধ্যয়নে এ প্রকার বিরাম হইলে দোষ নাই কেননা কথো-পকথনই তৎকালে মুখ্য অভিপ্রেত। অতএব কেহ পঠ্যমান গ্রন্থের পোষকতা কিম্বা অর্থ প্রতিপাদন কিম্বা ব্যাখ্যা কিম্বা শোধন করিলে অথবা তদ্বিষয়ে কোন আপত্তি কিম্বা প্রশ্ন করিলে কোন হানি নাই বরং সেই কথার প্রসঙ্গে সভাস্থ সকলেরি স্ব ২ অভিপ্রায় প্রকাশ করিয়া কথোপকথন বাহুল্য করা পরামর্শ সিদ্ধ। অপর কথোপকথন সাঙ্গ হইলে কিম্বা অতি তুচ্ছ বিষয়ের প্রসঙ্গ উপস্থিত হইলে পাঠকের কর্ত্তব্য যে পুনশ্চ পাঠ করিতে উপক্রম করিয়া আরো কিয়ৎ দূর পর্য্যন্ত অধ্যয়ন করেন পরে কোন শব্দ কিম্বা পদের বিষয়ে

their attention, even among the various artifices of the needle; but let all of them make their occasional remarks or inquiries. This will guard a great deal of that precious time from modish trifling, impertinence or scandal, which might otherwise afford matter for painful repentance.

Observe this rule in general; whensoever it lies in your power to lead the conversation, let it be directed to some profitable point of knowledge or practice, so far as may be done with decency; and let not the discourse and the hours be suffered to run loose, without aim or design; and, when a subject is started, pass not hastily to another, before you have brought the present theme of discourse to some tolerable issue, or a joint consent to drop it.

X. Attend with sincere diligence, while any one of the company is declaring his sense of the question proposed; hear the argument with patience, though it differ never so much from your sentiments; for, you yourself are very desirous to be heard with patience by others who differ from you. Let not your thoughts be active and busy all the while to find out something to contradict, and by what means to oppose the speaker, especially in matters which are not brought to an issue. This is a freqnent and unhappy temper and

পুনশ্চ কথোপকথন আরম্ভ হইলে বিশ্রাম করেন। এই ধারা অবলম্বন করিলে পরস্পর সাক্ষাৎ কালে অনর্থক কাল ব্যয় হইবে না এবং পণ্ডিত সমাজে উপস্থিত হইলে কোন লোককে এই বলিয়া খেদ করিতে হইবে না যে "আমি বিদ্বজ্জন গণের সমীপে বৃথা সময় নষ্ট করিয়াছি"।

উক্ত প্রকার ব্যবহার করিলে যুবতী বর্গও উৎকৃষ্ট রূপ আমোদ পূর্ব্বক কাল যাপন করিতে পারেন, এক জন পাঠ করিলে অন্য সকলে বিচিত্র সূচিকা কার্য্য করিতে করিতেও তাহাতে মনোযোগ করিতে পারেন, আর কোন কথা উপস্থিত হইলে সকলেরি তাহাতে স্বীয় অভিপ্রায় প্রকাশ করা এবং জিজ্ঞাস্য বিষয় ব্যক্ত করা সহজ। এতাদৃশ কার্য্যে ব্যাপৃত হইলে অসঙ্গত বৃথা কল্পনাতে এবং পরনিন্দায় কাল নষ্ট হইবে না ইহার অন্যথায় দুষ্ট কল্পনার নিমিত্ত পরে বরং অতিশয় মনস্তাপ জন্মিবার সম্ভাবনা আছে।

যে ২ স্থলে কথোপকথন বিষয়ে তোমার প্রাধান্য থাকাতে তুমি সর্ব্বাগ্রে কথা কহিতে পার তথায় সামান্যতঃ উক্ত ধারা অবলম্বন করিও, এবং অসভ্যতার আশঙ্কা না থাকিলে কোন এক মহৎ তাৎপর্য্য মনে করিয়া বিদ্যা অথবা সৎক্রিয়ার সম্বন্ধে কথোপকথনের প্রসঙ্গ করিও। আর কোন বিশেষ তাৎপর্য্য ব্যতিরেকে বৃথা বাক্য ব্যয় কিম্বা কালহরণ করিও না অপর কোন কথার প্রসঙ্গ উপস্থিত হইলে তাহার সমাধা না করিয়া অথবা সভাস্থ সকল লোকের সম্মতি ক্রমে তাহার সমাপন না করিয়া ত্বরায় অন্য কথা উপস্থিত করিও না।

১০ সভাস্থ কোন লোক যখন উত্থাপিত প্রশ্নের প্রসঙ্গে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করেন তৎকালে যত্ন পূর্ব্বক সরল চিত্তে অবধান কর, সে ব্যক্তির মত তোমার মতের সহিত অনৈক্য

practice. You should rather be intent and solicitous to take up the mind and meaning of the speaker, zealous to seize and approve all that is true in his discourse; nor yet should you want courage to oppose, where it is necessary; but let your modesty and patience, and a friendly temper, be as conspicuous as your zeal.

XI. When a man speaks with much freedom and ease, and gives his opinion in the plainest language of common sense, do not presently imagine you shall gain nothing by his company. Sometimes you will find a person who, in his conversation or his writings, delivers his thoughts in so plain, so easy, so familiar, and perspicuous a manner, that you both understand and assent to every thing he saith, as fast as you read or hear it; hereupon some hearers have been ready to conclude in haste, "Surely this man says none but common things; I knew as much before, or I could have said all this myself." This is a frequent mistake.

XII. If any thing seem dark in the discourse of your companion, so that you have not a clear idea of what is spoken, endeavour to obtain a clearer conception of it by a decent manner of inquiry. Do not charge the speaker with obscurity, either in his sense or his words; but entreat his favour, to relieve your own want of penetration, or to add an enlightening

হইলেও তাহার বাক্যে ধৈর্য্য পূর্ব্বক মনোযোগ করিও কেননা তোমার আপনারও অবশ্য এমত বাঞ্ছা আছে যে তোমার সহিত অন্যের মতান্তর হইলে তাহারা মনঃস্থৈর্য্য পূর্ব্বক তোমার বাক্যে অবধান করে। অপর পরের বাক্য শ্রবণ কালে কেবল বিতণ্ডাকরণের চিন্তাতে ব্যস্ত হইও না বিশেষতঃ যে বিষয়ের মীমাংসা হয় নাই তদর্থ কেবল বাক্য প্রয়োগ-কারির প্রতিপক্ষতা করিবার কল্পনায় ব্যস্ত হইও না, অনেক লোকের এই রূপ কুস্বভাব এবং কুরীতি আছে, পরন্তু তুমি বক্তার যথার্থ তাৎপর্য্য গ্রহ করিতে যত্ন ও চেষ্টা করিও, আর তাহার বক্তৃতাতে যে সকল কথা সত্য তাহা স্বীকার করিতে উৎসুক হইও এবং আবশ্যক হইলে সাহস পূর্ব্বক অযথার্থ বাক্যের খণ্ডন করিও অধিকন্তু ঐ সকল বিষয়ে ধীরতা সহিষ্ণুতা অনুরাগ এবং উৎসুকতা সমান রূপে প্রচার করা কর্ত্তব্য।

১১ যখন কোন ব্যক্তি মুক্ত কণ্ঠে অনর্গল বাক্য প্রয়োগ করত সহজ এবং সামান্য ভাষায় স্বীয় অভিপ্রায় ব্যক্ত করে তখন সহসা এমত মনে করিও না যে তাহার সহিত সহবাসে তোমার কোন জ্ঞান লাভ হইবে না। কখন ২ এমত লোকের সহিত সাক্ষাৎ হইতে পারে যাহারা কথোপকথন অথবা লিপি রচনা কালে অতিশয় প্রসিদ্ধ সহজ এবং স্পষ্টার্থ শব্দ প্রয়োগ করে তুমি শ্রবণ অথবা অধ্যয়ন করিবা মাত্র যাহার তাৎপর্য্য গ্রহ করিতে পার এবং যথার্থ বোধ কর। কোন ২ শ্রোতারা ঐ প্রকার লোকের বাক্য শুনিয়া ত্বরায় অনুমান করে "যে এ ব্যক্তি অতি প্রসিদ্ধ কথা কহিতেছে, আমি পূর্ব্বেই ইহা জানিতাম এবং আপনি এই সকল কথার বিন্যাস করিতে পারি"। এই রূপ প্রমাদ অনেকের বারম্বার জন্মিয়া থাকে।

word or two, that you may take up his whole meaning.

If difficulties arise in your mind, and constrain your dissent to the things spoken, represent what objections some persons would be ready to make against the sentiments of the speaker, without telling him you oppose. This manner of address carries something more modest and obliging in it, than to appear to raise objections of your own, by way of contradiction to him that spoke.

XIII. When you are forced to differ from him who delivers his sense on any point, yet agree as far as you can, and represent how far you agree; and, if there be any room for it, explain the words of the speaker in such a sense to which you can in general assent, and so agree with him; or, at least, by a small addition or alteration of his sentiments, show your own sense of things. It is the practice and delight of a candid hearer, to make it appear how unwilling he is to differ from him that speaks. Let the speaker know that it is nothing but truth constrains you to oppose him, and let that difference be always expressed in few, and civil, and chosen words, such as may give the least offence.

Be careful always to take Solomon's rule with you

১২ যদি তোমার সঙ্গি জনের বাক্যের কোন অংশ অস্পষ্ট বোধ হয় এবং তুমি তাহার তাৎপর্য্য গ্রহ করিতে অসমর্থ হও তবে সুশীলতা পূর্ব্বক প্রশ্ন করিয়া তাহার অর্থ হৃদয়ঙ্গম করিতে চেষ্টা কর। বক্তার শব্দ কিম্বা তাৎপর্য্য অস্পষ্ট এই বলিয়া তাহার অপবাদ করিও না বরং তাহার নিকট এই প্রার্থনা কর যে তিনি তোমার আপনার বুদ্ধির জড়তা নষ্ট করত অর্থ বোধক দুই এক কথা প্রয়োগ করেন যদ্দ্বারা তুমি তাঁহার সম্পূর্ণ তাৎপর্য্য গ্রহণ করিতে সমর্থ হও।

যদি তোমার মনে কোন সংশয় উৎপন্ন হয় এবং তুমিও তৎপ্রযুক্ত কথিত বিষয়ে সম্মতি প্রকাশ করিতে না পার তবে আপনার আপত্তির কথা উল্লেখ না করিয়া বক্তাকে কহ যে কোন ২ লোক তাঁহার কথাতে এই রূপ আপত্তি করিবে। এতাদৃশ সুশীলতা ও কৌশল প্রকাশ করিলে বক্তার মনোরঞ্জন হইবার সম্ভাবনা, কিন্তু তাঁহার সহিত বিতণ্ডা করিবার ন্যায়ে তোমার আপনার আপত্তি ব্যক্ত করিতে উদ্যত হইলে তাদৃশ শীলতা ব্যক্ত হইবে না।

১৩ কেহ কোন বিষয়ে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিলে যদিও সর্ব্বাংশে তাহার সহিত তোমার মতের ঐক্য না হয় তথাপি যত দূর পর্য্যন্ত সাধ্য তাহার সহিত ঐক্য প্রকাশ কর, এবং সাধ্য ক্রমে তাহার বাক্য এমত করিয়া প্রতিপন্ন কর যে তোমার সহিত আপাততঃ মতের মিলন হয়, অথবা তাহার মতের যৎকিঞ্চিৎ অতিরিক্ত কিম্বা অন্যথা উক্তি করিয়া আপনার অভিপ্রায় ব্যক্ত কর। সরলান্তঃকরণ শ্রোতা কখন বক্তার সহিত অনৈক্য করিতে ইচ্ছা অথবা আমোদ করে না। মতের অনৈক্য হইলে বক্তা যেন বুঝিতে পারেন যে তুমি কেবল সত্যের অনুরাগ বশত তাহার বিপক্ষবাদী হইয়াছ

and let your correspondent fairly finish his speech before you reply; "for, he that answereth a matter before he heareth it, it is folly and shame unto him," Prov. xviii. 13.

A little watchfulness, care, and practice in younger life, will render all these things more easy, familiar, and natural to you, and will grow into habit.

XIV. As you should carry about with you a constant and sincere sense of your own ignorance, so you should not be afraid or ashamed to confess this ignorance, by taking all proper opportunities to ask and inquire for further information; whether it be the meaning of a word, the nature of a thing, the reason of a proposition, the custom of a nation, &c., never remain in ignorance for want of asking.

Many a person had arrived at some considerable degree of knowledge, if he had not been full of self-conceit, and imagined that he had known enough already, or else was ashamed to let others know that he was not acquainted with it. God and man are ready to teach the meek, the humble, and the ignorant; but he that fancies himself to know any particular subject well, or that will not venture to ask a question about it, such a one will not put himself into the way of improvement by inquiry and diligence. "A fool may be wiser in his own conceit than ten men who can render a reason," and such a one is very likely to be an

আর তুমিও সবিনয় মিষ্ট ভাষাতে তদ্বিরুদ্ধ আপনার মত সংক্ষেপে প্রচার কর যেন তিনি অত্যন্ত বিরক্ত না হয়েন।

অপর সর্ব্বদা শলিমানের নিয়ম পালন করত সঙ্গি লোক বাক্য সমাপ্ত না করিলে উত্তর দিও না "কেননা যে ব্যক্তি কোন বিষয় শ্রবণ করিবার পূর্ব্বে উত্তর দেয় সে আপনার মূর্খতা ও লজ্জার কারণ হয়," হিতোপদেশ ১৮। ১৩

অল্পবয়সে যৎকিঞ্চিৎ সতর্কতা যত্ন এবং কৌশল বিশিষ্ট হইলে এই সকল বিষয় আরও সহজ এবং সুগম বোধ হইবে তাহাতে তোমারও তদনুযায়ি সংস্কার জন্মিবে।

১৪ যেমন তোমার সর্ব্বদা সরলতা পূর্ব্বক মনে২ স্বীয় অবিদ্যার বিষয় অনুধাবন করা উচিত তদ্রূপ সেই অবিদ্যা প্রকাশ করিতে লজ্জা কিম্বা সঙ্কোচ করাও উচিত নহে, বরং সুযোগ মতে নূতন তত্ত্বানুসন্ধানার্থ প্রশ্ন করা কর্ত্তব্য। কোন শব্দের অর্থই হউক কিম্বা কোন বস্তুর তত্ত্বই হউক অথবা কোন প্রতিজ্ঞার হেতুই হউক কিম্বা কোন জাতির রীতি নীতিই হউক কোন বিষয়ে জিজ্ঞাসার ত্রুটি প্রযুক্ত অনভিজ্ঞ হইয়া থাকিও না।

অনেক লোক আত্মশ্লাঘায় পূর্ণ হইয়া যথেষ্ট বিদ্যালাভ করিয়াছি যদি এমত মনে না করিত অথবা কোন বিষয়ে স্বীয় অনভিজ্ঞতা প্রকাশ করিতে যদি লজ্জা বোধ না করিত তবে তাহারা বহুল পরিমাণে বিদ্যোপার্জ্জন করিতে পারিত, বিনয়ান্বিত ও নম্রাত্মা লোক অজ্ঞান হইলে ঈশ্বর এবং মনুষ্য উভয়েই তাহাকে উপদেশ করিতে প্রবৃত্ত হয়েন, কিন্তু যে ব্যক্তি মনে করে কোন বিষয় উত্তম জানি অথবা তদ্বিষয়ে প্রশ্ন করিতে সঙ্কোচ করে সে যত্ন এবং অনুসন্ধান করিয়া বিদ্যা বৃদ্ধি করিবে না। মূর্খ লোক মনে করে যে হেতুবাদে সমর্থ দশ

everlasting fool; and perhaps also it is silly shame that renders his folly incurable.

XV. Be not too forward, especially in the younger part of life, to determine any question in company with an infallible and peremptory sentence, nor speak with assuming airs, and with a decisive tone of voice. A young man, in the presence of his elders, should rather hear and attend, and weigh the arguments which are brought for the proof or refutation of any doubtful proposition; and, when it is your turn to speak, propose your thoughts rather in the way of inquiry. By this means your mind will be kept in a fitter temper to receive truth, and you will be more ready to correct and improve your own sentiments, where you have not been too positive in affirming them. But, if you have magisterially decided the point, you will find a secret unwillingness to retract, though you should feel an inward conviction that you were in the wrong.

XVI. It is granted, indeed, that a season may happen, when some bold pretender to science may assume haughty and positive airs to assert and vindicate a gross and dangerous error, or to renounce and vilify some very important truth; and, if he has a popular talent of talking, and there be no remonstrance made against him, the company may be tempted too easily to give their assent to the impudence and infallibility of the presumer. They may imagine a proposition

জন লোক অপেক্ষা আমি অধিক জ্ঞানী, কিন্তু তাদৃশ ব্যক্তি চিরকাল মূর্খতায় থাকিবে, বোধ হয় তাহার মনের ঐ প্রকার অভিমান যৎকিঞ্চিৎ থাকিতে সে মূর্খতার নাশ হইবেক না।

১৫ নব্য অবস্থায় সভা মধ্যে অভ্রান্ত এবং নিতান্ত নিশ্চয়জ্ঞ রূপে কোন প্রশ্নের মীমাংসা করিতে অতিশয় সত্বর হইও না, এবং অহঙ্কার পূর্ব্বক অকাতরে কোন বিষয়ের নিষ্পত্তি করিও না। প্রবীণ লোকের সমক্ষে নব্য লোকের কর্ত্তব্য যে কোন সন্দিগ্ধ কথার প্রমাণার্থ কিম্বা খণ্ডনার্থ তর্কের প্রসঙ্গ হইলে তাহা যত্ন পূর্ব্বক শ্রবণ করিয়া বিবেচনা করে, পরে আপনার বাক্য প্রয়োগ করিবার সময় উপস্থিত হইলে জিজ্ঞাসুর ন্যায় মনের অভিপ্রায় ব্যক্ত করে। এই রূপে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিতে অতিশয় সত্তর না হইলে তুমি সহজে সত্যকে হৃদয়ঙ্গম করিয়া আপনার মনের ভাব শীঘ্র শোধন করিতে পারিবা কিন্তু যদি গুরুর ন্যায় অক্ষোভে নিজ অভিপ্রায় ব্যক্ত করিয়া কোন কথার মীমাংসা কর তবে পরে মনের মধ্যে ভ্রম বোধ হইলেও তোমার আপনার বাক্যকে অসত্য বলিয়া স্বীকার করিতে অনিচ্ছা জন্মিবে।

১৬ কখন ২ এমত সম্ভাব্য বটে যে কোন দুঃসাহসী ভাক্ত পণ্ডিত ঘোরতর ব্যাপক ভ্রমের প্রচার কিম্বা রক্ষা করণার্থ অথবা কোন গুরুতর বিষয়ের বিপক্ষতা ও নিন্দা করিবার নিমিত্ত দম্ভ করিয়া মুক্ত কণ্ঠে বক্তৃতা করিবে। অপর যদি তাহার বক্তৃতা দ্বারা সামান্য লোকের চিত্তাকর্ষণ করিবার শক্তি থাকে এবং কেহ যদি তাহার প্রতিপক্ষতা না করে তবে সভাস্থ শ্রোতারা প্রমাদ বশতঃ ঐ নিরপত্রপ বাগাড়ম্বরকারিকে আপ্ত জ্ঞান করিতে পারেন এবং এমত মনে করিতে পারেন যে এতাদৃশ নিন্দিত বিষয় কখন সত্য হইতে পারে না এবং

so much vilified can never be true, and that a doctrine, which is so boldly censured and renounced can never be defended. Weak minds are too ready to persuade themselves that a man would never talk with so much assurance, unless he were certainly in the right, and could well maintain and prove what he said. By this means truth itself is in danger of being betrayed or lost, if there be no opposition made to such a pretending talker.

Now, in such a case, even a wise and modest man may assume airs too, and repel insolence with its own weapons. There is a time, as Solomon, the wisest of men, teaches us, "when a fool should be answered according to his folly, lest he be wise in his own conceit," and lest others too easily yield up their faith and reason to his imperious dictates. Courage and positiveness are never more necessary than on such an occasion. But it is good to join some argument with them of real and convincing force, and let it be strongly pronounced too.

When such a resistance is made, you shall find some of these bold talkers will draw in their horns, when their fierce and feeble pushes against truth and reason are repelled with pushing and confidence. It is pity indeed that truth should ever need such sort of defences; but we know that a triumphant assurance has

এতাদৃশ দূষিত ও পরিত্যক্ত মতও কোন প্রকারে রক্ষা পাইতে পারে না। আর ক্ষীণ বুদ্ধি লোকেরদের মনে সহজেই এমত প্রবোধ জন্মিতে পারে যে কোন মনুষ্য যথার্থবাদী হইয়া স্বীয় বাক্য উত্তম রূপে সপ্রমাণ করিতে সমর্থ না হইলে এমত সাহস পূর্ব্বক বাক্য প্রয়োগ করিতে পারে না। অতএব ঐ প্রকার দর্পান্বিত বাগাড়ম্বরকারির প্রতিপক্ষতা না করিলে সত্যের বিপর্য্যয় ও বিনাশ হইবার সম্ভাবনা আছে।

উক্ত অবস্থায় সুশীল এবং বিজ্ঞতম লোকের কর্ত্তব্য যে ঐ রূপ অহঙ্কারি লোককে তাহার নিজ কল্পিত ধারাতেই বাক্যের আড়ম্বর পূর্ব্বক পরাস্ত করেন। শলিমান মানব জাতির মধ্যে বিজ্ঞতম ছিলেন তিনিও কহিয়াছিলেন যে মূর্খকে কখন ২ তাহার মূর্খতার ধারায় উত্তর করিতে হয় নচেৎ সে আপনাকে জ্ঞানী বোধ করিবে এবং অন্যান্য লোকে তাহার সাহসিক শব্দ শুনিয়া আপনারদের যুক্তি এবং বিশ্বাস বিসর্জ্জন করিবে অতএব এতাদৃশ অবস্থায় সাহস পূর্ব্বক অসংশয় রূপে বাক্য প্রয়োগ করা অতিশয় আবশ্যক কিন্তু ঐ প্রকার লোকের প্রতিপক্ষতা করিবার সময়ে দৃঢ়তা এবং সাহসের সহিত যথার্থ প্রবোধ জনক তর্ক প্রয়োগ করা কর্ত্তব্য।

ঐ রূপে প্রতিপক্ষতা করিলে উক্ত বাগাড়ম্বরকারিরদের মধ্যে কেহ ২ সঙ্কুচিত হইবে এবং তাহারা সত্য ও যুক্তির বিরুদ্ধে যে আঘাত ও আক্রোশ করিয়া থাকে তাহাদিগকে প্রত্যাঘাত দ্বারা তাহা হইতে সাহস পূর্ব্বক নিরাকৃত করিলে নিস্তব্ধ হইবে। সত্য রক্ষার্থ এই রূপ উপায় আবশ্যক হইলে আক্ষেপের বিষয় বটে কিন্তু আমরা বিলক্ষণ জানি যে কখন ২ বাগাড়ম্বরের ভঙ্গি দ্বারা ঘোরতর মিথ্যার পোষকতা হইয়াছে

sometimes supported gross falsehoods, and a whole company have been captivated to error by this means, till some man with equal assurance has rescued them. It is pity that any momentous point of doctrine should happen to fall under such reproaches, and require such a mode of vindication; though, if I happen to hear it, I ought not to turn my back, and to sneak off in silence, and leave the truth to lie baffled, bleeding, and slain. Yet, I must confess, I should be glad to have no occasion ever given me to fight with any man at this sort of weapons, even though I should be so happy as to silence his insolence, and obtain an evident victory.

XVII. Be not fond of disputing every thing pro and con, nor indulge yourself to show your talent of attacking and defending. A logic which teaches nothing else is little worth. This temper and practice will lead you just so far out of the way of knowledge, and divert your honest inquiry after the truth which is debated or sought. In set disputes, every little straw is often laid hold on to support our own cause; every thing that can be drawn in any way to give colour to our argument is advanced, and that perhaps with vanity and ostentation. This puts the mind out of a proper posture to seek and receive the truth.

XVIII. Do not bring a warm party-spirit into a free conversation, which is designed for mutual improvement in the search of truth. Take heed of allowing

এবং ভূরি ২ লোক তদ্দারা ভ্রম কূপে পতিত হইয়াছে পরে অন্য কোন লোক তদ্রূপ বাগাড়ম্বর না করিলে তাহার উদ্ধার হয় নাই। কেহ কোন প্রধান মতের ঐ রূপ নিন্দা করিলে, সুতরাং তদ্রূপ পোষকতা করিবারও প্রয়োজন হইলে তাহা আক্ষেপের বিষয় বটে, কিন্তু যদি স্যাৎ কোন ঘটনা ক্রমে আমারদের সমক্ষে উক্ত প্রকারে সত্যের প্রতিপক্ষতা হয় তবে তাহাতে আমারদের সঙ্কোচ পূর্ব্বক পরাঙ্মুখ হইয়া সত্যকে পরাভূত আহত এবং বিনষ্ট রাখিয়া যাওয়া কর্ত্তব্য নহে। পরন্তু ইহা স্বীকার করিতে হইবে যে কোন লোকের সহিত ঐ রূপ বিবাদে নিযুক্ত হওয়া কখন আনন্দের বিষয় নহে। ফলতঃ যদিও তর্ক বলে বিপক্ষবাদিকে নিস্তব্ধ করিয়া তাহার দর্প চূর্ণ করত সাক্ষাৎ জয় লাভ করিবার শক্তি থাকে তথাচ এমত বিতর্কে প্রবৃত্ত হওয়া আমোদের বিষয় হয় না।

১৭ সকল বিষয়ের উভয় পক্ষে জল্প করণে অনুরাগী হইও না এবং সপক্ষতা অথবা বিপক্ষতা করিয়া আপনার ক্ষমতা প্রকাশ করিতেও সত্বর হইও না। যে ন্যায়শাস্ত্রে কেবল জল্প বিতণ্ডা শিক্ষা করায় তাহা উত্তম নহে। মনের মধ্যে ঐ রূপ অনুরাগ ও সংস্কার জন্মিলে কেবল জ্ঞান পথের দূরবর্ত্তী হইবা এবং তোমার উদ্দিশ্য তত্ত্বানুসন্ধানের বিপর্য্যয় হইবে। লোকেরা বিবাদ করিবার সঙ্কল্প করিলে আপনারদের উক্তি রক্ষার্থ অতি তুচ্ছ বিষয়কেও অবলম্বন করে এবং যাহাতে স্বপক্ষীয় জল্প যথার্থের আভা প্রাপ্ত হইতে পারে কেবল তাহাই উপলক্ষ্য করিয়া বিজাতীয় আড়ম্বর করে সুতরাং তাহারদের অন্তঃকরণ সত্যের অন্বেষণে অথবা নির্ণয়ে অক্ষম হয়।

১৮ তত্ত্বানুসন্ধান বিষয়ে পরস্পরের সাহায্যার্থ নিরপেক্ষ

yourself in those self-satisfied assurances, which keep the doors of the understanding barred fast against the admission of any new sentiments. Let your soul be ever ready to hearken to further discoveries, from a constant and ruling consciousness of our present fallible and imperfect state; and make it appear to your friends that it is no hard task for you to learn and pronounce those little words, "I was mistaken," how hard soever it be for the bulk of mankind to pronounce them.

XIX. As you may sometimes raise inquiries for your own instruction and improvement, and draw out the learning, wisdom, and fine sentiments of your friends, who perhaps may be too reserved or modest; so, at other times, if you perceive a person unskil'ful in the matter of debate, you may, by questions aptly proposed in the Socratic method, lead him into a clearer knowledge of the subject; then you become his instructor in such a manner as may not appear to make yourself his superior.

XX. Take heed of affecting always to shine in company above the rest, and to display the riches of your own understanding, or your oratory, as though you would render yourself admirable to all that are present. This is seldom well taken in polite company; much less should you use such forms of speech as should insinuate the ignorance or dulness of those with whom you converse.

হইয়া কথোপকথন করিবার সময় দলাদলির মদে মত্ত হইও না। সাবধান, আত্মতোষক এমত নিশ্চয় কোন বাক্য যেন প্রয়োগ করিও না যাহাতে অন্তঃকরণ নূতন কোন মত গ্রহণ করিতে বিরত হয়। ইহকালের সকল লোকেই দুরবস্থ এবং সকলেরই ভ্রম সম্ভাবনা আছে ইহা সর্ব্বদা মনে অনুধাবন করিয়া সকল বিষয়েই নূতন জ্ঞান লাভ করিতে নিত্য উৎসুক হইও, এবং বন্ধুবর্গের প্রতীতি গোচর করিও যে "আমার ভ্রম হইয়াছে" এই কএকটী শব্দ শিক্ষা ও প্রয়োগ করা অধিকাংশ লোকের পক্ষে অত্যন্ত কঠিন হইলেও তোমার পক্ষে কঠিন নহে।

১৯ যেমন আপনার শিক্ষা ও ব্যুৎপত্তির নিমিত্ত কখন ২ জিজ্ঞাস্য কথার উত্থাপন করিবা এবং বন্ধুগণ অধিক বাক্য প্রয়োগে বিরত হইলে তাঁহাদিগকে বারম্বার প্রশ্ন করিয়া তাহারদের বিদ্যা বুদ্ধি এবং উত্তম মতের পরিচয় প্রাপ্ত হইবা তদ্রূপ অন্য সময়ে যদি তুমি কোন লোককে বিচার করিতে অক্ষম দেখ তবে সক্রেতিস মহা পণ্ডিতের ধারানুসারে কৌশল পূর্ব্বক প্রশ্ন করত তাহাকে ঐ বিষয়ে নিপুণ করিতে পারিবা, তাহা করিলে সে ব্যক্তির উপর প্রভুত্ব প্রকাশ না করিয়াও তুমি তাহার শিক্ষক হইবা।

২০ সাবধান যেন সভা মধ্যে সকল লোকের নিকট প্রতিষ্ঠাপন্ন হইবার অভিমানে সর্ব্বদা আপনার বুদ্ধির নৈপুণ্য ও বক্তৃতা শক্তি প্রকাশ করিয়া অন্যান্য লোকের অপেক্ষা উৎকৃষ্ট হইতে বৃথা চেষ্টা করিও না। অপর সভ্য সমাজে এ প্রকার অভিমানের অনুরাগ নাই সুতরাং তোমার সঙ্গিগণের অনভিজ্ঞতা অথবা মূর্খতার বিষয়েও তোমার শ্লেষ বাক্য প্রয়োগ করা কর্ত্তব্য নহে।

XXI. Though you should not affect to flourish in a copious harangue and a diffusive style in company, yet neither should you rudely interrupt and reproach him that happens to use it; but, when he has done speaking, reduce his sentiments into a more contracted form, not with a show of correcting, but as one who is doubtful whether you hit upon his true sense or not. Thus matters may be brought more easily from a wild confusion into a single point, questions may be sooner determined, and difficulties more easily removed.

XXII. Be not so ready to charge ignorance, prejudice, and mistake upon others, as you are to suspect yourself of it; and, in order to show how free you are from prejudices, learn to bear contradiction with patience; let it be easy to you to hear your own opinion strongly opposed, especially in matters which are doubtful and disputable amongst men of sobriety and virtue. Give a patient hearing to arguments on all sides; otherwise, you give the company occasion to suspect that it is not the evidence of truth has led you into this opinion, but some lazy anticipation of judgment, some beloved presumption, some long and rash possession of a party-scheme, in which you desire to rest undisturbed. If your assent has been established upon just and sufficient grounds, why should you be afraid to let the truth be put to the trial of argument?

XXIII. Banish utterly out of all conversation, and

২১ যদিও সভা মধ্যে বাগাড়ম্বর পূর্ব্বক বক্তৃতা প্রকাশ করা তোমার কর্ত্তব্য নহে তথাপি অন্য কোন লোক তদ্রূপ করিলে অভব্য হইয়া তাহার কথা ভঙ্গ করিয়া তাহাকে অনুযোগ করাও উচিত নহে, কিন্তু তাহার বক্তৃতা সমাপনানন্তর তাহার মত সংক্ষেপে বর্ণনা করিলে হানি নাই, তাহাও দোষ করিবার ধারায় না করিয়া যথার্থ তাৎপর্য্য গ্রহ করিয়াছ কি না এই কথা জিজ্ঞাসা করত করিও ইহাতে সকল বিষয়ের গোলযোগ সহজে নিষ্পত্তি করিতে পারিবা এবং উত্থাপিত প্রশ্নের মীমাংসা করিয়া সন্দেহ ভঞ্জন করিতে পারিবা।

২২ আপনার অনভিজ্ঞতা পক্ষপাতিতা এবং মতি ভ্রমের বিষয়ে যেমন আশঙ্কা করা কর্ত্তব্য পরের প্রতি তদ্রূপ করা উচিত নহে। পরে বিরুদ্ধ উক্তি করিলে তোমার পক্ষপাত মাত্র নাই ইহা প্রসিদ্ধ করিবার নিমিত্ত তাহা ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক সহিষ্ণুতা করিতে অভ্যাস কর। তোমার আপনার মতের বিপক্ষে কোন কথা শুনিলে তাহা অনায়াসে সহ্য কর বিশেষতঃ যে ২ বিষয়ে স্থিরচিত্ত এবং ধার্ম্মিক লোকেরাও সংশয়াপন্ন হইয়া বাদানুবাদ করেন তদ্বিষয়ে বিপরীত উক্তি শ্রবণ করিলে অস্থির হইও না। সকল পক্ষের তর্কই ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক শ্রবণ করিও, তাহা না করিলে সভাস্থ লোকেরা মনে করিবে যে তুমি যথার্থ প্রমাণ আলোচনা করিয়া মত স্থির কর নাই কিন্তু আলস্য পূর্ব্বক বিচার নিষ্পত্তি করিয়াছ এবং কোন বিষয়ে আত্মতোষক বচন কল্পনা করিয়া দলাদলিতে মত্ত হইয়া বিরুদ্ধ উক্তি শ্রবণ করিতে অনিচ্ছু হইয়াছে। যদি তুমি যথার্থ এবং উত্তম হেতুবাদ দ্বারা মত স্থির করিয়া থাক তবে যুক্তিবাদ পূর্ব্বক তাহার সত্যতা পরীক্ষা করিতে কেন ভীত হইবা ?

especially out of all learned and intellectual conference, every thing that tends to provoke passion, or raise a fire in the blood. Let no sharp language, no noisy exclamation, no sarcasms or biting jests, be heard among you; no perverse or invidious consequences be drawn from each other's opinions, and imputed to the person; let there be no wilful perversion of another's meaning; no sudden seizure of a lapsed syllable to play upon it; nor any abused construction of an innocent mistake: suffer not your tongue to insult a modest opponent that begins to yield; let there be no crowing and triumph, even where there is evident victory on your side. All these things are enemies to friendship, and the ruin of free conversation. The impartial search of truth requires all calmness and serenity, all temper and candour; mutual instruction can never be attained in the midst of passion, pride, and clamour, unless we suppose in the midst of such a scene, there is a loud and penetrating lecture read by both sides on the folly and shameful infirmities of human nature.

XXIV. Whensoever, therefore, any unhappy word shall arise in company that might give you a reasonable disgust, quash the rising resentment, be it never so just, and command your soul and your tongue into silence, lest you cancel the hopes of all improvement for that hour, and transform the learned conversation into the mean and vulgar form of reproaches and rail-

২৩ কথোপকথন কালে বিশেষতঃ পণ্ডিতবর্গের সহিত শাস্ত্রীয় আলাপের সময়ে ক্রোধ উদ্দীপক অথবা রাগ উৎপাদক কথা সম্পূর্ণ রূপে ত্যাগ করিও। তোমারদের মধ্যে কাহারো মুখ হইতে যেন কোন কটু কথা কিম্বা চীৎকার শব্দ অথবা শ্লেষ কিম্বা ব্যঙ্গোক্তি নির্গত না হয়, কেহ যেন কাহার মত ধরিয়া তাহার চরিত্রে কুটিলতা ও মাৎসর্য্য দোষের আরোপ না করে, কেহ যেন জ্ঞাতসারে কাহার তাৎপর্য্যের বিপরীত অর্থ কল্পনা না করে, এবং কাহার মুখ হইতে কোন অপ্রামাণিক কথা নির্গত হইলে যেন তৎক্ষণাৎ তাহাই উপলক্ষ্য করিয়া শ্লেষ না করে, অথবা তুচ্ছ বিষয়ে ভ্রান্তি দেখিলে সেই ছলে মহা গোলযোগ না করে। বিবাদী ব্যক্তি ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক পরাভব স্বীকার করিতে প্রস্তুত হইলে তুমি দুর্মুখ হইয়া তাহাকে অপমান করিও না এবং যদিও তোমার পক্ষে স্পষ্ট জয় হইয়া থাকে তথাপি চীৎকার পূর্ব্বক দর্প প্রকাশ করিও না, কেননা এ রূপ ব্যবহার করিলে মিত্রতা রক্ষা পায় না এবং নির্ভয়ে কথোপকথনও হইতে পারে না। নিরপেক্ষ হইয়া সত্যের অনুসন্ধান করিতে হইলে চিত্তস্থৈর্য্য এবং ধৈর্য্য তথা মৃদুতা এবং সরলতা অপেক্ষণীয় হয়। অপর ক্রোধ অহঙ্কার এবং গোল যোগে পরস্পরের শিক্ষা হইতে পারে না, তবে ঐ রূপ বাগ্যুদ্ধ কালে উভয় পক্ষে মনুষ্য জাতির মূর্খতাদি দোষের প্রসঙ্গে চীৎকার পূর্ব্বক কোন মর্ম্ম ভেদি উপদেশ পাঠ করিলে যদি কিছু হয়।

২৪ অতএব যদি সভা মধ্যে কখন এমত কোন অশুভ শব্দের উল্লেখ হয় যাহাতে তোমার বাস্তবিক বিরাগ জন্মিতে পারে তবে ক্রোধের হেতু থাকিলেও তৎক্ষণাৎ ক্রোধ সম্বরণ করিও এবং চিত্ত স্থির করিয়া মৌনাবলম্বন করিও,

ing. The man who begins to break the peace in such a society will fall under the shame and conviction of such a silent reproof, if he has any thing ingenuous about him. If this should not be sufficient, let a grave admonition, or a soft and gentle turn of wit, with an air of pleasantry, give the warm disputer an occasion to stop the progress of his indecent fire, if not to retract the indecency, and quench the flame.

XXV. Inure yourself to a candid and obliging manner in all your conversation; and acquire the art of pleasing address, even when you teach, as well as when you learn; and when you oppose, as well as when you assert or prove. This degree of politeness is not to be attained, without a diligent attention to such kind of directions as are here laid down, and a frequent exercise and practice of them.

XXVI. If you would know what sort of companions you should select for the cultivation and advantage of the mind, the general rule is, choose such as, by their brightness of parts, and their diligence in study, or by their superior advancement in learning, or peculiar excellence in any art, science, or accomplishment, divine or human, may be capable of administering to your improvement; and be sure to maintain and keep some due regard to their moral character always; lest, while you wander in quest of intellectual gain, you fall into the contagion of irreligion and vice. No wise man would venture into a house infected with the

নচেৎ সভাস্থ হওয়াতে যে জ্ঞান বৃদ্ধির সম্ভাবনা তাহাতে বঞ্চিত হইবে, এবং শাস্ত্রীয় আলাপের বিনিময়ে কুৎসাবাদ শ্লেষ প্রভৃতি ইতর কথোপকথনে প্রবৃত্তি জন্মিবে। সভা মধ্যে যে ব্যক্তি প্রথমতঃ কলহ আরম্ভ করে তাহার অন্তঃকরণে যদি যৎকিঞ্চিৎ সরলতার সঞ্চার থাকে তবে বিপক্ষবাদী মৌনাবলম্বন করিলে সে মনে ২ লজ্জা প্রাপ্ত হইবে। যদি বিপক্ষবাদির মৌনাবলম্বনে লজ্জিত না হয় তবে গাম্ভীর্য্য পূর্ব্বক ভৎর্সনা করিয়া অথবা হাস্য বদনে মিষ্ট ভাষায় অনুযোগ করিয়া সেই কলহকারিকে নিবৃত্ত করা কর্ত্তব্য তাহাতে সে অধিক নির্লজ্জ হইয়া আর বারম্বার ক্রোধ প্রকাশ করিবে না অথবা সদ্যো নির্লজ্জতা ত্যাগ করিয়া ক্রোধ সম্বরণ করিবে।

২৫ সকল প্রকার কথোপকথন কালে সরল এবং পরের অনুরাগ ভাজন হইতে অভ্যাস কর এবং অধ্যাপনা অথবা অধ্যয়ন করিবার কালে তথা পরের প্রতিপক্ষতা কিম্বা স্বীয় অভিমত ব্যক্ত করিবার সময়ে প্রিয় ভাষী হইতে যত্ন কর। কিন্তু পশ্চাল্লিখিত নিয়মে মনস্থৈর্য্য পূর্ব্বক অবধান না করিলে এবং অহরহ তদনুযায়ি আচরণ না করিলে ঐ রূপ ভব্যতা জন্মিবে না।

২৬ চিত্তোৎকর্ষ করণার্থ কি প্রকার লোকের সহিত সহবাস করা কর্ত্তব্য যদি এই বিষয় অবগত হইতে বাঞ্ছা কর তবে এই সাধারণ নিয়মে প্রণিধান কর, যথা-এমত ২ লোকের সহিত সহবাস করিবা যাহারা বুদ্ধির প্রাখর্য্য এবং বিদ্যালাভে যত্ন প্রযুক্ত অথবা জ্ঞানোপার্জ্জনে অধিক ব্যুৎপত্তি কিম্বা সাংসারিক অথবা পারমার্থিক কোন বিদ্যা ও শিল্প জ্ঞান অথবা অন্য কোন গুণে নিপুণতার কারণ তোমার জ্ঞান বৃদ্ধি করিতে সমর্থ, পরন্তু তুমি বিদ্যালাভের চেষ্টায় ব্যাপৃত

plague, in order to see the finest collections of any virtuoso in Europe.

XXVII. Nor is it every sober person of your acquaintance, no, nor every man of bright parts, or rich in learning, that is fit to engage in free conversation for the inquiry after truth. Let a person have never so illustrious talents, yet he is not a proper associate for such a purpose, if he lie under any of the following infirmities:

1. If he be exceedingly reserved, and has either no inclination to discourse, or no tolerable capacity of speech and language for the communication of his sentiments.

2. If he be haughty and proud of his knowledge, imperious in his airs, and always fond of imposing his sentiments on all the company.

3. If he be positive and dogmatical in his own opinions, and will dispute to the end; if he will resist the brightest evidence of truth, rather than suffer himself to be overcome, or yield to the plainest and strongest reasonings.

4. If he be one who always affects to outshine all the company, and delights to hear himself talk or flourish upon a subject, and make long harangues, while the rest must be all silent and attentive.

5. If he be a person of a whiffling and unsteady turn of mind, who cannot keep close to a point of controversy, but wanders from it perpetually, and is always

হইয়া যেন অধর্ম্ম এবং দুষ্কৃতের মোহনে মুগ্ধ না হও একারণ ঐ সকল ব্যক্তির সদসৎ আচরণে সর্ব্বদা উপযুক্ত রূপে মনোযোগ করিও। বিজ্ঞ লোকেরা ইউরোপীয় বিচিত্র দ্রব্যানুরাগি কোন ব্যক্তির সংগৃহীত উত্তম ২ দ্রব্য দর্শনার্থও সঞ্চারি রোগে পূর্ণ বাটীতে প্রবেশ করিতে সাহস করে না।

২৭ অধিকন্তু এমত জ্ঞান করিও না যে তোমার পরিচিত প্রত্যেক সুধী অথবা সূক্ষ্ম বুদ্ধি কিম্বা বিদ্বান পুরুষ সত্যানুসন্ধান বিষয়ে নিরপেক্ষ হইয়া কথোপকথন করিতে উপযুক্ত। কোন ব্যক্তি যদি অতিশয় নিপুণ হয় তথাপি তাহার নিম্ন লিখিত দোষ থাকিলে সে উক্ত অভিপ্রায় সিদ্ধ করণার্থ উপযুক্ত সঙ্গী হইতে পারে না।

১ যদি সে ব্যক্তি বাক্য প্রয়োগে অতিশয় শিথিল কিম্বা কথোপকথনে অনিচ্ছুক হয় অথবা স্বীয় অভিপ্রায় প্রকাশার্থ যদি তাহার বাক্‌পটুতা না থাকে।

২ যদি সে অহঙ্কারী আর জ্ঞানাভিমানী হয় এবং আচার ব্যবহারে দর্প প্রকাশ করে অথবা সঙ্গি জন গণকে আপনার মতাবলম্বী করিতে সর্ব্বদা আকাঙ্ক্ষী হয়।

৩ যদি আপনার মত পালনে অতিশয় ব্যগ্র অথবা মত্ত হয় এবং অবিশ্রান্ত বিবাদ করিতে রত থাকে, কিম্বা যদি পরাভব স্বীকার করণাপেক্ষা সত্য বিষয়ের স্পষ্ট প্রমাণ এবং দৃঢ়তর হেতুবাদও অগ্রাহ্য করিতে সম্মত হয়।

৪ যদি সে সর্ব্বদা সভাস্থ সকল লোককে স্তব্ধ করিয়া কোন বিষয়ে আপনি অবিশ্রান্ত কথা কহিতে অথবা প্রাগল্‌ভ্য করিতে ভাল বাসে এবং অন্যান্য সকলকে কথা কহিতে নিষেধ করিয়া আপনি বাগাড়ম্বর করে।

৫ যদি সে অস্থির এবং চঞ্চল চিত্ত হইয়া নির্দ্দিষ্ট বিষয়ে

solicitous to say something, whether it be pertinent to the question or not.

6. If he be fretful and peevish, and given to resentment upon all occasions; if he knows not how to bear contradiction, or is ready to take things in a wrong sense; if he is swift to feel a supposed offence, or to imagine himself affronted, and then break out into a sudden passion, or retain silent and sullen wrath.

7. If he affect wit on all occasions, and is full of his conceits and puns, quirks or quibbles, jests and repartees; these may agreeably entertain and animate an hour of mirth, but they have no place in the search after truth.

8. If he carry always about him a sort of craft, and cunning, and disguise, and act rather like a spy than a friend. Have a care of such a one as will make an ill use of freedom in conversation, and immediately charge heresy upon you, when you happen to differ from those sentiments which authority or custom has established.

In short, you should avoid the man in such select conversation, who practises any thing that is unbecoming the character of a sincere, free, and open searcher after truth.

Now, though you may pay all the relative duties of life to persons of these unhappy qualifications, and treat them with decency and love, so far as religion

তর্ক করিতে অসমর্থ হয় এবং উপস্থিত প্রসঙ্গ ত্যাগ করিয়া সঙ্গত হউক বা অসঙ্গতই হউক সর্ব্বদা নূতন প্রস্তাব করিতে প্রবৃত্ত হয়।

৬ যদি বিষণ্ন স্বভাব অথবা বিমনা হইয়া বারম্বার ক্রোধান্বিত হয় এবং কেহ বিপক্ষবাদী হইলে সহিষ্ণুতা করিতে না পারে অথবা সকল বিষয়ে বিপরীত তাৎপর্য্য গ্রহণ করে অপর যদি সে অপমানিত হইয়াছে এই অভিমানে অকস্মাৎ ক্রোধানলে দগ্ধ হয় কিম্বা মনেং ক্রোধ করিয়া বিষণ্ন বদনে মৌনাবলম্বন করে।

৭ যদি সে ব্যক্তি সকল বিষয়েই চতুরতা প্রকাশ করিবার অভিমান প্রযুক্ত সর্ব্বদা পরিহাস বা বিদ্রূপ বা শ্লেষ বা রহস্য করিতে মত্ত হয়। আমোদ করিবার সময় ঐ রূপ পরিহাস করিলে লোকের চিত্ত রঞ্জন হইতে পারে বটে কিন্তু সত্যানুসন্ধান কালে তাহাতে বিপরীত হইয়া উঠে।

৮ যদি সে ব্যক্তি বন্ধুবৎ আচরণ না করিয়া সর্ব্বদা ধূর্ত্ততা ও কাপট্য প্রকাশ করত চরের ন্যায় ব্যবহার করে। যে ব্যক্তি কথোপকথন ছলে তোমাকে রাজ নিয়মানুযায়ি অথবা লোকাচার সঙ্গত মতের বিপক্ষে পাষণ্ড বলিয়া তোমার নামে অভিযোগ করিতে পারে তাহার বিষয়ে সাবধান হইও।

যে ব্যক্তি সরল চিত্ত এবং বস্তুত সত্যান্বেষণকারির ন্যায় আচরণ না করে সত্য স্থাপনার্থ গোপনে কথোপকথন করিবার সময় তাহার সঙ্গ ত্যাগ করা কর্ত্তব্য।

কিন্তু এই প্রকার দুষ্টপ্রকৃতি লোকেরদের প্রতিও লৌকিক ভব্যতা প্রকাশ করা যাইতে পারে এবং তাহাদিগের যথা বিহিত অনুরাগ এবং তত্ত্বাবধারণ করাও লোকত ধর্ম্মত উচিত বটে কিন্তু সাবধান হইও তাহারদের সমাজে সত্যাসত্য নির্ণয়.

and humanity oblige you, yet take care of entering into a free debate on matters of truth or falsehood in their company, and especially about the principles of religion. I confess, if a person of such a temper happens to judge and talk well on such a subject, you may hear him with attention, and derive what profit you can from his discourse; but he is by no means to be chosen for a free conference in matters of inquiry and knowledge.

XXVIII. While I would persuade you to beware of such persons, and abstain from too much freedom of discourse amongst them, it is very natural to infer, that you should watch against the working of these evil qualities in your own breast, if you happen to be tainted with any of them yourself. Men of learning and ingenuity will justly avoid your acquaintance, when they find such an unhappy and unsocial temper prevailing in you.

XXIX. To conclude; when you retire from company, then converse with yourself in solitude, and inquire what you have learned for the improvement of your understanding, or for the rectifying your inclination, for the increase of your virtues, or the meliorating your conduct and behaviour in any future parts of life. If you have seen some of your company candid, modest, humble in their manner, wise and sagacious, just and pious in their sentiments, polite and graceful, as well as clear and strong in their expres-

করণার্থ মুক্ত কণ্ঠে তর্ক করিও না বিশেষতঃ তাহারদের সমক্ষে ধর্ম্মজিজ্ঞাসার প্রসঙ্গে কোন উক্তি করিও না। যদি দৈবাৎ তাহারা কোন সত্যাসত্য নির্ণয়ের বিষয়ে উত্তম মীমাংসা করত কোন সদুক্তি করে তবে মনোযোগ পূর্ব্বক তাহারদের বাক্য শ্রবণ করিয়া উপকৃত হওয়া পরামর্শ সিদ্ধ বটে কিন্তু জিজ্ঞাস্য বিষয়ে নিরঙ্কুশ হইয়া কথোপকথনার্থ তাদৃশ লোককে সঙ্গী করা কর্ত্তব্য নহে।

২৮ উক্ত প্রকার লোকের সমাজে অনর্গল বাক্য প্রয়োগ করিতে তোমাকে সাবধান করিলাম অতএব তোমার কর্ত্তব্য যে উপরি লিখিত কুসংস্কার তোমার আপনার অন্তরে থাকিলে তাহা দমন করিতে যত্ন কর। তোমার মনোমধ্যে তাদৃশ অশুভ এবং অভব্য সংস্কার থাকিলে বিদ্বান এবং সুবুদ্ধি জন গণ উচিত মতে তোমার সঙ্গ ত্যাগ করিতে পারেন।

২৯ অবশেষে বক্তব্য এই যে তুমি সভা হইতে বাহিরে আসিলে একাকী মনে ২ উল্লেখিত বিষয় সকল ধ্যান করত পরীক্ষা করিয়া দেখ যে বুদ্ধির তীক্ষ্ণতা এবং চিত্ত শোধন তথা সুকৃত বৃদ্ধি এবং ভবিষ্যতের আচার ব্যবহার শোধনের নিমিত্ত তুমি কি ২ উপদেশ প্রাপ্ত হইয়াছ। যদি সঙ্গি লোকদের মধ্যে কাহাকেও সরল চরিত্র সুশীল এবং নম্র দেখিয়া থাক এবং তাহারদের ভাবে বিজ্ঞতা দূরদর্শিতা যথার্থতাও পরমার্থ নিষ্ঠতা প্রকাশ পাইয়া থাকে আর তাহারদের ব্যবহার যদি সর্ব্বপ্রিয় এবং চিত্তরঞ্জক বোধ হইয়া থাকে তবে তাহা স্মরণে রাখিয়া আপনি তদনুরূপ হইতে চেষ্টা কর।

sion, and universally acceptable and lovely in their behaviour, endeavour to impress the idea of all these upon your memory, and treasure them up for your imitation.

XXX. If the laws of reason, decency, and civility have not been well observed amongst your associates, take notice of those defects for your own improvement; and from every occurrence of this kind, remark something to imitate, or to avoid, in elegant, polite, and useful conversation. Perhaps you will find that some persons present have really displeased the company, by an excessive and too visible an affectation to please,—i. e. by giving loose to servile flattery, or promiscuous praise; while others were as ready to oppose and contradict every thing that was said. Some have deserved just censure for a morose and affected taciturnity, and others have been anxious and careful lest their silence should be interpreted a want of sense; and therefore they have ventured to make speeches, though they had nothing to say which was worth hearing. Perhaps you will observe that one was ingenious in his thoughts and bright in his language, but he was so top-full of himself, that he let it spill on all the company; that he spoke well indeed, but that he spoke too long, and did not allow equal time or liberty to his associates. You will remark that another was full-charged, to let out his words before his friend had done speaking, or impatient of the least opposition to any thing he said.

৩০ তোমার সঙ্গি লোক যদি ভব্যজ্ঞ এবং উপযুক্ত আচরণে ত্রুটি করিয়া থাকে তবে তুমি আপনার আচার শোধনার্থে সকল দোষ স্মরণ করিয়া রাখ এবং ঐ প্রকার যে ২ ঘটনা দেখিতে পাও সে সকলে প্রণিধান করিয়া সৎ সমাজে কথোপকথনের সৌষ্ঠব প্রকাশার্থে কি ২ হেয় অথবা উপাদেয় তাহা লক্ষিত কর। কখন ২ এমত ঘটনার সম্ভাবনা আছে যে সভাস্থ কোন ২ ব্যক্তি সকলকে সন্তুষ্ট করিতে অতিশয় ব্যগ্র হইয়া বস্তুতঃ সাধারণের অপ্রিয় হয়, অর্থাৎ নীচ প্রকৃতি প্রযুক্ত তোষামোদ করিতে মত্ত হইয়া সত্যাসত্য বিবেচনা ত্যাগ করত কেবল প্রশংসাবাদে মগ্ন হয়, আর কেহ ২ তদ্বিপরীতে সকল প্রস্তাবেই বাদানুবাদ করিতে সতর হয়, কেহ ২ বিমনা হইয়া অভিমান বশতঃ মৌনাবলম্বন করিয়া যথার্থ নিন্দার্হ হয়, কেহ বা মৌনাবলম্বন করিলে যদি নির্বোধ রূপে প্রতীয়মান হয় এই আশঙ্কায় উদ্বিগ্ন হইয়া পরের শ্রোতব্য কোন কথা না থাকিলেও বক্তৃতা করিতে সাহস করে। কখন ২ এমত দেখিতে পাইবা যে কেহ বুদ্ধির কৌশল এবং বাক্‌পটুতা প্রকাশ করিয়াও স্বীয় মনের ভাবে মত্ত হওয়াতে সকলের সমক্ষে আপনি অবিশ্রান্ত বক্তৃতা করিয়াছে এবং সদ্বক্তা হইলেও আপনি অনেক ক্ষণ পর্য্যন্ত বাগাড়ম্বর করিয়া সঙ্গিগণের কাহাকেও কথা কহিতে দেয় নাই। অপর কোন লোকের বিষয়ে তোমার বোধ হইবে যে সে ব্যক্তি সঙ্গি গণের কথা সমাপ্ত হইবার পূর্ব্বে আপনি প্রাগল্‌ভ্য করিতে ব্যস্ত হইয়াছিল অথবা আপনার বাক্যের অন্যথা শুনিতে অসহিষ্ণুতা প্রকাশ করিয়াছিল। কখন ২

You will remember that some persons have talked at large, and with great confidence, of things which they understood not; and others counted every thing tedious and intolerable that was spoken upon subjects out of their sphere; and they would fain confine the conference entirely within the limits of their own narrow knowledge and study. The errors of conversation are almost infinite.

XXXI. By a review of such irregularities as these, you may learn to avoid those follies and pieces of ill conduct which spoil good conversation, or make it less agreeable and less useful; and, by degrees, you will acquire that delightful and easy manner of address and behaviour in all useful correspondences, which may render your company every where desired and beloved; and, at the same time, among the best of your companions, you may make the highest improvement in your own intellectual acquisitions, that the discourse of mortal creatures will allow, under all our disadvantages in this sorry state of mortality.

তোমার এমত স্মরণ হইবে যে কোন লোক যে বিষয় বুঝে না তাহাতে মহা সাহস পূর্ব্বক বাগাড়ম্বর করিয়াছে, কেহ বা আপনার শ্রুত বিষয়ের প্রস্তাব শ্রবণে বিরক্ত হইয়া তাহা অসহ্য বোধ করিয়াছে, তাহারদের ইচ্ছা এই যে যে ২ বিষয় আপনারা শিক্ষা ও আলোচনা করিয়াছে তদতিরিক্ত কোন কথার প্রসঙ্গ না হয় ফলে কথোপকথন কালে নানা লোকের ঐ রূপ নানা দোষ প্রকাশ পাইয়া থাকে।

৩১ এই সকল অনিয়মিত দোষ বিবেচনা করিলে তুমি তাদৃশ মূর্খতা এবং কুব্যবহার পরিহার করিতে পারিবা, ঐ দোষ প্রযুক্তই সদালাপে বাধা জন্মে অথবা তাহাতে অসুখ এবং নিষ্ফল শ্রম হয়। কিন্তু পূর্ব্বোক্ত ধারানুসারে সাবধান হইলে তোমার চরিত্র ক্রমশঃ এমত চিত্তরঞ্জক এবং উৎকৃষ্ট হইবে যে সকলেই অনুরাগী হইয়া তোমার সহবাস করিতে ইচ্ছা করিবে এবং তুমিও সৎ লোকের সমাজে থাকিয়া এই অসার সংসারে মনুষ্যের সঙ্গত কথোপকথনে যত দূর সম্ভাব্য তত দূর পর্য্যন্ত বুদ্ধির বৃদ্ধি করিয়া মহোপকার ভাজন হইবা।

CHAPTER X.

OF DISPUTES.

I. UNDER the general head of conversation for the improvement of the mind, we may rank the practice of disputing; that is, when two or more persons appear to maintain different sentiments, and defend their own, or oppose the other's opinion, in alternate discourse, by some methods of argument.

II. As these disputes often arise in good earnest, where the two contenders do really believe the different propositions which they support, so sometimes they are appointed as mere trials of skill, in academies, or schools, by the students; sometimes they are practised, and that with apparent fervour, in courts of judicature by lawyers, in order to gain the fees of their different clients; while both sides perhaps are really of the same sentiment with regard to the cause which is tried.

III. In common conversation, disputes are often managed without any forms of regularity or order, and they turn to good or evil purposes, chiefly according to the temper of the disputants. They may some-

১০ পরিচ্ছেদ।

বাদানুবাদের বিষয়।

১ চিত্তোৎকর্ষ সাধক কথোপকথন শব্দে বাদানুবাদও উহ্য হইতে পারে। সেই বাদানুবাদের লক্ষণ এই, যখন দুই কিম্বা অধিক লোক ভিন্ন ২ মতাবলম্বী হইয়া তর্কের কোন ধারানুসারে ক্রমশ বক্তৃতা করিয়া স্বকীয় মতের পোষকতা অথবা পরকীয় মতের খণ্ডন করে তাহাকে বাদানুবাদ কহা যায়।

২ এই প্রকার বাদানুবাদ কখন২ বাস্তবিক অর্থাৎ যথার্থতঃ উৎপন্ন হয়, বিবাদী পুরুষেরা যে ২ মতের পোষকতা করেন তাহাতে বস্তুতঃ বিশ্বাস রাখেন কখন ২ চতুষ্পাঠা প্রভৃতি বিদ্যাগারের বিদ্যার্থিরা অপন ২ পাণ্ডিত্য পরীক্ষা করণার্থ ভিন্ন ২ দলস্থ হইয়া বাদানুবাদে প্রবৃত্ত হয়েন, কখন বা বিচারাগারে উকিল প্রভৃতি ব্যবস্থা শাস্ত্রজ্ঞেরা উভয়ে বস্তুতঃ এক মতাবলম্বী হইলেও স্ব ২ নিয়োজক ব্যক্তিরদের নিকট বেতন প্রাপ্ত হইবার নিমিত্ত পরস্পর বাদানুবাদ করণে বিলক্ষণ তৎপরতা প্রকাশ করেন।

৩ সামান্য কথোপকথন কালে লোকেরা কোন বিশেষ নিয়ম কিম্বা ধারার অনুযায়ি না হইয়াও বারম্বার বাদানুবাদে তৎপর হয় তাহাতে বিবাদি ব্যক্তিদিগের সদসৎ স্বভাবানুসারে সদসৎ ফল উৎপন্ন হয়। কখন ২ এই রূপ বাদানু-

times be successful to search out truth, sometimes effectual to maintain truth, and convince the mistaken; but, at other times, a dispute is a mere scene of battle, in order to victory and vain triumph.

IV. There are some few general rules which should be observed in all debates whatsoever, if we would find out truth by them, or convince a friend of his error, even though they be not managed according to any settled forms of disputation; and, as there are almost as many opinions and judgments of things as there are persons, so when several persons happen to meet and confer together upon any subject, they are ready to declare their different sentiments, and support them by such reasonings as they are capable of. This is called debating, or disputing, as is above described.

V. When persons begin a debate, they should always take care that they are agreed in some general principles or propositions, which either more nearly or remotely affect the question in hand; for otherwise they have no foundation or hope of convincing each other; they must have some common ground to stand upon while they maintain the contest.

When they find they agree in some remote propositions, then let them search further, and inquire how near they approach to each other's sentiments; and whatsoever propositions they agree in, let these lay a foundation for the mutual hope of conviction. Hereby

বাদে সত্য জ্ঞান লব্ধ হয় কখন বা সত্যের পোষকতা এবং ভ্রান্ত ব্যক্তির মত শোধন হয়, আর কখন ২ বিবাদি পুরুষেরা জয় লাভ.এবং বৃথা গৌরবের প্রয়াসী হইয়া কেবল কলহ এবং অমিত্রতা প্রকাশ করে।

৪ যদিও কোন নির্দ্দিষ্ট ধারানুযায়ি বাদানুবাদ অসম্ভব হয় তথাপি সত্য জ্ঞান প্রাপ্তি অথবা কোন বন্ধুর মত শোধন নিমিত্ত উৎসুক হইলে তৎকালে কতিপয় সাধারণ নিয়ম পালন হইতে পারে, আর প্রায় যাবদীয় লোকেরই ভিন্ন ২ সংস্কার বশতঃ বিবেচনার ভেদ সম্ভাব্য, অতএব কতিপয় ব্যক্তি যখন কোন বিষয়ে কথোপকথন করিতে একত্র হয় তখন তাহারা সকলেই স্ব ২ মত প্রচার করিয়া যথাসাধ্য বাদ জল্প দ্বারা তাহার পোষকতা করিয়া থাকে। এই প্রকার কথোপকথনের নাম বাদানুবাদ, তাহার লক্ষণ পূর্ব্বে করা গিয়াছে।

৫ যখন কতিপয় ব্যক্তি বাদানুবাদ করিতে উপক্রম করে তখন তাহারদের কর্ত্তব্য যে উপস্থিত প্রসঙ্গ সংশ্লিষ্ট কোন ২ সাধারণ মত কিম্বা বচনে ঐকমত্য প্রকাশ করে নচেৎ বিবাদের কোন মূল থাকিবে না এবং কেহ কাহাকে কোন কথা বুঝাইতে পরিবে না। অতএব বিরোধ করিবার সময় সকলকেই কোন সামান্য স্থলে দণ্ডায়মান হইতে হইবে।

বিবাদি লোকেরা যখন দেখে যে কোন ২ দূরস্থ মূল কথাতে তাহারদের মতের ঐক্য আছে তখন তাহারদের আলোচনা করা কর্ত্তব্য যে সেই মূল সূত্র অবলম্বন পূর্ব্বক বিচার করিলে কিয়ৎ পরিমাণে ক্রমশঃ পরস্পরের মত ঐক্য হইতে পারে, ফলতঃ যত দূর ঐক্য হয় তত দূর পর্য্যন্ত পরস্পরের এক প্রকার প্রবোধ জন্মিবার আশ্বাস করা উচিত। এ প্রকার

you will be prevented from running at every turn to some original and remote propositions and axioms, which practice both entangles and prolongs a dispute.

VI. The question should be cleared from all doubtful terms and needless additions; and all things that belong to the question should be expressed in plain and intelligible language. This is so necessary a thing, that without it men will be exposed to every kind of ridiculous contest.

VII. And not only the sense and meaning of the words used in the question should be settled and adjusted between the disputants, but the precise point of inquiry should be distinctly fixed; the question in debate should be limited precisely to its special extent, or declared to be taken in its more general sense. As, for instance, if two men are contending whether civil government be of divine right or not, here it must be observed, the question is not whether monarchy in one man, or a republic in multitudes of the people, or an aristocracy in a few of the chief, is appointed of God as necessary; but whether civil government in its most general sense, or in any form whatsoever, is derived from the will and appointment of God? This sort of specification or limitation of the question, hinders and prevents the disputers from wandering away from the precise point of inquiry.

It is this trifling humour or dishonest artifice of changing the question, and wandering away from the

করিলে দূরস্থ মূল সূত্র বারম্বার স্মরণ করিবার প্রয়োজন হইবে না যাহাতে অনেক গোলযোগ জন্মে এবং শীঘ্র মীমাংসার সম্ভাবনা নাই।

৬ যে বিষয়ে বাদানুবাদ হয় তাহাতে অস্পষ্ট শব্দ প্রয়োগ এবং অনর্থক বাক্য বহুল্য করা পরামর্শ সিদ্ধ নহে। কিন্তু তদ্বিষয়ের সকল কথা স্পষ্ট এবং সহজ শব্দে ব্যক্ত করা উচিত, ফলতঃ বাদানুবাদে স্পষ্টার্থ বাক্য প্রয়োগ করা নিতান্ত আবশ্যক কেননা তাহা না করিলে বিবাদি পুরুষেরা নানা প্রকার হাস্যাস্পদ কলহেতে পতিত হইবে।

৭ বাদানুবাদ কালে বিবাদি পুরুষেরদের প্রথমতঃ কেবল পরস্পরের বাক্যার্থ নিশ্চয় করা আবশ্যক এমত নহে বিচার্য্য বিষয়েরও সূক্ষ্ম রূপে নির্ণয় করা কর্ত্তব্য। যে প্রশ্নের প্রসঙ্গে তর্ক করা যায় আদৌ তাহার অর্থ নির্দ্দেশ করিয়া পরে তাৎপর্য্য সঙ্কীর্ণ কি ব্যাপক ইহা বিবেচনা করা উচিত। তাহার উদাহরণ সাংসারিক রাজশাসন ঈশ্বরের নিয়মানুযায়ি কি না? দুই ব্যক্তি এই প্রশ্নের বিচারে প্রবৃত্ত হইলে তাহার-দের স্মরণ করা কর্ত্তব্য যে এই বিষয়ে এক রাজার আধিপত্য অথবা ভূরি ২ দলবদ্ধ লোকের রাজবৎ প্রভুত্ব কিম্বা কতিপয় প্রধান লোকের একত্র রাজ্য শাসন এই ত্রিবিধ ধারানুযায়ি শাসনের বিশেষ বিচার হইবে না, কিন্তু যে ধারায় হউক রাজ্য শাসন ঈশ্বরের নিয়মানুযায়ি কি না কেবল এই কথারই বিচার হইবেক ফলত বিচার্য্য প্রশ্ন এই রূপ সঙ্কীর্ণ করিলে বাদানুবাদকারি পুরুষদিগকে যথার্থ জিজ্ঞাস্য বিষয় পরিহার করিয়া অনর্থক বাগাড়ম্বর করিতে হইবেক না।

পরন্তু প্রশ্নের মধ্যে দ্ব্যর্থ শব্দ ব্যবহার করিয়া অথবা ছল দ্বারা বক্তার তাৎপর্য্যের অবিষয়ীভূত অর্থ কল্পনা করিয়া

first point of debate, which gives endless length to disputes, and causes both the disputants to part without any satisfaction. And one chief occasion of it is this; when one of the combatants feels his cause run low and fail, and is just ready to be confuted and demolished, he is tempted to step aside to avoid the blow, and betakes him to a different question; thus, if his adversary be not well aware of him, he begins to entrench himself in a new fastness, and holds out the siege with a new artillery of thoughts and words. It is the pride of man which is the spring of this evil, and an unwillingness to yield up their own opinions even to be overcome by truth itself.

VIII. Keep this always therefore upon your mind, as an everlasting rule of conduct, in your debates to find out truth, that a resolute design, or even a warm affectation of victory, is the bane of all real improvement, and an effectual bar against the admission of truth, which you profess to seek. This works with a secret, but a powerful and mischievous influence in every dispute, unless we are much upon our guard. It appears in frequent conversation; every age, every sex, and each party of mankind, are so fond of being in the right, that they know not how to renounce this unhappy prejudice, this vain love of victory.

When truth with bright evidence is ready to break in upon a disputant, and to overcome his objections and mistakes, how swift and ready is the mind to en-

বিচারের মূল বিষয় ত্যাগ করিলে অসীম বিবাদ উৎপন্ন হইবে তাহাতে উভয় পক্ষের লোককেই বিষণ্ণ মনে বিদায় লইতে হইবেক।. তাহার এক প্রধান কারণ এই যে এক জন তার্কিক আপনার তর্ক দুর্ব্বল দেখিয়া পরাস্ত প্রায় হইলে পরাভব স্বীকার বারণার্থ চতুরতা পূর্ব্বক অন্য কোন প্রশ্নের প্রসঙ্গ করে, এবং তাহার প্রতিযোগী সে শঠতা হঠাৎ বুঝিতে না পারিলে ঐ নূতন প্রশ্নে নূতন ২ আপত্তির উল্লেখ করিয়া আপনার পক্ষ দৃঢ় করিতে চেষ্টা করে। এই প্রকার বাগাড়ম্বরের মূল কারণ অভিমান, তন্নিমিত্ত লোকে সত্যের বলে পরাভূত হইয়াও আপনার মত ত্যাগ করিতে বাসনা করে না।

৮ অতএব সত্যজ্ঞান লাভার্থ বিচার কালে নিত্য ব্যবহারের নিয়ম নির্দ্ধারণ নিমিত্ত স্মরণ রাখা কর্ত্তব্য যে তর্ক যুদ্ধে জয়ী হইবার দৃঢ় প্রতিজ্ঞা অথবা অতিশয় প্রয়াস করিলে যথার্থ জ্ঞানে ব্যাঘাত পড়ে এবং অভিলষিত সত্যের পরিচয় প্রাপ্তিও অসম্ভব হয়। উপযুক্ত সতর্কতার অভাব হইলে বিচার কালে ঐ রূপ কুৎসিত প্রতিজ্ঞাতে অজ্ঞাতসারে দৃঢ়তর প্রবৃত্তি হয়, এবং ঐ কুপ্রবৃত্তি কথোপকথন দ্বারা বারম্বার প্রকাশ পায়, আবাল বৃদ্ধ বনিতা সর্ব্বপ্রকার লোক তত্ত্বজ্ঞ নাম লাভার্থ এমত অনুরাগী যে কেহই তর্ক যুদ্ধে জয় লাভের বৃথা অভিমান এবং প্রয়াস ত্যাগ করিতে পারে না।

তর্ক কালে কোন তার্কিক লোকের মনে সত্যের উজ্জ্বল প্রভা প্রকটিত হইলে এবং তাহার ভ্রান্তি ও সংশয় ছিন্ন

gage wit and fancy, craft and subtilty, to cloud, and perplex, and puzzle the truth, if possibie! How eager is he to throw in some impertinent question to divert from the main subject! How swift to take hold of some occasional word, thereby to lead the discourse off from the point in hand! So much afraid is human nature of parting with its errors, and being overcome by truth. Just thus a hunted hare calls up all the shifts that nature hath taught her; she treads back her mazes, crosses and confounds her former track, and uses all possible methods to divert the scent, when she is in danger of being seized and taken. Let puss practise what nature teaches; but would one imagine that any rational being should take such pains to avoid truth, and to escape the improvement of its understanding?

IX. When you come to a dispute in order to find out truth, do not presume that you are certainly possessed of it beforehand. Enter the debate with a sincere design of yielding to reason, on which side soever it appears. Use no subtle arts to cloud and entangle the question; hide not yourself in doubtful words and phrases; do not affect little shifts and subterfuges to avoid the force of an argument; take a generous pleasure to espy the first rising beams of truth, though it be on the side of your opponent; endeavour to remove the little obscurities that hang about it, and suffer and encourage it to break out into open

প্রায় হইলে সে ব্যক্তি গোলযোগ করিবার মানসে কেমন সত্বর হইয়া চতুরতা কিম্বা রসিকতা অথবা শঠতা প্রকাশ করে? মূল প্রশ্নে মনোযোগ নিবৃত্ত করিবার নিমিত্ত কেমন উৎসুক হইয়া অন্যায় অসংলগ্ন কথার প্রসঙ্গ করে? উত্থাপিত বিষয়ে কথোপকথন রহিত করণার্থ দৈবাৎ কোন শব্দের ছল পাইলে তাহাও কেমন অগ্রসর হইয়া ধরে? ফলে মনুষ্য স্বভাবতঃ আপনার মতি ভ্রম ত্যাগ করিয়া সত্যের বলে পরাভূত হইতে চাহে না। খরগোশ ব্যাধের দ্বারা লক্ষীকৃত হইলে ঐ রূপে স্বাভাবিক চতুরতা প্রকাশ করত যে কুটিল পথ দিয়া একবার গমন করিয়াছিল তাহাতেই প্রত্যাবৃত্ত হয় এবং ধৃত হইবার ভয়ে পূর্ব্ব পথে ইতস্ততঃ ধাবমান হইয়া স্বীয় শরীরের গন্ধ বিপরীত মার্গে ব্যাপ্ত করিতে চেষ্টা করে কিন্তু যদিও জন্তুর পক্ষে স্বাভাবিক সংস্কারানুসারে তির্য্যক্ পথে ভ্রমণ করা অসঙ্গত নহে তথাপি বিবেকি মনুষ্যের পক্ষে সত্য ত্যাগ এবং বুদ্ধির উন্নতি নিবারণ নিমিত্ত এমত ক্লেশ স্বীকার করা বিচার সঙ্গত হইতে পারে না।

৯ সত্যের উদ্দেশে তর্ক করিতে প্রবৃত্ত হইলে পূর্ব্বেই এমত অভিমান করিও না যে তুমি নিঃসংশয় সত্য লাভ করিয়াছ। যে পক্ষে যুক্তি প্রবল হয় তাহাই গ্রাহ্য করিবা এই সঙ্কল্প করিয়া সরল চিত্তে তর্কারম্ভ কর, আর যে প্রশ্নের বিষয়ে বিবাদ হইতেছে তাহা অস্পষ্ট করণার্থ শঠতা পূর্ব্বক গোল-যোগ করিও না। অপর দ্ব্যর্থ শব্দ কিম্বা পদ প্রয়োগ করিয়া স্বীয় অভিপ্রায় অপ্রকাশ রাখিও না, আর কোন তর্কের দৃঢ়তা নিরাকরণ করিবার মানসে ছল অথবা চাতুরী করিও না, সত্যের প্রভা যদিও তোমার বিপক্ষবাদির পক্ষে প্রকাশ পায়

and convincing light; that, while your opponent perhaps may gain the better of your reasonings, yet you yourself may triumph over error; and I am sure that is a much more valuable acquisition than victory.

X. Watch narrowly, in every dispute, that your opponent does not lead you unwarily to grant some principle of the proposition, which will bring with it a fatal consequence, and lead you insensibly into his sentiment, though it be far astray from the truth; and, by this wrong step, you will be, as it were, plunged into dangerous errors before you are aware.

XI. When you are engaged in a dispute with a person of very different principles from yourself, and you cannot find any ready way to prevail with him to embrace the truth, by principles which you both freely acknowledge, you may fairly make use of his own principles to show him his mistake, and thus convince or silence him from his own concessions.

XII. Yet great care must be taken lest your debates break in upon your passions, and awaken them to take part in the controversy. When the opponent pushes hard, and gives just and mortal wounds to our own opinions, our passions are very apt to feel the strokes, and to rise in resentment and defence. Self is so mingled with the sentiments which we have chosen, and has such a tender feeling of all the opposition which is made to them, that personal brawls are very ready to come in as seconds, to succeed and finish the

তথাপি দৃষ্টি করিবা মাত্র সরলচিত্তে আমোদিত হও, আর তদ্বিষয়ে যদি তোমার মনে কোন মলিনতা থাকে তবে তাহা মোচন করিতে যত্ন কর, এবং সত্যের প্রভা উজ্জ্বল করণে সহায়তা কর, তাহাতে যদিও তোমার প্রতিবাদী তর্ক যুদ্ধে জয়ী হয়েন তথাপি তুমি অবিদ্যা নাশে আহ্লাদ করিতে পাইবা, এবং সে আহ্লাদ তর্কে জয় লাভাপেক্ষাও গুরুতর।

১০ অতিশয় মনোযোগ পূর্ব্বক সাবধান হইও যেন তোমার বিপক্ষ অজ্ঞাতসারে তোমাকে এমত কোন মূল কথা স্বীকার না করায় যাহাতে পরে মন্দ হইতে পারে, কেননা তাহার মত সত্য না হইলেও ঐ কৌশলে তোমাকে ক্রমশঃ স্বীয় মতাবলম্বী করিতে পারিবে। আর প্রমাদ বশতঃ কোন মূল কথা স্বীকার করিলে পরে অজ্ঞাতসারে ঘোরতর ভ্রান্তি কূপে পতিত হইবা।

১১ যখন তুমি কোন ভিন্ন মতাবলম্বি লোকের সহিত তর্ক কর তখন যদি তোমরা উভয়েই কোন ২ মূল কথা নিঃসন্দেহ বলিয়া স্বীকার কর অথচ আপনার বিরুদ্ধ পক্ষ-বাদিকে সত্য অবলম্বন করাইতে না পার, তবে তাহার স্বীকৃত মূল কথা স্মরণ করাইয়া তাহার ভ্রান্তি প্রকাশ করিতে চেষ্টা কর তাহাতে তুমি তাহার অঙ্গীকৃত কথার দ্বারাই তাহাকে প্রবোধিত অথবা নিরুত্তর করিতে পারিবা।

১২ কিন্তু সাবধান হইও যেন তর্ক করিতে ২ তোমার মনের মধ্যে রাগ দ্বেষ উৎপন্ন না হয় এবং তাহাতে যেন বিবাদ উপস্থিত না হয়। বিপক্ষবাদী কঠিন তর্ক করত আমারদের মতে দৃঢ়তর অথচ ন্যায় সিদ্ধ আপত্তি করিলে আমারদের অন্তঃকরণে বিকার জন্মে এবং 'আমরা নিজ মত রক্ষার্থ কুপিত হই। ফলতঃ কোন মত স্থিরী কৃত হইলে

dispute of opinions. Then noise, and clamour and folly, appear in all their shapes, and chase reason and truth out of sight.

How unhappy is the case of frail and wretched mankind in this dark or dusky state of strong passion and glimmering reason! How ready are we, when our passions are engaged in the dispute, to consider more what loads of nonsense and reproach we can lay upon our opponent, than what reason and truth require in the controversy itself! Dismal are the consequences mankind are too often involved in by this evil principle; it is this common and dangerous practice, that carries the heart aside from all that is fair and honest in our search after truth, or the propagation of it in the world.

XIII. These general directions are necessary, or at least useful, in all debates whatsoever; whether they arise in occasional conversation, or are appointed at any certain time or place—whether they are managed with, or without, any formal rules to govern them. But there are three sorts of disputation in which there are some forms and orders observed, and which are distinguished by these three names, viz. Socratic, Forensic, and Academic—i. e. the disputes of the schools.

Concerning each of these it may not be improper to discourse a little, and give a few particular directions or remarks about them.

তাহাতে এমত মমতা জন্মে যে তদ্বিরুদ্ধ বচন শ্রবণে সহিষ্ণুতা হয় না সুতরাং সত্যাসত্য বিষয়ের তর্ক পরস্পর অমিত্রতাতে অবসন্ন হয়, এবং অবশেষে সর্ব্ব প্রকার কলহ চীৎকার এবং প্রমাদ উত্থিত হওয়াতে যুক্তি ও সত্য দৃষ্টি পথের বহির্ভূত হইয়া যায়।

হায়! রাগ দ্বেষ এই রূপে প্রবল হইলে এবং বিবেক শক্তি মলিন হইলে দুর্ভাগ্য ক্ষীণ বুদ্ধি মনুষ্য ঘোর অন্ধকারাচ্ছন্ন হইয়া ঐরূপ দুরবস্থায় পড়ে। তর্ক কালে রাগ দ্বেষ উৎপন্ন হইলে আমরা যুক্তি এবং সত্যানুসারে বিবাদ না করিয়া কেবল প্রতিপক্ষকে অসঙ্গত নিন্দা করিতে সত্বর হই! এই কুপ্রবৃত্তি বশতঃ বারম্বার মহা হানি হয়, এই ভয়ানক কুব্যবহার অতি ব্যাপক, তাহাতে সত্য প্রাপ্তি এবং সত্য প্রচারের নিমিত্ত যাহা উপযুক্ত এবং বিহিত সে সকল হইতে অন্তঃকরণ সম্পূর্ণ রূপে বিরত হয়।

১৩ পূর্ব্বোক্ত নিয়ম সকল প্রকার বিবাদেই আবশ্যক এবং হিতকারক, কথোপকথনের প্রসঙ্গেই হউক অথবা নির্দ্দিষ্ট দেশ কালেই হউক, কোন নিরূপিত ধারাতেই হউক অথবা প্রকারান্তরেই হউক, ঐ সকল বিধি সর্ব্বত্র পালন করা কর্ত্তব্য; অপর নিরূপিত ধারানুযায়ি তিন প্রকার বাদানুবাদ আছে তাহা তিন পারিভাষিক শব্দে উক্ত হয়, যথা সক্রেতীয় অর্থাৎ সক্রেতিস মহা পণ্ডিতের রীত্যনুযায়ি, ফোরেন্সিক অর্থাৎ বহু লোকের সমক্ষে, এবং একাদেমিক অর্থাৎ চতুষ্পাঠী সম্বন্ধীয়।

এই ত্রিবিধ বাদানুবাদের বিষয়ে এক্ষণে যৎকিঞ্চিৎ উক্তি করা অসঙ্গত হইবেক না এবং তদ্বিষয়ে কতিপয় বিশেষ ২ নিয়ম ও তাৎপর্য্য প্রকাশ করিলেও উপকার হইতে পরিবে।

CHAPTER XI.

THE SOCRATICAL WAY OF DISPUTATION.

I. This method of dispute derives its name from Socrates, by whom it was practised, and by other philosophers in his age, long before Aristotle invented the particular forms of syllogism in mood and figure, which are now used in scholastic disputations.

II. The Socratical way is managed by questions and answers in such a manner as this, viz. If I would lead a person into the belief of a heaven or hell, or a future state of rewards and punishments, I might begin in some such manner of inquiry, and suppose the most obvious and easy answers.

Q. Does God govern the world?

A. Surely, he that made it governs it.

Q. Is not God both a good and righteous governor?

A. Both these characters doubtless belong to him.

Q. What is the true notion of a good and righteous governor?

A. That he punishes the wicked, and rewards the good.

Q. Are the good always rewarded in this life?

১১ পরিচ্ছেদ।

সক্রেতীয় বাদানুবাদের বিষয়।

১ এই প্রকার বাদানুবাদের পরিভাষা সক্রেতিস মহা পণ্ডিতের নাম হইতে উৎপন্ন হইয়াছে। পণ্ডিত সমাজে সম্প্রতি ব্যবহার্য্য অনুমান খণ্ড সংক্রান্ত ধারা অরিস্ততিল দ্বারা স্পষ্ট হইবার বহু কাল পূর্ব্বে সক্রেতিস এবং তদ্বয়স্য পণ্ডিতেরা ঐ প্রকার বাদানুবাদের প্রয়োগ করিয়াছিলেন।

সক্রেতীয় ধারায় প্রশ্নোত্তর দ্বারা পশ্চাল্লিখিত প্রকারে বাদানুবাদ হইয়া থাকে। যথা ইহ কালের পর স্বর্গ নরক স্বরূপ সুখ দুঃখ ভোগের স্থল আছে এ কথা কাহাকে বিশ্বাস করাইতে হইলে পশ্চাল্লিখিত প্রশ্ন রচনা করিয়া তাহার স্পষ্ট উত্তর কল্পনা করা যাইতে পারে। তদ্যথা।

প্রশ্ন। পরমেশ্বর কি জগতের শাসন করেন না?

উত্তর। অবশ্য, যিনি সৃষ্টি করিয়াছেন তিনি শাসনও করেন।

প্রশ্ন। পরমেশ্বর কি যথার্থ এবং সৎ শাসক নহেন?

উত্তর। অবশ্য, যথার্থ এবং সৎ বটেন।

প্র। যথার্থ এবং সৎ শাসকের প্রকৃত লক্ষণ কি?

উ। দুষ্টের দমন এবং শিষ্টের পুরস্কার কারীই সৎশাসক।

প্র। ইহলোকে কি শিষ্ট লোকের সর্ব্বদা পুরস্কার হয়।

উ। তাহা কেমন করিয়া বলিব? কেননা অনেক সুকৃতি লোককে ইহকালে অতি দুঃখী এবং দুরবস্থ দেখিতেছি।

প্র। ইহ লোকে দুষ্টের কি সর্ব্বদা দমন হইয়া থাকে?।

A. No, surely; for, many virtuous men are miserable here, and greatly afflicted.

Q. Are the wicked always punished in this life?

A. No, certainly; for, many of them live without sorrow, and some of the vilest of men are often raised to great riches and honour.

Q. Wherein, then, doth God make it appear that he is good and righteous?

A. I own there is but little appearance of it on earth.

Q. Will there not be a time, then, when the tables shall be turned, and the scene of things changed, since God governs mankind righteously?

A. Doubtless there must be a proper time, wherein God will make that goodness and that righteousness appear.

Q. If this be not before their death, how can it be done?

A. I can think of no other way, but by supposing man to have some existence after this life.

Q. Are you not convinced, then, that there must be a state of rewards and punishments after death?

A. Yes, surely; I now see plainly that the goodness and righteousness of God, as governor of the world, necessarily require it.

III. Now the advantages of this method are very considerable.

1. It represents the form of a dialogue or common conversation, which is a much more easy, more plea-

উ। তাহাই বা কেমন করিয়া কহিব? অনেক দুষ্ট লোকও নিশ্চিন্ত হইয়া বাস করিতেছে এবং কোন ২ অতি পামর লোক ধনাঢ্য ও সম্ভ্রান্ত হইয়া উঠিতেছে।

প্র। তবে পরমেশ্বর সৎ এবং যথার্থ ইহা কেমন করিয়া প্রতিপন্ন হইল?

উ। ইহকালে তাঁহার যথার্থতার অধিক চিহ্ন নাই।

প্র। তবে কি এমত কোন কাল আসিবেক না যখন এই প্রকার অবস্থার রূপান্তর হইবে এবং অন্য প্রকার শাসন প্রকাশ পাইবে? কেননা পরমেশ্বর যথার্থ ন্যায় পূর্ব্বক প্রজার শাসন করেন।

উ। অবশ্য এমত কোন উপযুক্ত কাল আসিবেক যখন পরমেশ্বরের যথার্থতা এবং বিশুদ্ধ স্বভাব দেদীপ্যমান হইবে।

প্র। যদি সদসৎ লোকের মরণের পূর্ব্বে তাহা না হয় তবে কি প্রকার হইবে?

উ। ইহার আর কোন ধারা দেখি না কেবল মনুষ্য জাতি মরণান্তে লোকান্তর প্রাপ্ত হয় ইহাই অনুমান করা যাইতে পারে।

প্র। তবে মরণান্তে পুরস্কার এবং দণ্ড পাইবার স্থল আছে ইহা কি তোমার নিশ্চয় বোধ হয় না?

উ। হাঁ, অবশ্য হয়, কেননা আমি স্পষ্ট দেখিতেছি যে পরমেশ্বরকে যথার্থ এবং সৎ শাসক বলিয়া স্বীকার করিলে পারলৌকিক অবস্থা অবশ্য স্বীকার করিতে হইবেক।

৩। এই ধারায় বাদানুবাদ করিবার অনেক গুণ আছে। অর্থাৎ এই ধারানুসারে সামান্য কথোপকথনেও বাদানুবাদ

sant, and more sprightly way of instruction, and more fit to excite the attention and sharpen the penetration of the learner, than solitary reading or silent attention to a lecture. Man, being a sociable creature, delights more in conversation, and learns better this way, if it could always be wisely and happily practised.

2. This method has something very obliging in it, and carries a very humble and condescending air, when he that instructs seems to be the inquirer, and seeks information from him who learns.

3. It leads the learner into the knowledge of truth, as it were by his own invention, which is a very pleasing thing to human nature; and, by questions pertinently and artificially proposed, it does as effectually draw him on to discover his own mistakes, which he is much more easily persuaded to relinquish, when he seems to have discovered them himself.

4. It is managed in a great measure in the form of the most easy reasoning, always arising from something asserted or known in the foregoing answer, and so proceeding to inquire something unknown in the following question, which again makes way for the next answer. Now, such an exercise is very alluring and entertaining to the understanding, while its own reasoning powers are all along employed, and that without labour or difficulty, because the querist finds out and proposes all the intermediate ideas or middle terms.

III. There is a method very nearly akin to this,

করা যায়, তাদৃশ কথোপকথন একাকী গ্রন্থাধ্যয়ন অথবা মৌনাবলম্বন পূর্ব্বক গুরূপদেশ শ্রবণ অপেক্ষা অধিক সহজ এবং সুখকর, আর তাহাতে উপদেশ করণও উত্তম রূপে হইতে পারে এবং ছাত্রের মনঃ স্থৈর্য্য ও বুদ্ধির সূক্ষ্মতাও ক্রমশ অধিক হইতে পারে, মনুষ্যের স্বভাবতঃ পরস্পরের সঙ্গে আমোদ করিতে প্রবৃত্তি হয় একারণ কৌশল পূর্ব্বক সদ্ভাবে কথোপকথন করিলে অধিক সুখ বোধ হইতে পারে এবং শিক্ষাও উত্তমরূপ হয়।

২। এই ধারাতে অতিশয় চিত্তরঞ্জন হয় এবং নম্রতা ও বিনয় প্রকাশ পায় কেননা তাহাতে উপদেশক স্বয়ং তত্ত্ব জিজ্ঞাসুর সদৃশ হইয়া শিষ্যের নিকট জ্ঞান প্রার্থনা করেন।

৩। এই ধারাতে ছাত্র স্বীয় বুদ্ধির চালনা দ্বারা সত্য জ্ঞান প্রাপ্ত হয় তাহাতে স্বভাবতঃ তাহার আমোদ জন্মে, এবং কৌশল পূর্ব্বক প্রশ্ন রচনা করিলে ছাত্র আপনার অবিদ্যা বিষয়ে চেতনা পায় এবং আপনার ভ্রান্তি আপনি প্রকাশ করিয়াছে এই ভাবিয়া তাহা ত্যাগ করিতে সহজে প্রবৃত্ত হয়।

৪। উক্ত ধারায় যুক্তিবাদ অতি সহজে হইয়া থাকে, এবং পূর্ব্ব উত্তরে ব্যক্ত অথবা বিদিত কোন কথা অবলম্বন করিয়া পর প্রশ্নে অন্য কোন অপরিচিত বিষয়ের উদ্দেশ করা যায় তাহাতে তৎপরবর্ত্তি উত্তরের উপায় স্থির হয়। এই রূপ কথোপকথনের চালনাতে মনের অতিশয় তুষ্টি এবং আমোদ জন্মে এবং বুদ্ধিরও উত্তম রূপ চর্চ্চা হয়, এই প্রকার বুদ্ধির চর্চ্চায় ক্লেশ বোধ হয় না কেননা প্রশ্নকারী স্বয়ং অনুসন্ধান পূর্ব্বক সংযোজক হেতুবাদের প্রসঙ্গ করেন।

৩ অধুনা তর্ক বিষয়ে আর এক যে ধারা প্রচলিত

which has much obtained of late, viz. writing controversies by questions only, or confirming or refuting any position, or persuading to or dehorting from any practice, by the mere proposal of queries. The answer to them is supposed to be so plain and so necessary that they are not expressed, because the query itself carries a convincing argument in it, and seems to determine what the answer must be.

CHAPTER XII.

OF FORENSIC DISPUTES.

I. THE Forum was a public place in Rome where lawyers and orators made their speeches before the proper judge in matters of property, or in criminal cases, to accuse or excuse, to complain or defend; thence all sorts of disputations in public assemblies or courts of justice, where several persons make their distinct speeches for or against any person or thing whatsoever, but more especially in civil matters, may come under the name of Forensic Disputes.

II. This is not only practised in the courts of judicature, where a single person sits to judge of the truth or goodness of any cause, and to determine according

হইয়াছে তাহাও উক্ত ধারার সদৃশ, তাহাতে কেবল লিপি বদ্ধ প্রশ্নের দ্বারা বিচার সাধন হয় অর্থাৎ কোন মতের পোষকতা কিম্বা খণ্ডন নিমিত্ত অথবা কাহাকে কোন ব্যবহারে প্রবৃত্ত কিম্বা নিবৃত্ত করণার্থ কেবল কএকটী প্রশ্নের উল্লেখ করিতে হয়। ঐ প্রশ্নের উত্তর এমত স্পষ্ট এবং অসংশয় যে তাহা ব্যক্ত করা নিষ্প্রয়োজন, প্রশ্নের মধ্যেই এমত প্রবোধক যুক্তি থাকে যে কেহ তাহার খণ্ডন করিতে পারে না এবং তাহাতেই উত্তর ঊহ্য হয়।

১২ পরিচ্ছেদ।

ফোরেন্সিক বাদানুবাদ।

১ রোম নগরে ফোরম নামে এক প্রকাশ্য স্থল ছিল সেখানে দায়াদি ব্যবস্থা শাস্ত্রজ্ঞ পণ্ডিত এবং বক্তৃতা কুশল লোকেরা বিচার পতির সমক্ষে স্থাবর অস্থাবর বিষয় ভোগ এবং সদসৎ ক্রিয়ার প্রসঙ্গে কাহার সপক্ষতা কিম্বা বিপক্ষতা তথা কাহার নামে অভিযোগ কিম্বা দোষ খণ্ডন করিবার মানসে বক্তৃতা করিতেন। ঐ কারণে প্রকাশ্য সভা অথবা বিচারাগারে কোন ২ লোক কোন ব্যক্তি কিম্বা বিষয়ের সাপক্ষে অথবা বিপক্ষে পৃথক২ রূপে বক্তৃতা করিলে বিশেষতঃ দায়াদি প্রকরণে স্বাভিপ্রায় ব্যক্ত করিলে সেই সমস্ত বাদানুবাদকে ফোরেন্সিক বাদানুবাদ কহা যায়।

২ এই প্রকার বাদানুবাদ কেবল বিচারাগারে হইয়া থাকে এমত নহে, সে স্থলে এক জন মাত্র প্রাড়্বিবাক উভয় পক্ষের হেতুবাদ বিবেচনা করিয়া উল্লেখিত বিষয়ের তথ্যাতথ্য অথবা উত্তমাধমতের মীমাংসা করিয়া থাকেন কিন্তু

to the weight of reasons on either side, but it is used also in political senates or parliaments, ecclesiastical synods, and assemblies of various kinds.

In these assemblies, generally, one person is chosen chairman or moderator, not to give a determination to the controversy, but chiefly to keep the several speakers to the rules of order and decency in their conduct; but the final determination of the questions arises from the majority of opinions or votes in the assembly, according as they are or ought to be swayed, by the superior weight of reason appearing in the several speeches that are made.

III. The method of proceeding is usually in some such forms as this: The first person who speaks, when the court is set, opens the case either more briefly or at large, and proposes the case to the judge or the chairman, or moderator of the assembly, and gives his own reason for his opinion in the case proposed.

IV. This person is succeeded by one, or perhaps two, or several more, who paraphrase on the same subject, and argue on the same side of the question; they confirm what the first has spoken, and urge new reasons to enforce the same: then, those who are of a different opinion stand up and make their several speeches in succession, opposing the cause which others have maintained, giving their reasons against it, and endeavouring to refute the arguments whereby the first speakers have supported it.

রাজকীয় সভাতে অর্থাৎ পার্লেমেণ্টে এবং ধর্ম্ম প্রভৃতি অন্যান্য বিষয়ের বিবিধ সমাজে যে বিচার হয় তাহা ফোরেন্সিক নামে বিখ্যাত।

শেষোক্ত সভাতে এক জন লোক অধ্যক্ষ রূপে নিযুক্ত হয়েন, তাঁহার উপর বিবাদ নিষ্পত্তির ভার থাকে না তিনি কেবল বিবাদি জনগণকে নিরূপিত ধারায় সুশীলতা পূর্ব্বক বক্তৃতা করিতে আদেশ করেন, কিন্তু প্রশ্নের সিদ্ধান্ত সভাস্থ অধিকাংশ লোকের মতানুসারে হয়, তাঁহারা বক্তাদের তর্ক ও হেতুবাদ শ্রবণ করিয়া যাহা প্রামাণিক বোধ করেন তাহাই আপনারদের অভিমত বলিয়া প্রচার করেন।

৩ এই প্রকার বিবাদ করিবার ধারা এক্ষণে উক্ত হইতেছে। সভাস্থ লোকেরা একত্র সমাগত হইলে প্রথমতঃ এক ব্যক্তি গাত্রোত্থান করিয়া বিস্তারিত রূপে অথবা সংক্ষেপে বিচারপতি কিম্বা সভাধ্যক্ষকে সম্বোধন করত আপনার অভিমত প্রস্তাব করেন এবং তদ্বিষয়ের হেতু ব্যক্ত করেন।

৪ অনন্তর অপর এক কিম্বা অধিক লোক উঠিয়া পূর্ব্ব বক্তার উল্লেখিত প্রস্তাবের ব্যাখ্যা করত তদ্বিষয়ে বিবিধ প্রকার হেতুবাদ পূর্ব্বক পোষকতা করেন এবং প্রথম বক্তার পূর্ব্বপক্ষের দার্ঢ্য করত তদ্বিষয় দৃঢ়তর করিবার নিমিত্ত নূতন ২ হেতুর উল্লেখ করেন। তাহার পর তদ্বিরুদ্ধবাদি লোকেরা ক্রমশঃ গাত্রোত্থান পূর্ব্বক বক্তৃতা দ্বারা পূর্ব্বোক্ত বক্তারদের প্রতিপক্ষতা করিয়া তদ্বিপরীত হেতু নির্দ্দেশ করত পূর্ব্ব পক্ষের পোষকতাকারিদিগের তর্ক খণ্ডন করিতে চেষ্টা করেন।

V. After this, one and another rises up to make their replies to vindicate or to condemn, to establish or to confute, what has been offered before on each side of the question; till at last, according to the rules, orders, or customs of the court or assembly, the controversy is decided, either by a single judge, or the suffrage of the assembly.

VI. When the question or matter in debate consists of several parts, after it is once opened by the first or second speaker, sometimes those who follow take each of them a particular part of the debate, according to their inclination or their prior agreement, and apply themselves to argue upon that single point only, that so the whole complexion of the debate may not be thrown into confusion by the variety of subjects, if every speaker should handle all the subjects of debate.

VII. Before the final sentence or determination is given, it is usual to have the reasons and arguments which have been offered on both sides summed up, and represented in a more compendious manner; and, this is done either by the appointed judge of the court, or the chairman, or some noted person in the assembly, that so judgment may proceed upon the fullest survey of the whole subject, that, as far as possible in human affairs, nothing may be done contrary to truth or justice.

VIII. As this is a practice in which multitudes of gentlemen, besides those of the learned professions,

৫ পরে অন্যান্য ব্যক্তিরা ক্রমশ গাত্রোত্থান করিয়া ঐ সকল বক্তারদের বাক্যে উত্তর প্রত্যুত্তর করিতে প্রবৃত্ত হয়, তন্মধ্যে কেহ২ অগ্রে উভয় পক্ষের হেতুবাদের পোষকতা করেন কেহবা তাহাতে দোষ দর্শাইয়া খণ্ডন করিতে যত্ন করেন, অবশেষে সভার নিয়ম ধারা অথবা রীত্যনুসারে এক জন অধ্যক্ষের অথবা সমাজস্থ অধিকাংশ লোকের অভিমতানুসারে বিচার নিষ্পত্তি হয়।

৬ যদি বাদানুবাদের বিষয় অথবা পূর্ব্ব পক্ষ ভিন্ন২ অংশে বিভক্ত হয় তবে প্রথম কিম্বা দ্বিতীয় ব্যক্তি পূর্ব্বপক্ষের উদ্দেশ করিলে পর অন্যান্য বক্তারা স্ব২ অভিপ্রায়ানুসারে অথব পূর্ব্ব নির্দ্ধারিত নিয়মানুসারে পূর্ব্বপক্ষের এক২ অংশ গ্রহণ করিয়া তত্তদ্বিষয়েই তর্ক করেন তাহাতে প্রত্যেক বক্তা সকল অংশের উদ্দেশে বাদানুবাদ করিলে যে গোলযোগ হইবার সম্ভাবনা থাকে তাহা রহিত হয়।

৭ সভামধ্যে বাদানুবাদ হইবার কালে এই রীতি আছে যে পূর্ব্বপক্ষের মীমাংসা হইবার অগ্রে উভয় পক্ষের তর্ক এবং হেতুবাদ সংক্ষেপে সঙ্কলন পূর্ব্বক উপসংহার করিতে হয়, এই কার্য্যের ভার বিচারপতি কিম্বা সভাধ্যক্ষ অথবা সর্ব্ব সম্মত অন্য কোন বিখ্যাত পণ্ডিতের উপর অর্শে, তাহার তাৎপর্য্য এই যে তদ্দ্বারা পূর্ব্ব পক্ষের বাদ জল্প হেতুবাদ প্রভৃতির আলোচনা পূর্ব্বক যথার্থ মীমাংসা হয় এবং সাধ্যক্রমে ন্যায় ও সত্যের বিপরীতে কোন কার্য্য সম্পন্ন না হয়।

৮ শাস্ত্রজ্ঞ পণ্ডিত ব্যতীত ভূরি২ ভদ্র লোককেও প্রবাণ অবস্থায় এই প্রকার তর্কেতে প্রবৃত্ত হইতে হয় একারণ আমার-

may be engaged, at least in their maturer years of life, so it would be a very proper and useful thing to introduce this custom into our academies, viz. to propose cases, and let the students debate them in a forensic manner in the presence of their tutors. There was something of this kind practised by the Roman youth in their schools, in order to train them up for orators both in the forum and in the senate.

CHAPTER XIII.

OF ACADEMIC OR SCHOLASTIC DISPUTATION.

THE common methods in which disputes are managed in the schools of learning are these, viz.

I. The tutor appoints a question in some of the sciences, to be debated amongst his students: one of them undertakes to affirm or to deny the question, and to defend his assertion or negation, and to answer all objections against it; he is called the respondent: and the rest of the students in the same class, or who pursue the same science, are the opponents, who are appointed to dispute or raise objections against the proposition thus affirmed or denied.

II. Each of the students successively in his turn

দের বিদ্যামন্দিরে ঐ রূপ বক্তৃতার প্রথা করা বিবেচনা সিদ্ধ অর্থাৎ ছাত্রগণের প্রস্তাবিত বিষয়ে বক্তৃতা পূর্ব্বক তর্ক করা উচিত। এই প্রকার রীতি রোম নগরীয় বিদ্যার্থিরদের মধ্যে চলিত ছিল, তাহারা ফোরম এবং রাজকীয় সমাজে বক্তৃতা করণে নিপুণ হইবার মানসে ঐ রূপ বাদানুবাদ করিতেন।

১৩ পরিচ্ছেদ।

একাদেমিক অর্থাৎ পাঠশালাস্থ বাদানুবাদ।

পাঠশালার মধ্যে সামান্যতঃ যে ২ বাদানুবাদ হইয়া থাকে তাহার এই ২ ধারা, যথা।

১ অধ্যাপক কোন ২ বিদ্যা সংক্রান্ত প্রশ্ন রচনা করিয়া ছাত্রেরদিগকে তদ্বিষয়ে বাদানুবাদ করিতে আদেশ করেন। এক জন ছাত্র সেই প্রশ্নের সপক্ষতা অথবা বিপক্ষতা করিবার ভার গ্রহণ করিয়া আপনার মতের পোষকতা করেন এবং তদ্বিরুদ্ধ সমস্ত উক্তির উত্তর করেন, ঐ ছাত্র উত্তরকারী নামে বিখ্যাত হয়েন। পরে তাহার সহাধ্যায়ি ছাত্রেরা প্রতিবাদী নামে বিখ্যাত হইয়া প্রশ্নের সম্বন্ধে অনুকূল অথবা প্রতিকূল তাহার উক্তির প্রতিপক্ষে বক্তৃতা করিতে নিযুক্ত হয়েন।

২ এক২ জন ছাত্র প্রশ্নের উত্তরকারী হইয়া ক্রমশঃ পোষকতা

becomes the respondent or the defender of that proposition, while the rest oppose it also successively in their turns.

III. It is the business of the respondent to write a thesis in Latin, or short discourse on the question proposed; and he either affirms or denies the question, according to the opinion of the tutor, which is supposed to be the truth, and he reads it at the beginning of the dispute.

IV. In his discourse, (which is written with as great accuracy as the youth is capable of), he explains the terms of the question, frees them from all ambiguity, fixes their sense, declares the true intent and meaning of the question itself, separates it from other questions with which it may have been complicated, and distinguishes it from other questions which may happen to be akin to it, and then pronounces in the negative or affirmative concerning it.

V. When this is done, then in the second part of his discourse he gives his own strongest arguments to confirm the proposition he has laid down—i. e. to vindicate his own side of the question; but he does not usually proceed to represent the objections against it, and to solve or answer them; for it is the business of the other students to raise objections in disputing.

VI. During this time, the tutor sits in the chair as president, or moderator, to see that the rules of disputation and decency be observed on both sides; and to

করেন এবং অন্যান্য ছাত্রেরা ক্রমশঃ তাহার প্রতিপক্ষতা করেন।

৩ উত্তরকারি ছাত্রকে প্রশ্নের প্রসঙ্গে সংক্ষেপে এক প্রবন্ধ রচনা করিতে হয়! তিনি অধ্যাপকের মত সত্য জ্ঞান করিয়া তদনুসারে প্রশ্নের সপক্ষতা অথবা বিপক্ষতা করেন এবং বাদানুবাদ আরম্ভ হইলেই আপনার রচনা পাঠ করেন।

৪ তিনি যথাসাধ্য শুদ্ধরূপে প্রবন্ধ রচনা করিয়া তাহাতে প্রশ্নান্তর্গত সমুদয় শব্দের ব্যাখ্যা করেন এবং শব্দার্থ বিষয়ে সমুদয় সংশয়চ্ছেদ করিয়া শব্দের লক্ষণ নির্দ্দিষ্ট করেন তথা প্রশ্নের প্রকৃত তাৎপর্য্য প্রকাশ করিয়া অন্যান্য যে ২ প্রশ্নের সহিত তাহার সংযোগ আছে অথবা যে ২ প্রশ্ন তৎসদৃশ সে সকল হইতে তাহা বিভিন্ন করেন পরে তাহার সপক্ষে কিম্বা বিপক্ষে আপনার অভিপ্রায় ব্যক্ত করেন।

৫ তিনি এই সকল বিষয় লিপিবদ্ধ করিয়া রচনার দ্বিতীয় খণ্ডে আপনার উদ্দিষ্ট প্রতিজ্ঞার উপপত্তির নিমিত্ত দৃঢ় প্রমাণের উল্লেখ করেন অর্থাৎ প্রশ্নের সমন্ধে আপনার অভিপ্রায় ব্যক্ত করেন কিন্তু পরপক্ষের আপত্তি কল্পনা করিয়া তাহার মীমাংসা অথবা উত্তর করেন না কেননা আপত্তির উদ্ভাবন করিয়া তর্ক করা অন্যান্য ছাত্রের কর্ত্তব্য।

৬ এই রূপ বাদানুবাদ কালে অধ্যাপক সভাপতি রূপে উপবিষ্ট হইয়া বাদানুবাদের উপযুক্ত নিয়ম এবং সুশীলতা উভয় পক্ষে পালিত হয় কি না তাহা পরীক্ষা করেন এবং কেহ

admonish each disputant of any irregularity in his conduct. His work is also to illustrate and explain the answer or distinction of the respondent where it is obscure, to strengthen it where it is weak, and to correct it where it is false; and, when the respondent is pinched with a strong objection, and is at a loss for an answer, the moderator assists him, and suggests some answer to the objection of the opponent, in defence of the question, according to his own opinion or sentiment.

VII. In public disputes, where the opponents and respondents choose their own side of the question, the moderator's work is not to favour either disputant; but he only sits as president to see that the laws of disputation be observed, and a decorum maintained.

VIII. It must be confessed there are some advantages to be attained by academical disputation. It gives vigour and briskness to the mind thus exercised, and relieves the languor of private study and meditation. It sharpens the wit, and all the inventive powers. It makes the thoughts active, and sends them on all sides to find arguments and answers, for both opposition and defence. It gives opportunity of viewing the subject of discourse on all sides, and of learning what inconveniences, difficulties, and objections attend particular opinions. It furnishes the soul with various occasions of starting such thoughts as otherwise would never have come into the mind. It makes a student

অনিয়মিত ব্যবহার করিলে তাহাকে অনুযোগ করেন। উত্তর কারির উত্তর কিম্বা লক্ষণ অস্পষ্ট হইলে ব্যাখ্যা করা অথবা ক্ষীণ হইলে প্রবল করা এবং মিথ্যা হইলে শোধন করাও অধ্যাপকের কার্য্য। অপর প্রতিবাদির আপত্তিতে উত্তরকারী নিরুত্তর প্রায় হইলে অধ্যাপক তাহার সহায়তা করত সেই আপত্তির প্রকৃত উত্তর শিখাইয়া দেন এবং নিজ অভিপ্রায়ানুসারে প্রশ্নের পোষকতা করেন।

৭ সাধারণ বাদানুবাদ কালে বাদি প্রতিবাদিরা স্বয়ং স্ব ২ পক্ষ নির্দ্ধারিত করিলে অধ্যাপক তাহারদের কাহারও সপক্ষতা করেন না কিন্তু কেবল সভাপতি রূপে উপবিষ্ট হইয়া বাদানুবাদের প্রকৃত নিয়ম এবং সভ্যভব্যতা রক্ষা হইতেছে কি না সতর্কতা পূর্ব্বক ইহারই আলোচনা করেন।

৮ পাঠশালাস্থ ছাত্রদের ঐ রূপ বাদানুবাদে কখন ২ মহৎ ফল উৎপন্ন হয় ইহা স্বীকার করিতে হইবে কেননা ঐ রূপ চালনাতে অন্তরিন্দ্রিয়ের দৃঢ়তা এবং প্রখরতা জন্মে আর একাকী পাঠ অথবা চিন্তা করিলে যে আলস্যের সম্ভাবনা থাকে তাহারও নিরাকরণ হয়, অপিচ বুদ্ধির তীক্ষ্ণতা এবং কল্পনা শক্তির বৃদ্ধি হয়, অপর চিন্তা শক্তির চর্চ্চা করত স্বীয় মত রক্ষার্থ অথবা বিপক্ষ মত খণ্ডনার্থ সর্ব্ব প্রকার তর্কের অন্বেষণে অন্তরিন্দ্রিয় ব্যাপৃত হয়, তাহাতে প্রস্তাবিত বিষয় সর্ব্বতোভাবে আলোচনা করিবার এবং কোন বিশেষ ২ মতে কি ২ দোষ অথবা সংশয় কিম্বা আপত্তি কল্পনা করা যায় তাহা প্রকাশ করিবার সুযোগ হয়। এই প্রকার কার্য্যে মনের মধ্যে এমত ২ ভাব উৎপন্ন হয় যাহা অন্য কোন উপায়ে সম্ভবে

more expert in attacking and refuting an error, as well as in vindicating a truth. It instructs the scholar in the various methods of warding off the force of objections, and of discovering and repelling the subtle tricks of sophisters. It procures also a freedom and readiness of speech, and raises the modest and diffident genius to a due degree of courage.

IX. But there are some very grievous inconveniences that may sometimes overbalance all these advantages. For many young students, by a constant habit of disputing, grow impudent and audacious, proud and disdainful, talkative and impertinent, and render themselves intolerable by an obstinate humour of maintaining whatever they have asserted, as well as by a spirit of contradiction, opposing almost every thing that they hear. The disputation itself often awakens the passions of ambition, emulation, and anger; it carries away the mind from that calm and sedate temper which is so necessary to contemplate truth.

X. It is evident also, that by frequent exercises of this sort, wherein opinions true and false are argued, supported, and refuted on both sides, the mind of man is led by insensible degrees to an uncertain and fluctuating temper, and falls into danger of a sceptical humour, which never comes to an establishment in any doctrines. Many persons by this means become much more ready to oppose whatsoever is offered in searching out truth; they hardly wait till they have read or

মা এবং ইহাতে মিথ্যার খণ্ডন ও সত্যের পোষকতা হওয়াতে ছাত্রের যথার্থ নৈপুণ্য জন্মে, আর বিদ্যার্থী ব্যক্তি প্রতিবাদির আপত্তি নিরাকরণ করিতেএবং কুতর্ককারিদিগের অনর্থক হেতু-বাদে অব্যাপ্তি এবং ছল প্রদর্শন পূর্ব্বক তাহা খণ্ডন করিতে শিক্ষা পায়, সতরাং নিরপেক্ষ হইয়া বক্তৃতা করিতে ক্ষমতা জন্মে এবং মৃদু ও ভয়াকুল ব্যক্তিরও উপযুক্ত সাহস হয়।

৯ কিন্তু এই সকল উপকারের সম্ভাবনা থাকিলেও পাঠশালাস্থ ছাত্রদিগের বাদানুবাদে এমত ২ মহৎ দোষ আছে যে তাহাতে ঐ উপকার বৃথা হইয়া যায়, অর্থাৎ অনেকানেক নব্য বিদ্যার্থী সর্ব্বদা বাদানুবাদে ব্যাপৃত থাকাতে নির্লজ্জ দর্পান্বিত গর্ব্বিত এবং তাচ্ছীল্যকারী তথা মহা প্রগল্ভ এবং অসঙ্গত স্পর্দ্ধান্বিত হইয়া উঠে আর যাহা একবার উক্ত করে তদ্বিষয়ের ন্যায়ান্যায় বিবেচনাতে বিরত হওত সর্ব্বদা আত্মমত রক্ষার্থ তৎপর হয় এবং যাহা কর্ণ গোচর করে তাহাতেই আপত্তি করিতে ব্যস্ত হয় সুতরাং লোকেরা তাহারদিগের ঐ রূপ প্রাগল্ভ্য সহিষ্ণুতা করিতে পারে না। অপর বারম্বার বাদানু-বাদ করাতে তাহারদের মনে ঈর্ষ্যা ক্রোধ এবং যশোভিমান জন্মে তাহাতে সত্য চিন্তার নিমিত্ত যে মনঃস্থৈর্য্য এবং প্রশান্ত স্বভাবের প্রয়োজন হয় তাহা দূরীভূত হইয়া যায়।

১০ বারম্বার এই রূপ বাদানুবাদ করিলে উভয় পক্ষে সত্যা সত্য বিবেচনা পরিহার পূর্ব্বক নানা প্রকার মতের পোষকতা এবং খণ্ডনে প্রবৃত্তি হয় সুতরাং অন্তঃকরণ ক্রমশঃ চঞ্চল এবং শ্রদ্ধাহীন হইয়া পড়ে তাহাতে সকল বিষয়ে সংশয় জন্মিবার আশঙ্কা হয় এবং কোন বিষয়ে স্থির বিশ্বাস হয় না। এই প্রকারে অনেক লোক সত্যানুসন্ধান কালে যাহা কর্ণ গোচর

heard the sentiment of any person, before their heads are busily employed to seek out arguments against it. They grow naturally sharp in finding out difficulties: and, by indulging this humour, they converse with the dark and doubtful parts of a subject so long, till they almost render themselves incapable of receiving the full evidence of a proposition, and acknowledging the light of truth. It has some tendency to make a youth a carping critic, rather than a judicious man.

XI. I would add yet further, that in these disputations the respondent is generally appointed to maintain the supposed truth—that is, the tutor's opinion But all the opponents are busy and warmly engaged in finding arguments against the truth. Now, if a sprightly young genius happens to manage his argument so well as to puzzle and gravel the respondent, and perhaps to perplex the moderator a little too, he is soon tempted to suppose his argument unanswerable, and the truth entirely to lie on his side. The pleasure which he takes in having found a sophism which has great appearance of reason, and which he himself has managed with such success, becomes perhaps a strong prejudice to engage his inward sentiments in favour of his argument, and in opposition to the supposed truth.

XII. Yet perhaps it may be possible to reduce scholastic disputations under such a guard as may in some measure prevent most of these abuses of them,

করে তাহাতেই আপত্তি করিতে উদ্যত হয় এবং কোন ব্যক্তির রচনা কিম্বা বক্তৃতা হৃদয়ঙ্গম না করিতে২ তদ্বিরুদ্ধে বিতণ্ডা করিতে যত্ন করে, সুতরাং তাহারা বিতণ্ডাতে নিপুণ হইয়া অহরহ দোষানুসন্ধন করত উল্লেখিত প্রশ্নের সংশয়ান্বিত অংশে এমত মনোযোগী হয় যে তদ্বিষয়ের সম্পূর্ণ প্রমাণ গ্রহণ করিতে এবং সত্যের প্রভাব দর্শন করিতে সক্ষম হয় না নব্য লোক এই প্রকার অভ্যাসে বিবেচনায় নিপুণ না হইয়া কেবল দোষানুসন্ধান এবং বিতণ্ডাতে পরিপক্ক হয়।

১১ এ স্থলে অতিরিক্ত বক্তব্য এই যে পাঠশালাস্থ বিদ্যার্থিদের বাদানুবাদে উত্তরকারী ব্যক্তি অধ্যাপকের মত সত্য বোধ করিয়া তাহার রক্ষার্থ নিযুক্ত হয় এবং প্রতিবাদিরা সকলে সেই সত্য খণ্ডনার্থ বিতণ্ডা করিতে ব্যস্ত হয় অতএব যদি কোন প্রখর বুদ্ধি যুবক কৌশল পূর্ব্বক বিতণ্ডা করিয়া উত্তরকারিকে পরাস্ত এবং নিরুত্তর করিবার নিমিত্ত অধ্যাপককেও গোল যোগ চক্রে নিক্ষিপ্ত করিতে পারে তবে আপনার তর্ক অখণ্ডনীয় এবং মত সত্য জ্ঞান করিতে তাহার প্রবৃত্তি হয়। অপিচ সে আপনার বুদ্ধিতে ঐ প্রকার বিতণ্ডা করিয়া কৃতকার্য্য হইল এবং যে অযুক্তিতে আপাততঃ যুক্তির ভাণ হয় তাহাও অবাধে প্রয়োগ করিল এই ভাবিয়া হৃষ্টমনা হয় এবং তাহার অন্তঃকরণে এমত ভ্রম জন্মিবার সম্ভাবনা হয় যে সত্যের বিরুদ্ধে নিজ কল্পিত তর্কই যথার্থ এবং যুক্তি সঙ্গত বোধ করে।

১২ কিন্তু পাঠশালাস্থ বাদানুবাদকে এমত নিয়মাধীন করা নিতান্ত অসাধ্য নহে যাহাতে উক্ত দোষ স্পর্শ না হয় এবং যাহাতে তৎসংক্রান্ত ঐ সকল অশুভ ঘটনার নিবারণ হয়।

and the unhappy events that too often attend them; for it is pity that an exercise which has some valuable benefits attending it, should be utterly thrown away, if it be possible to secure young minds against the abuse of it: for which purpose some of these directions may seem proper.

XIII. General directions for scholastic disputes:

1. Never dispute upon mere trifles, things that are utterly useless to be known, under a vain pretence of sharpening the wit: for the same advantage may be derived from solid and useful subjects, and thus two happy ends may be attained at once. Or, if such disputations are always thought dangerous in important matters, let them be utterly abandoned.

2. Do not make infinite and unsearchable things the matter of dispute, nor such propositions as are made up of mere words without ideas, lest it lead young persons into a most unhappy habit of talking without a meaning, and boldly to determine upon things that are hardly within the reach of human capacity.

3. Let not obvious and known truths, or some of the most plain and certain propositions be bandied about in a disputation, for a mere trial of skill; for he that opposes them in this manner will be in danger of contracting a habit of opposing all evidence, will acquire a spirit of contradiction, and pride himself in a power of resisting the brightest light, and fighting

ঐ সকল দোষ শোধন করিবার শক্তি সত্ত্বে যে বাদানুবাদে পর্ব্বোক্ত উপকার সম্ভাবনা আছে তাহা একেবারে রহিত করিলে মহা ক্ষোভের বিষয় হইবে অতএব এস্থলে ঐ বাদানুবাদ বিষয়ে কতিপয় নিয়ম উক্ত করা যাইতেছে।

১৩ অথ পাঠশালাস্থ বিদ্যার্থিদের বাদানুবাদের সাধারণ নিয়ম।

১। বুদ্ধির প্রখরতা করিবার অভিমানে তুচ্ছ বিষয়ে বাদানুবাদ করিও না কেননা তাহার চর্চ্চা নিরর্থক, আর উপযুক্ত মহৎ২ বিষয়ে তর্ক করিলেও বুদ্ধির তীক্ষ্ণতা জন্মিতে পারে এবং তাহাতে একে কালে দুই সদভিপ্রায় সিদ্ধ হয়। পরন্তু কোন বিষয়ে ঐ রূপ বাদানুবাদ করিলে যদি অনিষ্ট সম্ভাবন থাকে তবে তাহা তৎক্ষণাৎ পরিহার করা কর্ত্তব্য।

২ বুদ্ধির অগম্য এবং প্রমাণাতীত বিষয়ে বাদানুবাদ করিও না এবং যে২ প্রশ্নে তাৎপর্য্য বিহীন শব্দ প্রয়োগ আছে তৎসম্বন্ধের অর্থেও প্রবৃত্ত হইও না কেননা তাহাতে নব্য লোক দিগের নিরর্থক প্রাগল্‌ভ্য করিবার এবং মানুষিক বুদ্ধির অগম্য বিষয়ে স্পর্দ্ধা পূর্ব্বক মীমাংসা করিবার কুসংস্কার জন্মিতে পারে।

৩। স্পষ্ট এবং প্রসিদ্ধ ও সম্পূর্ণ রূপে নির্ণীত তর্কের বিষয়ে কেবল বুদ্ধির নিপুণতা পরীক্ষার্থ বাদানুবাদ করিও না কেননা যে কেহ এমত বিষয়ে বিতর্ক করে সে ব্যক্তি প্রামাণিক বাক্য মাত্রেতেই বিতর্ক করিতে অভ্যাস করিয়া সকল বিষয়ে বিতণ্ডা করিতে প্রবৃত্ত হইবে এবং অতি স্পষ্ট বচন ও

against the strongest proofs. This will insensibly injure the mind, and tends greatly to an universal scepticism.

Upon the whole, therefore, the most proper subjects of dispute seem to be those questions, which are not of the very highest importance and certainty, nor of the meanest and trifling kind; but rather the intermediate questions between these two; and there is a large sufficiency of them in the sciences. But this I put as a mere proposal to be determined by the more learned and prudent. .

4. It would be well if every dispute could be so ordered as to be a means of searching out truth, and not to gain a triumph. Then each disputant might come to the work without bias and prejudice, with a desire of truth, and not with ambition of glory and victory.

Nor should the aim and design of the respondent be to avoid artfully and escape the difficulties which the opponent offers; but to discuss them thoroughly, and solve them fairly, if they are capable of being solved.

Again, let the opponent be solicitous not to darken and confound the responses that are given him by fresh subtilties; but let him bethink himself whether they are not a just answer to the objection, and be honestly ready to perceive and accept them, and yield to them.

দৃঢ় প্রমাণ দেখিলেও তাহার বিপক্ষতা করণে অভিমানী হইবে। ইহাতে ক্রমশ অন্তরিন্দ্রিয়ের বিকার জন্মিবে এবং কোন কথাতে শ্রদ্ধা হইবে না।

অতএব যে ২ বিষয় বিশেষ রূপে গরিষ্ঠ এবং প্রকৃত রূপে নিশ্চিত নহে অথচ অতিশয় তুচ্ছ এবং ক্ষুদ্রও নয় তাহাই উক্ত প্রকার বাদানুবাদের উপযুক্ত প্রশ্ন হইতে পারে, অর্থাৎ যে ২ বিষয় অতিগুরুতর এবং অতিক্ষুদ্রতরের মধ্যবর্ত্তি তাহারি প্রসঙ্গে তর্ক বিতর্ক করা কর্ত্তব্য, ফলতঃ পদার্থ বিদ্যাতে ঐ প্রকার প্রশ্নই অনেক আছে। পরন্তু এই বচন আমি স্বয়ং নিশ্চয় রূপে সিদ্ধান্ত না করিয়া বিজ্ঞবর পণ্ডিতদিগের মীমাংসার্থ উল্লেখ করিলাম॥

৪। বাদানুবাদ কালে যদি জয় লাভ করিবার বিশেষ প্রতিজ্ঞা না করিয়া সত্যানুসন্ধানের উপায় স্থির করা যায় তবে মঙ্গল হইতে পারে এবং তাহা করিলে পূর্ব্ব পক্ষ উত্তর পক্ষ উভয় দলস্থ লোকেরা যশোভাজন এবং জয়ী হইবার প্রয়াস না করিয়া সত্য জিজ্ঞাসু হইয়া পক্ষপাত ত্যাগ করত নির্ব্বিকারচিত্তে তর্ক করিতে প্রবৃত্ত হইবে।

উত্তরকারির এমত সঙ্কল্প করা কর্ত্তব্য নহে যে প্রতিপক্ষের বিতর্ক ছল পূর্ব্বক নিরাকরণ অথবা ত্যাগ করে, তাহার সমাধা করা সাধ্য হইলে সম্যক্ প্রকারে বিচার করিয়া উপযুক্ত রূপে মীমাংসা করা বিহিত।

প্রতিপক্ষেরও এমত কর্ত্তব্য নহে যে উত্তর প্রাপ্ত হইলে তাহাতে শঠতা পূর্ব্বক গোলযোগ উপস্থিত করিতে ব্যস্ত হয় কিন্তু মনে ২ বিবেচনা করা উচিত যে পূর্ব্ব পক্ষের উত্তরে তাহার

5. For this end, let both the respondent and opponent use the clearest and most distinct and expressive language in which they can clothe their thoughts. Let them seek and practise brevity and perspicuity on both sides, without long declamations, tedious circumlocutions, and rhetorical flourishes.

If there happen to be any doubt or obscurity on either side, let neither the one nor the other ever refuse to give a fair explication of the words they use.

6. They should not indulge ridicule, either of persons or things, in their disputations. They should abstain from all banter and jest, laughter and merriment. These are things that break in upon that philosophical gravity, sedateness, and serenity of temper, which ought to be observed in every search after truth. However an argument on some subjects may be sometimes clothed with a little pleasantry, yet a jest or witticism should never be used instead of an argument, nor should it ever be suffered to pass for a real and solid proof.

But especially if the subject be sacred or divine, and have nothing in it comical or ridiculous, all ludicrous turns, and jocose or comical airs, should be entirely excluded, lest young minds become tinctured with a silly and profane sort of ridicule, and learn to jest and trifle with the awful solemnities of religion.

7. Nor should sarcasm and reproach, or insolent

আপনার আপত্তি অবসন্ন হইয়াছে কি না এবং উত্তর ন্যায় সিদ্ধ হইলে হৃদয়ঙ্গম করিয়া সরল চিত্তে স্বীকার করিতে তৎপর হওয়া বিধেয়।

৫। অতএব পূর্ব্ব পক্ষ উত্তর পক্ষ উভয়ের কর্ত্তব্য যে আপনারদের অভিপ্রায় ব্যক্ত করণার্থ অতি স্পষ্ট এবং অসংশয় বাক্য প্রয়োগ করে এবং দীর্ঘ বক্তৃতা অথবা বিরক্তি জনক বাগাড়ম্বর তথা রূপকাদি বাক্যালঙ্কার ত্যাগ করিয়া সংক্ষেপে স্বচ্ছ শব্দ প্রয়োগ করে।

যদি কোন পক্ষের বাক্যার্থে সন্দেহ অথবা অস্পষ্টতা থাকে তবে বক্তার কর্ত্তব্য নহে যে আপন বচনের যথার্থ ব্যাখ্যা করিতে অস্বীকার করে।

৬। বাদানুবাদ কালে কোন ব্যক্তির কিম্বা বস্তুর উপলক্ষে পরিহাস করা উচিত নহে, উভয় পক্ষেরই ব্যঙ্গ বিদ্রূপ হাস্য কৌতুক করণে ক্ষান্ত হওয়া কর্ত্তব্য। সত্যানুসন্ধানে দার্শনিক পণ্ডিতের উপযুক্ত স্থৈর্য্য গাম্ভীর্য্য ধৈর্য্যের প্রয়োজন হয় কেননা কৌতুকাদি করিলে তাহাতে ব্যাঘাত জন্মিতে পারে। কোন ২ বিষয়ে তর্ক করণ কালে কখন ২ যৎকিঞ্চিৎ রসিকতা প্রকাশ করিলে হানি হয় না বটে কিন্তু তর্কের পরিবর্ত্তে পরিহাস কিম্বা শ্লেষ করা কখন উচিত হয় না এবং শ্লেষ বাক্যকে কখন যথার্থ এবং বাস্তবিক প্রমাণ বলিয়া ব্যবহার করাও কর্ত্তব্য নহে।

বিশেষতঃ হাস্য রসাতীত ধর্ম্ম এবং ভক্তি সম্বন্ধীয় বিষয়ে বাদানুবাদ হইলে কৌতুক পরিহাস এবং ব্যঙ্গোক্তি সর্ব্বতোভাবে পরিহার করা কর্ত্তব্য কেননা তাহা না করিলে নব্য লোকদিগের মনে প্রমাদ অশ্রদ্ধা এবং অসৎ আমোদে কুসংস্কার জন্মিবে এবং

language, ever be used among fair disputants. Turn not off from things to speak of persons. Leave all noisy contests, all immodest clamours, brawling language, and especially all personal scandal and scurrility, to the meanest part of the vulgar world. Let your manner be all candour and gentleness, patient and ready to hear, humbly zealous to inform and be informed; you should be free and pleasant in every answer and behaviour, rather like well-bred gentlemen in polite conversation, than like noisy and contentious wranglers.

8 If the opponent sees victory to incline to his side, let him be content to show the force of his argument to the intelligent part of the company, without too importunate and petulant demands of an answer, and without insulting over his antagonist, or putting the modesty of the respondent to the blush. Nor let the respondent triumph over the opponent, when he is silent, and replies no more. On which side soever victory declares herself, let neither of them manage with such unpleasing and insolent airs, as to awaken those evil passions of pride, anger, shame, or resentment on either side, which alienate the mind from truth, render it obstinate in the defence of an error, and never suffer it to part with any of its old opinions.

In short, when truth evidently appears on either side, let them learn to yield to conviction.

তাহাতে তাহারা ধর্ম্মনিষ্ঠার বিষয়ে তাচ্ছল্য ও ব্যঙ্গ করিতে শিখিবে।

৭। প্রকৃত তার্কিক লোকদিগের কখন শ্লেষ বাক্য এবং কর্কশ শব্দ প্রয়োগ করা তথা অবিনয় প্রকাশ করা উচিত নহে। অপর তুমি বস্তু বিচার ত্যাগ করিয়া কোন ব্যক্তির দোষাদোষ বর্ণনাতে ব্যাপৃত হইও না। চীৎকার পূর্ব্বক কলহ করণে এবং অবিনয় বচন প্রয়োগ ও বিরস বাগাড়ম্বরে বিশেষতঃ পরনিন্দা এবং ইতর কথোপকথনে অন্ত্যজ জাতীয় পামর লোকদিগকেই প্রবৃত্ত হইতে দেও কিন্তু তুমি সরলচিত্ত সুধীর সহিষ্ণু শ্রবণ-তৎপর এবং বিনয় পূর্ব্বক জ্ঞান উপার্জ্জন ও প্রচার করণে উৎ-সুক থাকহ অপর কলহ এবং চাৎকার পূর্ব্বক বিবাদ না করিয়া বরং সভ্য সামাজিক লোকের ন্যায় ভব্যতা পূর্ব্বক কথোপকথন করত আচার ব্যবহার কর ও উত্তর প্রত্যুত্তরে সকলের অনু-রাগ ভাজন হইতে চেষ্টা কর॥

৮। উত্তর পক্ষীয় লোকে যদি দেখে যে তাহার জয় হইবার সম্ভাবনা আছে তবে সভাস্থ সুবুদ্ধি জনগণের নিকট আপনার তর্কের বল প্রকাশ করিয়া তাহার সন্তুষ্ট হওয়া উচিত, সে যেন পূর্ব্ব পক্ষীয় তার্কিক জনের নিকট স্পর্দ্ধা পূর্ব্বক প্রত্যুত্তর যাচ্ঞা করত তাহাকে অপ্রতিভ অথবা লজ্জিত করিতে আর যত্ন না করে। অপর উত্তর পক্ষায় ব্যক্তি নিরুত্তর হইলে পূর্ব্ব পক্ষীয়েরও দর্প করা উচিত নহে। ফলে যে পক্ষে জয় হউক তাহারদের কাহারও কর্ত্তব্য নহে যে দম্ভ প্রকাশ পূর্ব্বক প্রতিপক্ষকে বিরক্ত বরিয়া তাহার অভিমান ক্রোধ লজ্জা অথবা রাগ জন্মায় কেননা তাহাতে অন্তঃকরণে সত্যানুসন্ধানের প্রয়াস নিবৃত্ত হয় এবং মিথ্যার

CHAPTER XIV.

OF STUDY OR MEDITATION.

I. It has been proved and established in some of the foregoing chapters, that neither our own observations, nor our reading the labours of the learned, nor the attendance on the best lectures of instruction, nor enjoying the brightest conversation, can ever make a man truly knowing and wise, without the labours of his own reason in surveying, examining, and judging concerning all subjects upon the best evidence he can acquire. A good genius, or sagacity of thought, a happy judgment, a capacious memory, and large opportunities of observation and converse, will do much of themselves towards the cultivation of the mind, where they are well improved; but where, to the advantage of learned lectures, living instructions, and well-chosen books, diligence and study are superadded, this man has all human aids concurring to raise him to a superior degree of wisdom and knowledge.

Under the preceding heads of discourse, it has been already declared how our own meditation and reflection should examine, cultivate, and improve all other methods and advantages of enriching the understanding. What remains in this chapter is to give some

পোষকতায় অবিশ্রান্ত প্রবৃত্তি জন্মে সুতরাং বহুকালস্থায়ি অবিদ্যা কখন দূর হইতে পারে না।

যখন কোন পক্ষে সত্যের আভা স্পষ্ট রূপে প্রকাশ পায় তখন সকলেরি তাহা স্বীকার করা কর্ত্তব্য।

১৪ পরিচ্ছেদ।

অভ্যাস অথবা চিন্তা।

১ পূর্ব্বর্ত্তি কোন ২ পরিচ্ছেদে ইহা উপপন্ন হইয়াছে যে যৎকিঞ্চিৎ ক্লেশ স্বীকার পূর্ব্বক বিবেক শক্তি প্রয়োগ দ্বারা সকল বিষয়ের প্রকৃত প্রমাণ আলোচনা করিয়া পরীক্ষা ও সিদ্ধান্ত না করিলে আমারদের দর্শনে কিম্বা বিজ্ঞবর লোকদিগের রচনা অধ্যয়নে অথবা উত্তম ২ উপদেশ শ্রবণে কিম্বা বিচক্ষণ ব্যক্তির সহিত কথোপকথনে যথার্থ জ্ঞান এবং বিজ্ঞতা জন্মে না। উত্তম বুদ্ধি কিম্বা দূরদর্শিতা এবং সদ্বিবেকিতা ও মেধাবিত্ব তথা দর্শন এবং আলাপ করিবার সুযোগ এই সকলের দ্বারা চিত্তোৎকর্ষ করণের বিলক্ষণ উপায় হয় বটে কিন্তু তদ্ব্যতীত পণ্ডিতের নিকট উপদেশ শ্রবণ ও গুরুর সকাশাৎ শিক্ষা গ্রহণ আর উত্তম ২ গ্রন্থাধ্যয়নে যত্ন এবং অভ্যাস এই সকলও একত্র মিশ্রিত হইলে বিদ্যার্থির পক্ষে প্রচুর জ্ঞান ও বিদ্যা সাধনের অখিল উপায় প্রাপ্ত হয়।

বুদ্ধির উন্নতি করণার্থ অন্যান্য উপায় ও ধারা নিজ বিবেচনা এবং চিন্তা দ্বারা কি রূপে শোধিত হইতে পারে অগ্রিম পরি-

further occasional hints how to employ our own thoughts, what sort of subjects we should meditate on, and in what manner we should regulate our studies, and how we may improve our judgment, so as in the most effectual and compendious way to attain such knowledge as may be most useful for every man in his circumstances of life, and particularly for those of the learned professions.

II. The first direction for youth in this—learn betimes to distinguish between words and things. Get clear and plain ideas of the things you are set to study. Do not content yourselves with mere words and names, lest your laboured improvements only amass a heap of unintelligible phrases, and you feed upon husks instead of kernels. This rule is of infinite use in every science.

III. Let not young students apply themselves to search out deep, dark, and abstruse matters, far above their reach, or spend their labour in any peculiar subjects, for which they have not the advantages of necessary antecedent learning, or books, or observations. Let them not be too hasty to know things above their present powers, nor plunge their inquiries at once into the depths of knowledge, nor begin to study any science in the middle of it; this will confound rather than enlighten the understanding; such practices may happen to discourage and jade the mind by an attempt above its power; it may balk the un-

চ্ছেদে তাহা ব্যক্ত হইয়াছে। অপর কি প্রকারে আমারদের মানসিক ব্যাপার সম্পন্ন করা উচিত তাহা এই পরিচ্ছেদে অতিরিক্ত বক্তব্য আছে, ফলে মনে ২ কি প্রকার বিষয়ের অনুধাবন করা কর্ত্তব্য ও কেমন ধারাতে তাহার চিন্তা করা উচিত এবং কি রূপে বিবেক শক্তির চর্চ্চা করিয়া অনায়াসে এমত ২ জ্ঞান সাধনে কৃতকার্য্য হওয়া যায় যাহাতে সাংসারিক সমুদয় অবস্থায় বিশেষতঃ শাস্ত্র ব্যবসায়ে অতিশয় উপকার দর্শে এই সকল বিষয় এস্থলে ব্যক্ত করা যাইবে।

২ এ বিষয়ে নব্য লোকদিগকে প্রথমতঃ এই পরামর্শ দেওয়া যায় যে তোমরা আদৌ পদ এবং পদার্থের প্রভেদ করিতে শিক্ষা কর, পরে যে২ বিষয় অভ্যাস করিতে আদিষ্ট হইয়াছ তদ্বিষয়ের স্পষ্টভাব অনুভব করিতে যত্ন কর, কেবল শব্দ এবং নাম শিক্ষা করিয়া ক্ষান্ত হইও না কেননা তাহা হইলে বহু পরিশ্রম করিয়া কেবল রাশীকৃত অনর্থক শব্দ শিক্ষা করিবা এবং বিষয়ের সারাংশ প্রাপ্ত না হইয়া কেবল ত্বক্ মাত্র প্রাপ্ত হইবা, এই নিয়ম পালন করিলে সর্ব্ব শাস্ত্রাধ্যয়নে অগণ্য উপকার হইবে।

৩ নব্য বিদ্যার্থিদিগের কর্ত্তব্য নহে যে আপনারদের সাধ্যাতীত গূঢ়ার্থ কঠিন এবং অস্পষ্ট বিষয়ের অনুসন্ধান করে অথবা অগ্রে প্রয়োজনীয় বিদ্যার সাধন কিম্বা গ্রন্থাধ্যয়ন অথবা দর্শন দ্বারা কোন বিশেষ শাস্ত্রে অধিকারী না হইয়া তাহাতে বৃথা পরিশ্রম করে। ফলত তাহারা যেন আপনারদের ক্ষমতার অতিরিক্ত পদার্থ জ্ঞানের নিমিত্ত ব্যস্ত না হয় এবং একেবারে বিদ্যার গূঢ়াংশে প্রবেশ করিতে কিম্বা কোন শাস্ত্রের মূল সূত্র না জানিয়া একে কালে মধ্যস্থলে অধ্যয়ন করিতে চেষ্টা না করে, তাহা করিলে বুদ্ধির তীক্ষ্ণতা না হইয়া কেবল মতিভ্রম হইবে.আর এপ্রকার অসাধ্য সাধন দ্বারা অন্তঃকরণের উৎসাহ ভঙ্গ এবং গ্লানি হইবে আর ভবিষ্যতে তদ্বিষয়ে যত্ন করিতে বিরাগ জন্মিবে সুতরাং মন নিতান্ত নিরুৎসাহ হইলে সেই

derstanding, and create an aversion to future diligence, and perhaps, by despair, may forbid the pursuit of that subject for ever afterwards: as a limb overstrained by lifting a weight above its power may never recover its former agility and vigour; or, if it does, the man may be frightened from ever exerting his strength again.

IV. Nor yet let any student, on the other hand, frighten himself at every turn with insurmountable difficulties, nor imagine that the truth is wrapt up in impenetrable darkness. These are formidable spectres, which the understanding raises sometimes to flatter its own laziness. Those things which, in a remote and confused view, seem very obscure and perplexed, may be approached by gentle and regular steps, and may then unfold and explain themselves at large to the eye. The hardest problems in geometry, and the most intricate schemes or diagrams, may be explicated and understood step by step; every great mathematician bears a constant witness to this observation.

V.* In learning any new thing, there should be as little as possible first proposed to the mind at once; and, that being understood and fully mastered, proceed then to the next adjoining part yet unknown. This is a slow, but safe and sure way to arrive at knowledge. If the mind apply itself at first to easier subjects and things near akin to what is already known, and then advance to the more remote and knotty parts of knowledge by slow degrees, it will be able

বিষয়ের অনুশীলন আর কখন সম্ভাব্য হইবে না। যেমন কোন কর্ম্মেন্দ্রিয় দ্বারা শক্তির অতিরিক্ত ভার বহন করিলে সেই ইন্দ্রিয় একেবারে অবশ ও নিস্তেজ হইয়া যায় আর যদিস্যাৎ কখন সুস্থ ও হয় তথাপি জীবাত্মা নিরুদ্যম হইয়া ভয় প্রযুক্ত আর সে ইন্দ্রিয়ের ব্যাপার করিতে প্রবৃত্ত হয় না, অন্তরিন্দ্রিয়ের বিষয়েও তদ্রূপ জানিবা।

৪ বিদ্যার্থির পক্ষে ইহাও কর্ত্তব্য নহে যে সকল বিষয়ে পদে২ প্রকাণ্ড ব্যাঘাত কল্পনা করিয়া ভীত হয় অথবা মনে করে যে সত্য পদার্থ অত্যন্ত অস্পষ্ট প্রযুক্ত কোন মতে বোধ গম্য হয় না। কোন ২ লোক আপনারদের মানসিক শৈথিল্যের দোষাচ্ছাদন নিমিত্ত ঐ রূপ অসাধ্যতার কল্পনা করে। পরন্তু দূর হইতে স্থূল দৃষ্টি করিলে সকল বিষয়ই অস্পষ্ট এবং মলিন বোধ হয়, নিয়মিত ধারায় আলোচনা করিয়া ক্রমশঃ নিকটস্থ হইলে পরে তাহাই স্পষ্টরূপে চক্ষুর্গোচর হইতে পারে। ক্ষেত্র তত্ত্বের অতি কঠিন প্রশ্ন এবং অত্যন্ত দুরূহ ক্ষেত্রও ধারা বাহিক শিক্ষা দ্বারা সহজ এবং সুগম হইয়া থাকে। গণিত বিশারদ পণ্ডিত মাত্রেই এই বচন সদা সপ্রমাণ করিয়া থাকেন।

৫ কোন নূতন বিদ্যা শিক্ষা করিতে প্রবৃত্ত হইলে প্রথমতঃ তাহার অতি ক্ষুদ্র শাখায় মনোভিনিবেশ কর পরে তাহা সম্পূর্ণ রূপে চিত্তগোচর হইলে তৎসংযুক্ত অথচ অপরিচিত শাখায় মনোযোগ কর। জ্ঞান সাধনের এই ধারায় বিলম্বে ব্যুৎপত্তি জন্মিয়া থাকে বটে কিন্তু শেষে নিঃসন্দেহ হয়। প্রথমতঃ পরিচিত শাখা সম্বন্ধীয় সহজ বিষয়ে মনঃসংযোগ করিয়া পরে দুরূহ এবং উচ্চ শাখায় ক্রমশঃ আরোহণ করিতে যত্ন

in this manner to cope with great difficulties, and prevail over them with amazing and happy success.

VI. Engage not the mind in the intense pursuit of too many things at once, especially such as have no relation to one another. This will be ready to distract the understanding, and hinder it from attaining perfection in any one subject of study. Such a practice gives a slight smattering of several sciences, without any solid and substantial knowledge of them, and without any real and valuable improvement; and though two or three sorts of study may be usually carried on at once, to entertain the mind with variety, that it may not be overtired with one sort of thoughts, yet a multitude of subjects will too much distract the attention, and weaken the application of the mind to any one of them.

Where two or three sciences are pursued at the same time, if one of them be dry, abstracted, and unpleasant, as logic, metaphysics, law, languages, let another be more entertaining and agreeable, to secure the mind from weariness and aversion to study. Delight should be intermingled with labour, as far as possible, to allure us to bear the fatigue of dry studies the better. Poetry, practical mathematics, history, &c. are generally esteemed entertaining studies, and may be happily used for this purpose. Thus, while we relieve a dull and heavy hour by some alluring employments of the mind, our very diversions enrich

করিলে অতি কঠিন বিষয়ও হৃদয়ঙ্গম হয় সুতরাং এ প্রকারে আশ্চর্য্য রূপে শ্রম সাফল্য হইতেপারে।

৬। একেবারে অনেক বিষয়ের বিশেষতঃ পরস্পার অসংলগ্ন পদার্থের চর্চাতে মনকে ব্যস্ত করিওনা, তাহা করিলে অন্তঃকরণ অস্থির হইবে এবং কোন বিষয়ে নিপুণতা জন্মিবে না। উক্ত প্রকার ব্যবহার দ্বারা অনেক বিদ্যাতে যৎকিঞ্চিৎ স্থূল দৃষ্টি হইতে পারে কিন্তু কোন বিষয়ে বাস্তবিক প্রগাঢ় জ্ঞান জন্মে না এবং বুদ্ধিরও উপযুক্ত উন্নতি হয় না। একেবারে দুই তিন বিষয় অভ্যাস করিলে বিচিত্র দর্শন দ্বারা মনের সন্তোষ এবং উপকার হইতে পারে, এবং নিরন্তর এক বিষয় ভাবনা প্রযুক্ত চিত্তের যে শৈথিল্য সম্ভব তাহারও নিবারণ হইতে পারে বটে কিন্তু অনেক বিষয় ভাবনাতে মত্ত হইলে মনোযোগের স্থিরতা থাকে না এবং সকল বিষয়ে মানসিক ব্যাপার পরিক্ষীণ হয়।

এক কালে দুই তিন বিদ্যার অনুশীলন করিলে যদি এক বিষয় ন্যায় শাস্ত্র অথবা আত্মতত্ত্ব কিম্বা ব্যাকরণ অথবা দায়তত্ত্বের সদৃশ বিরস এবং দুরূহ হয় তবে তদনুশীলনে মনের বিরাগ এবং শ্রান্তি দূর করণার্থ চিত্তরঞ্জক এবং আমোদ জনক অন্য কোন বিষয় অভ্যাস করা কর্ত্তব্য কেননা মধ্যে ২ আমোদ জনক বিষয় অভ্যাস করিলে শুষ্ক তর্ক সংক্রান্ত শাস্ত্রানুশীলনের পরিশ্রম স্বীকারে প্রবৃত্তি জন্মাইবার সম্ভাবনা, কাব্য পুরাবৃত্ত ক্ষেত্র ব্যবহার প্রভৃতি বিদ্যায় সাধারণের আমোদ আছে অতএব বোধ হয় সে সকল বিদ্যার অনুশীলন করিলে উক্ত অভিপ্রায় সিদ্ধ হইতে পারে। এই রূপে চিত্তরঞ্জক বিষয়ে মনোযোগ দ্বারা মানসিক গ্লানি দূর করিবার কালেও জ্ঞান

our understandings, and our pleasure is turned into profit.

VII. In the pursuit of every valuable subject of knowledge, keep the end always in your eye, and be not diverted from it by every petty trifle you meet with in the way. Some persons have such a wandering genius, that they are ready to pursue every incidental theme or occasional idea, till they have lost sight of their original subject. These are the men who, when they are engaged in conversation, prolong their story by dwelling on every incident, and swell their narrative with long parenthesis, till they have lost their first design; like a man who is sent in quest of some great treasure, but he steps aside to gather every flower he finds, or stands still to dig up every shining pebble he meets with in his way, till the treasure is forgotten, and never found.

VIII. Exert your care, skill, and diligence, about every subject, and every question, in a just proportion to the importance of it, together with the danger and bad consequences of ignorance or error therein. Many excellent advantages flow from this one direction.

I. This rule will teach you to be very careful in gaining some general and fundamental truth, both in philosophy, in religion, and in human life; because they are of the highest moment, and conduct our thoughts with ease into a thousand inferior and particular propositions. Such is that great principle in

লাভ হইতে পারে এবং যাহাতে আপাততঃ আমোদ জন্মে তাহাতে ও পরিণামে উপকার হইবার সম্ভাবনা হয়।

৭ সুকঠিন বিদ্যার প্রত্যেক শাখায় মনোযোগ কালে তাহার তাৎপর্য্য কখন বিস্মরণ করিও না এবং মধ্যে কোন ক্ষুদ্র বস্তু উজ্জ্বল দেখিলে তদ্দ্বারা মুখ্য বিষয়ের অনুসন্ধানে পরাঙ্‌মুখ হইও না। কোন ২ লোক এমত চঞ্চলচিত্ত যে তাহারা অধ্যয়ন কালে অবান্তর বিষয় কিম্বা ভাব দেখিলে হঠাৎ মূল বিষয় বিস্মরণ করিয়া তাহাতেই মত্ত হয়। তাহারা কথোপকথনের প্রসঙ্গে কোন উপন্যাস বর্ণনা করিতে প্রবৃত্ত হইলে প্রত্যেক ক্ষুদ্র ঘটনায় স্বীয় অভিপ্রায় ব্যক্ত করত অবান্তর কথায় উপন্যাস দীর্ঘ করিয়া মুখ্য তাৎপর্য্য বিস্মৃত হয়। তাহারদের আচরণ সেই প্রকার লোকের তুল্য যাহারা কোন মহারত্নের অন্বেষণে প্রেরিত হইয়া পথের পার্শ্বে পুষ্প চয়ন করত অথবা মৃত্তিকা খনন পূর্ব্বক উজ্জ্বল শিলা সংগ্রহ করত রত্নের বিষয় বিস্মৃত হইয়া তাহাতে বঞ্চিত হয়।

৮ সকল বিষয়ের এবং তাবৎ প্রশ্নের গুরুত্ব পরিমাণে অনভিজ্ঞ অথবা ভ্রান্ত হইলে যে অমঙ্গল ঘটে তাহা বিবেচনা করত তাহাতে যত্ন নিপুণতা এবং মনোযোগ প্রকাশ কর। এই একটী নিয়ম পালন করিলেও অনেক উপকার দর্শিবে।

১। এই নিয়ম অবলম্বন করিলে পদর্থ বিদ্যা ধর্ম্মশাস্ত্র এবং লৌকিক ব্যবহার সংক্রান্ত সাধারণ মূল সূত্র শিক্ষা করিতে তোমার প্রবৃত্তি হইবে সেই সূত্রের দ্বারা মহোপকার সম্ভাবনা এবং তাহাতে সহস্র ২ ক্ষুদ্র প্রশ্ন এবং বিষয়ে মনের ভাব সহজে প্রেরিত হইবে। পদার্থ বিদ্যা সংক্রান্ত আকর্ষণ

natural philosophy, the doctrine of gravitation, or mutual tendency of all bodies toward each other, which Sir Isaac Newton has so well established, and from which he has drawn the solution of a multitude of appearances in the heavenly bodies as well as on earth.

Such is that golden principle of morality, Do that to others which you think just and reasonable that others should do to you; which is almost sufficient in itself to solve all cases of conscience which relate to our neighbour.

Such are those principles in religion, that a rational creature is accountable to his Maker for all his actions; that the soul of man is immortal; that there is a future state of happiness and of misery depending on our behaviour in the present life, on which all our religious practices are built or supported.

We should be very curious in examining all propositions that pretend to this honour of being general principles; and we should not without just evidence admit into this rank mere matters of common fame, or commonly received opinions; no, nor the general determinations of the learned, nor the established articles of any church or nation, &c., for there are many learned presumptions, many synodical and national mistakes, many established falsehoods, as well as many vulgar errors, wherein multitudes of men have followed one another for whole ages, almost blindfold. It is

শক্তি অর্থাৎ বস্তুর পরস্পর মিলিত হইবার প্রবৃত্তি উক্ত সাধারণ সূত্রের উদাহরণ, স্যার আইজেক নিউটন নামা মহাপণ্ডিত ঐ শক্তি উত্তম রূপে প্রতিপন্ন করিয়া তৎসহকারে স্বর্গস্থ পৃথিবীস্থ অসংখ্য ঘটনার কারণ নির্দ্দেশ করিয়াছিলেন।

নীতি শাস্ত্রের পশ্চাল্লিখিত ব্যাপক নিয়মও উক্ত সূত্রের মধ্যে গণ্য হয়, যথা তুমি আপনার বিষয়ে পরের যে প্রকার ব্যবহার যথার্থ এবং সঙ্গত বোধ কর আপনিও অন্যের প্রতি সেই রূপ ব্যবহার করিও এই নিয়মানুসারে আচরণ করিলে পরের প্রতি কর্ত্তব্যাকর্ত্তব্য নিরূপণে অন্য কোন ব্যবস্থার অপেক্ষা থাকিবে না।

ধর্ম্ম শাস্ত্রের নিম্ন লিখিত নিয়মও ঐ রূপ মূল নিয়মের উদাহরণ যথা, বিবেকী আত্মাকে সৃষ্টি কর্ত্তার নিকট স্বকৃত সমুদয় কার্য্যের উত্তর দিতে হইবেক, মনুষ্যের আত্মা অবিনাশী, সদসৎ কার্য্যানুসারে পারত্রিক সুখ দুঃখ হয়, এই ২ নিয়ম ধর্ম্ম সংক্রান্ত সমস্ত ব্যবহারের মূল।

যে ২ নিয়ম এই সাধারণ মূল সূত্রের মধ্যে গণ্য হয় তাহা আলোচনা করিতে আমাদের সকলের উৎসুক হওয়া কর্ত্তব্য এবং উপযুক্ত প্রমাণ না থাকিলে কেবল লোকের কথায় নির্ভর করিয়া কোন ব্যবস্থাকে ঐ সূত্রের মধ্যে গণ্য করা উচিত নহে। বিবেচনা না করিয়া পণ্ডিত লোকেরদের প্রতিপাদ্য কথা অথবা কোন ধর্ম্ম সমাজ কিম্বা জাতির ব্যবস্থাও ঐ রূপে গ্রাহ্য করা কর্ত্তব্য নহে কেননা ভূরি ২ পণ্ডিত ব্যক্তিবাও অপ্রামাণিক মত প্রচার করিয়াছেন এবং অনেকানেক জাতি ও সম্প্রদায়ের মতিভ্রমের নিদর্শন আছে, আর ইতর লোকের ন্যায় তাঁহারদের মধ্যেও প্রমাদের অনেক কার্য্য চলিত হইয়াছে ফলে ভূরি ২

of great importance for every man to be careful that these general principles are just and true; for one error may lead us into thousands, which will naturally follow, if once a leading falsehood be admitted.

2. This rule will direct us to be more careful about practical points than mere speculations, since they are commonly of much greater use and consequence; therefore the speculations of algebra, the doctrine of infinities, and the quadrature of curves in mathematical learning, together with all the train of theorems in natural philosophy, should by no means intrench upon our studies of morality and virtue. Even in the science of divinity itself, the sublimest speculations of it are not of that worth and value, as the rules of duty toward God and toward men.

3. In matters of practice we should be most careful to fix our end right, and wisely determine the scope at which we aim, because that is to direct us in the choice and use of all the means to attain it. If our end be wrong, all our labour in the means will be vain, or perhaps so much the more pernicious as they are better suited to attain that mistaken end. If mere sensible pleasure, or human grandeur or wealth, be our chief end, we shall choose means contrary to piety and virtue, and proceed apace toward real misery.

4. This rule will engage our best powers and deepest attention in the affairs of religion, and things that relate to a future world; for those propositions which

লোক অন্ধগোলাঙ্গুলের ন্যায় পরস্পরের দ্বারা ভ্রান্ত হইয়াছে। অতএব সকল ব্যক্তির সাবধান হওয়া কর্ত্তব্য যেন সত্য এবং যথার্থ কথা ব্যতীত অন্য কোন বচনকে সাধারণ মূল সূত্র বলিয়া মান্য না করে কেননা মুখ্য বিষয়ে একটী ভ্রম চলিত হইলে অন্যান্য সহস্র বিষয়ে ভ্রম জন্মিবার সম্ভাবনা হয়।

২। উক্ত নিয়মে আমারদিগকে নিষ্প্রয়োজন বিষয়ের বিচারাপেক্ষা ব্যবহার সংক্রান্ত বিবেচনায় অধিক সাবধান করিবে এবং ব্যবহার সংক্রান্ত বিবেচনাতেই অনেক ভদ্রাভদ্র ফল জন্মিবার সম্ভাবনা আছে অতএব বীজগণিত সম্বলিত বিচার এবং গণিত শাস্ত্র সংক্রান্ত অপরিমিত পদার্থ নির্ণয় ও বৃত্তের ক্ষেত্র ফল গণনা তথা পদার্থ বিদ্যার ধারবাহিক তত্ত্ব নিরূপণ প্রভৃতিতে ব্যাপৃত হইয়া নীতি শাস্ত্রানুশীলন এবং সুকৃত দুষ্কৃতের মীমাসংসায় নিবৃত্ত হওয়া কর্ত্তব্য নহে। ধর্ম্মশাস্ত্রের মধ্যে অতি গুঢ় তত্ত্ব নিরূপণ ঈশ্বরের এবং মনুষ্যের প্রতি উপযুক্ত ব্যবহার করিবার বিবেচনার ন্যায় হিতকারক হইতে পারে না।

৩। আচার ব্যবহার সম্বন্ধে আমারদের বিবেচনা পূর্ব্বক সাবধানে মত স্থির করা এবং অভিপ্রেত পদার্থ নির্ণয় করা কর্ত্তব্য কেননা তদ্দ্বারা আমারদের ইষ্ট সাধনোপায় অবলম্বনে প্রবৃত্তি হইবে। অভিপ্রায় দূষ্য হইলে তৎসাধনের সমস্ত পরিশ্রম বিফল হয় অথবা যদি সে সাধনে কোন ফল জন্মে তবে তাহাতে কেবল অনিষ্ট সম্ভাবনা হইয়া থাকে, যদি কেবল ইন্দ্রিয় সন্তোষ অথবা সাংসারিক ধন কিম্বা গৌরব আমারদের মুখ্যাভিপ্রেত হয় তবে আমরা সুকৃত এবং ধর্ম্মের বিপ-

extend only to the interest of the present life, are but of small importance, when compared with those that have influence upon our everlasting concernments.

5. This rule will make us solicitous to avoid not only such errors, whose influence will spread wide into the whole scheme of our own knowledge and practice, but such mistakes also, whose influence would be yet more extensive and injurious to others as well as to ourselves; perhaps to many persons or many families, to a whole church, a town, a country, or a kingdom. Upon this account, persons who are called to instruct others, who are raised to any eminence either in church or state, ought to be careful in settling their principles in matters relating to the civil, the moral, or the religious life, lest a mistake of theirs should diffuse wide mischief, should draw along with it most pernicious consequences, and perhaps extend to following generations.

These are some of the advantages which arise from the eighth rule—viz. Pursue every inquiry and study in proportion to its real value and importance.

IX. Have a care lest some beloved notion, or some darling science, so far prevail over your mind as to give a sovereign tincture to all your other studies, and discolour all your ideas; like a person in the jaundice, who spreads a yellow scene with his eyes over all the objects which he meets.

Under this influence, derived from mathematical

রীত উপায় অবলম্বন করিয়া যথার্থ দুঃখ ভোগের পথে অগ্রসর হইব।

৪ পরন্তু উক্ত নিয়ম গ্রাহ্য করিলে আমারদের কায়িক মানসিক সমস্ত শক্তি কেবল ধর্ম্ম এবং পারত্রিক বিষয়ে ব্যাপৃত হইবে কেননা যে ২ ব্যবস্থাতে কেবল সাংসারিক উপকার সম্ভাবনা তাহা পারলৌকিক নিত্য সুখ দঃখের সাধন অপেক্ষা অতিশয় ক্ষুদ্র।

৫ উক্ত নিয়মে আমারদের কেবল জ্ঞান বাধক কুসংস্কার এবং আচার ভ্রংশক প্রমাদ পরিহার করণে যত্ন হইবেক এমত নহে স্বকীয় ও পরকীয় উভয় বিষয়ের অনিষ্টকর তথা ভূরি ২ ব্যক্তি এবং বংশের অথবা কোন ধর্ম্ম সম্প্রদায় কিম্বা নগর বা দেশ বা রাজ্যের অমঙ্গলকর ভ্রম হইতে রক্ষা পাইবার বাসনাও হইবে। অতএব যাঁহারা পরের উপদেশক কিম্বা ধর্ম্ম অথবা রাজকীয় ব্যাপারে প্রাধান্য প্রাপ্ত তাঁহারদের অতি সাবধান পূর্ব্বক রাজনীতি ধর্ম্ম এবং আচার সম্বন্ধীয় মত স্থাপন করা কর্ত্তব্য কেননা ঐ সমস্ত বিষয়ে তাঁহারদের ভ্রম জন্মিলে সে ভ্রম ব্যাপক হইয়া ঘোরতর অনিষ্টকর হইবে তাহাতে পুরুষানুক্রমে মনুষ্য জাতির অমঙ্গল সম্ভাবনা।

সকল বিষয়ের যথার্থ প্রয়োজন এবং গুরুত্ব বিবেচনা করিয়া তদনুসারে মত স্থাপন ও তদনুযায়ি চিন্তন এবং যত্ন কর। অষ্টম নিয়মের এই কতিপয় ফল বর্ণনা করা গেল।

৯ সাবধান যেন বিশেষ মত এবং বিদ্যার অতিশয় অনুরাগ করিয়া অন্তঃকরণে মোহ উপস্থিত করিও না, তাহা করিলে অন্যান্য বিষয়ের অধ্যয়নে বিকার জন্মিবে এবং মনের সমস্ত ভাব

studies, some have been tempted to cast all their logical, their metaphysical, and their theological and moral learning into the method of mathematicians, and bring every thing relating to those abstracted, or those practical sciences under theorems, problems, postulates, scholiums, corollaries. &c.; whereas the matter ought always to direct the method; for, all subjects or matters of thought cannot be moulded or subdued to one form. Neither the rules for the conduct of the understanding, nor the doctrines nor duties of religion and virtue, can be exhibited naturally in figures and diagrams. Things are to be considered as they are in themselves; their natures are inflexible, and their natural relations unalterable; and therefore, in order to conceive them aright, we must bring our understandings to things, and not pretend to bend and strain things to comport with our fancies and forms.

X. Suffer not any beloved study to prejudice your mind so far in favour of it as to despise all other learning. This is a fault of some little souls who have got a smattering of astronomy, chemistry, metaphysics, history, &c., and, for want of a due acquaintance with other sciences, make a scoff at them all, in comparison of their favourite science. Their understandings are hereby cooped up in narrow bounds, so that they never look abroad into other provinces of the intellectual world, which are more beautiful perhaps, and more fruitful than their own; if they would search a

বিরূপ হইবে। যেমন কোন ব্যক্তি পাণ্ডু রোগগ্রস্ত হইলে তাহার চক্ষুতে সকল বস্তু হরিদ্রা বর্ণ দেখায় তেমন কোন বিশেষ বিদ্যাতে প্রমত্ত হইলে অন্য সকল বিষয়ে প্রমাদ জন্মে। কোন ২ লোক গণিত শাস্ত্রের অতিশয় অনুরাগী হইয়া ন্যায়, আত্মতত্ত্ব, ধর্ম্ম শাস্ত্র ও নীতি শাস্ত্রের বিষয়ও গণিতের ধারানুযায়ী করিতে প্রবৃত্ত হইয়া ছিলেন, তাঁহারা বিচার এবং আচার সংক্রান্ত সকল বিদ্যার কথা উপপাদ্য সম্পাদ্য স্বীকার্য্য টীকা অনুমান প্রভৃতি গণিত ধারায় প্রতিপন্ন করিয়াছেন। পরন্তু বিষয় ভেদে ধারারও প্রভেদ করা কর্ত্তব্য কেননা সকল বিষয় ও প্রকরণ এক ধারায় প্রতিপন্ন করা যায় না। মানসিক ব্যাপারের নিয়ম এবং ধর্ম্ম শাস্ত্রের তত্ত্ব নিরূপণ অথবা সদাচরণের বিধি অঙ্ক অথবা ক্ষেত্র দ্বারা স্বভাবতঃ প্রতিপন্ন হয় না। পদার্থ নিরূপণ কালে যে দ্রব্য বস্তুতঃ যে প্রকার, তাহার তদনুযায়ি বিচার করা উচিত, বস্তুর প্রকৃতিকে বিকৃতি করা অসাধ্য এবং তাহার পরস্পর সম্বন্ধেরও অন্যথা করণ দুষ্কর অতএব বস্তু নিরূপণ করিতে হইলে যাহার যে প্রকার সত্তা তাহার তদনুযায়ি চিন্তা করাই কর্ত্তব্য, আপনারদের মনোবৃত্তি অনুসারে অন্যথাভাব করিতে চেষ্টা করা কর্ত্তব্য নহে।

১০ কোন বিশেষ বিদ্যার অত্যন্ত অনুরাগী হইয়া অন্যান্য বিদ্যার উপেক্ষা করিও না। কোন ২ ক্ষীণ বুদ্ধি লোকের এই প্রকার দোষ আছে, তাহারা জ্যোতিঃশাস্ত্র আত্মতত্ত্ব পুরাবৃত্ত প্রভৃতিতে যৎকিঞ্চিৎ ব্যুৎপত্তি বলে অন্যান্য শাস্ত্রে অনভিজ্ঞ হইয়াও সে সকল শাস্ত্রে অশ্রদ্ধা প্রকাশ করত কহে ঐ সমস্ত বিদ্যা কোন মতে তাহারদের অধিকৃত বিদ্যার তুল্য নহে।

little into other sciences, they might not only find treasures of new knowledge, but might be furnished also with rich hints of thought and glorious assistances, to cultivate that very province to which they have confined themselves.

Here I would always give some grains of allowance to the sacred science of theology, which is incomparably superior to all the rest, as it teaches us the knowledge of God, and the way to his eternal favour. This is that noble study which is every man's duty, and every one who can be called a rational creature is capable of it. This is that science which would truly enlarge the minds of men, were it studied with that freedom, that unbiassed love of truth, and that sacred charity, which it teaches; and if it were not made, contrary to its own nature, the occasion of strife, faction, malignity, a narrow spirit, and unreasonable impositions on the mind and practice. Let this, therefore, stand always chief.

XI. Let every particular study have due and proper time assigned it, and let not a favourite science prevail with you to lay out such hours upon it, as ought to be employed upon the more necessary and more important affairs or studies of your profession. When you have, according to the best of your discretion, and according to the circumstances of your life, fixed proper hours for particular studies, endeavour to keep to those rules; not indeed with a superstitious preciseness,

তাহারদের বুদ্ধি সঙ্কীর্ণ হওয়াতে বিদ্যার অন্যান্য শাখা অতি শোভনীয়া এবং ফল দায়িকা হইলেও তাহারা কখন তাহাতে দৃষ্টিপাত করেনা। পরন্তু তাহারা যদি অন্যান্য শাস্ত্রে দৃষ্টি করে তবে কেবল নূতন ২ বিদ্যারত্ন লাভ করিয়া আপ্যায়িত হইবে এমত নহে যে শাস্ত্রাধ্যয়নে তৎপর হইয়াছে তদনুশীলনেও অনেক উত্তম ২ সঙ্কেত এবং সাহায্য প্রাপ্ত হইবে।

এ স্থলে ধর্ম্ম শাস্ত্রের যৎকিঞ্চিৎ প্রাধান্য স্বীকার করিতে হইবে কেননা তাহা অন্যান্য বিদ্যা হইতে বহুল পরিমাণে উৎকৃষ্ট, আর তাহাতে পরমেশ্বরের তত্ত্ব নিরূপণ এবং তাঁহার অনুগ্রহ ভাজন হইবার উপায় প্রতিপন্ন হয় সুতরাং এই শ্রেষ্ঠ বিদ্যাতে যাবদীয় মনুষ্যের মনোভিনিবেশ করা কর্ত্তব্য, ফলেও বিবেকী আত্মা মাত্রে তাহার অধিকারী হয়। ধর্ম্মশাস্ত্রে যে প্রকার নিরপেক্ষতা এবং সত্যানুরাগ ও লোক বাৎসল্যের বিধি আছে তদনুসারে তাহার অনুশীলন করিলে এবং ধর্ম্মাবলম্বন পুরঃসর তদ্বিধির বিপরীত হিংসা দ্বেষ কলহ ও দলাদলি ত্যাগ করিলে আর আপনার ক্ষীণ বুদ্ধিতা প্রকাশ করিয়া অন্যায় অথবা বলদ্বারা পরকে আপনারদের মতে বিশ্বাস করিতে ও তদনুরূপ আচরণ করিতে বাধিত না করিলে নিঃসন্দেহ রূপে বুদ্ধির স্ফূর্ত্তি হয়।

১১ বিশেষ ২ বিদ্যানুশীলনার্থ বিবেচনা পূর্ব্বক বিশেষ ২ কাল নির্দ্দিষ্ট করিও এবং কোন এক বিদ্যায় অত্যন্ত অনুরাগ করিয়া তাহাতে এমত অধিক সময় ব্যয় করিও না যে তাহাতে তোমার নিজ ব্যবসায়ের বিদ্যা চর্চ্চায় অথবা কার্য্য সাধনে ব্যাঘাত হয়। বিবেচনা পুরঃসর বিশেষ ২ বিদ্যানুশীলনে আপন অবস্থানুরূপ উপযুক্ত কাল নির্দ্দিষ্ট হইলে পর সেই নিয়ম নিয়ত পালন করিও। এ স্থলে ধর্ম্ম বিধির ন্যায় পুঙ্খানুপুঙ্খ রূপে তোমাকে ঐ

but with some good degrees of a regular constancy. Order and method in a course of study save much time, and make large improvements. Such a fixation of certain hours will have a happy influence, to secure you from trifling and wasting away your minutes in impertinence.

XII. Do not apply yourself to any one study at one time longer than the mind is capable of giving a close attention to it, without weariness or wandering. Do not over-fatigue the spirits at any time, lest the mind be seized with a lassitude, and thereby be tempted to nauseate and grow tired of a particular subject before you have finished it.

XIII In the beginning of your application to any new subject, be not too uneasy under present difficulties that occur, nor too importunate and impatient for answers and solutions to any questions that arise. Perhaps a little more study, a little further acquaintance with the subject, a little time and experience will solve those difficulties, untie the knot, and make your doubts vanish: especially if you are under the instruction of a tutor; he can inform you that your inquiries are perhaps too early, and that you have not yet learned those principles upon which the solution of such a difficulty depends.

XIV. Do not expect to arrive at certainty in every subject which you pursue. There are an hundred things wherein we mortals, in this dark and imperfect

নিয়ম পালন করিতে কহি না, কেবল নিয়মিত রূপে স্থির থাকিয়া তাহাতে ব্যাপৃত হইও। বিদ্যানুশীলনের ধারা এবং নিয়ম পালন করিলে অনর্থক কাল ব্যয় নিবারণ হয় এবং অধিক ব্যুৎপত্তিও জন্মে। এই রূপে অধ্যয়নের সময় নিরূপণ করিলে তোমার অসঙ্গত এবং নিষ্ফল কার্য্যে বৃথা কালক্ষেপ হইবেক না সুতরাং তাহাতে মঙ্গল হইবারও সম্ভাবনা।

১২ যত ক্ষণ পর্য্যন্ত চিত্ত স্থির থাকিতে পারে এবং মনের গ্লানি অথবা চাঞ্চল্য না জন্মে তাহার অধিক কাল ব্যাপিয়া এক বিষয় অবিশ্রান্ত চিন্তা করিও না। অপর অন্তঃকরণকে কখন অতিশয় ক্লান্ত করিও না, তাহা করিলে শিথিলচিত্ত হইয়া সঙ্কল্পিত বিষয়ে কৃতকার্য্য হইবার অগ্রেই বিরক্ত হইবে এবং তাহাতে আর নিবিষ্ট হইতে পারিবে না।

১৩ কোন নূতন বিষয়ে মনোভিনিবেশ করিবার উপক্রম কালে যদি কোন ব্যাঘাত জন্মে তবে তাহাতে অত্যন্ত বিমনা হইও না এবং সংশয় প্রযুক্ত কোন কথা জিজ্ঞাস্য হইলে তাহার উত্তর এবং মীমাংসার জন্য অতিশয় ব্যস্ত অথবা অসহিষ্ণু হইও না। তদ্বিষয়ে অধিক চিন্তা এবং জ্ঞানোপার্জ্জন করিলে অথবা তাহাতে কিঞ্চিৎ ব্যুৎপত্তি জন্মিলে কাল সহকারে তাহা স্পষ্ট হইবেক এবং তাহাতে আর সংশয় ও গোলযোগ থাকিবেক না। বিশেষতঃ যদি তোমার কোন উপদেশক থাকেন তবে তিনি জ্ঞাপন করিবেন যে তোমার প্রশ্নের উপযুক্ত কাল উপস্থিত হয় নাই এবং তাহার মীমাংসার্থ যে ২ আদ্য সূত্র জানিবার অপেক্ষা আছে তাহারও শিক্ষা হয় নাই।

১৪ এমত মনে ভাবিও না যে ২ বিষয় শিক্ষা করিবা সকলেরি নিশ্চয় মীমাংসা সম্ভাব্য। আমরা মর্ত্ত্য লোক, এক্ষণে অন্ধ-

state, must be content with probability; where our best light and reasonings will reach no further. We must balance arguments as justly as we can; and, where we cannot find weight enough on either side to determine the scale, with sovereign force and assurance, we must content ourselves perhaps with a small preponderation. This will give us a probable opinion; and these probabilities are sufficient for the daily determination of a thousand actions in human life, and many times even in matters of religion.

It is admirably well expressed by a late writer, "When there is great strength of argument set before us, if we will refuse to do what appears most fit for us, until every little objection is removed, we shall never take one wise resolution as long as we live."

XV. Endeavour to apply every speculative study, as far as possible, to some practical use, that both yourself and others may be the better for it. Inquiries even in natural philosophy should not be mere amusements, and much less in the affairs of religion. Researches into the springs of natural bodies and their motions should lead men to invent happy methods for the ease and convenience of human life; or at least they should be improved to awaken us to admire the wondrous wisdom and contrivance of God our Creator in all the works of nature.

If we pursue mathematical speculations, they will inure us to attend closely to any subject, to seek and

কারাবৃত ও নানা দোষাবিষ্ট সংস্কারে বাস করিতেছি সুতরাং শত ২ বিষয়ের তত্ত্ব নিরূপণে অক্ষম অতএব অপেক্ষাকৃত নিশ্চয় জ্ঞান প্রাপ্ত হইলেই আমারদিগকে ক্ষান্ত হইতে হয় ফলতঃ আমারদের জ্ঞান এবং যুক্তি তদতিরিক্ত উৎকর্ষ প্রাপ্ত হয় নাই। উভয় পক্ষের তর্ক সূক্ষ্ম রূপে তুলনা করিতে হয় বটে কিন্তু কোন পক্ষে নিশ্চয় মীমাংসার্থ গুরুতর বাক্য না থাকিলে কাহার জল্প যৎকিঞ্চিৎ অধিক সঙ্গত ইহা নির্ণয় করিলেই সিদ্ধান্তের অবসান হয়। এই প্রকার সিদ্ধান্ত করিলে অপেক্ষা-কৃত যথার্থানুভব জন্মিতে পারে, এবং সেই রূপ অনুভবেই সাংসারিক সহস্র ২ কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে ও পারত্রিক বিষয়েরও বারম্বার নিষ্পত্তি হয়।

এক জন অতীত গ্রন্থকার সুচারু রূপে কহিয়াছিলেন "আমারদের সমক্ষে কাহারও তর্ক বল প্রকাশিত হইলে প্রত্যেক বিতণ্ডাকারির আপত্তি খণ্ডন করিবার পূর্ব্বে যাহা উপযুক্ত বোধ হয় আমরা যদি তাহা করিতে বিরত হই তবে যাবজ্জীবন আমরা এক বিষয়েও বিজ্ঞতা ও দৃঢ় প্রতিজ্ঞতা প্রকাশ করিতে পারিব না"।

১৫ স্বকীয় পরকীয় উপকারার্থ ধর্ম্ম সংক্রান্ত যে২ বিষয় অধ্যয়ন কর সকলের দ্বারাই বস্তুতঃ কোন হিত সাধন করিতে চেষ্টা কর। ধর্ম্ম শাস্ত্রের কথা দূরে থাকুক, পদার্থ বিদ্যার চর্চ্চাও কেবল আমোদার্থ করা উচিত নহে। দ্রব্যের এবং গতির বিষয়ে তত্ত্বানুসন্ধান করিলে স্বচ্ছন্দে সংসার যাত্রা নির্ব্বাহ নিমিত্ত অবশ্য কোন সদুপায় সৃষ্টি হইবে অথবা সেই প্রবোধে সর্ব্বত্র জগতে সৃষ্টি কর্ত্তার বিচিত্র বুদ্ধি এবং কৌশল মনে ২ বিবেচনা করিয়া তাঁহার গুণ সঙ্কীর্ত্তন কর্ত্তব্য বোধ হইবে।

gain clear ideas, to distinguish truth from falsehood, to judge justly, and to argue strongly; and these studies do more directly furnish us with all the various rules of those useful arts of life—viz. measuring, building, sailing, &c.'

Even our very inquiries and disputations about vacuum or space, and atoms, about incommensurable quantities, and infinite divisibility of matter, and eternal duration, which seem to be purely speculative, will show us some good practical lessons—will lead us to see the weakness of our nature. It is good sometimes to lose and bewilder ourselves in such studies for this very reason, and to attain this practical advantage, this improvement in true modesty of spirit.

XVI. Though we should always be ready to change our sentiments of things upon just conviction of their falsehood, yet there is not the same necessity of changing our accustomed methods of reading or study and practice, even though we have not been led at first into the happiest method. Our thoughts may be true, though we may have hit upon an improper order of thinking. Truth does not always depend upon the most convenient method. There may be a certain form and order, in which we have long accustomed ourselves to range our ideas and notions, which may be the best for us now, though it was not originally best in itself. The inconveniences of changing may

গণিত শাস্ত্রের অনুশীলন করিলে সকল বিষয়ে সূক্ষ্ম রূপে মনোযোগ করিয়া স্পষ্ট ভাব প্রাপ্ত্যর্থ যত্ন করা তথা সত্যাসত্যের প্রভেদ জানিয়া যথার্থ বিচার নিষ্পত্তি এবং সবল তর্ক প্রয়োগ করা আবশ্যক হইবে। অপর উক্ত শাস্ত্রানুশীলন দ্বারা ভূমি পরিমাণ গৃহ নির্ম্মাণ নাবিকতা কার্য্য প্রভৃতি অর্থকারী শিল্প বিদ্যার নানা প্রকার ধারা অবগত হওয়া যায়, অন্য কোন শাস্ত্রের উপলক্ষে এই ২ ব্যাপারে তাদৃশ নিপুণতা জন্মে না।

অপিচ আকাশ পরমাণু অনপবর্ত্ত্য পদার্থ এবং দ্রব্যের অপরিমিত বিভাজ্যতা ও নিত্যতা এবং বিষয়ের শুষ্ক তর্ক ও অনর্থক অনুসন্ধানেও কিছু ২ হিতজনক উপদেশ পাওয়া যাইতে পারে এবং তাহাতে আমারদের স্বভাবের ক্ষীণতা প্রকাশিত হইতে পারে। এই কারণে কখন ২ উক্ত তর্কের গোলচক্রে বদ্ধ হওয়া মঙ্গলকর হয় এবং তাহাতেআমারদের যথার্থ বিনয় স্বভাব হইলে অবশ্য মহৎ উপকার দর্শে।

১৬ পদার্থ বিষয়ে আমারদের মত অসত্য বোধ হইলে তাহা পরিহার করা কর্ত্তব্য বটে কিন্তু তন্নিমিত্ত আমারদের অধ্যয়ন চিন্তা এবং ব্যবহারের চলিত ধারার অন্যথা করা আবশ্যক নহে, যদিও তদ্বিষয়ে আমরা প্রথমতঃ সর্ব্বোৎকৃষ্ট ধারা অবলম্বন না করিয়া থাকি তথাপি তাহার পরিবর্ত্তন নিষ্প্রয়োজন। মানসিক ব্যাপারের অপ্রকৃত ধারা অবলম্বন করিলেও মনের ভাব সত্য হইতে পারে। অপর সত্য জ্ঞান লাভার্থ সর্ব্বদা সহজ উপায়ের অপেক্ষা থাকে না। অধিকন্তু মানসিক ব্যাপারের কোন ধারা আদৌ বস্তুত সহজ না হইলেও যদি বহু দিবসাবধি আমরা তাহা অবলম্বন করিয়া থাকি তবে অভ্যাস পর্য্যন্ত তাহাই আমাদের পক্ষে উত্তম হয়। পুরাতন রীতি পরিবর্ত্তন করিলে যাদৃশ ক্লেশ বোধ হয় নূতন সুগম ধারাতেও তাদৃশ উপকার বোধ হয় না।

be much greater than the conveniences we could obtain by a new method.

So, when we have long fixed our cases of shelves in a library, and ranged our books in any particular order—viz. according to their languages, or according to their subjects, or according to the alphabetical names of the authors, &c. we are perfectly well acquainted with the order in which they now stand, and we can find any particular book which we seek, or add a new book which we have purchased, with much greater ease than we can do in finer cases of shelves, where the books are ranged in any different manner whatsoever; any different position of the volumes would be new and strange, and troublesome to us, and would not countervail the inconveniences of a change.

So, if a man of forty years old has been taught to hold his pen awkwardly in his youth, and yet writes sufficiently well for all the purposes of his station, it is not worth while to teach him now the most accurate methods of handling that instrument; for this would create for him more trouble, without equal advantage; and perhaps he might never attain to write better, after he had placed his fingers perfectly right with this new accuracy.

ইহার দৃষ্টান্ত। আমারদের পুস্তকালয়ে বহু দিবসাবধি পুস্তকাধার সকল স্থাপন করিয়া, যদি আমরা কোন বিশেষ নিয়মে পুস্তকের শ্রেণী বন্ধন করিয়া থাকি অর্থাৎ ভাষা কিম্বা বিষয় বিবেচনা করিয়া অথবা গ্রন্থকারদিগের নামের আদ্যাক্ষরের আনুপূর্ব্বীতে পুস্তকের শ্রেণী করিয়া থাকি তবে সেই শ্রেণী আদ্যোপান্ত উত্তম রূপে জানিয়া কোন পুস্তকের প্রয়োজন ইহলে সহজে তাহার উদ্দেশ করিতে পারিব এবং কোন নূতন পুস্তক ক্রয় করিলে তাহা ঐ সকল গ্রন্থাবলীর মধ্যে উপযুক্ত স্থানে রাখিতে পারিব কিন্তু যদি উৎকৃষ্টতর পুস্তকাধার সংগ্রহ করিয়াও প্রকারান্তরে গ্রন্থের শ্রেণী বন্ধন করি তবে উদ্দিশ্য গ্রন্থ তাদৃশ সহজে প্রাপ্ত হইব না কেননা গ্রন্থের শ্রেণী অন্যথা হইলে শীঘ্র বুঝিতেই পারা যায় না সুতরাং অভিলষিত গ্রন্থ বাহির করিতে মহা ক্লেশ জন্মে। শেষোক্ত প্রকারে পুস্তকের শৃঙ্খলা বদ্ধ করণ যদিও বস্তুতঃ পরামর্শ সিদ্ধ হয় তথাপি অপ্রসিদ্ধ রীতিক্রমে শ্রেণী বন্ধন প্রযুক্ত অভীষ্ট পুস্তক স্থানান্তরে স্থিত হওয়াতে তদন্বেষণে বহু পরিশ্রম হয়।

সেই প্রকারে যদি চল্লিশ বর্ষীয় কোন ব্যক্তি যৌবনাবস্থাবধি বক্র রূপে লেখনী ধারণ করিতে অভ্যাস করিয়া থাকে অথচ আপনার কার্য্যের উপযুক্ত রূপ বর্ণ লিখিতে সক্ষম হয় তবে তাহাকে এতাবৎকালের পর উত্তম রূপে লেখনী ধারণ করিতে উপদেশ করা পরামর্শ সিদ্ধ নহে কেননা তাহাতে তাহার যথেষ্ট উপকার হইবে না অথচ প্রকারান্তরে লেখনী ধারণ করিতে বিজাতীয় ক্লেশ জন্মিবে এবং যদিও তাদৃশ বয়ঃক্রম কালে উত্তম রূপে লেখনী ধারণ করিতে শিখে তথাপি তাহার হস্তাক্ষর কখনই পূর্ব্বাপেক্ষা সুচারু হইবে না।

CHAPTER XV.

OF FIXING THE ATTENTION.

A STUDENT should labour, by all proper methods, to acquire a steady fixation of thought. Attention is a very necessary thing in order to improve our minds. The evidence of truth does not always appear immediately, nor strike the soul at first sight. It is by long attention and inspection that we arrive at evidence, and it is for want of it we judge falsely of many things. We make haste to determine upon a slight and a sudden view,—we confirm our guesses which arise from a glance,—we pass a judgment while we have but a confused or obscure perception, and thus plunge ourselves into mistakes. This is like a man, who, walking in a mist, or being at a great distance from any visible object, (suppose a tree, a man, a horse, or a church,) judges much amiss of the figure, and situation, and colours of it, and sometimes takes one for the other; whereas, if he would but withhold his judgment till

১৫ পরিচ্ছেদ।

মনঃ স্থির করিবার বিষয়।

বিদ্যার্থির কর্ত্তব্য যে সর্ব্ব প্রকার উপযুক্ত উপায় অবলম্বন করিয়া মনঃ স্থির করিতে যত্ন করে। চিত্তোৎকর্ষ বিধানে মনঃ-সংযোগিতা অতি আবশ্যক। অপর সত্যের প্রমাণ সদ্যঃ প্রকাশ পায় না এবং তাহা সকল সময়ে হৃদয়ঙ্গম করাও যায় না, বারম্বার পরীক্ষা এবং মনঃ সংযোগ পূর্ব্বক অনুসন্ধান করিলেই তদ্বিষয়ের প্রমাণ প্রাপ্তি হয় আর মনঃ স্থৈর্য্যের অভাবে অনেক বস্তুতে যথার্থ অনুভব জন্মে না, কেননা হঠাৎ কোন বস্তুতে স্থূল দৃষ্টি মাত্র করিয়া ত্বরায় তাহার তত্ত্ব মীমাংসা করিতে সত্বর হওয়া যায় এবং কটাক্ষ মাত্রে যে অনুভব জন্মে তাহার দার্ঢ্য করিতে প্রবৃত্তি হয়, অপর অস্প[illegible]দর্শন করিয়াই সিদ্ধান্ত করিতে উৎসুক হওয়াতে ভ্রম কূপে পতিত হইতে হয়, যেমন কোন লোক কুজ্ঝটিকাবৃত হইয়া ভ্রমণ করিলে মনুষ্য ঘোটক অথবা বৃক্ষ বা ধর্ম্ম মন্দির প্রভৃতি দ্রষ্টব্য বস্তু ব্যবধান থাকিলে তদ্দ্বারা ভ্রান্তিতে পড়িয়া কোন২ আকৃতির এবং স্থলের অযথার্থ অনুভব করে এবং কখন২ এক বস্তুতে তাহার অন্য বস্তু ভাণ হয়, কিন্তু সেই ব্যক্তি ঐ বস্তুর নিকটস্থ হওন পর্য্যন্ত অথবা কুজ্ঝটিকার অবসান পর্য্যন্ত

he came nearer to it, or stay till clearer light comes, and then would fix his eyes longer upon it, he would secure himself from these mistakes.

Now, in order to gain a greater facility of attention, we may observe these rules:

I. Get a good liking to the study or knowledge you would pursue. We may observe, that there is not much difficulty in confining the mind to contemplate what we have a great desire to know; and especially if they are matters of sense. or ideas which paint themselves upon the fancy. Ii is but acquiring an hearty good-will and resolution to search out and survey the various properties and parts of such objects, and our attention will be engaged, if there be any delight or diversion in the study or contemplation of them. Therefore mathematical studies have a strange influence towards fixing the attention of the mind, and giving a steadiness to a wandering disposition, because they deal much in lines, figures, and numbers, which affect and please the sense and imagination. Histories have a strong tendency the same way, for they engage the soul by a variety of sensible occurrences; when it has begun, it knows not how to leave off; it longs to know the final event, through a natural curiosity that belongs to mankind. Voyages and travels, and accounts of strange countries and strange appearances will assist in this work. This sort of study detains the mind by the perpetual occurrence and

যদি মীমাংসা করিতে ক্ষান্ত থাকে তবে স্পষ্ট আলোক সহকারে অনেক ক্ষণ নিরীক্ষণ করিলে তাহার ভ্রান্তি দূরীভূত হইয়া যাইবে।

অতএব কোন বিষয়ে সহজে মনঃ সংযোগ করণার্থ এই ২ নিয়ম পালন করা যাইতে পারে।

১ তুমি যে বিদ্যা অভ্যাস করিতে অথবা জ্ঞান সিদ্ধ করিতে সঙ্কল্প কর তাহাতে যথেষ্ট অনুরাগী হইও। যে বিষয়ে প্রচুর জ্ঞানেচ্ছা হয় তাহাতে মনঃ সংযোগ করা কঠিন নহে বিশেষতঃ তন্মধ্যে যদি ইন্দ্রিয় গ্রাহ্য বস্তু অথবা চিত্ত রঞ্জক ভাব থাকে তবে কোন ক্রমেই তাহাতে মনোযোগের ত্রুটি হয় না। জিজ্ঞাসিত পদার্থের নানাবিধ গুণ এবং অংশ পরীক্ষা দ্বারা নির্ণয় করিতে মনের সহিত উৎসুক এবং সত্বর হওয়াই বিদ্যাভ্যাসের লক্ষণ, আর পদার্থ চিন্তা যদি আমোদ জনক অথবা সুখকর হয় তবে তাহাতে মনঃ সংযোগে কোন ত্রুটিই হইবে না। গণিত শাস্ত্রানুশীলনে মনঃ সংযোগের বিশেষ সম্ভাবনা আছে এবং তাহাতে চঞ্চলচিত্ত ব্যক্তিরও মনঃ স্থির হইতে পারে কেননা তন্মধ্যে রেখা ক্ষেত্র এবং অঙ্কের অনেক সম্বন্ধ থাকাতে তদ্দ্বারাই ইন্দ্রিয়ের এবং মনের সন্তোষ জন্মিবার সম্ভব। পুরাবৃত্তেরও তাদৃশ আকর্ষণ শক্তি আছে কেননা তাহাতে নানা বিধ প্রত্যক্ষ ঘটনার বর্ণনা থাকাতে তৎপাঠে অন্তঃকরণে আমোদ জন্মে, এবং তদধ্যয়নে প্রবৃত্ত হইলে তাহাতে সহজে নিবৃত্তি হয় না, যেহেতু মনুষ্যের স্বভাবতঃ কুতুহল থাকাতে সেই বর্ণনার শেষ কথা পর্য্যন্ত জানিতে অতিশয় ঔৎসুক্য হয়। সে স্থলে ভ্রমণকারিদিগের রচনা এবং নূতন ২ দেশের ও বিচিত্র বিষয়ের বর্ণনাও উক্ত বিদ্যার উপকারিণী হয় আর এই প্রকার বিদ্যাভ্যাসে ক্রমশঃ নূতন ২ বিষয়ের ঘটনা প্রতীক্ষিত হওয়াতে এবং তদ্দ্বারা মনের

expectation of something new, and that which may gratefully strike the imagination.

II. Sometimes we may make use of sensible things and corporeal images for the illustration of those notions which are more abstracted and intellectual. Therefore diagrams greatly assist the mind in astronomy and philosophy; and the emblems of virtues and vices may happily teach children, and pleasingly impress those useful moral ideas on young minds, which perhaps might be conveyed to them with much more difficulty by mere moral and abstracted discourses.

I confess, in this practice of representing moral subjects by pictures, we should be cautious lest we so far immerse the mind in corporeal images, as to render it unfit to take in an abstracted and intellectual idea or cause it to form wrong conceptions of immaterial things. This practice, therefore, is rather to be used at first, in order to get a fixed habit of attention, and in some cases only; but it can never be our constant way and method of pursuing all moral, abstracted, and spiritual themes.

III. Apply yourself to those studies, and read those authors, who draw out their subjects into a perpetual chain of connected reasonings, wherein the following parts of the discourse are naturally and easily derived from those which go before. Several of the mathematical sciences, if not all, are happily useful for this

সুখানুভব হইবার সম্ভাবনা থাকাতে চিত্তকে মোহিত করিয়া রাখে।

২ যে ২ ভাব বাহ্যেন্দ্রিয়ের অগোচর প্রযুক্ত কেবল অন্তরিন্দ্রিয়ের গ্রাহ্য, তাহা প্রতিপন্ন করিবার নিমিত্ত কখন ২ প্রত্যক্ষ এবং বাহ্যেন্দ্রিয় গ্রাহ্য উপমা অবলম্বন করা যাইতে পারে এই কারণে জ্যোতিষ এবং দর্শন বিদ্যায় ক্ষেত্র ন্যাস দ্বারা অনেক উপকার হইয়া থাকে। অতএব সুকৃত দুষ্কৃতের উদাহরণ দ্বারা বালককে এবং নব্য লোকদিগকে সহজে উপদেশ করিলে তাহারদের মনে আমোদের সহিত হিতকারক নীতি সংস্কার উৎপন্ন হইবেক কিন্তু উপমা ব্যতিরেকে নীতি বিদ্যার সূত্র বিস্তার করিলে তাদৃশ সংস্কার সুসাধ্য হইবেক না।

পরন্তু প্রত্যক্ষ উপমা দ্বারা নীতি শাস্ত্রের উপপত্তি করিবার সময় সাবধান হইতে হইবেক তাহাতে যেন ছাত্রের অন্তঃকরণ জড় পদার্থ চিন্তায় অতিশয় অনুরক্ত হইয়া অপ্রত্যক্ষ এবং ইন্দ্রিয়াতীত বিষয় ভাবনাতে অক্ষম না হয় এবং ইন্দ্রিয়াতীত পদার্থের সম্বন্ধে অযথার্থ অনুভব না করে। ফলত আদ্যাবস্থায় কেবল কোন ২ বিষয়ে মনঃ স্থৈর্য্য অভ্যাসার্থ ঐ রূপ উপমা প্রয়োগ করা কর্ত্তব্য কিন্তু নীতি এবং আত্মতত্ত্ব সম্বন্ধীয় ইন্দ্রিয়াতীত সকল পদার্থ প্রতিপন্ন করণার্থ সর্ব্বদা ঐ ধারার প্রয়োগ করা উচিত নহে।

৩ যে ২ শাস্ত্রের সূত্র এবং যে ২ গ্রন্থকারের রচনা আনুপূর্ব্বিক হেতুবাদে নিত্য সংযুক্ত থাকে অর্থাৎ যাহাতে পূর্ব্ববর্ত্তি সূত্র হইতে পশ্চাদ্বর্ত্তি সূত্র সহজে স্বতঃ অনুমেয় হয় সেই সকল সূত্র এবং রচনাতে মনঃ সংযোগ কর, তৎসহকারে গণিত শাস্ত্রের

purpose. This will render the labour of study delightful to a rational mind, and will fix the powers of the understanding with strong attention to their proper operations by the very pleasure of it. 'Toil itself is a pleasure' is a happy proposition wheresoever it can be applied.

IV. Do not choose your constant place of study by the finery of the prospects, or the most various and entertaining scenes of sensible things. Too much light, or a variety of objects which strike the eye or the ear, especially while they are ever in motion or often changing, have a natural and powerful tendency to steal away the mind too often from its steady pursuit of any subject which we contemplate; and hereby the soul gets a habit of silly curiosity and impertinence, of trifling and wandering.

V. Be not in too much haste to come to the determination of a difficult or important point. Think it worth your waiting to find out truth. Do not give your assent up to either side of a question too soon, merely on this account, that the study of it is long and difficult. Rather be contented with ignorance for a season; and continue in suspense, till your attention and meditation and due labour have found out sufficient evidence on one side. Some are so fond to know a great deal at once, and love to talk of things with freedom and boldness, before they thoroughly understand them, that they scarcely ever allow themselves

সর্ব্বাংশে অথবা কতিপয় শাখায় দৃষ্টি করিলে উপকার দর্শিবে। এই রূপ অধ্যয়ন দ্বারা বিবেকি লোকের পক্ষে শাস্ত্রচিন্তার পরিশ্রমেও আমোদ জন্মিতে পারে এবং তৎপ্রযুক্ত মানসিক সমস্ত শক্তি স্ব ২ ব্যাপারে একাগ্র রূপে নিযুক্ত থাকিতে পারে। ফলতঃ পরিশ্রমই আমোদ, যে ২ বিষয়ে এই বচনের প্রয়োগ হইতে পারে সে সকলই শুভাবহ বিষয়।

৪ কোন স্থানের শোভা অথবা চতুর্দিকের বিচিত্র এবং সুরূপ বস্তু প্রত্যক্ষ দর্শনের লোভে তথায় উপবিষ্ট হইয়া শাস্ত্র চিন্তা করিতে প্রতিজ্ঞা করিও না। অতিশয় জ্যোতির্ম্ময় কিম্বা চক্ষুঃ কর্ণের সন্তোষকর নানাবিধ বস্তুতে পরিবেষ্টিত স্থানে বিশেষতঃ সদা জঙ্গম এবং রূপান্তরাবলম্বি পদার্থে পরিপূর্ণ প্রদেশে স্বভাবতঃ চিত্ত হরণ করে তাহাতে সঙ্কল্পিত বিষয় চিন্তাতে স্থিরতা থাকে না বরঞ্চ মনের মধ্যে অনর্থক এবং অসংলগ্ন বস্তু দর্শন ও চঞ্চলতা প্রযুক্ত গাম্ভীর্য্য পরিহারক সংস্কার জন্মে।

৬ দুরূহ অথবা গুরুতর বিষয়ের মীমাংসার্থ অতিশয় ব্যস্ত হইও না। অপর সত্য প্রাপ্তির নিমিত্ত ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক বিলম্ব করণে হানি নাই ইহা নিশ্চয় জানিও। উচিত মতে চিন্তা করিলে বিলম্ব হইয়া থাকে এবং ক্লেশ হয় অতএব উত্থাপিত প্রশ্নের কোন পক্ষে ত্বরায় স্বীয় অভিমত প্রকাশ করিতে ব্যগ্র হইও না, বরং কিয়ৎক্ষণ পর্য্যন্ত অনভিজ্ঞ থাকিতে স্বীকার করিয়া যদবধি কোন পক্ষে যথার্থ প্রমাণ প্রকটিত না হয় তদবধি পরিশ্রম এবং মনঃ সংযোগ পূর্ব্বক তদ্বিষয় চিন্তা করিও। কোন ২ লোক একেবারে প্রচুর জ্ঞান লাভ করিতে এমত সত্বর হয় এবং সম্পূর্ণ রূপে বোধ গম্য না করিয়াও সাহস পূর্ব্বক অনর্গল বক্তৃতা করিতে এমত অনুরক্ত হয় যে উদ্দিষ্ট

attention enough to search the matter through and through.

VI. Have a care of indulging the more sensual passions and appetites of animal nature; they are great enemies to attention. Let not the mind of a student be under the influence of any warm affection to things of sense, when he comes to engage in the search of truth, or the improvement of his understanding. A person under the power of love, or fear, or anger, great pain, or deep sorrow, has so little government of his soul, that he cannot keep it attentive to the proper subject of his meditation. The passions call away the thoughts with incessant importunity toward the object that excited them; and, if we indulge the frequent rise and, roving of passions, we shall thereby procure an unsteady and unattentive habit of mind.

Yet this one exception must be admitted—viz. if we can be so happy as to engage any passion of the soul on the side of the particular study which we are pursuing, it may have great influence to fix the attention more strongly to it.

VII. It is, therefore, very useful to fix and engage the mind in the pursuit of any study by a consideration of the divine pleasures of truth and knowledge—by a sense of our duty to God—by a delight in the exercise of our intellectual faculties—by the hope of uture service to our fellow-creatures, and glorious

বিষয়ের তত্ত্বানুসন্ধানে উপযুক্ত রূপে চিত্ত সংযোগ এবং বিবে-
চনা করিতে প্রায় অবকাশই প্রাপ্ত হয় না।

৬ সাবধান যেন শরীর বিশিষ্ট বলিয়া ইন্দ্রিয় গ্রাহ্য বিষয় ভোগে অতিশয় মত্ত হইও না, কেননা তাহার উপভোগে চিত্ত আসক্ত হইলে মনঃসংযোগে ব্যাঘাত জন্মে। বিদ্যার্থি পুরুষ যখন সত্যানুসন্ধানে অথবা বুদ্ধির উন্নতি করণে ব্যাপৃত হয় তখন যেন কোন জড় পদার্থের চিন্তায় মগ্ন না হয়। অপর প্রণয় অথবা ভয় কিম্বা অতিশয় দুঃখ অথবা শোকেতে ব্যাকুল হইলে অন্তঃকরণের শমতা করা এমত কঠিন হইবে যে কোন প্রকার প্রকৃত পদার্থ চিন্তায় স্থির থাকিতে পারিবে না। কাম ক্রোধাদি রিপু সর্ব্বদা মনকে আকর্ষণ করিয়া স্ব২ বিষয়ে চঞ্চল করিয়া রাখে অতএব কাম ক্রোধাদির উদ্বেগ বারম্বার দমন করিবে তাহা না করিলে চিত্তচাঞ্চল্য এবং অধৈর্য্যের সংস্কার জন্মিবে।
কিন্তু এই বচনের একটী ব্যভিচার স্বীকার করিতে হইবে, যথা আমরা যে পদার্থ চিন্তাতে প্রবৃত্ত থাকি যদি সৌভাগ্য ক্রমে তদ্বিষয়ে আমারদের অনুরাগ জন্মে তবে তাহাতে আসক্ত হইবার বিশেষ সম্ভাবনা হয়।

৭ অতএব সত্য এবং জ্ঞানের দিব্য সুখ এবং ঈশ্বরের প্রতি ভক্তি করিবার ও মানসিক ব্যাপারে ব্যাপৃত হইবার আমোদ তথা মনুষ্য লোকের উপকার সাধনের প্রত্যাশা এবং আপনারদের ঐহিক পারত্রিক পরম মঙ্গল এই সকল বিষয়

advantage to ourselves, both in this world and that which is to come. These thoughts, though they may move our affections, yet they do it with a proper influence; these will rather assist and promote our attention, than disturb or divert it from the subject of our present and proper meditations.

A soul inspired with the fondest love of truth, and the warmest aspirations after sincere felicity and celestial beatitude, will keep all its powers attentive to the incessant pursuit of them; passion is then refined and consecrated to its divinest purposes.

End of No. XI.

বিবেচনা করিয়া সঙ্কল্পিত পদার্থ চিন্তায় চিত্ত স্থির করিলে অতিশয় হিত জন্মে। অপর উক্ত বিষয় বিবেচনা কালে অন্তঃকরণ নিরুৎসুক থাকে না আর সে প্রকার উৎসুকতাতে হানি নাই কেননা তাহাতে প্রকৃত পদার্থের ধ্যান ভঙ্গ না হইয়া বরং তদ্বিষয়ে অধিক চিত্তস্থৈর্য্য হয়। যে পুরুষ সত্যানুরাগ এবং প্রকৃত সখ ও পরমার্থের আশ্বাসে উৎসাহী হয়েন তিনি সমস্ত মানসিক শক্তিকে আপনার ইষ্ট সাধনে সদ্যঃ প্রবৃত্ত রাখিতে পারেন সুতরাং তাঁহার অখিল মনোবৃত্তি পবিত্রীকৃত হইয়া সেই দিব্য পদার্থ চিন্তায় লীন হয়।

সমাপ্তোয়ং কাণ্ডঃ।

ENCYCLOPÆDIA BENGALENSIS.

ALREADY PUBLISHED.

No.	Title	Edition	Rs.	As.
No. I.	History of Rome part I.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. II.	Geometry part I.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. III.	Miscellaneous part I.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students.	0	10
No. IV.	History of Rome part II.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students,)	0	10
No. V.	Biography part I.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. VI.	History of Egypt.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. VII.	Miscellaneous part II.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. VIII.	Geography part I.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. IX.	Geometry part II.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No X.	Moral Tales.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students, ...	0	10
No. XI.	Improvement of the Mind.	(Diglot Edition,)	2	8
	,, ,,	(Bengali Edition,)	1	4
	,, ,,	Ditto to Native Students.	0	10